দুষ্প্রাপ্য গ্রন্থমালা—১২

# কৃপার শাস্ত্রের অর্থ-ভেদ

শ্রীসজনীকান্ত দাস
সম্পাদিত

শ্রীসুনীতিকুমার চট্টোপাধ্যায়
লিখিত "প্রবেশক" ও "টীকা" সহ

রঞ্জন পাব্‌লিশিং হাউস
কলিকাতা

প্রকাশক
শ্রীসজনীকান্ত দাস
রঞ্জন পাব্‌লিশিং হাউস
২৫।২ মোহনবাগান রো,
কলিকাতা

শ্রাবণ, ১৩৪৬

মুদ্রাকর
শ্রীপ্রবোধ নান
শনিরঞ্জন প্রেস
২৫।২ মোহনবাগান রো,
কলিকাতা

মূল্য পাঁচ টাকা

SL no. 078114

# ভূমিকা

প্রাচীন এবং অধুনা-দুষ্প্রাপ্য মুদ্রিত বাংলা গ্রন্থের পুনর্মুদ্রণ ও প্রচারের উদ্দেশে "দুষ্প্রাপ্য গ্রন্থমালা"র প্রবর্ত্তন করা হইয়াছে, সেই হিসাবে 'কৃপার শাস্ত্রের অর্থ-ভেদ' প্রাচীনতম ও দুষ্প্রাপ্যতম গ্রন্থ। এখন পর্য্যন্ত যতদূর জানা গিয়াছে, ইহাই সর্ব্বপ্রথম মুদ্রিত বাংলা গ্রন্থ, বাংলা হরফে নয়, রোমান হরফে এবং বাংলা দেশে নয়, পোর্ত্তুগালের রাজধানী লিস্‌বনে। এই পুস্তকের মুদ্রণকাল ১৭৪৩ খ্রীষ্টাব্দ এবং রচনাকাল (ঢাকা জিলার অন্তঃপাতী ভাওয়াল পরগণার নাগরীতে) ১৭৩৪-৩৫ খ্রীষ্টাব্দ। এই পুস্তকের মাত্র একখানি সম্পূর্ণ কপি এখন পর্য্যন্ত আবিষ্কৃত হইয়াছে; কিছুদিন পূর্ব্ব পর্য্যন্ত এই কপিটি এভোরা নগরীর সাধারণ পাঠাগারে রক্ষিত ছিল, সম্প্রতি তাহা লিস্‌বন শহরের জাতীয় পাঠাগারে নীত হইয়াছে। কলিকাতা রয়াল-এশিয়াটিক-সোসাইটি-অব-বেঙ্গল-এর গ্রন্থাগারে একটি খণ্ডিত কপি আছে, ইহার অনেকগুলি পৃষ্ঠাই নষ্ট হইয়াছে। এই পুস্তকের একখানি হস্তলিখিত অসম্পূর্ণ পাণ্ডুলিপি এভোরার সাধারণ পাঠাগারে ছিল, উক্ত পাঠাগারটি উঠিয়া যাওয়াতে সম্ভবতঃ উহাও লিস্‌বনে প্রেরিত হইয়াছে।

এহেন দুষ্প্রাপ্য এবং মূল্যবান গ্রন্থের পুনর্মুদ্রণের সঙ্কল্প দীর্ঘকাল হইতেই আমাদের ছিল এবং অধ্যাপক শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায় মহাশয় এ বিষয়ে বরাবরই আমাদিগকে উৎসাহিত করিতেছিলেন। তাঁহারই যত্ন ও চেষ্টায় এবং এশিয়াটিক-সোসাইটির সৌজন্যে সোসাইটির খণ্ডিত কপিটি আমাদের হস্তগত হয়। কলিকাতার সেণ্ট টেরেসা গীর্জ্জার রোমান কাথলিক রেভারেণ্ড ফাদার দোঁতেন (Rev. Fr. A. Dontaine) 'কৃপার শাস্ত্রের অর্থ-ভেদে'র দ্বিতীয় পরিমার্জ্জিত সংস্করণের

( চন্দননগর হইতে জাকবছ্ ফ্রাঁছিসকস্ মারিয়া গেরেঁ কর্ত্তৃক ১৮৩০ সালে মুদ্রিত ) একটি কপি আমাদিগকে সংগ্রহ করিয়া দেন, অবশ্য এই পুস্তক মূল পুস্তক হইতে এতই ভিন্ন যে পাদ্রি গেরেঁ লিখিত ইহার লাতিন ভূমিকাটি ছাড়া মূল গ্রন্থাংশের দ্বারা আমাদের বিশেষ কোনও কাজ হয় নাই। এশিয়াটিক-সোসাইটির কপিটির বিনষ্ট অংশের নকল এভোরা হইতে আনাইয়া সম্পূর্ণ পুস্তক মুদ্রিত করিবার সঙ্কল্পের কথা অবগত হইয়া ফাদার দোঁতেন আমাদের সাহায্যার্থ অগ্রসর হন। ইহা ১৯৩৬-৩৭ সালের কথা। তাঁহারই চেষ্টায় কলিকাতার পোর্তুগীস-কন্‌সাল শ্রীযুক্ত গ্রেগরি সি. মোজেস ( Mr. Gregory C. Moses ) এভোরার গ্রন্থাগারিকের নিকট পত্র দেন। পত্রোত্তরে জানা যায় এভোরার পাঠাগার উঠিয়া গিয়াছে এবং উহার অধিকাংশ মূল্যবান গ্রন্থ লিস্‌বনের জাতীয় পাঠাগারে স্থানান্তরিত হইয়াছে। ফাদার দোঁতেন লিস্‌বনের রেভারেণ্ড ফাদার তেক্সেইরার (Rev. Fr. A. A. Teixeira) নিকট পত্র লিখিয়া তাঁহারই সাহায্যে বিনষ্ট পৃষ্ঠাগুলির প্রতিলিপি আনাইয়া দেন। ইঁহাদের সকলের সমবেত চেষ্টায় বাংলা গদ্য-সাহিত্যের এই মহামূল্যবান আদিমতম গ্রন্থের পুনর্মুদ্রণ এতদিনে সম্ভব হইল। ইঁহারা সকলেই আমাদের কৃতজ্ঞতার পাত্র।

কিন্তু এই পুস্তক প্রকাশের সম্পূর্ণ কৃতিত্ব অধ্যাপক ডক্টর শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায় মহাশয়ের এবং রেভারেণ্ড ফাদার দোঁতেনের। সুনীতিবাবু এই পুস্তকের মূল্যবান "প্রবেশক"টি লিখিয়াছেন এবং আমাদের পাঠোদ্ধার ও লিপ্যন্তরকরণের সকল ভ্রম সংশোধন করিয়াছেন। পরিশিষ্টে সঙ্কলিত "টীকা"টিও তাঁহার লিখিত; টীকা-নির্ণয়ে ফাদার দোঁতেনও প্রভূত সহায়তা করিয়াছেন। পাঠোদ্ধার এবং প্রুফ-সংশোধনের কাজে শ্রীযুক্ত সুবলচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের নাম উল্লেখযোগ্য।

"প্রবেশকে" অধ্যাপক চট্টোপাধ্যায় মহাশয় এই পুস্তকের ইতিহাস ও ভাষাতত্ত্ব সম্পর্কে যাবতীয় জ্ঞাতব্য লিপিবদ্ধ করিয়াছেন; সামান্য দুই একটি বিষয়ের প্রতি আমরা পাঠকের দৃষ্টি আকর্ষণ করিতে চাই। ৪ পৃষ্ঠায় মুদ্রিত পাদ্রি মানোএল্-এর বিজ্ঞপ্তিটির ইংরেজী অনুবাদ এইরূপ—

I, Fr. Manoel da Assumpçao´, Rector of the Mission of St. Nicolas of Tolentino, and author of this Compendium, certify that the said Compendium was copied exactly both the Bengalla and the Portuguese; and I certify also that this Doctrine is the one which the natives understand best, and the most free from errors; in truth of which I made this attestation, and, it need be, I swear to it on my honour as a Priest. Bawal, the 28th August, 1734. Fr. Manoel da Assumpçao´.

সুতরাং দেখা যাইতেছে, মূল গ্রন্থটির রচয়িতা মানোএল্ স্বয়ং; আমাদের প্রশ্ন বাংলা অংশ কাহার রচনা? পুস্তকের রচনা-শৈলী দেখিয়া সুনীতিবাবু মন্তব্য করিয়াছেন, উহা "বিদেশীর রচনা", কিন্তু উপাখ্যানগুলির ভাষা সম্বন্ধে বলিয়াছেন যে তাহা "মোটের উপর বেশ প্রাঞ্জল প্রসাদ-গুণবিশিষ্ট সহজবোধ্য বাঙ্গালা।" আমাদের সন্দেহ হয়, 'কৃপার শাস্ত্রের অর্থ-ভেদ' পুস্তকের পোর্ত্তুগীস অংশ মানোএল্-এর রচিত হইলেও বাংলা অংশ কোনও দেশীয় ব্যক্তির অনুবাদ; ফাদার মানোএল্ সম্ভবতঃ অনুবাদের উপর হস্তক্ষেপ করিয়া স্থানে স্থানে উহাকে পাদরি-বাংলা করিয়া তুলিয়াছেন, অথবা অনুবাদের আড়ষ্টতার দরুণও ঐরূপ মনে হইতে পারে, কিন্তু উপাখ্যানভাগে অনুবাদক মূলের উপর নির্ভর না করিয়া যেখানে স্বীয় কল্পনার ঘোড়দৌড় করাইয়াছেন, সেখানে

খাঁটি দেশী বাংলা পাওয়া যাইতেছে। 'কৃপার শাস্ত্রের অর্থ-ভেদে'র দ্বিতীয় সংস্করণের লাতিন ভূমিকায় পাদরি গেরে'র সাক্ষ্য আমাদের এই মতের অনুকূল। তিনি বলিতেছেন—

While carefully revising the Very Rev. Father Manoel's work, I found in the answers very many mistakes—mistakes in the words, rather than in the meanings, and it was clear to me therefore that the Catechism was written in Portuguese by Father Manoel and that the Christian of Bhowal, who translated it, did so at times alone, while the Father was napping.......

কাহিনীগুলির মধ্য দিয়া যে অখ্রীষ্টান ও অশিক্ষিত মনোভাব স্থানে স্থানে ব্যক্ত হইয়াছে, তাহাতে এই উক্তি অযথার্থ মনে হয় না। সুতরাং 'কৃপার শাস্ত্রের অর্থ-ভেদ'কে বাঙালীর লেখা প্রথম বাংলা বই হিসাবে গণ্য করা চলে।

'কৃপার শাস্ত্রের অর্থ-ভেদ', 'ব্রাহ্মণ-রোমান-ক্যাথলিক-সংবাদ' এবং 'পাদ্রি মনোএল্-দা-আস্‌সুম্পসাম্-রচিত বাঙ্গালা ব্যাকরণ' (ও শব্দ সংগ্রহ) পুস্তক তিনটি একত্রে বাংলা ভাষা ও সাহিত্যের ইতিহাসের সম্পূর্ণ বিলুপ্ত প্রথম অধ্যায়ের উপাদান হিসাবে মহামূল্যবান। ঐতিহাসিক এবং ভাষাতত্ত্ববিদের নিকট এগুলি অপরিহার্য্য গ্রন্থ। দ্বিতীয় ও তৃতীয় পুস্তক দুইটি অংশতঃ পুনর্মুদ্রিত করিয়া কলিকাতা বিশ্ববিদ্যালয় বাংলা ভাষা ও সাহিত্যের প্রভূত উপকার সাধন করিয়াছেন। প্রথম এবং সর্ব্বাপেক্ষা মূল্যবান গ্রন্থখানিকে এতদিনে সম্পূর্ণ প্রকাশ করিতে পারিয়া আমরাও ধন্য হইলাম।

কলিকাতা, ১৫ই শ্রাবণ, ১৩৪৬ শ্রীসজনীকান্ত দাস

# প্রবেশক

পাদ্রি মানোএল্-দা-আস্‌সুম্প্‌সাম্ বিরচিত 'কৃপার শাস্ত্রের অর্থ-ভেদ' বইখানি কতকগুলি কারণে বাঙ্গালা ভাষা ও সাহিত্যের ইতিহাসে এক অতি লক্ষণীয় পুস্তক। (১) ইহা বাঙ্গালা ভাষার প্রথম মুদ্রিত গ্রন্থ; (২) কিঞ্চিদধিক দুই শত বৎসর পূর্বে রচিত বাঙ্গালা গদ্যের প্রাচীন নিদর্শন ইহাতে রক্ষিত হইয়া আছে—বাঙ্গালা গদ্য-সাহিত্যের ইহা অন্যতম আদি পুস্তক; (৩) ইউরোপীয়দের মধ্যে বঙ্গভাষা চর্চার প্রথম যুগে ইহা রচিত বিদেশীর হাতে বাঙ্গালা রচনার সম্ভবতঃ ইহা প্রাচীনতম নিদর্শন; (৪) বঙ্গভাষায় খ্রীষ্টান-ধর্মবিষয়ক সাহিত্যের ইহা এক আদি গ্রন্থ; (৫) দুই শত বৎসর পূর্বেকার পূর্ব-বঙ্গের (ঢাকা ভাওয়াল অঞ্চলের) প্রাদেশিক ভাষার সহিত অল্পাধিক মিশ্রিত বাঙ্গালা সাধু-ভাষার ইহা সুন্দর নিদর্শন; এবং (৬) রোমান বর্ণমালায় পোর্তুগীস ভাষার উচ্চারণ ধরিয়া লেখা বলিয়া, বাঙ্গালা ভাষার প্রাদেশিক রূপভেদের (তথা পোর্তুগীস ভাষার) উচ্চারণ-তত্ত্বের আলোচনায় এই বই অমূল্য।

পাদ্রি মনোএল্-দা-আস্‌সুম্প্‌সাম্ দুই শত বৎসর পূর্বেকার লোক। এখন বাঙ্গালা ভাষা ও সাহিত্য লইয়া আলোচনা করেন এমন শিক্ষিত বাঙ্গালীকে পাদ্রি মানোএল্ ও বাঙ্গালা সাহিত্য সম্বন্ধে তাঁহার কৃতিত্ব বিষয়ে খবর রাখিতে হয়; এবং বাঙ্গালা সাহিত্যের ইতিহাসের সহিত বাঙ্গালী জন-সাধারণের পরিচয় বাড়িবার সঙ্গে সঙ্গে, পাদ্রি মানোএল্-এর নামও সাধারণ্যে প্রচারিত হইবে। কিন্তু অষ্টাদশ শতকে বাঙ্গালী খ্রীষ্টান-সমাজে পাদ্রি মানোএল্-এর বইয়ের কিছু প্রচার ছিল, এবং

তাঁহার নাম অন্ততঃ খ্রীষ্টান-সমাজে অনেকে জানিত, ইহা অনুমান করা যাইতে পারে। উনবিংশ শতাব্দের চতুর্থ দশক পর্যন্ত পাদ্রি মানোএল্-এর নাম কতকটা সুপরিজ্ঞাত ছিল, তাহা ১৮৩৬ সালে 'কৃপার শাস্ত্রের অর্থ-ভেদ'-এর দ্বিতীয় সংস্করণের প্রকাশ হইতে বুঝা যায়। তার পরে এই লেখক ও তাঁহার পুস্তকের কথা বাঙ্গালী পাঠক-সমাজে ধীরে ধীরে চাপা পড়িয়া গেল। পাদ্রি মানোএল্ দুইখানি পুস্তক রচনা করিয়াছিলেন, একখানি হইতেছে খ্রীষ্টান ধর্মের ব্যাখান বিষয়ক 'কৃপার শাস্ত্রের অর্থ-ভেদ', ও অন্যখানি হইতেছে বাঙ্গালা ভাষার ব্যাকরণ সমেত বাঙ্গালা ও পোর্তুগীস এবং পোর্তুগীস ও বাঙ্গালা শব্দ-সংগ্রহ। বই দুইখানিই এখন দুষ্প্রাপ্য বা অপ্রাপ্য হইয়া গিয়াছে বলিতে পারা যায়। 'কৃপার শাস্ত্রের অর্থ-ভেদ'-এর দুইখানি মাত্র প্রতির অস্তিত্বের কথা জানা গিয়াছে —একখানি খণ্ডিত প্রতি কলিকাতায় রয়াল-এশিয়াটিক-সোসাইটি-অভ বেঙ্গল-এর পুস্তকাগারে আছে, আর একখানি আছে, পোর্তুগালে লিস্‌বন শহরের জাতীয় গ্রন্থাগারে। পাদ্রি মানোএল্-এর অভিধান বা শব্দ-সংগ্রহের একখানি প্রতি লণ্ডনের ব্রিটিশ মিউজিয়মের পুস্তকাগারে আছে, অন্যখানি আছে লিস্‌বনের জাতীয় গ্রন্থশালায়। এতদ্ভিন্ন, পোর্তুগালের এভোরা-নগরীর প্রাচীন গ্রন্থ-সংগ্রহে পাদ্রি মানোএল্-এর দুইখানি বইয়েরই কিয়দংশ করিয়া হস্ত-লিখিত পুথির আকারে মিলিতেছে।

অধ্যাপক শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ সেন আমাদের জানাইয়াছেন যে ১৮৬৯ খ্রীষ্টাব্দে "গোয়ার সন্নিহিত মারগাঁও সহরে ক্রেপার শাস্ত্রের অর্থভেদ তৃতীয় বার মুদ্রিত হয়" (পৃ. ১॥৵০, প্রস্তাবনা, 'ব্রাহ্মণ-রোমান-ক্যাথলিক-সংবাদ', কলিকাতা বিশ্ববিদ্যালয়, ১৯৩৭)। এই তৃতীয় সংস্করণ তিনি দেখেন নাই—ইহা রোমান অক্ষরে কি বাঙ্গালা অক্ষরে তাহা আমরা

জানি না ; এই তৃতীয় সংস্করণের একখানি মাত্র প্রতি লিস্‌বনের জাতীয় গ্রন্থাগারে আছে। গোয়ায় ছাপা—অতএব রোমান অক্ষরে হইবারই সম্ভাবনা ; এবং এই কারণে এই তৃতীয় সংস্করণ বঙ্গদেশে সম্ভবতঃ প্রচার-লাভ করে নাই।

ধীরে ধীরে বাঙ্গালী পাঠক পাদ্রি মানোএল্‌-এর এই দুইখানি বইয়ের কথা ভুলিয়া গিয়াছিল। ১৯০৩ সালে স্যর জ্যর্জ আব্রাহাম গ্রিয়ার্সন তাঁহার নব-আরব্ধ *Linguistic Survey of India*-র বাঙ্গালা-ভাষা-বিষয়ক খণ্ডে পাদ্রি মানোএল্‌-এর অভিধান সম্বন্ধে উল্লেখ করেন ( পৃ. ২৩, *Linguistic Survey of India*, Vol. V, Part I )। তৎপরে জেস্যুইট-সম্প্রদায়ের পণ্ডিত, কলিকাতা সেণ্ট-জেভিয়ার্স্‌ কলেজের অধ্যাপক Father Hosten পাদ্রি হস্টেন, বিংশ শতকের দ্বিতীয় দশকে ( ১৯১৪—১৯১৫ সালে ) পাদ্রি মানোএল্‌-এর বই সম্বন্ধে প্রবন্ধ লিখিয়া, বাঙ্গালা দেশের ইতিহাসানুসন্ধিৎসু পাঠক-সমাজের সমক্ষে বই দুইখানিকে পুনঃপরিচিত করিয়া দেন। কলিকাতার এশিয়াটিক-সোসাইটির পুস্তকাগারে ‘কৃপার শাস্ত্রের অর্থ-ভেদ’ গ্রন্থখানির খণ্ডিত প্রতিটির অবস্থানের কথা পাদ্রি হস্টেন সাহেব আমাদের প্রথম জানাইয়া দেন। তদনন্তর দুই একজন বাঙ্গালী সাহিত্যালোচকের দৃষ্টি এদিকে আকৃষ্ট হয়—ঢাকার অধ্যাপক শ্রীযুক্ত সুশীলকুমার দে এবং বর্তমান লেখক কর্তৃক ১৩২৩ সালের ( ১৯১৬ খ্রীষ্টাব্দের ) ‘সাহিত্য-পরিষৎ-পত্রিকা’য় এই বই সম্বন্ধে দুইটী প্রবন্ধ প্রকাশিত হয়—এশিয়াটিক-সোসাইটির প্রতি খানি অবলম্বন করিয়া শ্রীযুক্ত সুশীলকুমার দে এই বইয়ের একটী সাহিত্যিক পরিচয় দেন, এবং আমি এই বইয়ের ভাষা ও ইহার রোমান বর্ণবিন্যাস ধরিয়া এই ভাষার উচ্চারণ-তত্ত্ব সম্বন্ধে আলোচনা করি। ১৯১৯ সালে আমি লণ্ডনে ব্রিটিশ মিউজিয়মে পাদ্রি

মানোএল্‌-এর বাঙ্গালা-পোর্তুগীস শব্দ-কোষ ও ব্যাকরণ দেখি, এবং ১৯২২ সালে এই বইয়ের ব্যাকরণ-অংশের একটা পূরা অনুলিখন ও শব্দ-সংগ্রহের আংশিক অনুলিখন করিয়া আনি। এই অনুলিখন, শ্রীযুক্ত প্রিয়রঞ্জন সেন মহাশয় কৃত বঙ্গানুবাদের সহিত এবং আমার লিখিত প্রবেশকের সহিত ১৯৩১ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয় হইতে আমরা প্রকাশিত করি। ১৯১৯ সালে শ্রীযুক্ত সুশীলকুমার দে তাঁহার *Bengali Literature in the Nineteenth Century* বইয়ে পাদ্রি মানোএল্‌-এর সাহিত্য-চেষ্টা সম্বন্ধে আলোচনা করেন। শ্রীযুক্ত কেদার-নাথ মজুমদার ১৯১৭ সালে প্রকাশিত তাঁহার 'বাঙ্গালা সাময়িক সাহিত্য' গ্রন্থে পাদ্রি মানোএল্‌-এর শব্দ-সংগ্রহের নামপত্রের একটী চিত্র দেন (প্রথম ভাগ, পৃ. ১৭)। ১৯২৬ সালে প্রকাশিত মৎপ্রণীত *Origin and Development of the Bengali Language* গ্রন্থে আমি বাঙ্গালা ধ্বনি-তত্ত্ব ও ব্যাকরণের আলোচনা সম্পর্কে আবশ্যক-মত পাদ্রি মানোএল্‌-এর বই দুইখানির উল্লেখ করি। এই ভাবে বলিতে পারা যায় যে, কুড়ির শতেকের প্রথম পাদে পাদ্রি মানোএল্‌ বাঙ্গালা ভাষা ও সাহিত্যের ইতিহাসে পুনঃপ্রতিষ্ঠিত হন।

পাদ্রি মানোএল্‌-এর আগমন ঘটিয়াছিল, বাঙ্গালা দেশে পোর্তুগীস বণিক্‌ এবং সঙ্গে সঙ্গে পোর্তুগীস-জাতীয় রোমান-কাথলিক খ্রীষ্টান ধর্ম-প্রচারকদের প্রতিষ্ঠার ফলে। ১৪৯৭ খ্রীষ্টাব্দে ভাস্কো-দা-গামার নেতৃত্বে পোর্তুগীসেরা প্রথম ভারতে পদার্পণ করে—আফ্রিকার দক্ষিণে উত্তমাশা অন্তরীপ ঘুরিয়া, মালাবার বা কেরল দেশে কালিকট নগরে তাহারা জাহাজে করিয়া উপস্থিত হয়। ১৫১০ সালে তাহারা গোয়া দখল করিয়া সেই স্থানে ভারতে নিজেদের প্রধান কেন্দ্র গঠন করে। ১৫১৭ খ্রীষ্টাব্দে বাণিজ্য-ব্যপদেশে তাহারা প্রথম দক্ষিণ ভারত হইতে বাঙ্গালায়

আগমন করে। ১৫৩৪ খ্রীষ্টাব্দে বাঙ্গালা দেশের আভ্যন্তরীণ যুদ্ধ-বিগ্রহে তাহারা লিপ্ত হইয়া পড়ে। ষোড়শ শতকের মধ্যভাগ হইতে সপ্তদশ শতকের মধ্যভাগ পর্যন্ত পোর্তুগীসেরা বঙ্গদেশে ও বঙ্গোপসাগরে বিশেষ দুর্ধর্ষতার সঙ্গে অবস্থান করিত—এবং ষোড়শ শতকের শেষ পাদ হইতেই পোর্তুগীস ক্ষমতার বৃদ্ধি হইলে পরে, পোর্তুগীস পাদ্রিরা ধর্ম-প্রচারের চেষ্টায় এদেশে আসিতে আরম্ভ করেন। ১৫৯৯ খ্রীষ্টাব্দের মধ্যেই পোর্তুগীস পাদ্রিরা বাঙ্গালা শিখিয়া পোর্তুগীস হইতে বাঙ্গালা ভাষায় রোমান-কাথলিক ধর্ম সংক্রান্ত বই অনুবাদ করিতে লাগিয়া যান। এই অনুবাদগ্রন্থগুলিকে বাঙ্গালা ভাষায় খ্রীষ্টান-সাহিত্যের ভিত্তি-স্বরূপ বলা যায়—কিন্তু এগুলি এখন অপ্রাপ্য, বোধ হয় চিরতরে নষ্ট হইয়া গিয়াছে। সপ্তদশ শতক পোর্তুগীস ধর্ম-প্রচারকদের বিশেষ প্রতিষ্ঠার যুগ ছিল। সপ্তদশ শতকের প্রারম্ভে হুগলী ও ঢাকায় পোর্তুগীস পাদ্রিদের বড় বড় কেন্দ্র গঠিত হয়। ঢাকায় ভাওয়ালে বহু দেশীয় ও মিশ্র খ্রীষ্টানের বসতি হয়। যেখানে যেখানে সম্ভব হইয়াছে, পাদ্রিরা বড় বড় গির্জা তুলিয়া গিয়াছেন। ষোড়শ শতকে এই পাদ্রিদের দ্বারা বাঙ্গালা ভাষার মাধ্যমে খ্রীষ্টান ধর্মপ্রচারের যে বিশেষ চেষ্টা হইয়াছিল, তাহা বুঝা যায়।

উপস্থিত ক্ষেত্রে বাঙ্গালা দেশে পোর্তুগীস বণিক্ সৈনিক ও পাদ্রিদের ক্রিয়াকলাপ লইয়া আলোচনার আবশ্যকতা নাই। পাদ্রি হস্টেন সাহেবের প্রবন্ধে, বঙ্গীয়-সাহিত্য-পরিষদের প্রবন্ধে, অধ্যাপক শ্রীযুক্ত প্রিয়রঞ্জন সেন ও আমার সম্পাদিত পাদ্রি মানোএল্-এর বাঙ্গালা ব্যাকরণের প্রবেশকে, অধ্যাপক শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ সেন সম্পাদিত 'ব্রাহ্মণ-রোমান-ক্যাথলিক-সংবাদ'-এর প্রস্তাবনায়, এবং J. J. A. Campos কর্তৃক লিখিত *History of the Portuguese in*

*Bengal* (Calcutta 1919) গ্রন্থে ও এতদ্বিষয় সম্পৃক্ত প্রবন্ধ ও গ্রন্থে তাহার পরিচয় পাওয়া যাইবে।

দোমিনিক-দে-স্থজা Dominic de Souza নামে একজন পোর্তুগীস পাদ্রি ১৫৯৯ সালের পূর্বে ছুই একখানি খ্রীষ্টানী বই বাঙ্গালায় অনুবাদ করেন। ইহার পূর্বে অন্য কোনও অনুবাদক বা পাদ্রি লেখকের কথা আমরা জানি না। তাহার পরের খবর যাহা পাওয়া গিয়াছে তাহা হইতেছে যে, দোম্ আন্তোনিও Dom Antonio নামে একজন দেশী ( বাঙ্গালী ) খ্রীষ্টান, হিন্দুদের মধ্যে খ্রীষ্ট-ধর্ম প্রচার করিবার উদ্দেশ্যে, 'ব্রাহ্মণ-রোমান-কাথলিক-সংবাদ' নামে একখানি বই রচনা করেন। এই দোম্ আন্তোনিও ভূষণার রাজকুমার ছিলেন, ১৬৬৩ খ্রীষ্টাব্দে মগেরা তাঁহাকে বন্দী করিয়া আরাকানে লইয়া যায়, কিন্তু জনৈক পোর্তুগীস পাদ্রি টাকা দিয়া তাঁহাকে খালাস করিয়া আনেন, ও পরে তিনি খ্রীষ্টান ধর্মে দীক্ষা লয়েন। তিনি সম্ভবতঃ সপ্তদশ শতকের শেষ পাদে খ্রীষ্টান ধর্মগুরুদের নির্দেশ অনুসারে বইখানি লিখিয়া থাকিবেন। দোম্ আন্তোনিও-র সম্বন্ধে যেটুকু তথ্য জানা যায় তাহা শ্রীযুক্ত স্থরেন্দ্রনাথ সেনের প্রস্তাবনায় পাওয়া যাইবে। দোম্ আন্তোনিও-র বই বাঙ্গালা দেশে পোর্তুগীস পাদ্রিদের মধ্যে বিশেষ প্রচলিত হইয়াছিল বলিয়া মনে হয়। ১৬৯৫ সালে ভূষণার অন্তঃপাতী কোষাভাঙ্গা হইতে ঢাকার ভাওয়াল পরগণার নাগরী গ্রামে পোর্তুগীস পাদ্রিদের কেন্দ্র স্থানান্তরিত হয়। ঐ সময়ে দোম্ আন্তোনিও-র বইও ভাওয়ালে নীত হইয়া থাকিবে। সম্ভবতঃ ১৭২৬ সালের পরে, দোম্ আন্তোনিও-র বই মুদ্রণ ও প্রকাশনের জন্য পোর্তুগালে পাঠানো হইয়াছিল, মুদ্রণের উদ্দেশ্যে রোমান লিপিতে ঐ বইয়ের অক্ষরান্তর করা হইয়াছিল, পাদ্রি মনোএল্ তাহার আশয়ও পোর্তুগীস ভাষায়

লিখেন, কিন্তু কোনও কারণে ঐ বই এতাবৎ মুদ্রিত হয় নাই, বইয়ের পাণ্ডুলিপি পোর্তুগালের এভোরা-নগরীর পুস্তকাগারে পড়িয়া ছিল,— অবশেষে ১৯৩৭ সালে শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ সেন মহাশয়ের সম্পাদনায় এই বইয়ের মূল বাঙ্গালার অধিকাংশ রোমান অক্ষরে বাঙ্গালা অক্ষরান্তরীকরণ সমেত কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ছাপাখানায় মুদ্রিত হইয়া প্রকাশিত হইয়াছে।

পোর্তুগীস রোমান-কাথলিক পাদ্রিদের দৃষ্টান্তে ও অনুপ্রাণনায় সৃষ্ট সাহিত্য-পরম্পরামধ্যে দোম্ আন্তোনিও-র এই বইয়ের পরে আমরা পাই পাদ্রি মানোএল্-দা-আস্সুম্প্সাম্-এর পুস্তকদ্বয়। তাঁহার ব্যাকরণ ও শব্দ-সংগ্রহ, প্রথম সংস্করণ ধরিয়া ইতিপূর্বে কলিকাতা বিশ্ববিদ্যালয় হইতে পুনঃপ্রকাশিত হইয়াছে (ব্যাকরণখানি সম্পূর্ণ, শব্দ-সংগ্রহ আংশিক ভাবে)। এক্ষণে তাঁহার 'কৃপার শাস্ত্রের অর্থ-ভেদ' পুস্তক, মূল প্রথম সংস্করণ অবলম্বন করিয়া, রোমান লিপিতে ও বাঙ্গালা প্রতিবর্ণীকরণে, এবং টীকা-টিপ্পনী সমেত, পুনঃপ্রকাশিত হইল।

পাদ্রি মানোএল্ সম্বন্ধে সংক্ষেপে দুই কথা বলিয়া, বইখানির অল্প-স্বল্প আলোচনা করিব। ইঁহার জীবনের কথা বিশেষ কিছুই জানা যায় না। কোথায়, কবে, কোন্ বংশে তাঁহার জন্ম হইয়াছিল, কবে, কি ভাবে তিনি ভারতে আসেন, এ-সব খবর কোথাও উল্লিখিত পাওয়া যায় নাই। ১৭৩৪ সালে তিনি ভাওয়ালে বসিয়া তাঁহার 'কৃপার শাস্ত্রের অর্থ-ভেদ'-এর পাণ্ডুলিপি প্রস্তুত করেন; তখন তিনি (পূর্ব-ভারতের মণ্ডলীভুক্ত) অগস্তীনীয় সম্প্রদায়ের সাধু ছিলেন (Religioso Eremita de Santo Agostinho da Congregaçao [da India Oriental]), এবং বাঙ্গালা দেশে সিদ্ধা নিকোলাস-দে-তোলেন্তিনোর নামের সহিত সংশ্লিষ্ট প্রচার-কেন্দ্রের পরিচালক ছিলেন।

(Reitor da Missaõ de S. Nicolao de Tolentino em Bengalla)। ১৭৫৭ খ্রীষ্টাব্দে হুগলী জেলার ব্যাণ্ডেল নগরে অবস্থিত অগস্তীনীয় মঠের অধ্যক্ষ হিসাবে তাঁহার নাম পাওয়া যায়। ১৭৩৪—১৭৫৭ এই দুই তারিখের পূর্ব্বের ও পরের কোনও সংবাদ তাঁহার সম্বন্ধে পাওয়া যায় নাই। তাঁহার জীবনের এইটুকু মাত্র আমরা জানিতে পারিয়াছি। তাঁহার 'কৃপার শাস্ত্রের অর্থ-ভেদ'-এর বাঙ্গালা দেখিয়া, ও তাঁহার শব্দ-সংগ্রহের ভূমিকা পাঠ করিয়া মনে হয় যে, তিনি বিদেশ হইতে—পোর্তুগাল হইতেই—বাঙ্গালা দেশে আসিয়া থাকিবেন।

'কৃপার শাস্ত্রের অর্থ-ভেদ'-এর এই সংস্করণ, রয়াল-এশিয়াটিক-সোসাইটি-অভ-বেঙ্গল-এ রক্ষিত খণ্ডিত পুস্তকের আধারে মুদ্রিত হইল। সোসাইটির এই পুস্তকে নিম্ন-লিখিত পত্রগুলি নাই: পৃ. ৩৩—৩৪, ৩৫—৩৬, ৩৭—৩৮, ৩৯—৪০, ৪১—৪২, ৪৩—৪৪, ৪৫—৪৬, ৪৭—৪৮; পৃ. ১৫৫—১৫৬, ১৫৭—১৫৮; পৃ. ৩২১—৩২২, ৩২৩—৩২৪, ৩২৫—৩২৬, ৩২৭—৩২৮, ৩২৯—৩৩০, ৩৩১—৩৩২, ৩৩৩—৩৩৪, ৩৩৫—৩৩৬, পৃ. ৩৭১—৩৭২, ৩৭৩—৩৭৪; ৩৮০ পৃষ্ঠায় সোসাইটির অসম্পূর্ণ পুস্তক সমাপ্ত। ইহার অতিরিক্ত মূল পুস্তকে আছে, পৃ. ৩৮১—৩৮২, পৃ. ৩৮৩ (এই পৃষ্ঠগুলির মধ্যে বিজোড়-সংখ্যার পৃষ্ঠায় আছে পোর্তুগীস, জোড়-সংখ্যার পৃষ্ঠায় বাঙ্গালা); ৩৮৩ পৃষ্ঠায় বইখানির সমাপ্তি। তদনন্তর পৃ. ৩৮৪টী খালি পৃষ্ঠা, ও পৃ. ৩৮৫—৩৯১-এ কেবল পোর্তুগীস ভাষায় বইয়ের মধ্যে যে ৬১টী উপাখ্যান আছে, সেই উপাখ্যানগুলির সূচীপত্র মুদ্রিত হইয়াছে, সূচীতে এই উপাখ্যানগুলির পোর্তুগীস মূলের পৃষ্ঠসংখ্যার উল্লেখ আছে। সোসাইটির পুস্তকে যে পত্রগুলির অভাব আছে, শ্রীযুক্ত সজনীকান্ত দাস মহাশয় বিশেষ অর্থব্যয় করিয়া এভোরার পুস্তকাগারে রক্ষিত 'কৃপার শাস্ত্রের অর্থ-ভেদ'-এর

পূর্ণাঙ্গ প্রতিটী হইতে সেগুলিকে নকল করাইয়া আনান; এই নকল হইতে পূরণ করিয়া, সম্পূর্ণ 'কৃপার শাস্ত্রের অর্থ-ভেদ' (কেবল বাঙ্গালা অংশ) মুদ্রিত হইল।

মূল বইখানি ছোট আকারের—পৃষ্ঠাগুলির মুদ্রিত অংশের পরিমাপ ৫ ইঞ্চি × ৩ ইঞ্চি। ৩৮৩ বা ৩৮৪ পৃষ্ঠায় মূল বইখানি সমাপ্ত; ইহার অর্ধেক লইয়া বাঙ্গালা—১৯২ পৃষ্ঠায় বাঙ্গালা অংশ। বইখানি দুই 'পুথি' বা দুই খণ্ডে বিভক্ত: 'পুথি' ১—পৃ. ৩১২ পর্য্যন্ত; 'পুথি' ২—বাকী অংশ লইয়া। প্রত্যেক 'পুথি' আবার কতকগুলি 'তাজেল' বা অধ্যায়ে বিভক্ত। 'পুথি' ও 'তাজেল'-এর বিষয়-বস্তু নিম্নে নির্দিষ্ট হইল—

পুথি ১—সকল (পড়)নের অর্থ, এবং পৃথক্ পৃথক্ বুঝান।

- তাজেল ১—সিদ্ধি ক্রুশের অর্থভেদ।
- তাজেল ২—'পিতার পড়ন', এবং তাহার অর্থ।
- তাজেল ৩—'প্রণাম মারিয়া' আর তাহার অর্থ, আর 'নিস্তার রাণী'।
- তাজেল ৪—'মানি সত্য নিরঞ্জন', আত্মার চৌদ্দ ভেদ, এবং তাহাদিগের অর্থ।
- তাজেল ৫—দশ আজ্ঞা, এবং তাহাদিগের অর্থ।
- তাজেল ৬—পাঁচ আজ্ঞা, এবং তাহাদিগের অর্থ।
- তাজেল ৭—সাত সাক্রামেন্তোস্, এবং তাহাদিগের অর্থ।

পুথি ২—পড়ন শাস্ত্র সকল আর যে উচিত জানিতে, স্বর্গে যাইবার।

- তাজেল ১—আত্মার ভেদ বিচার, সত্য করিয়া শিখিবার, শিখাইবার, উপায় তরিবার।
- তাজেল ২—পড়ন-শাস্ত্র নিরালা।

এই বইয়ে মোটামুটি রোমান-কাথলিক ধর্মের ধর্মবীজ, মূল বিশ্বাস-সমূহ এবং অনুষ্ঠান-সমূহের ব্যাখা আছে। ব্যাখ্যাকে বিশদ করিয়া দিবার জন্য কতকগুলি (৬১টী) ধর্মমূলক উপাখ্যানও বইয়ে দেওয়া হইয়াছে।

বইটীর প্রতিপাদ্য বিষয় সম্বন্ধে আমাদের কিছু বলা এক্ষেত্রে অবান্তর। তবে এইটুকু বলা যায় যে, যে ধর্ম্মমত বা অনুষ্ঠানের সত্যতা বা ঔচিত্য সংস্থাপন করিবার উদ্দেশ্যে যে উপাখ্যানগুলি দেওয়া হইয়াছে, বহু স্থলে সেগুলিতে বিশ্বাস করা শিশুজনোচিত সরল মনোভাব না হইলে সম্ভব হয় না। বিশ্বাসী জনের উচিত জোর ভাষায় নিজ বিশ্বাস প্রকট করা ছাড়া, বিচার বা যুক্তির বিশেষ কিছু এইরূপ বইয়ে আশা করা যায় না। যাহারা খ্রীষ্টান পৌরাণিক কাহিনীতে বিশ্বাস করে, তাহাদের বিশ্বাস অনুযায়ী বইখানি লিখিত।

আমাদের কাছে এখন 'কৃপার শাস্ত্রের অর্থ-ভেদ' পুস্তকের উপযোগিতা হইতেছে বাঙ্গালা ভাষার পুরাতন গদ্যের নিদর্শন হিসাবে, এবং রোমান অক্ষরে লিখিত বলিয়া পুরাতন বাঙ্গালার উচ্চারণ-নির্দেশক পুস্তক হিসাবে। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের প্রবন্ধে ( ১৩২৩ সাল, তৃতীয় সংখ্যা, পৃ. ১৯৭—২১৭ ) এ বিষয়ে আমি বিস্তারিত আলোচনা করিয়াছি ; এবং আমাদের সম্পাদিত পাদ্রি মনোএল্-এর ব্যাকরণে ও ব্যাকরণের ভূমিকাতেও এ বিষয়ে আলোচনা পাওয়া যাইবে। সে বিষয়ের পুনরবতারণা করিব না ; জিজ্ঞাসু পাঠকগণকে 'সাহিত্য-পরিষৎ-পত্রিকা'র প্রবন্ধ এবং এই বইয়ের টীকা-টিপ্পনী অংশ দেখিতে অনুরোধ করিতেছি।

পাদ্রি মানোএল্-এর বাঙ্গালা যে বিদেশীর রচিত বাঙ্গালা সে বিষয়ে যথেষ্ট প্রমাণ তাঁহার রচনা-শৈলীর মধ্যেই বিদ্যমান। চারিটী কারণে তাঁহার বাঙ্গালা রচনা খুব ভাল হইতে পারে নাই : ( ১ ) তিনি বিদেশী, খুব ভাল করিয়া বাঙ্গালা ভাষা দখল করা তাঁহার হয় নাই ; মনে হয়, তিনি মৌখিক ভাষাই বলিতে বেশী অভ্যস্ত ছিলেন, সাধু-ভাষা বা সাহিত্যের ভাষায় তাঁহার অধিকার তেমন ছিল না। (২) তখনকার দিনে সাধু গদ্যের পুথি ছিল না বলিলেই হয়, সুতরাং গদ্য-রচনায় পাদ্রি

মনোএল্‌কে অনেকটা নিজেই পথ কাটিয়া চলিতে হইয়াছিল। গদ্যের ভাল আদর্শ তাঁহার সমক্ষে না থাকায়, তাঁহাকে লাতীন ও পোর্তুগীসের (বিশেষতঃ মূল গ্রন্থের ভাষা পোর্তুগীসের) আদর্শ বাধ্য হইয়া গ্রহণ করিতে হইয়াছিল। ইহার ফলে তাঁহার ভাষায় বহু স্থলে ফিরিঙ্গিয়ানা আসিয়া গিয়াছে—বিশেষ করিয়া বাক্য-রীতিতে। (৩) তখন সাধু গদ্যে বেশী পুথি লেখা না হইলেও, পত্রাদিতে এক রকম সাধু বাঙ্গালা গদ্যের শৈলী দাঁড়াইয়া গিয়াছিল। কিন্তু পাদ্রি মনোএল্‌, ঢাকা ভাওয়াল অঞ্চলের কথ্য ভাষা নিশ্চয় ভাল করিয়া জানিতেন, সেই জন্য তাঁহার রচনায় কথ্য ভাষার প্রভাব এত বেশী পড়িয়াছে যে তাঁহার ব্যবহৃত বাঙ্গালাকে ঢাকার কথ্য ভাষার সহিত মিশ্রিত সাধু গদ্য বলিতে হয়। ভূষণার রাজপুত্র দোম্‌ আন্তোনিও-র ভাষা সম্বন্ধেও সেই কথা বলা যায়। (৪) বহু স্থলে সম্পূর্ণ নূতন বিষয়ের অবতারণা করিতেছেন বলিয়া, পাদ্রি মানোএল্‌-কে রোমান-কাথলিক ধর্ম্মমত ও অনুষ্ঠান সম্পর্কে উপযুক্ত পরিভাষার জন্য বেগ পাইতে হইয়াছিল। তিনি সাধু-ভাষা ও আনুষঙ্গিক ভাবে সংস্কৃতের শব্দাবলীর ও ধাতু-প্রত্যয়াদির সহিত তেমন পরিচিত ছিলেন না বলিয়া, পারিভাষিক শব্দের জন্য চল্‌তি বাঙ্গালা শব্দের সাহায্যই তাঁহাকে বেশীর ভাগ লইতে হইয়াছিল। Sancta Mater Ecclesia—সমস্ত খ্রীষ্টান সঙ্ঘ বা সম্প্রদায়, খ্রীষ্টান জনগণের আধ্যাত্মিক জীবনের রক্ষয়িত্রী মাতা রূপে কল্পিত হইয়া, লাতীনে এই নামে অভিহিত হয়—ইংরেজীতে Holy Mother Church, পোর্তুগীসে Santa Madre Igreja : পাদ্রি মানোএল্‌ (অথবা তাঁহার পূর্ব্বগামী অন্য কোনও পাদ্রি ?) ইহার বাঙ্গালা করিলেন—"সিদ্ধী মাতা ধর্ম্মঘর" (সিদ্ধা—পুংলিঙ্গ শব্দ, স্ত্রীলিঙ্গে সিদ্ধী)। এইরূপ অনুবাদের চেষ্টা লক্ষণীয় ; ভাষার পুঁজী যেটুকু তাঁহাদের হাতে আসিয়াছিল, তাহা লইয়া

এই পাদ্রিরা যতটা সম্ভব খ্রীষ্টান ধর্মমত বাঙ্গালায় বুঝাইবার চেষ্টা করিয়াছেন, বাঙ্গালা ভাষায় রোমান-কাথলিক খ্রীষ্টান পরিভাষার পত্তন করিয়া গিয়াছেন। এজন্য তাঁহাদের পরিশ্রম সাধুবাদের যোগ্য। বাধ্য হইয়া, উপযুক্ত শব্দ না জানায় বা না পাওয়ায়, তাঁহারা দুই চারি স্থানে লাতীন বা পোর্তুগীস শব্দ রাখিয়াছেন; যেমন "ইস্পিরিতো সান্তো, কন্‌ফেসার, ক্রুশ, বিস্‌পো" প্রভৃতি। কিন্তু মোটের উপর, বাঙ্গালী খ্রীষ্টানের ধর্মকার্যে তাহার মাতৃভাষা ব্যবহার করিবার কালে, সেই ভাষাকে যথাসাধ্য 'স্বদেশী' রাখিবার ইচ্ছা ও উদ্দেশ্য তাঁহাদের ছিল।

বাক্যরীতির অসঙ্গতি পাদ্রি মানোএল্‌-এর ভাষার প্রধান দোষ; ইহা পদে পদে পাওয়া যাইবে। পোর্তুগীস পাদ্রিদের বাঙ্গালায় গোয়ার কোঙ্কণী ভাষার প্রভাবের কথা আমি 'সাহিত্য-পরিষৎ-পত্রিকা'য় ১৩২৩ সালে প্রকাশিত প্রবন্ধে উল্লেখ করিয়াছি। তাহাও লক্ষ্য করিবার বিষয়। কিন্তু পুস্তকে ব্যবহৃত সাধারণ শব্দ বিষয়ে, পাদ্রি মানোএল্‌-এর বাঙ্গালায় যে তখনকার দিনের ঢাকা-অঞ্চলে প্রচলিত বাঙ্গালা ভাষার একটা সত্যকার প্রতিচ্ছায়া মিলিতেছে সে বিষয়ে সন্দেহ নাই। মুসলমান শাসনের যুগে যাহা হওয়া স্বাভাবিক—আরবী-ফারসী শব্দও বেশ আছে। সংস্কৃত সাধু-ভাষার প্রভাব কথ্য ভাষায় ততটা যায় নাই, সেই জন্য প্রচলিত খাঁটী বাঙ্গালা ও অর্ধতৎসম শব্দ এবং সমাস যথেষ্ট আছে।

পাদ্রি মানোএল্‌-এর বাঙ্গালা সবচেয়ে বেশী স্ফূর্ত হইয়াছে তাঁহার উপাখ্যানগুলিতে। এই উপাখ্যানগুলির সম্বন্ধে বলিতে পারা যায় যে, মোটের উপরে বেশ প্রাঞ্জল প্রসাদগুণ-বিশিষ্ট সহজ-বোধ্য বাঙ্গালা তিনি রচনা করিয়াছেন। তাঁহার বাক্য-রীতিতে স্থলে স্থলে স্খলন হইলেও, এবং পোর্তুগীসের প্রভাব দেখা দিলেও, তিনি যে বেশ সাবলীল ভঙ্গীতে

তাঁহার উপাখ্যানগুলি শুনাইয়া গিয়াছেন, সে বিষয়ে সন্দেহ নাই। কতকগুলি উপাখ্যান সরল বাঙ্গালা গদ্যের নমুনা হিসাবে ধরা যাইতে পারে—অবশ্য তখনকার দিনের শব্দাবলী সম্বন্ধে আমাদের অবহিত হইতে হইবে।

বাঙ্গালা ভাষার গদ্য-সাহিত্যের এক প্রধান ও লক্ষণীয় পুরাতন নিদর্শন বলিয়া এই বই হিন্দু মুসলমান খ্রীষ্টান নির্বিশেষে সকল বাঙ্গালীর আদরের হওয়া উচিত। বাঙ্গালা গদ্যের উৎপত্তি ও বিকাশ চর্চা করিতে গেলে, পাদ্রি মানোএল্-এর 'কৃপার শাস্ত্রের অর্থ-ভেদ'কে বাদ দিতে পারা যায় না। এবং, বাঙ্গালা ভাষার প্রাচীন গদ্য-লেখকগণের মধ্যে অন্যতম বলিয়া, বাঙ্গালা ভাষা ও সাহিত্যের ইতিহাসে পাদ্রি মানোএল্-দা-আস্সুম্প্সাম্ সমস্ত বাঙ্গালী জাতির কৃতজ্ঞতা ও সম্মানের পাত্র।

এই বইয়ের দ্বিতীয় সংস্করণ বঙ্গাক্ষরে ফরাসী পাদ্রি "জাকবছ্ ফ্রাঁছিসকস্ মারিয়া গেরেঁ" (Jacobus Franciscus Maria Guerin) ১৮৩৬ সালে শ্রীরামপুরে ছাপাইয়া চন্দননগর হইতে প্রকাশিত করেন। ফরাসীতে এই দ্বিতীয় সংস্করণের নামপত্র এইরূপ :—CATE´-CHISME / SUIVI / DE TROIS DIALOGUES / ET DE LA LISTE / DES E´CLIPSES DE SOLEIL ET DE LUNE / CALCULE´ES POUR LE BANGALE / A PARTIR DE 1836 JUSQU'EN 1940 INCLUSIVE-MENT. / NOUVELLE E´DITION, REVUE ET CORRIGE´E / কৃপার শাস্ত্রের অর্থবেদ। / সূর্য্যের আর চন্দ্রের গ্রহণ গণনার সহিত ১৪০ বৎসরের / আরম্ভ ১৮৩৬ সালঅবধি / সহর চন্দননগর / এবং সমস্ত বাঙ্গালা দেশের নিমিত্তে। / করিয়াছেন জাকবছ্ ফ্রাঁছিসকস্ মারিয়া গেরেঁ / চন্দননগরের সর্ব্ব গ্রাহ্যের পাদরী / নিয়োজিত

প্রেরিতসম্পর্কীয় এবং ধর্ম্মাত্মার সভাস্থ। / দ্বিতীয় বার এবং শুদ্ধরূপে / শ্রীরামপুরে মুদ্রাঙ্কিত হইল। / সন ১৮৩৬। /

এই সংস্করণের নামপত্র হইতেই ইহার ভাষার নমুনা দেখা যায়। ইহার লাতীন ভূমিকায় পাদ্রি মানোএল্ যে এই বই প্রথম ১৭৩৫ সালে রচনা করেন এবং লিস্‌বন হইতে এই বই যে প্রথম প্রকাশিত হয়—ভূমিকায় ভ্রম-ক্রমে ছাপার তারিখ ১৭৪৩ স্থলে ১৭৬৩ দেওয়া হইয়াছে—তাহার উল্লেখ আছে। কোনও কোনও স্থানে এই নূতন সংস্করণে শুদ্ধ করিবার চেষ্টা আছে; লাতীন Sanctus, Sancta, Sanctum, পোর্তুগীস Santo, Santa এবং ইংরেজী Saint-এর অনুবাদ পাদ্রি মানোএল্-এর বইয়ে আছে "সিদ্ধা, সিদ্ধী"; পাদ্রি গের্‌্যা তাহা কাটিয়া করিয়া দিয়াছেন "শুদ্ধ"। "অর্থভেদ" Orth, bhed শব্দ শুদ্ধ করিয়া এই সংস্করণে "অর্থবেদ" করা হইয়াছে; "অর্থবেদ" মানে কি হয় জানি না, "অর্থভেদ" কিন্তু সার্থক শব্দ, "অর্থের ব্যাখ্যা" অর্থে। ১ হইতে ৫৮ পৃষ্ঠা পর্যন্ত "কৃপার শাস্ত্রের অর্থবেদ"; মাত্র এই অংশকে পাদ্রি মানোএল্-এর বইয়ের সংক্ষিপ্ত ও পরিবর্তিত দ্বিতীয় সংস্করণ বলা যায়। উপাখ্যানগুলির প্রায় সব কয়টী ইহা হইতে বাদ দেওয়া হইয়াছে। তদনন্তর ৫৮ হইতে ৬২ পৃষ্ঠা পর্যন্ত মুসলমান মত খণ্ডন, ৬২ পৃষ্ঠা হইতে ৬৫ পৃষ্ঠা পর্যন্ত হিন্দু মত খণ্ডন, ৬৬ পৃষ্ঠা হইতে ৯৭ পৃষ্ঠা পর্যন্ত খ্রীষ্টান গুরু-কর্তৃক খ্রীষ্ট-ধর্ম্মান্তরিত মুসলমান ও হিন্দু শিষ্যদ্বয়কে খ্রীষ্টান জগতের ইতিহাস কথন ও রোমান-কাথলিক ধর্মের প্রাধান্য ও মহিমা কীর্তন; পৃ. ৯৮-৯৯-তে এক হিন্দু দৈবজ্ঞের সহিত এই গুরুর বাদ, এবং ৯৯-১২৫ পৃষ্ঠা পর্যন্ত সূর্য ও চন্দ্রগ্রহণের গণনা। পাদ্রি গের্‌্যা ৫৮ হইতে ৯৯ পৃষ্ঠা পর্যন্ত যে অংশ এই পুস্তকে সন্নিবেশিত করিয়াছেন, ভাষা ও ভাব উভয় দিক্ দিয়া সেই অংশ সম্বন্ধে এক কথায় সমালোচনা করা যায়—'বর্বর'।

'কৃপার শাস্ত্রের অর্থ-ভেদ'-এর তৃতীয় সংস্করণের কথা পূর্বে উল্লিখিত হইয়াছে। ইহা আমরা কেহ দেখি নাই—এতৎসম্পর্কে কিছু বলা গেল না।

শ্রীসুনীতিকুমার চট্টোপাধ্যায়

X. Podarthoná zanilé.
C. Xú rupé manité que moté zanibeq?
X. Zanilé o manilé, o buzhilé axthar bhed xocol.
G. Carzió punió corite que moté zanibeq?
X. Dox Agguia, o pans Agguia zanilé; e bong tahandiguer palon corile, zemot uchit.
G. Ar qui zanibeq?
X. Muctir mulier tingun: *Axthá* manité; *Axá* manguité: *Corunó*, carzió punió corité.
G. Zanó ni podar thoná?
X. Hoé, zaní.
G. Cohó, deqhi;

*Podar Thoná.*

X. Pitá amardiguer,
Poromo xorgué alló;
Tomar xidhi nameré
Xeba houq:
Aixuq amardigueré
Tomar raizot:
Tomar zé icha,
Xei houq:
Zemon porthibité,
Temon xorgué:

Amar-

( 'কৃপার শাস্ত্রের অর্থ-ভেদ' পুস্তকের এক পৃষ্ঠার প্রতিলিপি )

# BENGALLIRE ZANAN

## POROHO

Doxto Bengali, xono : puthi xocoler utom puthi, xaxtro xocoler utom xaxtro ; xaxtri xocoler utom xaxtri Christor xaxtri, Creper xaxtro ebong Crepar Xaxtrer puthi.

Ehi puthite xon mon dia paiba buzhon, buzhan, buzhibar buzhaibar upae toribar. Axtar bedher ortho xono, xonao ; porthoque zania buzho, buzhao, porinamer ponth dhoro dhorao ; xixio Gurur niate niae corite xiqho, xiqhao ; eha zania, buzhia, mania mucti hoibeq ; dox agguia palon coro zodi.

## বেঙ্গালীরে জানান

### পড়হ

দোস্ত বেঙ্গলী, শোন ঃ পুথি-সকলের উত্তম পুথি, শাস্ত্র-সকলের উতম শাস্ত্র; শাস্ত্রী-সকলের উত্তম শাস্ত্রী খ্রিস্তর শাস্ত্রী, কৃপার শাস্ত্র এবং কৃপার শাস্ত্রের পুথি।

এহি পুথিতে শোনো মন দিয়া পাইবা বুঝন, বুঝান, বুঝিবার বুঝাইবার উপায় তরিবার। আস্থার ভেদের অর্থ শোনো, শোনাও; পৃথকে জানিয়া বুঝো, বুঝাও, পরিণামে পন্থ ধরো ধরাও; শিষ্য গুরুর ন্যায়েতে ন্যায় করিতে শিখো, শিখাও; এহা জানিয়া, বুঝিয়া, মানিয়া মুক্তি হইবেক; দশ আজ্ঞা পালন করো যদি।

# CREPAR
# XAXTRER
# ORTH, BHED

XIXIO GURUR

BICHAR
Fr. MANOEL
DA ASSUMPÇAM,
Leqhiassen, o buzhaiassen Bengallaté
Baoal dexe; xonhazar xat xoho pointix bossor
Christor zormo bade.

BHETTON
Coril o boro tthacurque
D. Fr. MIGUEL
de Tavora
Evorar xohorer Arcebispo

†

LISBOATE
FRANCISCO DA SYLVAR XAZE
Patxaer quitaber xap corinia

Xpor zormo bossore 1743
Xocol uchiter hucumé

# CATHECISMO
# DA
# DOUTRINA
# . CHRISTAA.

Ordenado por modo de Dialogo em Idioma Bengalla, e Portuguez
pelo padre
Fr. MANOEL
DA ASSUMPÇAM,
Religioso Eremita de Santo Agostinho, e actualmente Reitor da Missaõ.de S. Nicoláo de Tolentino em Bengalla ; e explicada aos Christaõs da dita Missaõ pelo dito Padre no anno de 1735
DEDICADO
AO EXCELLENT. E REVER. SEEHOR.
D. Fr. MIGUEL
DE TAVORA
Arcebispo de Evora do Concelho de Sua Magestade
†
LISBOA :
Na Offic. de Franvisco da Sylva, Livreiro da Academia Real, e do Senado.

---

Anno M. DCC. XLIII.
Com todas as licenças necessarias

Certifico eu Fr. Manoel da Assumpçao Reitor da Mis[si]o de S. Nicolao Tolentino, e [ac]tor deste Compendio; [e]star o[ ] Compendio tresladado ao pe da letra assim o Bengalla, como o Portuguez; e certifico mais ser es[ ] Doutrina que os naturaes mais tendem, e entre todas a mais [pu]rificada de erros, em fe de que esta Certidao, e se necessario a juro *In Verbo Sacerdotis*. Bawal, aos 28. de Agosto de 1734.

*Fr. Manoel da Assumpçao*

[2] PUTHI I

Xocol oner ortho, ebong Prothoquie prothoqhie buzhan

## TAZEL 1.

### *Xidhi Crucer ortho, Bhed.*

G. Guru,

X. Xixio.

§

X. Puzio houq xidhi Poromo Nirmol Dhormo.

G. Tini tomare axirbad deuq, ebong tomare bhalo coruq; aixo, Pola, tomi quetta.

X. Ami Christao, Poromexorer crepae.

G. Cothae zao?

X. Barite zai.

G. Tomar bari cothae?

[4] X. Baval dexé; ami tomar raioto: Nagorite boxi.

G. Ami to xeqhané zai: amar xongué aixó; ami to ortho bhed buzhaibo, tomi to buzhiba.

X. Ze agguia; cholo zai.

G. Tomi ni axthar nirupon zano?

X. Tthacur, quissu xonilam Gurur casse, tomito ziguiaxa coro: amito utor dibo zemot Poromexor loaen.

G. Tobe ziguiaxa cori; coho, cothae hote paila Christaor nam?

X. Christoe hoté.

G. Con xomoe pailá Christaor nam?

X. Baptismor xomoe:

G. Christaor nixan qui?

X. Xidhi Crux.

G. Coro, deqhí.

X. Sidhi crucer † siniote: Roqhia coro Poromexor, † amardiguer thacur. Amardiguer † xotre hote.
Pitar name.
ebong Putrer,
ebong Espirito Santo
Amen Jesus.

G. Queno corila xidhi Crux copale?

[6] X. Zenó Poromexor ghuchauq amar xocol mondó colponá.

G. Queno corilá xidhi Crux muqhé?

X. Zeno Poromexor ghuchauq amar xocol mondó cotha.

G. Queno corilá xidhi Crux buqhe?

X. Zenó Poromexór ghuchauq amar ze mondo carzio prane thaquia zorme.

G. Quenó cohilá *Pitar nam*: copalé?

X. Zeno Pitar budhé Putro udbhob.

G. Queno cohilá *Putrer* buqhé?

X. Zenó Pitar Putro Xorgué thaquiá axilen

prothibité; purux hoilen ocumari Mariar udoré; Ar arbar axiben moha proloer din bichar corité ziantá morar.

G. Quenó coho *Espirito Santo*, candé thaquia candé?

X. Zenó Pitar doeá, ebong Putrer doeá Espirito Santo hoen.

G. Bhalo rupe buzhao, tobe buzhibó.

X. Buzhai, xonó. Putro Pitar cothá, e caron Pitar budhé hoté hoen; Espirito Santo dui zoner Doeamoe; e caron dui zoner icchae hoté aixen. E caron Putro Espirito Santo nohen; ebong Espirito[8] Santo Putro nohen: zemot cotha doea nohe, ebong doea cothá nohe; temot Espirito Santo Putro nohen, ebong Putro Espirito Santo nohen.

G. Eqhon buzhilám; Ar coho; quenó coho, quebol eq bar *name*?

X. Zenó Poromexor quebol eq hoen.

G. Queno corilá tin Crux aghe, ebong queno corilá passe eq boro Crux?

X. Zenó Poromexor tin zon, ebong ehi tin zon eq Poromexor; tin eq, eq tin.

G. Con xomoe coribó xidhi Crux?

X. Xocol xomoe; xoibar xomoe, utthibar xomoe, qhaibar xomoe, ebong zoqhon conó camo carzio corite lagui.

G. Etobar queno?

X. Zeno amardiguer xotro xocolé amardiguere báraite na paruq.

G. Amardiguer xotro xocol que?

X. Duniae, Bhut, xorir.

G. Arni conó xotro amardiguer asse?

X. Atuaer xotro quebol ehi tin; quintu xorirer xotro onec asse.

G. Xidhi Crux coria, Poromexor ni amar-[10]diguere o roqhia coren xorirer xotre hote?

X. Hoe; roqhia coren: ze ami xoniassilam gurur cassé, taha tomi xonó:

Xidha Joaõ Chrisostomer cale boner boner moidhe eq boró xingh assilo; xei puxu oneq loq noxtto corilo: eha deqhia xadhue eq Crux bhanaia boner moidhé raqhilen; ar din munixie deqhité guelo; xingh Crucer casse moria rohiassilo.

Xidha Francisco Xavir eq Crux hate coria eq laxcor cadaia dilen: xotro Crux deqhia polaia guelo.

Xidha Constantino Martirque eq mondo maihae noxtto corite chahilo. Xadhuê maihar upore xidhi Crux corilen; xidhi Crux coria maihae moria guelo. Arbar tini maihar upore xidhi Crux corilen, ebong maihae purnorbar zia uttiló.

Fr. Bertholomeu de Espina liqhiassen, ze eq boro daini assilo, xei eq saoal maribar ponchas bar guelo saoal coda chitio marite parilo na: zeno saoaler matae saoaler upore proti raite xidhi Crux coriassilo; e caron.

G. Boro axchorzio cotha cohila: e mot hoe: Arcoho; xidhi Crux corile Bhuter cumoti ni dur zae?

[12] X. Hoe; bhuter cumoti dur zae, ebong Bhute o polae. Ehi Xansar proman xono.

Eq rahoal merir assilo; tahare Bhutbazi dia cohiló; tui zodi amar nophor hoite chahix, ami tore oneq dhon dibam; Racoale cohiló; bhalo, tomar dax hoibo tomi amaré dhon dibá. Bhute cohilo: tobe amar golam hoile, tor uchit nohe dhormo ghore zaite; ebong xidhi Crux ar codachitio coribi na emot ze core, xe amar golam; ehi amar agguia, taha palon coribi: emot zodi na corix tomare boutthbotth tarona dibam. Raqhoale cohilo: zaha agguia coro, taha coribo; zodi emot na cori, tomar ze icchá, xei hoibeq.

Oneq din obhaguia Raqhoale bhuter xacri coriló; tahar por eq din munixio bol coria raqhoalque dhoria dhormo ghore loia guelo. Dhormo ghore eq Padri

assilen, xei boro xadhu: tini loq xocolere cohilen; Tomara raqhoaler upore xidhi Crux coró. Emot loq xocole corilo. Toqhon bhute boró cord coria[14] raqhoalerá oneq tarona dité laguilo. Eha deqhia Padre raqhoálque dhorilen, bhuteré taroná dité mana corilen. Tobe bhute ar o bex cord coria Padriré cohiló: Ehi munixió amar dax, amar agguia bhanguiló, taharé xaxtti dibar uchit: tahare eria deo: na: tomare o xaxtti dibam. Padri cohilen: tahare eria dibo na; amare zaha corité parix, taha coró. Tobé bhuté emot cu montro corilo, ze Padrir muqh beca hoilo. Eha deqhia loq xocolé dhore polaia guelo.

Toqhon Padri xidhi Crux corilen; ebong muqh xidhá hoiló. Tahar por ar Crux corilén raqhaóler upore; ebong Crux coria Bhuté polaia gueló. Raqhoale o calax hoilo. Calax hoia tahar xocol oporád confessar corilo; Nirmol dhormo o bhocti rupe loilo, ebong purnorbar pailo, ze crepa haraiassilo pap coria.

Ar axchorzio. Xidha Leufrido Bon [16]baxi xocoler prodhan assilen. Tini Padri xocolque loia xongue proti din dhormo Ghore dhian coriten Dhian coria

xadhue aponer choquite boxiten. Padri xocole eq eq aixia tahan axirbad loito. Eq din xadhue oxuxto hoia ghore rohilen, dhormo ghore guelen na. Eha deqhia bhute xadhur dhoran loilo, ebong xadhur exttane boxiló. Padri xocole boro Padrir dhoran deqhia, bhut na chinia, bhuter onaxirbad loite laguilo. Ehar moidhe eq Padre xadhur ghore thaquia aixilo; ar boro Padre Dhormo Ghore deqhia xadhur casse phiria guia, cohilo: Tthacur, ehaqui? tomi eqhane assó, ebong Dhormo Ghore? eha que mote hoite pare? Eha xonia xadhue bhuter bazi chinia cholia guelen Dhormo Ghore. Duar xocol melia duare duare angul dia Crux Crux corilen. Pore eq bet dia bhutere marite laguilen; abong Bhute polaite laguilo. Duare duare guelo, Crux Crux deqhia, phiria phiria guelo; emot dhoran Dhormo Ghor phirilo: bahir hoite parilo na; Bhute, polaité, xadhue marite, Padre xocole anxite, boro tamacha hoilo. Pore gori tanguibar eq dori assilo; ehi dori dia bhaia bute utthilo [18] ebong polaiá guelo: oneq maron khailo.

Ehi opurbé xidhi Crucer cortut aponé buzhiá zae: ehate zoto goroz amardiguer

asse xidhi Crux coribar bhuter cumotite na poribar caron.

G. Boro utom cothá cohilá: Ar zodi quissu asse cohibar; cohó, xoni.

X. Xidhi Crucer mohima oneq; e tocar zoguiotá cohibar? tomi o xocolí zanó; eha eqhon thacuq. Ar poron.

---

## TAZEL II.

*Pitar Poron, ebong Tahan ortho.*

§

G. Qui zanité uchit crepar xaxtrir mucti paibar?

X. Zanibeq xu rupé manguité; Xu rupe manité; ebong xu rupe carzio punio corité.

G. Xu rupé manguité que moté zanibeq?

[20] X. Podarthoná zanilé.

G. Xú rupé manité que moté zanibeq?

X. Zanilé o manilé, o buzhilé axthar bhed xocol.

G. Carzió punió corite que moté zanibeq?

X. Dox Agguia, o pans Agguia zanilé; ebong tahandiguer palon corile, zemot uchit.

G. Ar qui zanibeq?

X. Muctir mulier tingun: *Axthá* manité; *Axá* manguité: *Coruná,* carzió punió corité.

G. Zanó ni podar thoná?

X. Hoé, zani.

G. Cohó, deqhi;

*Podar Thoná.*

X. Pitá amardiguer,
Poromo xorgué assó;

Tomar xidhi nameré
Xeba houq:
Aixuq amardigueré
Tomar raizot:
Tomar zé icha,
Xei houq:
Zemon porthibité,
Temon xorgué:
[22] Amardiguer
Protidiner ahar
Amardigueré azica dió:
Amardiguer
Corzó qhemó,
Zemot amorá qhemí;
Amardiguer corzioré:
Amardiguere cumotité
Porrité na dio.
Ar amardigueré xo-
col mondó hote
Raquiá coro. Amen Jesus.

G. Podar thoná que coriasen?

X. Jesus Christo Tthacuré corilen.

G. Quenó corilen?

X. Xtob corité xiqhaibár caron.

G. Xtob corité qui?

X. Mon tulite Poroméxorer tthay, ebong tahan onugrohó chahité oporad na coribar carón.

G. Poroméxor cothaé?

X. Xorgueté, ebcng prothibité ebong xocol xttané assen.

G. Con cothaté Podar thonár Poromexorér tthay mon tuli amora?

X. Ehi prothóm cothaté; *Pita amardiguér, Poromo xorgué asso.*

G. Queno coho *Pita?* queno coho na *Tthacur?*

[24] X. Tiní amardigueré xrixtti coriassén tahan ononto cortuté; ebong tahan doeaté Romana pontí coriassén; ehi doea chinibar caron tahané *Pita* cohi amorá.

G. Quenó coho *Pita amardiguér?* quenó na coho, *Pita amar?*

X. Tini xocoler Pita: ebong amorá Christaô xocol bhay Poromexorér Putro, ehi caron amar zoné zoneré doea corite uchit; zemot xubhaié xubhaique doea core.

G. Queno coho *Poromo xorgue asso?*

X. Zenó mone corilé, ze amardiguér Pita Poroméxor xorgueté assen, porthibir xuqh xompotia olpo leqha cori; ebong quebol xorguér xuqh ononto dhon xad cori.

G. Con Cothate Poromexorer tthay tahan onugroho chahi amorá?

X. Ar xocol cothaté zoto Podar thonaté asse.

G. Chahi qui?

X. Xat nibedon cori.

G. Con con?

X. 1. Tomar xidhi nameré xeba houq.
2. Aixuq amardigueré tomar raizot.
3. Tomar zé icchá xeí houq, zemot porthibité, temot xorgué.
[26] 4. Amardiguer proti diner ahar amardigueré azica dió.
5. Amardiguer corzó qhemó, zemon amorá qhemi amardiguer corzioré.
6. Amardigueré cumotité porité na dió.
7. Amardigueré xocol monddo hoté raqhiá coró.

G. Ar ní conó xtob ehar bex bhalo asse?

X. Na: ehi xocoler bex bhaló.

G. Qui caron?

X. Caron ehi: Christo aponé corilen; ebong tiní aponé tahan xeboq xocoleré xiqhailen; ebong xiqhaibar phormailen; ehi xtobeté amardigueré xorguer onontó dhon chahi; ebong Poromexoreré xebá bocti dei.

G. Con nibedoné Poromexorqué xebá bocti dei?

X. Prothomé; zoqhon cohí: *Tomar xidhi nameré xeba houq?*

G. Con nibedoné xorguer ononto dhon chahi?

X. Duie; zoquon cohi: *Aixuq amardigueré tomar raizot.*

G. Ar pans nibedoné chahi qui?

X. Chahi, *ze Poromexorér ze ischa, xei houq,*

ebong xorirer coraq bhat capor; ebong [28] atuaer coraq Nirmol Dhormo; ebong chahi tahan crepa pap xocolér mapb paibar, ar cono pap codachitio na coribar caron.

G. Podar thona zurit zopibar qui hoibeq?

X. Pranér bocti hoibeq; ebong hin hoia zopibeq.

G. Ze zoné bine bhoctité zopé, xe quèmot rup zopon coré?

X. Ze o zopon coré: com phol pae.

G. Ze zoné ohonqhar coria zopé, xe quemot rit bhozoná coré?

X. Bex bura bhozoná coré:

G. Ze zoné hin hoia bhoctité zopé, xe qui paibeq?

X. Xe zodi zaha chahe, uchit, taha paibeq: quintú zodí zaha chahe onuchit, taha codachitió na paibeq.

G. Ze uchit, ze onuchit, amora o zani na; tobe chahibó qui?

X. Chahibó, ze Poromexorér ze iccha, xei houq, xorgueté o, porthibité o; zemot xidha Getrudes coritén; xei xidha nittio cohiten, Tthacur, tomar ze iccha xei houq; passe rogui hoilen; Rogui hoia [30] Christo taharé ziguiaxá corilén; Tor ni xad asse xuxtò hoite, qui oxuxtó rohité

chahis? xidha utor dilen: Tthacur, tomar ze icha, xei houq; amar cono iccha nahi. tomar ze iccha, xe amar.

G. Uchit ni prothibir xuqh xom potio dhiané chahite?

X. Na: caron ehi, porthibir xuqh xompotió loya Boicontté zaena munixié: quebol Boicontter onont xuqh chahibeq; ebong chahibeq, ze Poromexorér ze iccha, xei houq: Pore mutá capor, muta bhat chahité. Poromexor diben: zemot xidha Domingosque dilen.

Eq din xidha Domingos eq xoho Padré loia xongué qhaité guelén; quissu nahi qhaibar dequitén; toqhon xadhué cohilen: boxo tomorâ Poromexor coraq diben: e mot hoilo. Padri xocolé boxiá rohiten; dui xorguer Debe eq xoho rutti ania dilen Poromexorer agguiaé. Padre xocolé qhaité laguiló. Debê xelam coria guelo.

Ar onugrohó ehar xoman xidha Francisco pailen xon hazar dui xoho unix bos[32]sor Christor zormó badé. Xidha Francisco ar pans xoho Padré assilen; quissú nahi qhaibar deqhiá corí debé coraq ania qhaoailen: emot onugrohó pailen; zenó Poromexorer ze icchá, xei corilen.

G. Zoquon cohi: *Amardiguer corzò quemó, zemot, amora qhemi amardiguer corzioré*: chahi qui?

X. Chahi, ze Poromexor amardiguer oporad qhemuq; zemot noroloquer opoman amora qhemi.

G. Tobé ze zoné noroloquer opoman qhemé na, taharé Poromexor quemiben na?

X. Na: caron ehi: Christor cothá mitha hoite parená Tini cohiten: *Zodi tomará noroloquer ghaitt quemó na, tomardiguer ononto Pita tomardiguer oporad na qhemiben.* Eha buzhibar eq axchorzió cothá xonó.

Nicephoró, ar Saprició dui duxpon hoiló. Nicephoró oneq bar Sapricior tthay maph chahito: Sapricio maph na[34] coritó. Poré Indur Razae Sapricioré dhoriló, Romaná Ponti dequia taharé tarona dite laguiló. Zoqhon Saprició anthiá gueló Christor laguiá moribár caron; ponthé Nicophoró antthú coria arbar maph chahiló; Saprició maph na coriló. Aqher Saprició mirtur ddhore onaxthiq hoia banxiló. Eha deqhiá Nicephoró ddaq dité laguiló; cohiló: Ami o Christaó Christor laguiá morité chahi; amaré maró. Eha xoniá Nitthuré tahare dhoriá bo hiló:

ebong xorgue guia bhaguió bontó hoilen. Azi thané cohi xidha Nicephoró.

Nicephoró maph corilen, ebong o maph chahilén, e caron xadhu hoilen. Sapricio maph chahiló na, ebong maph o coriló na: e caron onaxthiq hoia obhaguia rohiló porthibité, ebong bhogá þhog pailó naroqué.

G. Zoqhen cohi, *amardiguere cumotité portité. ebong xocol mondo hoté raquiá coro* chahi qui?

X. Buzhibár xono: amardiguer tin xotró asse: *Duniaé, Bhut, Xorir: ehi tin xotró* [36] cumoti deé; amorá odhom papi biné Dhormé crepaé thhardigueré porazoé corité pari na; ebong bhuter cumoti c biné tahan crepá dur corité pari na; e caron chahi, ze Poromexór cumotité porité na deuq; ebong chahi, ze zotó mondó xorirer o, atuaer o xocolé hoté tini raquiá coruq.

G. Eha xocol buzhilam; quebol ehi cothá *Amen*, Buzhiná, amaré buzhailé, buzibó?

X. *Amen;* bolé: emot houq: quibá axa raqui, ze zahá ami chahi, taha Poromexor coriben.

G. Ze Poromexor xocol mondó hoté, e xocol cumotité hoté ô amardigueré raquiá coren,

eha amora zani: quintú bex buzhibar axchorzié buzhaó.

X. Buzhaí, xonó: Eq xadhú bonbaxi assilen, Calupanó nam. Tini boró unchô probotė boxot corilen; dhian coribár xomoé bhut preté oneq xap petthailó Dhian bong corité, xaporé dorailên na xadhué.

Eq raité dhian corilé dui boro xap xadhué dequilen, xei xap toquioquer dhoran: tahará mostoq tulia, chouq pacaria, zibhrá meliá xadhuré ddor de-[38]qhailó, xadhué xap dequiá ddoré xtobdó hoia rohilen. Xidhi Crux corite chahilen, parilen na. Totachó eqtta Podar thoná praneté zopilen. Podar thoná zopiá bhoe xocól durgueló, ddor dur guiá xidhi Crux coriá cohilen; obhaguiá, ze mot noxttó Porili porthom pita Mata Onadi, Adiaré pap coraia, temot amaré noxtto corité chahix? Dur Obhaguia, za naroque.

Eha xoniá bhuté lorr dia guelo. E extané mondó gond rohiló; xe gond bhuter nixan. Emot rup Poromexor xocol mondó hoté xadhuré raqhiá corilen; ebong bhuter cumotité porité na dilen.

G. Podar thoná utomé buzhailá. Ar poron buzhaó.

## TAZEL III.

*Pronam Maria ar Tahn orth, ar Nixtar Rami*

§

G. Zanóni Pronam Maria?
X. Hoe, zani.
G. Coho, xoni.
[40] X. Pronam Maria,
Crepaé purnit,
Thomaté Tthacur assen;
Dhormi tomi
Xocol xtriloquer moidhé,
Dhormó phol;
Tomar udoré
Jesus
Xidha Maria
Poromexorér Mata;
Xadho amora
Papir caron;
Eqhoné; ar
Amardiguer
Mirtur calé
Amen Jesus.

§

G. Pronam Maria que coriassén?
X. Xidhr Mata Dhormo Ghoré corilen. Xiddá Gabriel debér o conó cothá loilen: ebong

xidhá Izabelér ar conó cotha loilen.

G. Concon cotha deber?

X. Ehi cotha: *Pronam Maria Crepaé purnit tomaté Tthacur assen.*

G. Xidha Izabeler concon cothá?

X. Ehi cotha: *Dhormi tomi xocol xtri loquer* [42] *moidhé; Dhormo phol tomar udore Jesus.*

G. Xidhi Mata Dhormó ghorer concon cothá?

X. Ehi cotha: *Xidha Maria Poromexorer Mata, xadho amora papir caron eqhoné, ar amardiguer mirtur calé.* Amen Jesus.

G. Occumari Maria ni Poromexori?

X. Na.

G. Tobé qui?

X. Eq Tthacuraní crepaé purnit Poromexorer Mata; Amardiguer o xohae xidhí xidhá xocolér utom: tini xorguété assen.

G. Ocumari Maria ni oporad qhemité paren?

X. Na: quebol Poromexor oporad qhemen.

G. Tobé zodi Tthacurani oporad qhemen na quenó tathané bhozoná coro?

X. Zenó amardiguer modhio birti houq Poromexorer tthay; Iher laguia cohi: *Xadhó amorá papir caron equoné, ar amardiguer mirtur cale.*

G. Pronam Mariar conó axchorzio ni zanó?

X. Hoe; zani.

G. Coho, xoni.

X. Cohi, xonó.

Eq xena boró papi assilo: xei por[44]-thibir xuqh sariá xoniaxi niomiq hoilô. Xe eto muruqh, ze poron xaxtró codachitió xiqhite pariló na: quebol ehi tin cotha Deber xiqhiló: *Pronam Maria Crepaé purnit.* E tin cothaté eto bhocti tahar zormiló, ze muqhe o, prane o zopiló. Xe aqher moriló, ebong xorir mirticá loiló. Tahar pore tahar garaté eq xondor briqh zormiló; briqher xocol pathaté xôborner acondia leqha assilo ehi tin cotha: *Pronam Maria Crepaé purnit.* Eto borô opurbó deqhia Padre Bispo gará curité phormailén Gará curxia dequilen, ze briquér xicor morar muqh dia bahir hoiassilo; ebong deqhen o ze mul xiqhor tahan parané zormiassiló. Emot rup Poromexor tahan xad huré poruxcar corilen; zenó xe Tthacuraniré porux car coriló.

G. Tobe zodi ehi xoniaxi quebol ehi tin cotha zopilen, ebong eto labh pailen; zé zoné proti din mala bhoriá bhoctité zopé; xe zoné quotó bex labh na paibeq? eha tomi aponé buzho. Tobe zopité uchit Tthacuranir Mala; ze bhoctité Mala zopé, tahar mucti hoe: biné[46]bhoctité mucti nahi.

Ar cohó, Malar bhozonár conó axchorzió ni zanó?

X. Hoe zani, ze axchorzió Gurué amaré xonailo, xe tomi xonó.

§ 18.

Pans senotá xorirer.

1. Drixtti;
2. Sotri;
3. Ghran;
4. Xuad;
5. Toan.

§ 19.

Atuaér tin gun.

1. Mon;
2. Budh;
3. Iccha;

FIM

# কৃপার শাস্ত্রের অর্থ-ভেদ

# কৃপার
# শাস্ত্রের
# অর্থ-ভেদ

শিষ্য গুরুর

বিচার

ফ্র মানোএল

দা আস্সুম্প্‌সাম

লিখিয়াছেন, ও বুঝাইয়াছেন বেঙ্গালাতে

ভাওয়াল দেশে ; সন হাজার সাত শহ পয়ঁতিশ বছর

খ্রিস্তর জর্ম বাদে।

ভেটন

করিল বড়-ঠাকুরকে

দ. ফ্র. মিগেল

দে তাভোরা

এভোরার সহরের আর্সেবিস্‌পো

†

লিস্‌বোয়াতে

ফ্রান্সিস্কো দা সিল্‌ভার সাজে

পাতসায়ের কিতাবের ছাপ-করিনিয়া

---

খ্রি-র জর্ম বচ্ছরে ১৭৪৩

সকল উচিতের হুকুমে

[ ২ ]

# পুথি ১

## সকল অনের অর্থ, এবং পৃথক্যে পৃথক্যে বুঝান

## তাজেল ১

### সিদ্ধি ক্রুশের অর্থভেদ

গু। গুরু,

শি। শিষ্য।

§

শি। পূজ্য হৌক সিদ্ধি পরম নির্ম্মল ধর্ম্ম।

গু। তিনি তোমারে আশীর্বাদ দেউক, এবং তোমারে ভাল করুক; আইস, পোলা, তুমি কেটা?

শি। আমি ক্রিস্তাঙ, পরমেশ্বরের কৃপায়।

গু। কোথায় যাও?

শি। বাড়িতে যাই।

গু। তোমার বাড়ি কোথায়?

[ ৪ ] শি। ভাওয়াল দেশে; আমি তোমার রাইয়ত: নাগরীতে বসি।

গু। আমি তো সেখানে যাই: আমার সঙ্গে আইস; আমি তো অর্থ-ভেদ বুঝাইব, তুমি তো বুঝিবা।

শি। যে আজ্ঞা; চলো যাই।

গু। তুমি নি আস্থার নিরুপণ জানো?

শি। ঠাকুর, কিছু শুনিলাম গুরুর কাছে, তুমি তো জিজ্ঞাসা করো: আমি তো উত্তর দিব, যেমত পরমেশ্বর লওয়ায়েন।

গু। তবে জিজ্ঞাসা করি; কহো, কোথায় হ'তে পাইলা ক্রিস্তাঙর নাম?

শি। ক্রিস্তয় হ'তে।

গু। কোন সময় পাইলা ক্রিস্তাঙর নাম?

শি। বাপ্তিস্মর'সময়।

গু। ক্রিস্তাঙর নিশান কি?

শি। সিদ্ধি ক্রুশ।

গু। করো, দেখি।

শি। সিদ্ধি ক্রুশের + চিহ্নতে: রক্ষা করো পরমেশ্বর, + আমারদিগের ঠাকুর, আমারদিগের + শত্রু-হ'তে।

পিতার নামে,
এবং পুত্রের,
এবং ইস্পিরিতো সান্তো;
আমেন্ যেস্থস্।

গু। কেন করিলা সিদ্ধি ক্রুশ কপালে?

[৬] শি। যেন পরমেশ্বর ঘুচাউক আমার সকল মন্দ কল্পনা।

গু। কেন করিলা সিদ্ধি ক্রুশ মুখে?

শি। যেন পরমেশ্বর ঘুচাউক আমার সকল মন্দ কথা।

গু। কেন করিলা সিদ্ধি ক্রুশ বুকে?

শি। যেন পরমেশ্বর ঘুচাউক আমার যে মন্দ কার্য্য প্রাণে-থাকিয় জর্মে।

গু। কেন কহিলা 'পিতার নামে' কপালে ?

শি। যেন পিতার বুদ্ধে পুত্র উদ্ভব।

গু। কেন কহিলা 'পুত্রের' বুকে ?

শি। যেন পিতার পুত্র স্বর্গে-থাকিয়া আসিলেন পৃথিবীতে ; পুরুষ হইলেন অকুমারী মারিয়ার উদরে ; আর আর-বার আসিবেন মহা-প্রলযের দিন বিচার করিতে জিয়ন্তা মরার।

গু। কেন কহো 'ইস্পিরিতে সান্তো', কাঁধে-থাকিয়া কাঁধে ?

শি। যেন পিতার দয়া, এবং পুত্রের দয়া ইস্পিরিতো সান্তো হয়েন।

গু। ভালরূপে বুঝাও, তবে বুঝিব।

শি। বুঝাই, শোনো। পুত্র পিতার কথা, এ কারণ পিতার বুদ্ধে হ'তে হয়েন ; ইস্পিরিতো সান্তো দুই জনের দয়াময় ; এ কারণ দুই জনেব ইচ্ছায়-হ'তে আইসেন। এ কারণ পুত্র ইস্পিরিতো সান্তো নহেন ; এবং ইস্পিরিতো [ ৮ ] সান্তো পুত্র নহেন : যেমত কথা দয়া নহে, এবং দয়া কথা নহে ; তেমত ইস্পিরিতো সান্তো পুত্র নহেন, এবং পুত্র ইস্পিরিতো সান্তো নহেন।

গু। এখন বুঝিলাম ; আর কহো ; কেন কহো, কেবল এক বার 'নামে' ?

শি। যেন পরমেশ্বর কেবল এক হয়েন।

গু। কেন করিলা তিন ক্রুশ আগে, এবং কেন করিলা পাছে এক বড় ক্রুশ ?

শি। যেন পরমেশ্বর তিন জন, এবং এহি তিন জন এক পরমেশ্বর ; তিন এক, এক তিন।

গু। কোন সময় করিব সিদ্ধি ক্রুশ ?

শি। সকল সময়; শুইবার সময়, উঠিবার সময়, খাইবার সময়, এবং যখন কোন কাম-কার্য্য করিতে লাগি।

গু। এতবার কেন?

শি। যেন আমারদিগের শত্রু-সকলে আমারাদগেরে বাড়াইতে না পারুক।

গু। আমারদিগের শত্রু-সকল কে?

শি। দুনিয়ায়, ভূত, শরীর।

গু। আর নি কোনো শত্রু আমারদিগের আছে?

শি। আত্মায়ের শত্রু কেবল এহি তিন; কিন্তু শরীরের শত্রু অনেক আছে।

গু। সিদ্ধি ক্রুশ করিয়া, পরমেশ্বর নি আমার[১০]দিগেরেও রক্ষা করেন শরীরের শত্রু-হ'তে?

শি। হয়, রক্ষা করেন: যে আমি শুনিয়াছিলাম গুরুর কাছে, তাহা তুমি শোনো।

সিদ্ধা জোয়াওঁ ক্রিসস্তোমের কালে বনের মধ্যে এক বড় সিংহ আছিল; সেই পশু অনেক লোক নষ্ট করিল; ইহা দেখিয়া সাধুয়ে এক ক্রুশ বানাইয়া বনের মধ্যে রাখিলেন; আর দিন মুনিষ্যে দেখিতে পান—সিংহ ক্রুশের কাছে মরিয়া রহিয়াছিল।

সিদ্ধা ফ্রন্সিস্কো শাভির এক ক্রুশ হাতে করিয়া এক লস্কর খাদাইয়া দিলেন: শত্রু ক্রুশ দেখিয়া পলাইয়া গেল।

সিদ্ধা কন্‌স্তান্‌তিনো মার্ত্তিরকে এক মন্দ মাইয়ায় নষ্ট করিতে চাহিল। সাধুয়ে মাইয়ার উপরে সিদ্ধি ক্রুশ করিলেন; সিদ্ধি ক্রুশ করিয়া মাইয়ায় মরিয়া গেল। আরবার তিনি মাইয়ার উপরে সিদ্ধি ক্রুশ করিলেন, এবং মাইয়ায় পুনর্ব্বার জিয়া উঠিল।

ভাই বের্থোলোমেউ দে এস্‌পিনা লিখিয়াছেন যে, এক বড় ডাইনী আছিল, সেই এক ছাওয়াল মারিবার পঞ্চাশ বার গেল ; ছাওয়াল কদাচিতিও মারিতে পারিল না : যেন ছাওয়ালের মাতায় ছাওয়ালের উপরে প্রতি রাইতে সিদ্ধি ক্রুশ করিয়াছিল, এ কারণ।

গু। বড় আশ্চর্য্য কথা কহিলা : এমত হয় : আব কহো; সিদ্ধি ক্রুশ করিলে ভূতের কুমতি নি দূর যায় ?

[ ১২ ] শি। হয়; ভূতের কুমতি দূর যায়, এবং ভূতেও পলায়। এহি সাঁচার প্রমাণ শোনো।

এক রাখোয়াল মেড়ীর আছিল; তাহারে ভূত বাজি দিয়া কহিল. তুই যদি আমার নফর হইতে চাহিস, আমি তোরে অনেক ধন দিবাম, রাখোয়ালে কহিল ; ভাল, তোমার দাস হইব, তুমি আমারে ধন দিবা। ভূতে কহিল : তবে আমার গোলাম হইলে, তোর উচিত নহে ধর্ম্মঘরে যাইতে ; এবং সিদ্ধি ক্রুশ আর কদাচিতিও করিবি না, এমত যে করে, সে আমার গোলাম ; এহি আমার আজ্ঞা ; তাহা পালন করিবি : এমত যদি না করিস্, তোমারে বহুং বহুং তাডনা দিবাম। রাখোয়ালে কহিল : যাহা আজ্ঞা কর, তাহা করিব ; যদি এমত না করি, তোমার যে ইচ্ছা, সেই হইবেক।

অনেক দিন অভাগিয়া রাখোয়ালে ভূতের চাকরি করিল ; তাহার পর এক দিন মুনিষ্য বল করিয়া রাখোয়ালকে ধরিয়া ধর্ম্মঘরে লইয়া গেল। ধর্ম্মঘরে এক পাদ্রি আছিলেন, সেই বড় সাধু : তিনি লোক-সকলেরে কহিলেন—তোমরা রাখোয়ালের উপরে সিদ্ধি ক্রুশ কর। এমত লোক-সকলে করিল। তখন ভূতে বড় ক্রোধ করিয়া [১৪] রাখোয়ালেরে অনেক তাড়না দিতে লাগিল। এহা দেখিয়া পাদ্রি রাখোয়ালকে ধরিলেন, ভূতেরে তাডনা দিতে মানা করিলেন। তবে ভূতে আরও বেশ ক্রোধ করিয়া

পাদ্রিরে কহিলঃ এহি মুনিষ্য আমার দাস, আমার আজ্ঞা ভাঙ্গিল, তাহারে শাস্তি দিবার উচিতঃ তাহারে এড়িয়া দেওঃ না, তোমারেও শাস্তি দিবাম। পাদ্রি কহিলেন; তাহারে এড়িয়া দিব না; আমারে যাহা করিতে পারিস্, তাহা করো। তবে ভূতে এমত কুমন্ত্র করিল, যে পাদ্রির মুখ বেঁকা হইল। এহা দেখিয়া লোক-সকলে ডরে পলাইয়া গেল।

তখন পাদ্রি সিদ্ধি ক্রুশ করিলেন; এবং মুখ সিধা হইল। তাহার পর আর ক্রুশ করিলেন রাখোয়ালের উপরে; এবং ক্রুশ করিয়া, ভূতে পলাইয়া গেল। রাখোয়ালেও খালাস হইল। খালাস হইয়া তাহার সকল অপরাধ কন্‌ফেসার করিল; নির্ম্মল ধর্ম্মও ভক্তি রূপে লইল, এবং পুনর্ব্বার পাইল যে কৃপা হারাইয়াছিল পাপ করিয়া।

আর আশ্চর্য্য। সিদ্ধা লেউফ্রিদো বন[১৬]বাসী-সকলের প্রধান আছিলেন। তিনি পাদ্রি-সকলকে লইয়া সঙ্গে, প্রতি দিন ধর্ম্মঘরে ধ্যান করিতেন। ধ্যান করিয়া সাধুয়ে আপনার চৌকিতে বসিতেন। পাদ্রি-সকলে এক এক আসিয়া তাহান আশীর্ব্বাদ লইত। এক দিন সাধুয়ে অসুস্থ হইয়া ঘরে রহিলেন, ধর্ম্মঘরে গেলেন না। এহা দেখিয়া ভূতে সাধুর ধরাণ লইল এবং সাধুর স্থানে বসিল। পাদ্রি-সকলে বড় পাদ্রির ধরাণ দেখিয়া, ভূত না চিনিয়া, ভূতের আশীর্ব্বাদ লইতে লাগিল। এহার মধ্যে এক পাদ্রি সাধুর ঘরে-থাকিয়া আসিল; আর বড় পাদ্রি ধর্ম্মঘরে দেখিয়া সাধুর কাছে ফিরিয়া গিয়া কহিলঃ ঠাকুর, এহা কি? তুমি এখানে আছ, এবং ধর্ম্মঘরে? এহা কি মতে হইতে পারে? এহা শুনিয়া সাধুয়ে ভূতের বাজি চিনিয়া চলিয়া গেলেন ধর্ম্মঘরে। দুয়ার সকল মেলিয়া দুয়ারে দুয়ারে আঙ্গুল দিয়া ক্রুশ ক্রুশ করিলেন। পরে এক বেত দিয়া ভূতেরে মারিতে লাগিলেন; এবং ভূতে পলাইতে লাগিল। দুয়ারে দুয়ারে গেল, ক্রুশ ক্রুশ দেখিয়া, ফিরিয়া ফিরিয়া গেল;

এমত ধরাণ ধর্ম্মঘর ফিরিল: বাহির হইতে পারিল না; ভূতে পলাইতে, সাধুয়ে মারিতে, পাদ্রি-সকলে হাঁসিতে, বড় তামাশা হইল। পরে ঘড়ি টাঙ্গিবার এক দড়ি আছিল; এহি দড়ি দিয়া বাহিয়া ভূতে উঠিল [ ১৮ ] এবং পলাইয়া গেল: অনেক মারণ খাইল।

এহি অপূর্ব্বে সিদ্ধি ক্রুশের কর্তৃত আপনে বুঝিয়া যায়: এহাতে যত গরজ আমারদিগের আছে সিদ্ধি ক্রুশ করিবার, ভূতের কুমতিতে না পড়িবার কারণ।

গু। বড় উত্তম কথা কহিলা: আর যদি কিছু আছে কহিবার, কহো, শুনি।

শি। ক্রুশের মহিমা অনেক; এত কার যোগ্যতা কহিবার? তুমিও সকলি জানো; এহা এখন থাকুক। আর পড়ন।

## তাজেল ২

## 'পিতার পড়ন', এবং তাহান অর্থ।

§

গু। কি জানিতে উচিত, কৃপার শাস্ত্রের মুক্তি পাইবার ?

শি। জানিবেক সু রূপে মাঙ্গিতে ; সু রূপে মানিতে; এবং সু রূপে কার্য্য পুণ্য করিতে।

গু। সু রূপে মাঙ্গিতে কি মতে জানিবেক ?

[২০]শি। পদার্থনা জানিলে।

গু। সু রূপে মানিতে কি মতে জানিবেক ?

শি। জানিলে, ও মানিলে, ও বুঝিলে আস্থার ভেদ-সকল।

গু। কার্য্য পুণ্য করিতে কি মতে জানিবেক ?

শি। দশ আজ্ঞা, ও পাঁচ আজ্ঞা জানিলে; এবং তাহানদিগের পালন করিলে, যেমত উচিত।

গু। আর কি জানিবেক ?

শি। মুক্তির মূল্যের তিন গুণঃ 'আস্থা' মানিতে, 'আশা' মাঙ্গিতে ; 'করুণা', কার্য্য পুণ্য করিতে।

গু। জানো নি পদার্থনা ?

শি। হয়, জানি।

গু। কহো, দেখি ;

### পদার্থনা

শি। পিতা আমারদিগের

পরম স্বর্গে আছো ;

তোমার সিদ্ধি নামেরে
সেবা হউক ঃ
আইসুক আমারদিগেরে
তোমার রাজ্যৎ ;
তোমার যে ইচ্ছা,
সেই হউক,
যেমন পৃথিবীতে,
তেমন স্বর্গে ঃ
[২২] আমারদিগের
প্রতিদিনের আহার
আমারদিগেরে আজিকা দিও ঃ
আমারদিগের
কর্জ ক্ষেমো,
যেমত আমরা ক্ষেমি
আমারদিগের কর্জ্যারে ।
আমারদিগেরে কুমতিতে
পড়িতে না দিও ;
আর আমারদিগেরে সকল মন্দ হ'তে
রক্ষা করো । আমেন্ যেসুস্ ।

গু । পদার্থনা কে করিয়াছেন ?

শি । যেসুস্ ক্রিস্ত ঠাকুরে করিলেন ।

গু । কেন করিলেন ?

শি । স্তব করিতে শিখাইবার কারণ ।

গু । স্তব করিতে কি ?

শি। মন তুলিতে পরমেশ্বরের ঠাঁই, এবং তাহান অনুগ্রহ চাহিতে, অপরাধ না করিবার কারণ।

গু। পরমেশ্বর কোথায়?

শি। স্বর্গেতে, এবং পৃথিবীতে এবং সকল স্থানে আছেন।

গু। কোন্ কথাতে পদার্থনার পরমেশ্বরের ঠাঁই মন তুলি আমরা?

শি। এহি প্রথম কথাতে; 'পিতা আমারদিগের, পরম স্বর্গে আছ'।

গু। কেন কহো 'পিতা'? কেন কহো না 'ঠাকুর'?

[২৪]শি। তিনি আমারদিগেরে সৃষ্টি করিয়াছেন তাহান অনন্ত কর্তৃতে, এবং তাহান দয়াতে রোমানা-পন্থী করিয়াছেন; এহি দয়া চিনিবাব কারণ, তাহানে 'পিতা' কহি আমরা।

গু। কেন কহো 'পিতা আমারদিগের'? কেন না কহো, 'পিতা আমার'?

শি। তিনি সকলের পিতা: এবং আমরা ক্রিস্তাও-সকল ভাই, পরমেশ্বরের পুত্র, এহি কারণ আমার জনে জনেরে দয়া করিতে উচিত, যেমত সুভাইয়ে সুভাইকে দয়া করে।

গু। কেন কহো 'পরম স্বর্গে আছো'?

শি। যেন মনে করিলে, যে আমারদিগের পিতা পরমেশ্বর স্বর্গেতে আছেন, পৃথিবীর সুখ-সম্পাত্তিয়া অল্প লেখা করি; এবং কেবল স্বর্গেব সুখ অনন্ত ধন সাধ করি।

গু। কোন্ কথাতে পরমেশ্বরের ঠাঁই তাহান অনুগ্রহ চাই আমরা?

শি। আর সকল কথাতে, যত পদার্থনাতে আছে।

গু। চাহি কি?

শি। সাত নিবেদন করি।

গু। কোন্ কোন্?

শি। ১। তোমার সিদ্ধি নামেরে সেবা হউক।

২। আইস্থক আমারদিগেরে তোমার রাজ্যৎ।

৩। তোমার যে ইচ্ছা সেই হউক, যেমত পৃথিবীতে, তেমত স্বর্গে।

[২৬] ৪। আমারদিগের প্রতিদিনের আহার আমারদিগেরে আজিকা দিও।

৫। আমারদিগের কর্জ ক্ষেমো, যেমন আমরা ক্ষেমি আমাব-দিগের কর্জ্যারে।

৬। আমারদিগেরে কুমতিতে পড়িতে না দিও।

৭। আমারদিগেরে সকল মন্দ হ'তে রক্ষা করো।

গু। আর নি কোনো স্তব ইহার বেশ ভাল আছে?

শি। না; এহি সকলের বেশ ভাল।

গু। কি কারণ?

শি। কারণ এহি: ক্রিস্ত আপনে করিলেন, এবং তিনি আপনে তাহান সেবক সকলেরে শিখাইলেন, এবং শিখাইবার ফর্মাইলেন, এহি স্তবেতে আমারদিগেরে স্বর্গের অনন্ত ধন চাহি, এবং পরমেশ্বরেরে সেবা ভক্তি দেই।

গু। কোন্ নিবেদনে পরমেশ্বরকে সেষা ভক্তি দেই?

শি। প্রথমে, যখন কহি, 'তোমার সিদ্ধি নামেরে সেবা হউক'।

গু। কোন্ নিবেদনে স্বর্গের অনন্ত ধন চাহি?

শি। দুইয়ে; যখন কহি: 'আইস্থক আমারদিগেরে তোমার রাজ্যৎ'।

গু। আর পাঁচ নিবেদনে চাহি কি?

শি। চাহি, 'যে পরমেশ্বরের যে ইচ্ছা, সেই হউক', এবং শরীরের খোরাক ভাত কাপড় ; এবং [২৮] আত্মার খোরাক নির্ম্মল ধর্ম্ম ; এবং চাহি তাহান কৃপা—পাপ-সকলের মাফ পাইবার, আর কোনও পাপ কদাচিতিও না করিবার কারণ।

গু। পদার্থনা জুড়িত জপিবার কি হইবেক ?

শি। প্রাণের ভক্তি হইবেক ; এবং হীন হইয়া জপিবেক।

গু। যে জনে বিনে ভক্তিতে জপে, সে কেমত রূপ জপন করে ?

শি। যেও জপন করে : কম ফল পায়।

গু। যে জনে অহঙ্কার করিয়া জপে, সে কিমত রীত ভজনা করে ?

শি। বেশ বুরা ভজনা করে।

গু। যে জনে হীন হইয়া ভক্তিতে জপে, সে কি পাইবেক ?

শি। সে যদি যাহা চাহে উচিত, তাহা পাইবেক : কিন্তু যদি যাহা চাহে অনুচিত, তাহা কদাচিতিও না পাইবেক।

গু। যে উচিত, যে অনুচিত, আমরাও জানি না; তবে চাহিব কি ?

শি। চাহিব, যে পরমেশ্বরের যে ইচ্ছা, সেই হউক—স্বর্গেতেও, পৃথিবীতেও ; যেমত সিদ্ধা গেক্রদেস্ করিতেন ; সেই সিদ্ধা নিত্য কহিতেন, ঠাকুর তোমার যে ইচ্ছা সেই হউক। পাছে রোগী হইলেন ; রোগী হইয়া [৩০] ক্রিস্ত তাহারে জিজ্ঞাসা করিলেন,—তোর নি সাধ আছে সুস্থ হইতে, কি অসুস্থ রহিতে চাহিস্ ? সিদ্ধা উত্তর দিলেন : ঠাকুর, তোমার যে ইচ্ছা, সেই হইক; আমার কোন ইচ্ছা নাহি, তোমার যে ইচ্ছা, সে আমার।

গু। উচিত নি পৃথিবীর সুখ-সম্পত্ত্য ধ্যানে চাহিতে ?

শি। না : কারণ এহি, পৃথিবীর সুখ-সম্পত্ত্য লইয়া বৈকুণ্ঠে যায়

না মুনিষ্যে : কেবল বৈকুণ্ঠের অনন্ত সুখ চাহিবেক ; এবং চাহিবেক, যে পরমেশ্বরের যে ইচ্ছা, সেই হউক : পরে মুটা কাপড়, মুটা ভাত চাহিতে, পরমেশ্বর দিবেন : যেমত সিদ্ধা দোমিন্‌গোস্‌কে দিলেন।

একদিন সিদ্ধা দোমিন্‌গোস্‌ এক শহ পাদ্রি লইয়া সঙ্গে, খাইতে গেলেন, কিছু নাহি খাইবার দেখিলেন ; তখন সাধুয়ে কহিলেন : বস তোমরা, পরমেশ্বর খোরাক দিবেন : এমত হইল। পাদ্রি-সকলে বসিয়া রহিলেন ; দুই স্বর্গের দেবে এক শহ রুটি আনিয়া দিলেন পরমেশ্বরের আজ্ঞায়। পাদ্রি-সকলে খাইতে লাগিল। দেবে সেলাম করিয়া গেল।

আর অনুগ্রহ এহার সমান সিদ্ধা ফ্রান্সিস্‌কো পাইলেন, সন হাজার দুই শহ উনিশ ব[৩২]ছর খ্রিস্তর জর্ম্ম বাদে। সিদ্ধা ফ্রান্সিস্‌কো আর পাঁচ শহ পাদ্রি আছিলেন ; কিছু নাহি খাইবার দেখিয়া করি দেবে খোরাক আনিয়া খাওয়াইলেন : এমত অনুগ্রহ পাইলেন ; যেন পরমেশ্বরের যে ইচ্ছা, সেই করিলেন।

গু। যখন কহি : 'আমারদিগের কর্জ ক্ষেমো, যেমত, আমরা ক্ষেমি আমারদিগের কর্জ্যরে' : চাহি কি ?

শি। চাহি, যে পরমেশ্বর আমারদিগের অপরাধ ক্ষেমুক ; যেমত নরলোকের অপমান আমরা ক্ষেমি।

গু। তবে যে জনে নরলোকের অপমান ক্ষেমে না, তাহারে পরমেশ্বর ক্ষেমিবেন না ?

শি। না : কারণ এহি : খ্রিস্তর কথা মিথ্যা হইতে পারে না। তিনি কহিতেন : 'যদি তোমরা নরলোকের ঘাইট ক্ষেমো না, তোমারদিগের অনন্ত পিতা তোমারদিগের অপরাধ না ক্ষেমিবেন।' ইহা বুঝিবার এক আশ্চর্য্য কথা শোনো।

নিসেফোরো আর সাপ্রিসিও দুই দুষমন হইল। নিসেফোরো অনেকবার সাপ্রিসিওর ঠাই মাফ চাহিত: সাপ্রিসিও মাফ না [৩৪] করিত। পরে হিন্দুর রাজায় সাপ্রিসিওরে ধরিল, রোমানা-পন্থী দেখিয়া তাহারে তাড়না দিতে লাগিল। যখন সাপ্রিসিও হাঁটিয়া গেল খ্রিস্তর লাগিয়া মরিবার কারণ, পন্থে নিসেফোরো হাঁঠু করিয়া বারবার মাফ চাহিল; সাপ্রিসিও মাফ না করিল। আখের, সাপ্রিসিও মৃত্যুর ডরে অনাস্থিক হইয়া বাঁচিল। ইহা দেখিয়া নিসেফোরো ডাক দিতে লাগিল; কহিল: আমিও খ্রিস্তাঙ, খ্রিস্তর লাগিয়া মরিতে চাহি, আমারে মারো। ইহা শুনিয়া নিঠুরে তাহারে ধরিয়া বহিল: এবং স্বর্গে গিয়া ভাগ্যবন্ত হইলেন। আজি তানে কহি সিদ্ধা নিসেফোরো।

নিসেফোরো মাফ করিলেন, এবং ও মাফ চাহিলেন, এ কারণ সাধু হইলেন। সাপ্রিসিও মাফ চাহিল না, এবং মাফও করিল না: এ কারণ অনাস্থিক হইয়া অভাগিয়া রহিল পৃথিবীতে, এবং ভোগাভোগ পাইল নরকে।

গু। যখন কহি, 'আমারদিগেরে কুমতিতে পড়িতে, এবং সকল মন্দ হ'তে রক্ষা কর', চাহি কি ?

শি। বুঝিবার শোনো: আমারদিগের তিন শত্রু আছে; 'দুনিয়ায়, ভূত, শরীর: এহি তিন শত্রু' [৩৬] কুমতি দেয়; আমরা অধম পাপী, বিনে ধর্ম্মে কৃপায়, তাহারদিগেরে পরাজয় করিতে পারি না, এবং ভূতের কুমতিও বিনে তাহান কৃপা দূর করিতে পারি না, এ কারণ চাহি, যে পরমেশ্বর কুমতিতে পড়িতে না দেউক; এবং চাহি যে যত মন্দ, শরীরের ও আত্মার, ও-সকলে হ'তে তিনি রক্ষা করুক।

গু। এহা সকল বুঝিলাম; কেবল এহি কথা 'আমেন' বুঝি না, আমারে বুঝাইলে, বুঝিব।

শি। 'আমেন' বলে—এমত হউক : কিবা আশা রাখি, যে যাহা আমি চাহি, তাহা পরমেশ্বর করিবেন।

গু। যে পরমেশ্বর সকল মন্দ হ'তে, এ-সকল কুমতিতে হ'তেও আমারদিগেরে রক্ষা করেন, ইহা আমরা জানি : কিন্তু বেশ বুঝিবার আশ্চর্য্যে বুঝাও।

শি। বুঝাই, শোনো : এক সাধু বনবাসী আছিলেন, কালুপানো নাম। তিনি বড় উঁচ পর্ব্বতে বসত করিলেন, ধ্যান করিবাব সময়ে ভূত প্রেতে অনেক সাপ পাঠাইল, ধ্যান ভঙ্গ করিতে, সাপরে ডরাইলেন না সাধুয়ে।

এক রাইতে ধ্যান করিলে দুই বড সাপ সাধুয়ে দেখিলেন, সেই সাপ তক্ষকের ধরাণ : তাহারা মস্তক তুলিয়া, চৌখ পাকাড়িয়া জিহ্বা মেলিয়া সাধুরে ডর দে-[৩৮]খাইল, সাধুয়ে সাপ দেখিয়া ডরে শুব্ধ হইয়া রহিলেন। সিদ্ধি ক্রুশ করিতে চাহিলেন, পারিলেন না। তথাচ একটা পদার্থনা প্রাণেতে জপিলেন। পদার্থনা জপিয়া ভয়-সকল দূর গেল, ডর দূর গিয়া সিদ্ধি ক্রুশ করিয়া কহিলেন—অভাগিয়া, যেমত নষ্ট পড়িলি প্রথম পিতা মাতা অনাদি আত্মারে পাপ করাইয়া, তেমত আমারে নষ্ট করিতে চাহিস? দূব অভাগিয়া, যা নরকে।

এহা শুনিয়া ভূতে লড় দিয়া গেল। এ স্থানে মন্দ গন্ধ রহিল, সে গন্ধ ভূতের নিশান। এমত রূপ পরমেশ্বর সকল মন্দ হ'তে সাধুরে রক্ষা করিলেন; এবং ভূতের কুমতিতে পড়িতে না দিলেন।

গু। পদার্থনা উত্তমে বুঝাইলা। আর পডন বুঝাও।

## তাজেল ৩

### 'প্রণাম মারিয়া' আর তাহান অর্থ, আর 'নিস্তার রাণী'

গু। জানো নি 'প্রণাম মারিয়া' ?

শি। হয়, জানি।

গু। কহ, শুনি।

[৪০] শি। প্রণাম মারিয়া
কৃপায় পূর্ণিত,
তোমাতে ঠাকুর আছেন ;
ধর্ম্মী তুমি
সকল স্ত্রীলোকের মধ্যে ;
ধর্ম্ম-ফল
তোমার উদরে,—
যেসুস্।
সিদ্ধা মারিয়া,
পরমেশ্বরের মাতা—
সাধো, আমরা-
পাপীর কারণ,
এখনে, আর
আমারদিগের
মৃত্যুর কালে।
আমেন যেসুস্।

§

গু। 'প্রণাম মারিয়া' কে করিয়াছেন ?

শি। সিদ্ধী মাতা ধর্ম্ম-ঘরে করিলেন। সিদ্ধা গাব্রিয়েল দেবেরও কোনো কথা লইলেন: এবং সিদ্ধা ইসাবেলের আর কোনো কথা লইলেন।

গু। কোন্ কোন্ কথা দেবের ?

শি। এহি কথা: 'প্রণাম মারিয়া, কৃপায় পূর্ণিত, তোমাতে ঠাকুর আছেন'।

গু। সিদ্ধা ইসাবেলের কোন্ কোন্ কথা ?

শি। এহি কথা: 'ধর্ম্মী তুমি সকল স্ত্রীলোকের [৪২] মধ্যে ; ধর্ম্ম-ফল তোমার উদরে যেসুস্'।

গু। সিদ্ধী মাতা ধর্ম্ম-ঘরের কোন্ কোন্ কথা ?

শি। এহি কথা: 'সিদ্ধা মারিয়া পরমেশ্বরের মাতা, সাধো আমরা-পাপীর কারণ এখনে, আর আমারদিগের মৃত্যুর কালে। আমেন যেসুস্'।

গু। অকুমারী মারিয়া নি পবমেশ্বরী ?

শি। না।

গু। তবে কি ?

শি। এক ঠাকুরাণী কৃপায় পূর্ণিত, পরমেশ্বরের মাতা, আমারদিগেরও সহায় সিদ্ধী, সিদ্ধা সকলের উত্তম: তিনি স্বর্গেতে আছেন।

গু। অকুমারী মারিয়া নি অপরাধ ক্ষেমিতে পারেন ?

শি। না: কেবল পরমেশ্বর অপরাধ ক্ষেমেন।

গু। তবে যদি ঠাকুরাণী অপরাধ ক্ষেমেন না, কেন তাহানে ভজনা কর ?

শি। যেন আমারদিগের মধ্যবর্ত্তী হউক পরমেশ্বরের ঠাই ; ইহার

লাগিয়া কহি : 'সাধো আমরা-পাপীর কারণ এখনে, আর আমারদিগের মৃত্যুর কালে'।

গু। 'প্রণাম মারিয়া'র কোন আশ্চর্য্য নি জানো?

শি। হয়; জানি।

গু। কহ, শুনি।

শি। কহি, শোনো।

এক সেনা বড় পাপী আছিল: সেই পৃ[৪৪]থিবীর সুখ ছাড়িয়া সন্ন্যাসী নিয়মিক হইল। সে এত মূর্খ যে পড়ন-শাস্ত্র কদাচিত্যও শিখিতে পারিল না: কেবল এহি তিন কথা দেবের শিখিল: 'প্রণাম মারিয়া, কৃপায় পূর্ণিত'। এ তিন কথাতে এত ভক্তি তাহার জন্মিল, যে মুখেও প্রাণেও জপিল। সে আখের মরিল, এবং শরীর মৃত্তিকা লইল। তাহার পরে তাহার গাড়াতে এক সুন্দর বৃক্ষ জন্মিল; বৃক্ষের সকল পাতাতে সুবর্ণের আখর দিয়া লেখা আছিল এহি তিন কথা: 'প্রণাম মারিয়া, কৃপায় পূর্ণিত'। এত বড় অপূর্ব্ব দেখিয়া পাদ্রি বিস্পো গাড়া খুঁড়িতে ফর্ম্মাইলেন। গাড়া খুঁড়িয়া দেখিলেন, যে বৃক্ষের শিকড় মড়ার মুখ দিয়া বাহির হইয়াছিল; এবং দেখেনও যে, মূল শিকড় তাহান পরাণে জন্মিয়াছিল। এমত রূপ পরমেশ্বর তাহান সাধুরে পুরস্কার করিলেন—যেন সে ঠাকুরাণীরে পুরস্কার করিল।

গু। তবে যদি এহি শুনিয়াছি কেবল এহি তিন কথা জপিলেন, এবং এত লাভ পাইলেন; যে জনে প্রতিদিন মালা ভরিয়া ভক্তিতে জপে, সে জনে কত বেশ লাভ না পাইবেক? ইহা তুমি আপনে বুঝ। তবে জপিতে উচিত ঠাকুরাণীর মালা; যে ভক্তিতে মালা জপে, তাহার মুক্তি হয়: বিনে [৪৬] ভক্তিতে মুক্তি নাহি।

আর কহ, মালার ভজনার কোন আশ্চর্য্য নি জানো?

শি। হয়, জানি, যে আশ্চর্য্য গুরুয়ে আমারে শুনাইল, সে তুমি শোনো।

গালিসিয়া দেশে এক ভক্তী মাইয়া জন্মিল, লুসিয়া নামে। তাহারে জোয়ান কালে সিদ্ধা দোমিন্‌গোস্‌ মালার ভজনা শিক্ষা দিলেন; সেও শিক্ষা ধরিল: প্রতিদিন ভক্তিরূপে মালা জপিল। পরে বার বছর তাহার উমর হইল, বড় মুনিষ্যের লগে বিবাহ হইল। বিবাহ হইয়া তাহার ভাতারে তাহারে লইয়া গেল আন্দালুসিয়াতে, সেখানে বসত করিল। এহি কালে মোছলমানের লস্কর আসিয়া বড় যুর্দ্ধ করিল; মারামারি বহুত হইল: যুর্দ্ধেতে লুসিয়ার ভাতারে মরিল: শত্রে লুসিয়ারে ধরিয়া নিল, গ্রানাদাতে বেশ্যা হইল: লুসিয়া বাঁদী হইল। যে জনে তাহারে কিনিল, সে কুজনে আছিল, লুসিয়ারে দাসীর দাসী করিল; এবং বড় দুঃখ দিল। লুসিয়া গর্ভবতী ছিল, পৌষ মাসে পঁচিশ দিন যাইতে, খ্রিস্তর জর্ম্মদিবসে দুই পহর রাত্রে তাহার প্রসবের ব্যথা হইল: তাহার উমর পনের বছরে, যেমত অকুমারী মারিয়া: এবং যেমত ঠাকুরাণী দুই [ ৪৮ ] পশুর মধ্যে বিয়াইলেন, তেমত লুসিয়া দুই পশুর মধ্যে বিয়াইল। লুসিয়া এত দুঃখের মধ্যে একলা হইয়া রোদন করিয়া ঠাকুরাণীর অনুগ্রহ চাহিল: কহিল: ও করুণাময়ী মাতা, আমার ভরসা তুমি কেবল, মুনিষ্যের অলক্ষ্য আছি আমি, তথাচ আশা রাখি, যে তুমি আমারে উপায় দিবা। আমার কেহ নাহি, কেবল তুমি আমার, এবং আমি তোমার; আমি তোমার দাসী; তুমি আমার সহায়, আমার লক্ষ্য, আমার ভরসা। তোমার আশ্রয়ে বিস্তর পাপী অধমে, যেমত আমি, উপায় পাইল। তবে এত অধমেরে যদি উপায় দিলা, আমারেও উপায় দিবা। ইহা নিবেদন করিল।

অপূর্ব্ব! অল্প লেখা হইল না লুসিয়ার কথা। ঠাকুরাণী লুসিয়ার

নিবেদন শুনিলেন: দেব সাধুয়ে আনিয়া সঙ্গে স্বর্গে থাকিয়া আইসিলেন: লুসিয়ারে আগুয়াইয়া কহিলেন: লুসিয়া, ডর নাহি, আমি আছি, তোরে যুগাল দিব। লুসিয়া কহিল: তুমি দেব সিদ্ধী সিদ্ধার রাণী হইয়া আমারে যুগাল দিবা? কি ফল আমার এত বড় অনুগ্রহ পাইবার? ঠাকুরাণী কহিলেন: তোর ফল আমার মালার জপন ধ্যানের: যে জনে সাদা প্রাণে আ[৫০]মারে মালার ভজনা করে, তাহারে আমি উপকার করি। তখন লুসিয়া, ঠাকুরাণীর পদ ধরিয়া হীন হইয়া কহিল: এহি আমি দাসী তোমার; তোমার যে ইচ্ছা, সেই হউক।

এহি কথা কহিল: এবং অচম্বিত বিনে দুঃখে লুসিয়া বিয়াইল, এক সুন্দর ছাওয়াল হইল। ঠাকুরাণী ছাওয়াল ধরিলেন; ধাইয়ের কর্ম্ম-কার্য্য করিলেন; তাহারে রক্ত পুঁছাইলেন; কাপড়ও পিন্ধাইলেন, এবং অনুগ্রহ অনুগ্রহের উপর করিলেন।

এহা করিয়া খ্রিস্ত পাদ্রির ধরাণ আইসিলেন, তাহান সঙ্গে সিদ্ধা ইস্তেবাওঁ, ও সিদ্ধা লোরেন্সো আইসিলেন, সিদ্ধি তেল, ও ধর্ম্ম-জল আনিলেন; খ্রিস্ত ছাওয়ালকে বাপ্তিস্‌মো দিলেন; ঠাকুরাণী ধর্ম্মমাতা হইলেন: এ কারণ ছাওয়ালের নাম 'মারিয়ানো' হইল, যেমত 'মারিয়ার বস্তু'।

এত বড় অনুগ্রহ দেখিয়া লুসিয়া স্থকিত হইয়া রহিল। ঠাকুরাণী লুসিয়ারে ছাওয়াল দিলেন, এবং তাহারে আশীর্ব্বাদ দিয়া পুনর্ব্বার স্বর্গে চলিয়া গেলেন।

চালিশ দিনের পর ঠাকুরাণীয়ে লুসিয়ারে এক দেব পাঠাইলেন, দেবে তাহারে কহিলেন: লুসিয়া, স্বর্গের রাণী তোরে দয়া [৫২] আশীর্ব্বাদ দিলেন। কহিয়া দিলেন, যে সময় আছে ধর্ম্মঘরে যাইবার; এবং পরমেশ্বরেরে ছাওয়াল ভেটিবার। লুসিয়া কহিল: এহি দেশে ধর্ম্মঘর

নাহি , তবে কোন্ ধর্ম্মঘরে যাইব ? দেবে উত্তর দিলেন ; আমার সঙ্গে আইস, আমি তোরে ধর্ম্মঘর দেখাইব। চল যাই, লুসিয়া কহিল। দেবের সঙ্গে লুসিয়া অচিনা পন্থ দিয়া গেল। অল্প হাঁঠিয়া যাইতে, এক ধর্ম্মঘর দেখিল, এত সুন্দর, যে কহিতে নাহি ঃ ধর্ম্মঘরের দুয়ারে সিদ্ধী আন্না, ও সিদ্ধী মারিয়া মাগ্দালেনা আছিলেন। তবে দুই জনে লুসিয়ারে লইয়া গেলেন ঠাকুরাণীর ঠাই। ঠাকুরাণী তাহারে আশীর্ব্বাদ দিলেন, এবং হাত ধরিযা তাহান কাছে বসাইলেন। পরে যেস্থস্ খ্রিস্ত আপনে মহিমা দিলেন; লুসিয়ারে নির্ম্মল ধর্ম্ম দিলেন ; এবং ছাওয়াল মারিয়ানো আশীর্ব্বাদ পাইল। মহিমা বাদে ঠাকুরাণী লুসিয়ারে কহিলেন ঃ লুসিযা, আশা কর, তত কাল তোর দেশে যাইবি। এমত হইল। লুসিয়া এহি রাত্রে খালাস হইয়া পরমেশ্বরের আজ্ঞায আপনার দেশে গেল। যতদিন বাঁচিল, কার্য্য পুণ্য ধর্ম্মঘরে ক[৫৪]রিল ঃ আখের মরিযা গেল, এবং মালার ভোগ পাইল।

তাহার পুত্র মারিয়ানো পৃথিবীব সুখ ছাড়িয়া বনবাসী হইল ; অনেক প্রাচিত ও অনেক পুণ্যও করিল ; সৎকার্য্য করিয়া বড় সাধু হইল, তাহানে কহি সিদ্ধা মারিয়ানো। এহি মালার কর্ত্তৃত।

গু। অপূর্ব্ব কথা কহিলা। কিন্তু কেহ কহিবে, 'আমি মালা জপি না , তথাচ আর ধরাণ ভজনা করি ঃ জপি খ্রিস্তর কাছে, আর আর সিদ্ধারে ভজনা করি ; এহি ভজনাব কারণ আশা রাখি, স্বর্গের যাইবার, তাহান কৃপায়।' তুমি কি বল ?

শি। যে আমি কহি, তাহা তুমি শোনো। সকল যত ভজনা ভাল, কিন্তু বিনে ঠাকুরাণীর ভজনায় কিছু নাহি, এবং ঠাকুরাণীর ভজনা বিনে আর আর যত ভজনায় বাছ মুক্তি পাইবার পাপ না করিলে। এবং ঠাকুরাণীর ধ্যান-সকলের অতি উত্তম মালার ধ্যান। আশ্চর্য্যে বুঝাই, শোনো।

যে কালে সিদ্ধা দোমিন্‌গোস্‌ মালার ধ্যানের শিক্ষা দিলেন, সেই কালে রোমাতে এক বড় বিবি আছিল, সেই মাইয়া মালার ভজনা কদাচিত্যও ধরিতে চাহিল না। দেখিলে সিদ্ধা দোমিন্‌গোস্‌ যে উনি ও আর আর অনেক [ ৫৬ ] বিবি উহার সমান মালার ধর্ম্ম ভজনা না ধরে; আর্দ্দাস করিলেন পরমেশ্বরের ঠাই, এমত রূপ : ঠাকুর, আমার শিক্ষা কেহ ধরে না, আমার পাপের শাস্তির কারণ দেখিঃ তবে যদি আমার দুঃখের ফল না হয়, আমারে বিদায় দিও। অনেক পাদ্রি আমার বেশ পণ্ডিত, এবং ও বেশ ধর্ম্মার্থ আছে; তাহানা মালার ধ্যানের শিক্ষা দিবেন। তবে তোমার কৃপায়, যে ফল আমি করি না, তাহানা করিবেন।

এহা নিবেদন করিলেন। এহার মধ্যে মাইয়া পরমেশ্বরের আজ্ঞায় তাহান ঠাই নিযা গেল। খ্রিস্ত তাহারে জিজ্ঞাসিলেনঃ কি কারণ আমার মাতার মালা জপিতে চাহিস না? মাইয়া কহিল, আমি রোজা করি, প্রাচিত করি, লোহার কাঁটা পিন্ধি, গরীবেরে :ভিক্ষা দেই, আর আর অনেক ধ্যান, ধর্ম্ম কার্য্য করি, এ কারণ মালা জপি না। তবে (খ্রিস্ত কহিলেন) তবে যদি মালার ধ্যান জপিতে চাহিস না, যা নরকে অভাগী। এমত বিচার করিলেন। এবং অচম্বিত অনেক ভূত, প্রেত, পিচাশ তাহারে ধরিয়া তাড়না দিতে লাগিল। তখন মাইয়া প্রাণের ব্যথা করিয়া ঠাকুরাণীর অনুগ্রহ চাহিল।

ঠাকুরাণী তাহার কথা শুনিলেন : স্ব-[৫৮]র্গে-থাকিয়া আইসিয়া ভূত সকল খাদাইয়া দিলেন। পরে মাইয়ারে কহিলেন; ডর নাহি, আমি আছি; কিন্তু জান্‌, যে উপায় তোর—আমার মালার ধ্যান। এহি ধ্যানে মুক্তি পাইবি। তাহার পর ঠাকুরাণীয়ে মাইয়ারে লইয়া গেলেন স্বর্গে। সেখানে সেই অনেক ভাগ্যবন্ত দেখিল। তাহানা ফুলের মটুক মাথায় করিয়া মালা জপিতেন। ইহা দেখিয়া মাইয়ায় স্থকিত হইয়া রহিল।

পূনর্ব্বার পৃথিবীতে ফিরিয়া আসিল। মালার ভজনা ভক্তি-রূপে ধরিল, এবং জপিতে শিখাইল। বৃদ্ধ কালে মরিল। মরিয়া পুণ্যে পূর্ণিতে স্বর্গে গেল।

গু। যে জনে ঠাকুরাণীর মালার ধ্যান জপে, সে এমত লাভ পায়। ইহা ভাল কহিলা। তথাচ অনেক মুনিষ্যে কহিবেক, আমি বড় গরীব, দুখিয়া মানুষ, দিন ভরিয়া কাম করি বলিয়া, এ কারণ মালা জপিতে পারি না; কার ভাগ্য আছে এমত সুভজনা করিবার? তুমি কি কহ?

শি। কহি, যে যাহার ভাগ্য নাহি এমত ভ-[৬০]জনা করিতে, তাহার ভাগ্য নাহি মুক্তি পাইবার।

গু। এমত কথা উচিত নহে কহিতে; যে খোদার শাস্তর পালে, স্বর্গে যাইবে। সকলের ভাগ্য আছে মালা জপিতে, চাহিলেঃ এমত ভাগ্য যে চাহে, তে পায়, ইচ্ছার কার্য্য কেবল। যে কহে, যে দুঃখের কারণ মালার জপন না যায়, তাহার কথা কিছু নাহিঃ কিন্তু দুঃখের কালে উচিত এমত ভজনা করিতে, তবে দুঃখ-সকলে দূর যাইবেক। ইহার মধ্যে আর মালার অপূর্ব্ব শোনো, ইহাতে ভক্তি জর্ম্মিবেক।

যে কালে সিদ্ধা দোমিন্‌গোস্‌ মালার ভেদ বুঝাইলেন, সেই কালে দুই জনে, এক মাইয়া, আর এক মরদ, তাহান স্থানে আর্দ্দাস করিয়া কহিলঃ ঠাকুর, পৃথিবীর সুখ-সম্পত্ত্য পরমেশ্বর আমারদিগেরে দিলেন; পরে আমারগো পাপের শাস্তির কারণ সুখ সম্পত্ত্য হারাইয়া, ভাতে কাপড়ে বড় দুখ পাই; ভিখা দুয়ারে দুয়ারে চাহিতে লাজ হয়; কাম কার্য্য করিতে জানিও না, পারিও নাঃ চুরি কবিতে উচিত নহে; ভোখ লাগেঃ তবে করিব কি? কি উপায় আমারদিগের? তুমি, ঠাকুর, উপায় দিও।

[৬২] সিদ্ধা দোমিন্‌গোস্‌ কহিলেন; ঠাকুরাণীর মালার ধ্যান জপো; তিনি তোমারদিগেরে উপায় দিবেন। এমত হইল: এহি দুই জনে কেহ্‌ কেহ যাহার যাহার ঘরে গেল: মালার ধ্যান ভক্তিতে জপিল। এক বছরের মধ্যে এত সুখ সম্পত্ত্য পাইল যে বড় ধনী দাতা হইল: যে জনে তাহারদিগের স্থানে কিছু চাহিল, সে তাহা পাইল। কহিত: এহি ধন পরমেশ্বর পতিতপাবনের কৃপায় ঠাকুরাণীয়ে দিলেন। তবে গরীবেরে খাওয়াইতে উচিত। যেত দিন পৃথিবীতে রহিল এহি দুই জনে মালার ধ্যান জপিল। আখের মরিয়া, বৈকুণ্ঠে ভোগাভোগ পাইল।

গু। এহা ভাল; কিন্তু অনেক লোকে প্রতিদিনে এক বার মালা জপে; তথাচ ভাতে কাপড়ে বড় দুখ পায়। ইহার কারণ কি?

শি। কারণ এহি: বিনে ভক্তিতে জপে। ভক্তিতে যে জপে, সেই যেমত ধ্যান, তেমত লাভ পাইবেক: তথাচ যদি পাপের শাস্তির কারণ পৃথিবীতে লাভ না পায়, বৈকুণ্ঠে অনন্ত লাভ পাইবে, সর্ব্ব কাল, বিনে শেষে।

গু। অতি বিলক্ষণ কথা। অনেক নর কহে—'আমি আগে মালা জপিতাম; পরে ভাতার, পুত্র [৬৪] কন্যা হারাইয়া আমার সাধ নাহি মালা জপিবার। ধর্ম্মের নাম মুখে আইসে না, চিন্তার কারণ, সকল আমার মরিয়া গেল, কেবল আমি অভাগী পৃথিবীতে রহিলাম এত দুঃখ পাইবার, দুঃখ আমার ছাড়ে না। এহার বিচার কি?

শি। এহার বিচার যে নর এমত কহে, সেও শুনুক। কি মতে তোমার দুঃখ ছাড়িবেক, যদি তুমি ছাড়িয়া দিলা মালার ধ্যান? হিস্‌পানিয়ার একটি রাণী এমত করিয়াছিল; যে শাস্তি পাইল; তুমি তো শোনো।

সেই রাণীরে সিদ্ধা দোমিন্‌গোস্‌ আপনে এক মালা দিলেন : সেই মালা প্রতিদিন ভক্তিতে জপিল। পরে তাহার ভাতার রাজায় মরিয়া গেল। রাণীয়ে চিন্তার কারণ মালা গলায় রাখিয়া মালার ধ্যান ছাড়িল; আর কোনো দিন জপিল না। এবং বড় দিরং করিল না শাস্তি : রাজ্যৎ, সুখ, সম্পত্য, ঘর, দুয়ার হারাইয়া এত গরীব হইল, যে দুয়ারে দুয়ারে মাঙ্গিয়া খাইত। তখন সে অভরসা হইয়া এক ছুরি দিয়া তিন ঘা আপনার বুকে দিল, এহাতে অচম্বিত মরিতে লাগিল। এহা দেখিয়া সম্পূর্ণ কুঠি ভূতে আইসিল, তাহারে লইয়া নরকে যাইবার।

[৬৬] এমত কুকার্য্য দেখিয়া করুণাময়ী মাতা সিদ্ধা দোমিন্‌গোস্‌কে আনিয়া স্বর্গে-থাকিয়া আইসিলেন। রাণীযে স্বর্গের রাণী আগুয়াইলেন : তাহান দেখা হইয়া ভূত-সকলে ডরে পলাইয়া গেল। তবে ঠাকুরাণী রাণীরে কহিলেন : 'ঝি আমার, দেখ, কত দুখ পাইয়াছিলি, এবং কত গুনা করিয়াছিলি আমার মালার ধ্যান ছাড়িয়া : এখন তাগায়েত তোর উপায় আছে : যদি চাহিস্‌, আমি তোরে বাঁচাইব। মরিবি না; রাজ্যৎ, সুখ, সম্পত্য পুনর্ব্বার পাইবি : কিন্তু যে মালার ধ্যান ছাড়িয়া দিলি, আর বার ধরিতে উচিত।' ঠাকুরাণীর কথা শুনিয়া রাণীয়ে উত্তর দিতে পারিল না মুখে; তথাচ প্রাণে এমত করিবার সত্য মানন করিল।

তখন সিদ্ধা দোমিন্‌গোস্‌ ঘায়ের উপরে হাত দিলেন; হাত দিয়া রাণীয়ে ভাল হইল। ভাল হইয়া পরমেশ্বরেরে ও ঠাকুরাণীরে পূজ্য দিল, এত বড় অনুগ্রহের কারণ। তাহার সকল অপরাধ কন্‌ফেসার করিল : পুনর্ব্বার মালার ভজনা ধরিল : এবং ও আরবার রাজ্যৎ, সুখ, সম্পত্য পাইল। যেত দিন পৃথিবীতে ছিল, অনেক পুণ্য করিল। পরমেশ্বরের কৃপাতে বৃদ্ধ-কালে মরিল, এবং ভোগাভোগ পাইল।

[৬৮] গু। উত্তম কহিলাঃ এমত বুঝান শুনিলে শুনিলে বড় ভক্তি জর্ম্মে। আর নি কিছু আছে কহিবার ?

শি। মালার অনন্ত মহিমা আছেঃ সকলের বিচার কিমতে হইবেক ? এখন থাকুক মালার অপূর্ব্ব। আর পড়ন।

গু। আর কি ধ্যান ঠাকুরাণীর ?

শি। 'নিস্তার রাণী'।

গু। কহ, শুনি।

§

শি। নিস্তার রাণী
করুণাময়ী মাতা,
জীবন ও পরম অমৃত,
আমারদিগের আশা,
নিস্তার,
আমরা তোমারে ডাকি,
স্থান-ভ্রষ্ট হইয়া
আত্মার পুত্র-সকল,
তোমারে অভিলাষ করি ;
ঝুরি, আর রোদন করি।
এহি বোধে রোদনের।
ইহাতে
তুমি আমারদিগের সহায়,
[৭০] এহি তোমার
করুণার নয়ান
আমারদিগেরই দৃষ্টি করো ;

এহি স্থান-ভ্রষ্টর পর
আমারদিগেরে দরশ করাও।

যেসুস্।

তোমার উদরের
ধর্ম্মফল।
এ করুণাময়ী!
এ পরম অমৃত!
সর্ব্ব-কাল অকুমারী মারিয়া
সাধো আমারদিগের কারণ,
সিদ্ধি পরমেশ্বরের মাতা,
যেন আমরা যোগ্য হই,
খিস্তর আজ্ঞা ধনের।

আমেন্ যেসুস্।

§

গু। 'নিস্তার রাণী' কেটা করিয়াছেন?

শি। সিদ্ধী মাতা ধর্ম্ম-ঘরে।

গু। কেন করিলেন?

শি। ঠাকুরাণীরে পূজ্য দিবার, এবং তাহান লক্ষ্য পাইবার কারণ।

গু। ভাল কহিলা; এখন অপূর্ব্ব কার্য্য কহ, শুনি।

শি। কহি, শোন।

[৭২] হিস্পানিয়াতে এক পাদ্রি নিয়মিকে প্রধান পাদ্রিরে বধিল; বধী পাদ্রির পিন্ধন খসাইয়া গৃহস্থের কাপড় পিন্ধিয়া পলাইয়া গেল বেরবেরিয়াতে (বেরবেরিয়া মোছলমানের দেশ): সেখানে অনাস্থিক হইয়া মহম্মদের কুশাস্ত্র মানিয়া ধরিল, মোছলমান হইয়া অনেক অপরাধ

করিয়া বড় অপরাধী হইল ঃ এবং 'যেন অপরাধে আর অপরাধ জর্ম্মে'; মোছলমান মাইয়ারে বিবাহ করিল; সে মাইয়া বড় ধনী। গৃহস্থালী করিল, হেমত আর আর গৃহস্থও করে ঃ এবং তিন পুত্র জর্ম্মাইল। একদিন অনাস্থিকে আপনার ভাগ্যেতে বেড়াইতে গেল। সেখানা ফারাগ হইয়া এক 'নিস্তার রাণী' জপিল, যেমত অভ্যাস করিত, 'নিস্তার রাণী' জপিয়া স্বর্গের রাণী সাক্ষাৎ হইয়া কহিলেন: কিসের কারণ এত কুকার্য্য, কুরীত পাতক করিলি! ফিরিয়া যা, কন্‌ভেন্তোতে তোর অপরাধ কন্‌ফেসার কর; পরমেশ্বর করুণাময় তোর অপরাধ ক্ষেমিবেন: এবং আমি তোরে লক্ষ্য দিব। ইহা কহিলেন ঠাকুরাণীয়ে, এবং আর বার স্বর্গে গেলেন।

ঠাকুরাণীর কথায় অনাস্থিকের পরমার্থ বড় ভার হইতে লাগিল, এবং তাহার প্রাণে বড় চিন্তা হইয়া আপনার ঘ[৭৪]রে গেল। চিন্তিত দেখিয়া তাহারে স্ত্রীয়ে জিজ্ঞাসিল ঃ আজি তোমারে বড় চিন্তিত দেখি, কি চিন্তা তোমার? কোন দুখ নি পাইলা? সে কান্দিতে লাগিল: এবং রোদন করিয়া স্ত্রীরে উতর দিল। কথায় কথায় কহিল, যত কুকায্য করিয়াছিল। এবং যাহা তাহারে ঠাকুরাণী কহিলেন, তাহা কহিল। ইহা শুনিয়া স্ত্রীয়ে কহিল ঃ তোমার কোন চিন্তা নাহি, যাইতে চাহ যদি, চল যাও, আমি বল করিয়া তোমারে ধরিয়া রাখিব না। ধন বিস্তর আমারদিগের আছে, যেত চাও, তাহা নেও। এবং তিন পুত্র জর্ম্মাইয়াছিলা, যে বড় তাহারে লইয়া যাও ঃ দুখ সুখে তোমার সাথী হইবে। স্ত্রীর কথা শুনিয়া বড় প্রীত হইল। পরে তাহার বেটা লইয়া হিস্‌পানিয়াতে গেল: কন্‌ভেন্তোতেও গেল। প্রধান পাদ্রির কাছে গিয়া কহিল, তুমি পাদ্রি-সকলকে ডাকিয়া আনাও; সকলের ঠাই এক নিবেদন করিতে উচিত, তাহাতে আমার উপায় হইবেক। বড় পাদ্রি

এমত কবিলেন ; পাদ্রি-সকলেরে ডাকিয়া আনিয়া, সকলের সাক্ষাতে, সে কহিতে লাগিতে এমত রূপ। ধর্ম্মার্থ পাদ্রি-সকল, তোমারদিগের নি মনে আছে, যে আজি এত বছর এক পাদ্রি বড় পাদ্রিকে বধিয়াছিল? এবং পলাইয়া গিযাছিল ? পাদ্রিরা কহিলেন : হয়, মনে আছে। সেই অভাগিযা আমি : ভূতের [ ৭৬ ] বাজীতে বধ কবিয়া পলাইলাম ; এবং জেন অপবাধে আর অপরাধ জর্ম্মে, অনাস্থিক হইযা মোছলমান হইলাম ; বিবাহ করিয়া, পুত্র কন্যা জর্ম্মাইলাম ; আব আব অনেক পাতক কবিলাম ; ঠাকুরাণীর আজ্ঞায় বড় প্রাণের ব্যথা করিয়া আইসি : তোমারদিগের সাক্ষাতে মাফ মাঙ্গি ; তোমরা তো মাফ করিবা, তবে পরমেশ্বব মাফ করিবেন। এহি নিবেদন করিল। এহা শুনিয়া পাদ্রিরা কান্দিলেন ; অল্প প্রাচিত তাহারে দিলেন। কিন্তু যে সে করিল, সেই বড হইল। পরে পরমেশ্বরের কৃপাতে মরিল ; স্বর্গে গেল অনন্ত সুখ পাইবাব, সর্ব্ব কাল বিনে শেযে।

## তাজেল ৪

# মানি সত্য নিরঞ্জন, আস্থার চৌদ্দ ভেদ, এবং তাহানদিগের অর্থ।

§

গু। তুমি যে কহিলা, যে সু রূপে মানিতে উচিত জানিতে, ও বুঝিতে আস্থাব ভেদ-সকল। এখন কহো; আস্থার ভেদ জানিতে বুঝিতে, কি জানিবেক?

[৭৮] শি। জানিবেক কিবা 'মানি সত্য নিরঞ্জন', কিবা 'আস্থার চৌদ্দ ভেদ', এবং তাহানদিগের অর্থ।

গু। জান নি 'মানি সত্য নিরঞ্জন'?

শি। হয়, জানি।

গু। কহ শুনি।

§

শি। মানি সত্য নিরঞ্জন
পিতা সর্ব্বকর্ত্তা,
তিনি স্বর্গ মর্ত্ত
সৃষ্টি করিয়াছেন:
মানি যেসুস্ খ্রিস্ত
কেবল তাহান পুত্র,
আমারদিগের ঠাকুর;
তিনি উদ্ভব হইলেন

ইস্পিরিতো সান্তোর কর্ত্তুতে,
জন্মিলেন অকুমারী মারিয়ার উদরে
কষ্ট লইলেন
পন্‌সিও পিলাতোর ঠাই ;
ক্রুশে জড়িত হইলেন,
মৃত্যু লভিলেন, মৃত্তিকা লইলেন।
নরকে লামিলেন ,
তেতীয় দিনে
জিয়া উঠিলেন মৃত্যু-থাকিয়া।
জিয়া উঠিয়া স্বর্গে গেলেন ,
বসিয়াছেন অনন্ত পিতার
[৮০] ডাহিন হস্তের কাছে ;
সেখানে-থাকিয়া আসিবেন
বিচার করিতে জীয়াস্তা মরার।
মানি ইস্পিরিতো সান্তো ,
সিদ্ধী মাতা ধর্ম্ম-ঘর,
সকল সিদ্ধার ধর্ম্ম-ফলের যুগাল পাওন ;
পাপের উদ্ধার ,
শরীর জিয়া উঠন ;
এবং জীবন অনন্ত সংখ্যা।
আমেন যেস্থস্।

গু। 'মানি সত্য নিরঞ্জন' কেটা করিল ?

শি। যেস্থস্ খ্রিস্তর বারো সেবক।

গু। কেন করিলেন ?

শি। আস্থার ভেদ-সকল বুঝাইবার কারণ।

গু। আস্থা কি?

শি। মানিতে, যে দেখি না, এবং দেখিও নাহি।

গু। কি মানিবেক?

শি। যেত ভেদ যেস্থস্ খি্স্ত শিখাইলেন সিদ্ধী মাতা ধর্ম্ম-ঘরে সেই ভেদ-সকলে 'মানি সত্য নিরঞ্জনতে' আছেন।

গু। যে ভেদ মানো, সেই ভেদ কোন দিন দেখিলানি?

শি। না।

গু। তবে কেমতে মানো?

শি। মানি, যেন পরমেশ্বর পরমেশ্বর আপনে কহিয়াছেন; এবং সিদ্ধী মাতা ধর্ম্ম-ঘরে এমত রূপ শিখায়েন।

[৮২] গু। এহি সকল ভেদ কেমতে মানো?

শি। যেমত সিদ্ধী মাতা ধর্ম্ম-ঘরে মানেন।

গু। সিদ্ধী মাতা ধর্ম্ম-ঘরে কেমতে মানেন?

শি। আমি মূরুখ, এহা কেমতে কহিব? অনেক মহা জ্ঞান্য শাস্ত্রের আছেন, তাহারা উতর দিবেন।

গু। ভাল কহিলা: আর কহ; যাহারা 'মানি সত্য নিরঞ্জন' জানে না; এবং 'আস্থার চৌদ্দ ভেদ' জানে না, তাহারদিগের নি কোনো উপায় আছে?

শি। তাহারদিগের কোনো উপায় নাহি, যেন তাহার আস্থা নাহি।

গু। এহা সাঁচা, এমত হয়, এহার মধ্যে আশ্চর্য্য কথা কহ, শুনি।

শি। তবে শোনো। এক বনমুনিষ্য আছিল, সে এত মূরুখ, আলিসিয়া, যে আলিস্যের কারণ অর্থ-ভেদ শিখিল না। তাহারে এক গুরু 'মানি সত্য নিরঞ্জন' শিখাইল পরমেশ্বরের আজ্ঞায়।

আর এক মূরুখ মাইয়াকে ঠাকুরাণী আপনে শিখাইলেন 'মানি সত্য নিবঞ্জন', 'পদার্থনা' আর 'প্রণাম মারিযা'।

এক পাদ্রি পাউলিণ্ডা পরমেশ্বরের শাস্ত্র বুঝাইতে লাগিল : জিজ্ঞাসা কবিল ; [৮৪] তোমারদিগেব নি কেহ অর্থ-ভেদ কহিতে পারো ? লাজেব কারণ কেহ উতব দিল না। তবে একটা তুষ্কের ছাওয়াল উতব দিল, অর্থ-ভেদ পণ্ডিতের মত কহিল।

গু। জান নি আস্থার চৌদ্দ ভেদ ?

শি। হয, ঠাকুব, জানি।

গু। কহ, দেখি।

§

শি। আস্থার ভেদ
চৌদ্দ হয়েন।
সাত
নৈরাকারে পৌছে,
আব সাত
যেসুস্ খ্রিস্তব সাকাবে পৌছে।
যে সাত নৈবাকাবে পৌছে—এহি :
প্রথম, মানি,
যে কেবল এক পরমেশ্বব সর্ব্ব-কর্ত্তা হয়েন।
দুই, মানি,
যে তিনি পিতা :
তিনে, মানি,
যে তিনি পুত্র :
চাইরে, মানি,

[ ৮৬ ] যে তিনি ইস্পিরিতো সান্তো :

পাঁচে, মানি,

যে তিনি সৃষ্টি-কর্ত্তা :

ছয়ে, মানি,

যে তিনি নিস্তার-কর্ত্তা :

সাতে, মানি,

যে তিনি বৈভোগ-দাতা।

§

যে সাত সাকারে পৌছে, এহি :

প্রথমে, মানি,

যে পরমেশ্বরের পুত্র উদ্ভব হইলেন ইস্পিরিতো সান্তো কর্ত্তৃতে।

দুইয়ে, মানি,

যে জন্মিলেন অকুমারী মারিয়ার উদরে। তিনি রহিলেন সর্ব্ব-কাল অকুমারী।

তিনে, মানি,

যে আমারদিগের কারণ, ক্রুশে জড়িত হইলেন, মৃত্যু লভিলেন, এবং মৃত্তিকা লইলেন।

চাইরে, মানি,

যে নরকে গিয়া সাধু-সকলের আত্মা উদ্ধার করিলেন, তাহারা সেখানে আছিল আশাতে—তাহার সিদ্ধি আগমনের।

পাঁচে, মানি,

যে তেতীয় দিনে জিয়া উঠিলেন।

ছয়ে, মানি,

[৮৮] যে স্বর্গে চড়িলেন, বসিয়াছেন অনন্ত পিতার ডাহিন হস্তের কাছে। সাতে, মানি,

যে আসিবেন বিচার করিতে জিয়ন্তা মরাবঃ পাপ পুণ্য বিচার করিবেন; ভোগাভোগ দিবেন।

§

গু। ভাল: এখন নৈরাকারের ভেদ বুঝাও।

'মানি, যে কেবল এক পরমেশ্বর হয়েন': এহি ভেদ কেমতে বুঝ?

শি। বুঝি, যে বিস্তর পরমেশ্বর নহেনঃ তিনি কেবল এক, অনন্ত, অপার, অমর, সর্ব্ব-রীত, সর্ব্ব-জান; আর আব ইত্যাদি যত।

গু। 'মানি, যে তিনি পিতা, তিনি পুত্র, তিনি ইস্পিবিতো সান্তো।' এহি তিন ভেদ কেমতে বুঝ।

শি। বুঝি, যে পিতা পরমেশ্বর; পুত্র পরমেশ্বর; ইস্পিরিতো সান্তো পরমেশ্বব; এবং বুঝি, যে এহি তিন জন সমান, কেবল এক পবমেশ্বব পরম সার।

এহি পরম সত্য পরমেশ্বর জা[৯০]নাইলেন আশ্চর্য্যে। সেই আশ্চর্য্য কহি, শোনো।

যে কালে আরিয়ানের কিচড়-সকলে ন্যায় করিত, যে 'তিন জন পিতা, পুত্র, ইস্পিরিতো সান্তো সমান হয়েন না'; সেই কালে ফ্রান্সেতে এক পাদ্রি বিস্‌পো বড় সাধু আছিল; সেই বিস্‌পো মহিমাতে পরমেশ্বরের ঠাই নিবেদন করিয়া কহিলেন, ঠাকুর, যদি তুমি তিন এক, এক তিন সমান; আমারদিগেরে এক নিশান দিও, তবে সত্য জানিয়া সন্ধে ঘুচিয়া আরিয়ানের কুশিক্ষা নষ্ট হউক।

এমত নিবেদন করিলেনঃ এবং পরমেশ্বব নিশান দিলেন। তিন সমান জলের ফোটা আল্‌তারেতে পড়িল; পরে এহি তিন ফোটা

একটা হইয়া এক সুন্দর হীরা-পাথর হইল। সেই পাথর বিস্‌পোয় ধরিয়া রাখিলেন; এক সুবর্ণের ক্রুশ বানাইয়া ক্রুশের মধ্যে লাগাইয়া রাখিলেন যে রোমানা-পন্থী আস্থিক হইয়া পাথর দেখে, সে বড় সুন্দর দেখে, যে জনে অনাস্থিক হইয়া দেখে; সে সুন্দর দেখে না; এ পাথরে অনেক অপূর্ব্ব করিল, এবং আজিও করে। এহি আশ্চর্য্য দেখা যায়, যে যেমত এ তিন পানির ফোটা একটা হইয়া এক হীরা হইল; তেমত পরমেশ্বর তিন জন সমান, এবং তিন জন এক পর[৯২]মেশ্বর পরম-ব্রহ্ম।

আর কহি: পাঁচ শহ তিরাশি বছর খ্রিস্তুর জর্ম্ম বাদে, এক রোমানা-পন্থী এবং আরিয়ানের এক কিচড, অর্থ-ভেদের বিচার করিল। কিচড কহিত, 'যে পরমেশ্বরের পুত্র পিতার সত্ত্ব'; রোমানা-পন্থী কহিত, 'যে পিতার পুত্র পিতার সমান'। এহি ন্যায়, ন্যায় করিতে করিতে অনেক দিন গেল: কেহ ন্যায়েতে জিনিল না। দেখিলে রোমানা-পন্থী, যে কিচডে সাঁচা শিক্ষা ধরে না, কহিল: তুমি তো আমার কথা মান না, এবং আমি তো তোমায় মানিব না: আর ধরাণ ন্যায় করিতে উচিত; চলো, পরীক্ষা করিও: বড় অগ্নি করিয়া তাহার উপরে এক পাতিল পানি গরম করিয়া রাখি; পানি উৎরাইলে, তাহার ভিতরে এক আঙ্গুটি ফালাইয়া দেই; যে জনে আঙ্গুটি হাত দিয়া তুলিতে পারে, তাহার শিক্ষা সাঁচা হইবেক: যে জনে আঙ্গুটি তুলিতে পারে না, তাহার শিক্ষা মিছা। কিচড়ে কহিল, ইহা মানি, এমত হইবেক।

তবে আগুন করিয়া পানিরে গরম দিল; পানি উৎরাইতে লাগিল, পানির ভিতরে আঙ্গু[৯৪]টি ফালাইয়া দিল। তখন রোমানা-পন্থী কহিল, সকলই তৈয়ার আছে; চলো, ঠাকুর, আঙ্গুটি তোল। কিচড রোমানা-পন্থীরে কহিল, তুমি পরীক্ষা করিলা; তবে তুমি আগে পরীক্ষা কর, এবং আঙ্গুটি তুল। রোমানা-পন্থীর আস্থা কিছু কমি আছিল;

এ কারণ ডরাইতে লাগিল। এহা দেখিয়া আব রোমানা-পন্থীয়ে তাহারে কহিল, তোমার আস্থা নাহি? তুমি যদি কহ, আমি আঙ্গুটি তুলিয়া দিব। হুকুম পাইয়া, পরমেশ্বরেব কৃপায পানিব ভিতরে হাত দিল। কিচড বেশ অগ্নি জ্বালাইতে ছিল; পানিযে বড উৎরাইতে আছিত; পানির লগে আঙ্গুটি লড় পাড়িতে লাগিল: রোমানা-পন্থী বিচেবায, লাগল পায় না: বিচারাইতে বিচাবাইতে তিন দণ্ড হইল: পবে আঙ্গুটি তুলিল; তুলিয়া দেখাইল, কহিল: দেখ তোমবা; 'পিতাব পুত্র পিতার সমান'। এখন সন্ধে ঘুচিল।

আঙ্গুটি দেখিযা রোমানা-পন্থীবা বড খোশাল হইল; এবং কিচড়-সকলে বড় লজ্জা পাইল: পরং যে কিচড় ন্যায করিত, সে লাজ পাইয়া কহিল, আমিও দেখিব আমার কথা নি সাঁচা? পরীক্ষা কবি। এহা কহিযা আঙ্গুটি তুলিবাব জলেব ভিতবে হাত দিল। হাত অচম্বিত পুড়িযা গে[৯৬]ল। তবে তাহার শিক্ষা মিথ্যা হইল। তাহাব পর লোক-সকলে রোমানা-পন্থীর শিক্ষা ধবিল, পরমেশ্বরেব অনুগ্রহ পাইয়া তাহানে পূজ্য দিল।

আর সিদ্ধা সিমাও স্তেল্লিতা বনবাসী হইলেন, অনেক প্রাচিত করিলেন: অনেক বছর স্তম্ভেব উপরে এক ঠেঙ্গে খাড়া হইয়া রহিলেন। অনন্ত তিন জনেব নামে অনেক অপূর্ব্ব কার্য্য করিতেন; রোগ, মড়ক দূর করিতেন; মুনি হইয়া যাহা হইবেক তাহা কহিতেন; আর আর অনেক স্বরীত কার্য্য করিতেন, সকলের কহন যায় না, এবং তাহাবদিগের লেখা নাহি।

এক অপূর্ব্ব কার্য্য শুনিয়া এক মোছলমান ফৌজদারে সাধুব স্থানে গিয়া কহিল: ঠাকুর, তোমাব স্বরীত কার্য্যের আউই শুনিয়া তোমার ঠাই এক নিবেদন করি; এবং আশা রাখি, যে তুমি আমারে এক

অনুগ্রহ করিবা। নিবেদন শোনো। আমার এক চাকরের চৌরঙ্গী বাত হইল; হাত ও পাও লেঙ্গড়া হইল। পৃথিবীর মধ্যে কোন ওষধ্য নাহি, তোমার ঠাই যদি ধর্ম্ম ঔষধ্য হইয়া থাকে, সেই ঔষধ্য তুমি [ ৯৮ ] দিও। এহা নিবেদিল। সাধু কহিলেন: তোমার চাকর ডাকিয়া আনাও, তবে যদি তাহার আস্থা থাকে, পরমেশ্বরের কৃপায় ভাল হইবেক। ঠাকুরে আজারবন্দ আনাইল; আনিয়া তাহারে সাধুয়ে জিজ্ঞাসা করিলেন, তুই নি ভাল হইতে চাহিস, কি না? সে উত্তর দিল: হয়, ঠাকুর আমার ভাগ্য যদি থাকে, আশা রাখি ভাল হইবার, পরমেশ্বরের কৃপায়। সাধুয়ে কহিলেন; তবে যেস্সুস্ খ্রিস্তর শাস্ত্র মানিতে উচিত, এবং উচিত মানিতে, যে পরমেশ্বর তিন জন সমান—পিতা, পুত্র, ইস্পিরিতো সান্তো: এবং যে, এহি তিন জন এক পরমেশ্বর সর্ব্ব-কর্ত্তা, সর্ব্ব-রীত, সর্ব্ব-জ্ঞান, অনন্ত, অমর, অপার আর আর ইত্যাদি যত। আজারবন্দ কহিল: হয়, ঠাকুর, এহা মানি, এবং সর্ব্ব প্রাণে খ্রিস্তর শাস্ত্র ধরি। সাধুয়ে কহিলেন: তবে মান যদি, 'পিতার নামে, এবং পুত্রের, এবং ইস্পিরিতো সান্তোর তিন এক, এক তিন সমান' উঠ, যা গিয়া। এহা কহিয়া চৌরঙ্গী বাত দূর গেল; এবং সে ভাল হইল। তখন সা[১০০]ধুর আজ্ঞায়, চাকরে ঠাকুর কান্ধে করিয়া লইয়া গেল বাড়ীতে। এহা দেখিযা লোক-সকলে সত্য নিরঞ্জনেরে পূজা দিল।

গু। উত্তম কথা? আর কহ, মানি, 'যে তিনি সৃষ্টিকর্ত্তা হয়েন': এহি ভেদ কেমতে বুঝ?

শি। বুঝি, যে তিনি পরাৎপর পরমেশ্বর, তাহান অনন্ত কর্ত্তৃতে স্বর্গ মর্ত্ত্য সৃষ্টি করিয়াছেন; আর যত কিছু আছে।

গু। মানি, 'যে তিনি নিস্তার-কর্ত্তা হয়েন': এহি ভেদ কেমতে বুঝ?

শি। বুঝি, যে করুণাসিন্ধু পরমেশ্বর আমারদিগের অপরাধ ক্ষেমেন,

তাহান পুত্রের কষ্টের ফলের কারণ ঃ এবং আমারদিগেরে কৃপা দেন, পাপ না করিবার।

গু। মানি, 'যে তিনি বৈভোগ-দাতা হয়েন' ঃ এহি ভেদ কেমতে বুঝ ?

শি। বুঝি, যে তিনি বৈভোগের নাথ, পাপ পুণ্য বিচার করিবেন ; এবং ভোগাভোগ দেন ঃ যাহারা পুণ্য করিল, তাহারা স্বর্গেতে অনন্ত সুখ পাইবেক ; যাহারা পাপ করিল, এবং প্রাচিত করিল না, তাহারা নরকে যম-তাড়না পাইবেক, সর্ব্ব কাল বিনে শেষে।

গু। সাকারের ভেদ বুঝাও ঃ 'মানি, যে পর[১০২]মেশ্বরের পুত্র উদ্ভব হইলেন ইস্পিরিতো সান্তোর কার্য্যে, এবং মানি, যে জর্ম্মিলেন অকুমারী মারিয়ার উদরে'। এহি ভেদ কেমতে বুঝ ?

শি। বুঝি, যে পরমেশ্বরের পুত্র স্বর্গে-থাকিয়া আসিয়া সাকার হইলেন অকুমারী মারিয়ার গর্ভে ইস্পিরিতো সান্তোর কৃপায়, আর তাহান কর্ত্তৃতে, এবং বুঝি যে অকুমারী মারিয়া সর্ব্ব কাল রহিলেন অকুমারী ঃ অকুমারী প্রসবের আগে, অকুমারী প্রসবে, অকুমারী প্রসবের শেষে। এমত বুঝি।

গু। ভাল বুঝ ঃ আর জিজ্ঞাসা করি ঃ তুমি তো উতর দাও। জর্ম্মদিনে নি কিছু অপূর্ব্ব হইল ?

শি। হয় ঃ অনেক হইল ঃ সকলের কহন যায় না ঃ যাহা জানি, তাহা কহি, শোনো।

যে কালে যেসুস্ খ্রিস্ত বেলেমতে জর্ম্মিলেন, সেই কালে আগুস্ত সেজার পাহশায় হইল রোমাতে। সে পাহশায় আপনার ঘরে আপলো দেবতারে জিজ্ঞাসিল ; তাহার পরে পাহশায় কেটা হইবেক ? উতর দিল না গোসাঞি। তিন পূজা করিল সেজার, তাহাতে

তিন নিবেদন করিল। পরে গোসাঞি উত্তর দিল : কহিল, সেজার, যাহা জিজ্ঞাসা করিলি, তাহার উত্তর আমি দিতে পারি না। আজি বেলেমতে জন্মিলেন এক ছাওয়াল [ ১০৪ ] পরম সার পুরুষ, এবং পরম সার পরমেশ্বর, তিনি তোমারে উত্তর দিবেন ; আমারে উতব দিবার মানা করিলেন। এহা শুনিয়া সেজার এক ছাওয়ালের আকৃতি বানাইয়া আপনার ঘরে রাখিল, এবং সুবর্ণের আখব দিয়া লেখিয়াছেন, এহি তিন কথা : 'এহি পবমেশ্বরের পুত্রর আকৃতি, তাহানে সেবা কর'।

সেই কালে হিস্পানিয়াতে তিন সূর্য্য দেখা গেল।

সেই কালেও, এবং সেই দিনে যাহারা মরদে মরদে কামদ কার্য্য করিত, তাহারে অচম্বিত মরিল : এবং নরকে গেল। সেই কালেও যত হিন্দুর দেবতা এজিপ্তুতে আছিল, সকলে ভাঙ্গিয়া গেল।

সেই কালেও দোস্তীর অনন্ত মণ্ডব-ঘর পড়িল ; পাথর পাথরের উপরে রহিল না। সেই মণ্ডব হিন্দুরা বড খরচ করিয়া পূর্ব্বে করিয়াছিল, পূজা করিবার কারণ। সেই মণ্ডব তৈয়ার হইযা হিন্দুবা প্রথম পূজা করিযা গোসাঞিরে জিজ্ঞাসা করিল, কতদিন এহি মণ্ডব রহিবেক ? গোসাঞি উতর দিল : রহিবেক যাবত বিয়ায় না এক অকুমারী মাইয়া ; অকুমারী মাইয়া বিয়াইলে মণ্ডপ নষ্ট হইবেক। এমত উতর শুনিয়া হিন্দুরা কহিল, এক [ ১০৬ ] .অকুমারী কোনো দিন বিযাইতে পারিব না : তবে মণ্ডব কোন দিন নষ্ট হইবে না। এহি কারণ, মণ্ডবের নাম রাখিল 'দোস্তীর অনন্ত মণ্ডব-ঘর'। পরে অনেক বছর বাদে, যেসুস্ খ্রিস্ত জন্মিলেন অকুমারী মারিয়ার গর্ভে, এবং দোস্তীর অনন্ত মণ্ডব-ঘরে নষ্ট হইয়াছে, যেমত গোসাঞি কহিল।

এহার মধ্যে এক আশ্চর্য্য শোনো, সেই আশ্চর্য্য গুরুয়ে আমারে শুনাইল।

ইতালিয়াতে এক শুহর আছে, কাস্তেলাওঁ নাম : সেই শুহরে এক অকুমারী মাইয়া বড় ধর্ম্মার্থী আছিল, তাহার নাম মার্গাবিতা, সেই মাইয়া ধ্যানে ও পুণ্যেও উত্তম হইলেন। জর্ম্ম-ভেদের নিত্য ভাবনা করিতেন। বালক যেসুরে বড় তপস্যা এবং বড দয়াও করিতেন। পরে মরিয়া স্বর্গে গেলেন। তাহান শরীর পৃথিবীতে রহিল। সেই দেশের বাসিন্দা-সকলে সিদ্ধা শরীর আস্ত রাখিতে চাহিল। এ কারণ শরীর চিবিযা আঁতুড়ি-সকল ফালাইয়া ভিতরে সুগন্ধি দিল। আঁতুড়ির মধ্যে এক হীবা-পাথব পাওযা গেল : সেই পাথব যেমত সূর্য্যের জুত তেমত আলো দিত। তাহাতে জর্ম্ম-ভেদেব স্থান ক্ষুদা আছিত : বালক যেসুস্ শণ-গাছের উপবে শুইযা, এবং [ ১০৮ ] অকুমারী মাবিযা আঁটু করিযা তাহান সাক্ষাতে আসিতেন, তাহানে সেবা করিতেন। এ পাথর কাস্তেলাওঁ শুহবে রাখিযাছে, অনেক অপূর্ব্ব করিল, এবং আজিও কবে।

গু। উত্তম কহিলা : কিন্তু আমরা যে কহি, যে ঠাকুরাণী সর্ব্ব কাল অকুমাবী, এহাতে কোনো সন্ধে জন্মিতে পারে। কেহ কহিবে ঠাকুবাণীর গর্ভে যদি খ্রিস্ত জন্মিয়াছিলেন, তবে তিনি কেমতে অকুমারী বহিলেন ?

শি। পরমেশ্বরের মহিমা ! এ এত বড আশ্চয্য নহে, আর আর কত বেশ বড় করিতে পারেন তিনি তাহান অপার কর্ত্তৃতে, এবং কবিযাছেন। কিন্তু তোমার সন্ধে ঘুচিবাব এক আশ্চর্য্য কহি, শোনো ; তবে কোনো সন্ধে যদি, ঘুচিবেক।

এক পাদ্রি নিয়মিক মহা পণ্ডিত আছিল : সেই পাদ্রি জর্ম্ম-ভেদ মনে কবিযা ভাবিতে লাগিল : ভাবিতে ভাবিতে আপনে আপনেবে কহিত : 'মারিযা মাতা হইয়া কেমতে অকুমারী রহিলেন ?' এবং 'যদি অকুমারী, কেমতে বিয়াইলেন ?' ভাবিতে ভাবিতে অনেক বছর গেল। পরে এক অজ্ঞান নিয়মিক সন্ন্যাসী পরমেশ্বরের আজ্ঞায় তাঁহাব সন্ধে

ঘু-[১১০]চাইল ; কহিল : 'মহা পণ্ডিত, বিবি মারিয়া অকুমারী প্রসবের আগে।' বেত দিয়া মৃত্তিকাতে এক বাড়ি মারিল ; এবং এক সাদা ফুল জন্মিল। পুনর্ব্বার কহিল : 'মহা পণ্ডিত, বিবি মারিয়া অকুমারী প্রসবে।' আর বার বেত দিয়া মাটিতে বাড়ি মারিল ; এবং আর এক সাদা ফুল জন্মিল। পুনর্ব্বার কহিল : 'মহা পণ্ডিত, বিবি মারিয়া অকুমারী প্রসবের শেষে।' আর বার বেত দিয়া মৃত্তিকাতে মারিল বাড়ি ; এবং আর সাদা ফুল জন্মিল। এত বড় আশ্চর্য্য দেখিয়া, মহা পণ্ডিতের সন্ধে ঘুচিল, আর সন্ধে করিল না।

গু। এহা তুলনায় বুঝাও।

শি। বুঝাই : এক শিশা যদি হইয়া থাকে, রৈদে রাখ, এহাতে দেখিবা, যে রৈদ বাহির হয়, এবং শিশা ভাঙ্গিয়া যায় না ; এমত রূপে যেসুস্ খ্রিস্ত জন্মিলেন অকুমারী মারিয়ার গর্ভে ; এবং তাহান অকুমারী নষ্ট হইল না।

গু। বুঝিলাম : আর ভেদ : 'মানি যে আমারদিগের কারণ ক্রুশে জুড়িত হইলেন, মৃত্যু লভিলেন, মৃত্তিকা লইলেন' : এহি ভেদ কেমতে বুঝ ?

শি। বুঝি, যে যেসুস্ খ্রিস্ত নর উদ্ধার কারণ ক্রুশের উপরে মরিলেন, যখন পুরুষ ; যখন পরমেশ্বর, মরিতে পারেন না।

[১১২] গু। কেমত রূপ মরিলেন ?

শি। সিদ্ধি আত্মা শরীর ছাড়িলেন ; সিদ্ধি নৈরাকার আত্মায়ের সঙ্গে গেলেন ; এবং শরীরের কাছে রহিলেন।

গু। এহা তুলনায় বুঝ।

শি। বুঝাই : যেমত যাহার এক তরোয়াল আছে ; তরোয়াল যদি মেয়ান থাকিয়া বসায়, এক হাতেতে মেয়ান থাকে, আর হাতেতে

তরোয়াল থাকে ঃ সে তরোয়ালও ছাড়ে না, মেয়ানও ছাড়ে না, এমত রূপ। নৈরাকারে শরীর ছাড়িলেন না, আত্মায়ও ছাড়িলেন না।

গু। যেসুস্ খি্রস্ত কোন্ দেশে মরিলেন?

শি। যেরুসালেমতে; সেই স্থানে প্রথম বাপ অনাদির মস্তক পাওয়া গেল ঃ যেন অনাদির ধারা উদ্ধার করিবার কারণ যেসুস্ খি্রস্ত মরিলেন।

গু। সেই দেশে নি কোনো নিত্য আশ্চর্য্য আছে?

শি। হয়, আছে ঃ এহি স্থানের কাছে এক ময়দান, কিবা ভাগ আছে, তাহাতে অনেক গাছ, ও ফুল, ও ফল আছে; এত সুন্দর স্থান দেখিবার, যে বৈকুণ্ঠের কানি দেখা যায়। সেখানে বিস্তর ধরাণ পক্ষী আছে; উত্তম বুলি বলে, সেই পক্ষ্য-সকলে কষ্টের কালে প্রতি বছর চিন্তা করে তাহারদিগের [ ১১৪ ] ঠাকুরের, কষ্টদি দুখী কান্দে, ঝোরে ঃ কিবা পাক ক্রুশ করিয়া, কিবা পাক এড়িয়া, কিবা মাথা লামিয়া আধা মরা হইয়া থাকে। কিন্তু জিয়া উঠনের দিবসে জিয়া উঠিতে আস্কারা দেখা যায়। বড় খোশাল হইয়া সুন্দর বুলি বলে, খেলা করে, পক্ষ্য পক্ষ্যরে লড়ালড়ি করে ঃ পক্ষ্য ও পক্ষ্যের মধ্যে উড়িয়া যাইতে নাচন করে। এমত রূপ আনন্দিত হইয়া তাহারদিগের ঠাকুরেরে সেবা করে। এ নিত্য আশ্চর্য্য যে জনে যেরুসালেমতে গিয়াছিল, সে দেখিল; এবং যে আজিও যায়, সেও দেখে।

গু। বড় অপূর্ব্ব কথা! এহাতে বুঝ, যদি পক্ষ্য বিনে বুদ্ধ্যে হইয়া, এত চিন্তিত হইয়া থাকে কষ্টের কালে, যাহারদিগের বোধ আছে, তাহারা মুনিষ্য হইয়া কত বেশ চিন্তিত হইয়া রহিতে উচিত? এহা তুমি আপনে বুঝ। আর কহ; শুনি।

শি। কহি, শোনো ঃ সিদ্ধা ক্লারা-দে-মন্তে-ফাল্কো কষ্ট-ভেদের বড়

ভক্তি করিলেন ; খ্রিস্তর দুখ মনে করিয়া বড কান্দি[১১৬]লেন। তিনের ভেদ বড় মানিলেন। আখেব, কৃপাতে মরিলেন : মরিয়া, মুনিয়ে তাহান শরীর চিরিল, সুগন্ধি দিবাব কারণ : তাহান প্রাণেতে খ্রিস্তর কষ্ট প্রমাণ দেখা গেল : এক খ্রিস্তর আকৃতি হেবাতে করিযা আছিত। খ্রিস্তর কাঁটাব মটুক মাথায আছিত, স্তম্ভ ও, বাড়ি ও, বর্শি ও, খিল ও আছিত ; আব আর ইত্যাদি যত কষ্ট, সকলি আছিল : এহি হাথিযার-সকলে আজি তাগায়েত আছে মন্তে-ফাল্‌কোর আমারদিগেব কন্‌ভেন্‌তোতে ; এবং সেই কন্‌ভেন্‌তোতে সিদ্ধী ক্লাবার রক্ত আছে এক শিশা ভরা। সেই বক্ত কষ্টের দিনে উতরায় : এবং হেরার তিন গুলি, সমান তাহার প্রাণেতে আছিল। এক গুলি যেমত ভার, দুই গুলিও তেমত ভার, এবং তিন গুলিও একই ভাব। যেমত পিতা পবমেশ্বব, পুত্র পরমেশ্বর, ইস্পিরিতো সান্তো পরমেশ্বব—তিন জন পৃথক্যে সর্ব্বতা সমান, এবং পরমেশ্বর এক হয ; তেমত এহি তিন গুলি ভার সমান, এবং সকল এক ওই ভাব। শুনিলা নি তুমি এমত অবিনাশীর ভেদের বুঝানি ?

গু। না : এহি অপূর্ব্ব অতি বিলক্ষণ মতে [১১৮] অবিনাশীব ভেদ বুঝায় : এহাতে আব বুঝানের কার্য্য নাহি। কষ্টের আব নি আছে কহিবার ?

শি। হয়, আছে : যাহা সিদ্ধা আথানাজিও লেখিয়াছেন, তাহ কহি, তুমিও শোনো ; তবে কিছু প্রাণের ব্যথা জন্মিবেক।

বেরিতো শুহরে এক খ্রিস্তর আকৃতি যুদেওরা পাইয়াছিল : তাহাব পরামিশ করিযা, কষ্টের কালে আর বার তাহান আকৃতিতে দুখ দিল অনেক বাড়িও দিল, ক্রুশেব উপরে জড়িত হইয়া তুলিয়া তাহান বুবে বর্শির ঘা দিল। ঘা দিয়া রক্ত জল বিস্তর বাহির হইল। সেই রক্ত, জল কাঁসাতে করিয়া লইল : ভূঁইচাল বড় হইল, দিন অন্ধকা

হইল ঃ যেমত কষ্টের সময়ে অন্ধকার দিন হইয়াছিল। এত বড় আশ্চর্য্য দেখিয়া যুদেওরা কহিল—এহি মুনিষ্য বিস্তর আজারবন্দ ভাল করিল, আমারদিগেরে ভাল করে যদি, দেখি। এক চৌরঙ্গী-বাতিয়া আছিল, তাহাবে আনিল, ত্বরা রক্ত দিয়া ভাল হইল। অনেক অন্ধ, আতুর, লেঙ্গড়া আসিল, সকলে ভাল লইল। এহা দেখিয়া যুদেওরা আপনের দিগের অপরাধ কান্দিতে লাগিল ঃ এবং খ্রিস্তরে মানিল, বিস্পোর স্থানে গিয়া, যে কিছু হইয়াছিল, তাহা সকল কহিল, এবং বড় প্রাণের ব্যথা করিয়া, বিস্পোর ঠাই বাপ্তিস্মো চাহিল। এহা শুনিযা বিস্পো দেখিতে গেলেন, [১২০] যেমত শুনিযাছিলেন, তেমত দেখিলেন। তাহার-দিগেবে বাপ্তিস্মো দিলেন, বক্ত জল লইয়া ধর্ম্ম-ঘরে রাখিলেন; আর আব ধর্ম্ম-ঘরেও পাঠাইলেন।

আব এহার সমান হইযাছিল হিস্পানিয়াতে মাদ্রিদ শুহরে, সন হাজাব ছয় শহ বত্তিশ বছব খ্রিস্তর জর্ম্ম বাদে ঃ এমত রূপ।

(১) যুদেওবা খ্রিস্তর এক আকৃতি পাইয়াছিল ঃ তাহানে অনেক বাড়ি মারিল ঃ মারিতে মাবিতে খ্রিস্তর আকৃতি কহিলেন। আমি তোমারদিগের পরমেশ্বর, তবে আমারে এত দুখ দিস্ কি কারণ? কি অপরাধ করিযাছি? যুদেওরা কহিল ঃ তুমি বড় হারামজাদ, এ কাবণ। আবও বেশ করিয়া মারিতে লাগিল। মারিতে মারিতে বিস্তব ঘা হইল ঃ ঘা দিয়া বিস্তর রক্ত পড়িল। এহা দেখিয়া যুদেওরা হাকিমেরে ডরাইল ঃ এ কারণ, আর কেহ না জানিতে খ্রিস্তর আকৃতি আগুনের মধ্যে ফালাইয়া দিলেন। তথাচ এমত কুকার্য্য বিস্তর দিন লুকাইয়া রহিল না ঃ ততকাল ব্যক্ত হইল; ব্যক্ত হইযা, হাকিমে তাহারদিগেরে শাস্তি দিল। যেমত অগ্নির মধ্যে খ্রিস্তর আকৃতি ফালাইয়া দিল, তেমত তাহারাও অগ্নিতে পুড়িয়া মরিল।

গু। এহা শুনিতে শুনিতে আমার বড় প্রাণের [১২২] ব্যথা জর্ম্মিল : আর শুনিতে পারি না। এহা এখন থাকুক। আর ভেদ বুঝাও।

শি। জিজ্ঞাসা করো।

গু। তবে কহো। 'মানি, যে নরকে নামিলেন, সাধু-সকলের আত্মা উদ্ধার করিলেন ; তাহাবা সেখানে আছিল আশায়, তাহান সিদ্ধি আগমনের'। এহি ভেদ কেমতে বুঝো ?

শি। বুঝি, যে যেত সাধুয়ে খ্রিস্তব মরণের আগে মরিয়াছিল, সকলের আত্মা আছিল নরকে, কিবা আব্র'হাম-স্থানে, তাহারদিগেরে উদ্ধার আশায়। পরং যেসুস্ খ্রিস্ত মরিয়া আব্রাহাওঁ-স্থানে গিয়া সাধু-সকলের আত্মা উদ্ধার করিলেন, কিবা খালাস করিলেন।

গু। কত নরক আছে ?

শি। চাইব।

গু। কোন্ কোন্ চাইর ?

শি। মহানরক, শোধন-অগ্নি, লিম্বো, আর আব্রাহাওঁ-স্থান।

গু। এহিসকল নরক কোথায় ?

শি। পৃথিবীর প্রাণের ভিতরে।

গু। মহানরকে কে যায় ?

শি। অনাস্তিক-সকলে, কিবা হিন্দু, কিবা মোছলমান, কিবা কিচড় ; এবং যত মন্দ রোমানা-পন্থী, যে পাপী হইয়া মইল।

গু। অভাগিয়া নারকী কি দুখ পায় নরকে ?

[১২৪] শি। অনন্ত দুখ, যম-তাড়না সংখ্যা অগ্নির মধ্যে ; আর আর অনেক ধরণ শাস্তি।

গু। এহি তাড়না কে দেয় ?

শি। ভূতগণে, পরমেশ্বরের আজ্ঞায়।

গু। শোধন-অগ্নিতে কে যায় ?

শি। রোমানা-পন্থী যত, পরমেশ্বরের কৃপাতে মরে, যদি পাপের শাস্তি নিতে হবে।

গু। সেই শোধন-অগ্নিতে নি কোনো দুখ তাড়না আছে ?

শি। হয়, আছে ; যেমত মহানরকে : কিন্তু সেই তাড়না অনন্ত নহে।

গু। তবে যাহারা পরমেশ্বরের কৃপাতে মরে, তাহারা সেখানে দুখ পায়, কিসের কারণ ?

শি। অপরাধের দাগের কারণ।

গু। এহাও আমি তো বুঝি না , আমারে তুলনায় বুঝাও।

শি। তুলনায় বুঝি। লও এক নয়া কাঁসা তেল ভরা ; ফালাইয়া দিলে, তেল যায় ; কিন্তু তেলের দাগ রহে। পরে কাঁসা ফালাইয়া দেও অগ্নির মধ্যে ; তেলের দাগ পুড়িয়া যাইবেক : তেলের দাগ গেলে কাঁসা আর বার নয়া থাকে। এমত রূপ আমরা অপরাধ করিয়া, যদি ভাল রূপে কন্‌ফেসার করি, পরমেশ্বর আমারদিগের অপরাধ ক্ষেমেন : কিন্তু অপরাধের দাগ-সকল ক্ষেমেন না, কিছু শাস্তি রয়। এহি দাগ শোধিবার যায় আত্মা শো-[১২৬]ধন অগ্নিতে : পাছে নির্ম্মল হইয়া যায় স্বর্গে, অনন্ত সুখ আনন্দ পাইতে, সর্ব্ব কাল বিনে শেষে।

গু। তবে, যে যায় শোধন-অগ্নিতে তাহার উপায় আছে ?

শি। আছে।

গু। যাহারা যায় মহানরকে, তাহারদিগের নি কোনো উপায় আছে ?

শি। না : মহানরকে কোনো উদ্ধার নাহি।

গু। লিম্বোতে কে যায় ?

শি। যায়, যে বালকে অনাদির ধারার অপরাধে মরে, বিনে বাপ্তিস্মতে।

গু। তাহারা লিম্বোতে কি দুখ পায় ?

শি। কোনো সুখ দুখ সমাধিয়ে পায় না : অন্ধকারের মধ্যে আছে।

গু। তাহারদিগের নি কোনো দিন উপায় হইবেক ?

শি। না।

গু। তাহারা সুখ দুখ ইন্দ্রিয়তে পায় না কি কারণ ?

শি। তাহারা পাপ পুণ্য করিয়াছে না, এহা না হইলে ভোগাভোগ হয় না : এ কারণ দুখ সুখ পায় না সমাধিয়ে, কিন্তু পরমেশ্বরের না দেখে।

গু। আব্রাহাওঁ-স্থানে কে যায় ?

শি। আজি কেহ যায় না : সেই স্থান খালি আছে : সেখানে আছিল পূর্ব্বে সাধু-সকলের আত্মা, সেখানে খ্রিস্ত মরিয়া গেলেন, এ[১২৮]বং তাহারদিগের আত্মা উদ্ধার করিলেন : উদ্ধার হইয়া স্বর্গে গেলেন, যে দিন খ্রিস্ত স্বর্গে গেল।

গু। 'মানি, যে জিয়া উঠিলেন তেতীয় দিনে'। এহি ভেদ কেমতে বুঝ ?

শি। বুঝি, যে যেসুস্ খ্রিস্ত তিন দিনের পর তাহান মৃত্যু বাদে আর বার জিয়া উঠিলেন ভাগ্যবন্ত।

গু। 'মানি, যে স্বর্গে চড়িলেন, বসিয়াছেন অনন্ত পিতার ডাহিন হস্তের কাছে', এহি ভেদ কেমতে বুঝ ? পরমেশ্বরের নি হাত আছে ?

শি। না : পরমেশ্বরের হাত নাহি, মাথা নাহি : তিনি অশরীরী নৈরাকার।

গু। তবে এহা কেমতে বুঝ ?

শি। বুঝি, যে যেসুস্ খ্রিস্ত যাবত পুরুষ স্বর্গেতে সকল সৃজনের রাজা : যাবত পরমেশ্বর, তাহান স্থান, এবং পিতার স্থান সমান।

গু। 'মানি, যে আইসিবেন বিচার করিতে জিয়স্তা মরার' : এহি ভেদ কেমতে বুঝ ?

শি। বুঝি, যে যেসুস্ খ্রিস্ত আর বার আইসিবেন পৃথিবীতে মহা প্রলয়ের দিন, পাপ পুণ্য বিচার করিবেন, ভোগাভোগ দিবেন; মন্দরে শাস্তি, ভালারে স্বর্গ।

গু। এহি সকল আস্থার ভেদ বুঝিতে উচিত স্বর্গে যাইবার ?

শি। হয়, উচিত।

[১৩০] গু। কেন বুঝন চাহে ?

শি। এহি সকল আস্থার ভেদের বুঝনে আস্থা জন্মে, এহি কারণ।

গু। তবে বিনে আস্থায় কিছু উপায় নাহি ?

শি। উপায়—বিনে আস্থায় কেমতে হইবেক ?

গু। ভাল কহিলা : এমত রূপ সিদ্ধা পাউলো কহিয়াছেন : তাহান কথা শোন : 'রোমানা-পন্থীরা, উচিত জানিতে, বুঝিতে, মানিতে আস্থার ভেদ, যত সিদ্ধী মাতা ধর্ম্ম-ঘরে শিখায়েন : কার্য্য পুণ্য যত বিনে আস্থায় কিছু নাহি মুক্তি পাইবার'।

সিদ্ধা আম্ব্রোসিও কহেন : 'কার্য্য পুণ্যের শিকড় আস্থা : যেমত বৃক্ষে বিনে শিকড়ে ফল ধরে না, তেমত কার্য্য পুণ্য নহে বিনে আস্থায়'।

সিদ্ধা জেরোনিমো তপস্যা করিতেন, দেখিলে যে বিস্তর অনাস্থিক ভিক্ষা দেয়, বিস্তর ভজনা করে, আর আর পুণ্য কার্য্য যত করে। যেন তাহারদিগের পুণ্য কার্য্যের মাথা নাহি, সে আস্থা। যেমত বিনে মাথায় শরীর জিয়ে না, তেমত কার্য্য পুণ্য বিনে অ

কিছু নাহি : এ কারণ সিদ্ধী মাতা ধর্ম্ম-ঘরে অর্থ-ভেদ শিখায়েন ও বুঝায়েন ও পরে যাহারা বু-[১৩২]ঝে, জানে, তাহারদিগের সাক্রামেন্তোস্ দিন। আস্থার কোন অপূর্ব্ব নি জান?

শি। হয়, জানি : কহি, শোনো। বাবিলনিয়ার রাজায় রোমানা-পন্থীরঘরে কহিল : তোরদিগের শাস্ত্রে কহেন, যে যাহার আস্থা আছে, সে এক পর্ব্বত স্থানে থাকিয়া আর স্থানে ফালাইয়া দিতে পাবে, তবে তোরা এ পর্ব্বত ফালাইয়া দিস্ সমুদ্রে : এমত যদি না করিস্, তোরদিগেরে বধাইব। এহা শুনিয়া রোমানা-পন্থীরা পরমেশ্বরের ঠাই তপস্যা করিল; তপস্যা করিয়া পর্ব্বত লড়িতে লাগিল। আস্তে আস্তে সমুদ্রের দিগে যাইতে লাগিল। এহা দেখিয়া রাজায় কহিল : রোমানা-পন্থীরা, দেখিলাম, তোরদিগের আস্থা বড় : উত্তম শাস্ত্র ভজ।

এখন পর্ব্বতেরে আর দূর না যাইতে মানা কর : রাজার আজ্ঞায় রোমানা-পন্থীরা পুনর্ব্বার স্তব করিল পর্ব্বত রহিবার, এবং রহিল। এমত অপূর্ব্ব দেখিয়া অনাস্থিক লোক-সকলে কহিল—রোমানা-পন্থীরগো উত্তম শাস্ত্র, বিলক্ষণ আস্থা; সত্য পরমেশ্বর তাহাবদিগের; এবং অনেক লোকে খ্রিস্তরে মানিল।

আব কহি। যখন সিদ্ধা আমান্দো রোমাতে গেলেন, তখন তাহান এক চাকর[১৩৪]কে ভূতে ধরিয়া নিল। সমুদ্রে ফালাইতে চাহিল। চাকরে শিকরাইতে লাগিল : কহিল : 'যেসুস্ খ্রিস্ত! যেসুস্ খ্রিস্ত!' ভূতে উপহাস্য করিয়া কহিল, 'কে খ্রিস্ত?' এহা শুনিয়া সাধুয়ে কহিলেন, কহো, যেসুস্ খ্রিস্ত পরমেশ্বরের পুত্র, ক্রুশে জড়িত হইয়া। এ কথা শুনিয়া ভূতে চাকরকে এড়িয়া দিল, এবং পলাইয়া গেল।

গু। এহা যে তুমি কহিলা, সেই বড় কথা : এহাতে বুঝ, যে আস্থা

না হইলে খ্রিস্তের নাম ভরায় না ভূতে, কিন্তু যদি যে খ্রিস্তেব নাম লয়, তাহার আস্থা আছে, যেমত সাধুর আস্থা আছিল, ভূতে রহিতে পারে না : এবং এহাতে বুঝ কত আস্থার গরজ আছে ? তবে যদি আস্থিকের আস্থার এত বড় গুণ, আলস্য দূর করিয়া শিখ, শিখাও, এবং বুঝ, বুঝাও আস্থার ভেদ-সকল : তবে নিরূপণ হইয়া, মুক্তি হইবেক, এহাতে তোমার উপায়।

শি। এমত করিব পবমেশ্বরেব কৃপায়, তিনি যদি লওয়াযেন।

গু। আর নি কিছু জানিতে উচিত, মুক্তি পাইবার ?

শি। এহা আগে কহিযাছিলাম : জানিবেক কার্য্য পুণ্য করিতে।

[১৩৬] গু। হয়, হয : কহিযাছিলা, যে পুণ্য কার্য্য করিতে উচিত, জানিতে দশ আজ্ঞা, ও পাঁচ আজ্ঞা, এবং তাহারদিগেব পালন, করুণা হইয়া : এহার বুঝান আজ্ঞা আজ্ঞা বিচাব করিতে কবিতে পাইবা।

শি। ভাল, জিজ্ঞাসা কবো, আমি তো উতর দিব।

## তাজেল ৫

### দশ আজ্ঞা, এবং তাহানদিগের অর্থ।

§

গু। জানো নি দশ আজ্ঞা ?

শি। হয়, জানি।

গু। কহো, শুনি।

§

শি। পরমেশ্বরের
শাস্ত্রের
দশ আজ্ঞা।
তিন
পবমেশ্ববের সেবাবে পৌছে।
আর সাত
[১৩৮] নরলোকেব ভালারে।
প্রথমে,
এক সত্য নিরঞ্জন
ঠাকুরেরে সেবা ভক্তি কবিবা।
দুইয়ে,
তাহান সিদ্ধি নামেরে নিস্বত্য দির্ব্য না করিবা।
তিনে,
রবিবার আর ধর্ম্ম-দিন পালন করিবা।

চাইরে,
পিতা, মাতার সেবা করিবা।
পাচে,
মুনিষ্য না বধিবা।
ছয়ে,
পরদার না করিবা।
সাতে
চুরি না করিবা।
আষ্টে,
মিছা সাক্ষী পরিবাদ না দিবা।
নয়ে,
পর-স্ত্রী লালস না করিবা।
দশে,
পরের ধন দেখিয়া লোভ না করিবা।
এহি দশ আজ্ঞা
দুইয়ে সার জানিবা।
এক পরমেশ্বরেরে দয়া
করিবা, সকল সৃজনের উপরে :
আর যত নরলোক আপনার সমান দয়া করিবা।
আমেন যেসুস্।

§

[১৪০] গু। দশ আজ্ঞা কেটা করিলেন?

শি। পরমেশ্বর করিলেন: তিনি আপনে পাথরের তক্তাতে লেখিয়া দিলেন মোয়্সেস্ সাধুরে, সিনাই পর্ব্বতে। তাহারে কহিলেন,

এহি শাস্ত্রের পুথি ; তাহাতে দশ আজ্ঞা আছে, তাহা যে পালিবেক, তাহার মুক্তি হইবেক। এমত বুঝাও।

গু। আর নি কোনো শাস্ত্র সাঁচা আছে ?

শি। না ঃ কেবল কৃপার শাস্ত্র সাঁচা ; এবং কেবল খ্রিস্তর শাস্ত্রী মুক্তি পায়।

গু। তবে যেত শাস্ত্রেব শাস্ত্রী, তাহারদিগেব উপায় নাহি ?

শি। না ; কেবল এক উপায় আছে।

গু। কি উপায ?

শি। মিথ্যা শাস্ত্র ছাড়িয়া, কৃপার শাস্ত্র ধরণ ঃ আর কোনো উপায় নাহি।

গু। বিনে মিথ্যা শাস্ত্র না ছাড়িলে, তাহারদিগের উপায় নাহি, কিসেব কারণ ?

শি। কারণ এহি ঃ যে অনাস্থিক হইযা মিথ্যা শাস্ত্র মানে, তাহাব করুণা নাহি ; করুণা না হইলে উপায় নাহি। এ কারণ।

গু। জানো নি করুণা কি।

[১৪২] শি। জানি, যে ককণা দয়া-করণ ঃ আর কিছু জানি ও না, এবং শুনি ও নাহি। তুমি আমারে বুঝাও, তবে বুঝিব।

গু। তবে সিদ্ধা টমাসের শোলোক শোন ঃ 'এক করুণা হয়, যাহাতে পরমেশ্বর মুনিষ্যেরে দয়া করেন ঃ এবং এহি দয়া ও মুনিষ্যে কবে পরমেশ্বরেরে'। কারণ এহি ; আমরা যদি দয়া করি পরমেশ্বরেরে, তিনি আমারদিগেরে দয়া করেন। এবং যদি শাস্ত্রের লঙ্ঘনা করিয়া তাহানে দয়া করি না, তিনি আমারদিগেরে দয়া করেন না। যেন দয়া দয়াতে জর্ম্মে।

এ কারণ লেখা শাস্ত্রেতে পরমেশ্বর কহিয়াছিলেন ; 'যে আমারে

চাহে, তাহারে আমিও চাহি। যে আমাতে হ'তে পলায়, তাহাতে হ'তে আমি ও পলাই।' যে করুণা মুক্তিব মিলিয়ের গুণে সে যে দয়া করি পবমেশ্ববেরে এই কারণ যে কৃপার কর্ত্তা।

এমত যাহার ধর্ম্ম দয়া আছে, সে অপরাধ না করে, এবং যে অপরাধ করে, তাহার ধর্ম্ম দয়া নাহি, এবং তাহার যে আস্থা, সে মরা।

যাহাব করুণা, তাহাব সাধ আছে দুখ লইতে পতিতপাবনের কাবণ, যেমত পতিতপাবন করুণাসিন্ধুয়ে আমাবগো কাবণ দুখ লইলেন। ইহাব লাগিয়া সিদ্ধা পাউলো ক-[১৪ঃ]হিলেন: যেত দুখ পাই খ্রিস্তর লাগিয়া, কিছু দুখ আমারে লাগে না, আর আব বেশ দুখ চাহি, যদি তিনি লওযাযেন।

সিদ্ধা বের্নার্দিনো কহেন: যে দুখ পরমেশ্বর আমারে দেএন, সে দুখ নাহি; সে বড সুখ, সে এক সুন্দব ফুলেব আতি, তিনি দিযাছেন তাহান কৃপায়।

সিদ্ধা ইগ্নাসিও বিস্‌পো এত দয়া যেসুরে করিতেন, যে নিত্য কহিতেন, যত তাড়না আছে, কিবা পৃথিবীতে, কিবা নরকে, সকল লইতে চাহি যেসুসেব কাবণ; যদি তিনি লওযায়েন।

পরে খ্রিস্তার্ত্ত দেখিয়া হিন্দুব বাজায় তাহানে তাড়না দিতে লাগিল: তাড়না লইতে লইতে তিনি বিস্তর বার যেসুসের নাম লইলেন: যেসুসেব নাম শুনিযা নিঠুরে জিজ্ঞাসিল: কি কারণ এ নাম তিলে তিলে কহো? তিনি উত্তর দিলেন: যেসুসের নাম আছে আমাব প্রাণেতে, এ কারণ কহি। নিঠুরে কহিল: এমত হয়, কি নহে, এখন দেখিব। তখন সাধুর প্রাণ খসাইতে ফর্ম্মাইল। প্রাণ খসাইয়া যেসুসের নাম সোনার আখর দিয়া লেখা দেখিল। এহি করুণার গুণ: আর আর ইত্যাদি যত, আর কত কহিব?

শি। অতি বিলক্ষণ কহিলা। বুঝিলাম, এখন কহো: কেমত রূপ পরমেশ্বরেরে দয়া করিব?

গু। উতর ইঙ্গিলতে আছে, খ্রিস্ত দিয়াছেন: তা-[১৪৬]হান কথা শোনো। 'যদি আমারে দয়া করিস্, আমার আজ্ঞা পালন কর্।' আববার কহেন: 'যে আমার আজ্ঞা-সকল পালন করে, সে আমারে দয়া করে।' আরবার কহেন: 'যে আমারে দয়া করে সে আমার কথা রাখে: যে আমারে দয়া করে না, সে আমাব কথা রাখে না। সিদ্ধা জোয়াও (যোহান্) কহিলেন, 'সাঁচা করুণা, আজ্ঞাব পালন।' এহি চাইব শোলোকে উতর আছে, তুমি বুঝ।

শি। বুঝিলাম: কহিলা, যে বিনে দশ আজ্ঞাব পালনে করুণা নাহি, এমত হয।

গু। তবে কহো: প্রথম আজ্ঞা কেমতে পালিবেক?

শি। কেবল এক সত্য নিরঞ্জনেব সেবা ভক্তি করিবেক, এব' কেবল তাহানে পূজ্য ভক্তি দিবেক: এবং নিন্দা ও মন্ত্রও না করিবেক, আর আর ইত্যাদি মত অধর্ম্ম কার্য্য হিন্দুরা মানে, না করিবেক, এব' ও না দেখিবেক।

গু। নিন্দা কি?

শি। পরমেশ্বরেরে ও ধর্ম্মেরে ও গাইল দেওন, সে নিন্দা।

গু। আর কি ধরণ নিন্দার পাতক আছে?

শি। বড় পাতক নিন্দা আছে?

গু। কেন বড় পাপ?

শি। যেন যে নিন্দা করে, সে পরমেশ্বরে-[১৪৮]রে অপমান করে, এ কারণ যে নিন্দক, তাহার স্বর্গে যাইবার ঠেক আছে।

গু। কেন এ ঠেক আছে? পরমেশ্বর করুণাময় সকল অপরাধ ক্ষেমেন।

শি। প্রাণের ব্যথা করিয়া সকল অপরাধের মাফ হয়ঃ কিন্তু যে জনে নিন্দা করে, তাহার প্রাণের ব্যথা ভালরূপে জম্মিতে অসাধ্য আছে। এ কারণ আমরা কহি যে, যে নিন্দক সে নারকী। আমার কথা মানো না যদি, খ্রিস্তর কথা শোনো। তিনি কহিযাছেন ( মার্ক ৩।২৯, লুক ১২।১০ ): 'অপরাধ যত মুনিষ্য করে, সকলের মাফ আছে, কিন্তু নিন্দার মাফ হবে না', এই খ্রিস্তর বচন হয় অসত্য বুঝাইবার লাগিয়া।

গু। এমত এ কথা, এহি দেশে হইতে পারে, যে অনেক নিন্দক আছে, তবে অনেক নারকী।

শি। সাঁচা, এহাতে কিছু সন্ধে জর্ম্মে না, যে জনে যাহারে সেবা ভক্তি দিবেক, তাহানে নিন্দা করে, সে জনে বড নারকী।

গু। উত্তম কহিলা; জানো নি, যে কেহ শাস্তি পাইল নিন্দার কারণ? জানো যদি, কহ—তবে সন্ধে ঘুচিবেক।

[১৫০] শি। হয, জানি, কহি, শোনো।

সিদ্ধা জোয়াওঁ দামাস্কিনো কহেন, যে এক কিচড পুষ্কর্ণীতে গা ধুইতে আছিল, সেখানে রোমানা-পন্থীরাও আছিল। তাহারা তিনের ভেদ বুঝাইতে লাগিল: এহা শুনিযা কিচড়ে বড ক্রোধ হইয়া কহিল, কে তিনের ভেদ বুঝাও? চুপ, পরমেশ্বর তিন হয়েন না: যে তিন জন তোমরা কহো, তাহারা এত ভাল, যেমত আমি। এহি তিন জনেরে সেবা করিতে উচিত নহে, যেমত উচিত নহে এক পাথরের সেবা করিতে। এহা শুনিয়া রোমানা-পন্থীরা তাহারে ধরিতে চাহিল, নিন্দার শাস্তি দিবার: সে নিন্দক ডরে পলাইয়া গেল; কিন্তু পরমেশ্বরেরে হ'তে পলাইতে পারিল না। যে শাস্তি পাইল, সেই শাস্তি তুমি শোনো।

পলাইয়াছিল নিন্দকে ; আর বার আসিয়া পুষ্কর্ণীতে লাগিল। অচম্বিত পানিতে থাকিয়া উঠিয়া চিক্‌রাইতে লাগিল ; এবং বড় রোদন করিয়া কহিল, মরি, মরি, আমার প্রাণ যায়। রোদন শুনিয়া মুনিষ্যে আগুয়াইল ; দেখিল, যে তাহার শরীর ফুলিয়া ঘা হইতে লাগিল। সে আরও বেশ করিয়া চিক্‌রাইতে লাগিল ; চিক্‌বাইতে চিক্‌রাইতে নখ দিয়া খাজুয়াইতে লাগিল। আঁচুড়িতে আঁচুড়িতে তাহার শরীর খসিয়া খসিয়া পড়িতে লা-[১৫২]গিল, আরের দেখা হইল। তাহাবে মুনিষ্যে জিজ্ঞাসিল ঃ তুমি নি পুষ্কর্ণীতে কিছু দেখিলা ? সে কহিল ঃ যে সময় জলেব ভিতরে লামিলাম, সেই সময় এক সুন্দর পুরুষ দেখিলাম ঃ তাহান হাতেতে তিন মুক্তা-পাথর সমান আছিল ঃ সেই তিন মুক্তা-পাথর একটা হইযা সমান ভার, তিনি আমারে মুক্তা দেখাইয়া কহিলেন, 'দেখ, নিন্দক ; পবমেশ্বর তিন জন, এবং এহি তিন জন এক পরমেশ্বর।' এহা শুনিয়া অচম্বিত এমত ব্যথা পাইয়াছি, যে এহার সমান আর ব্যথা নাহি। এহা কহিযা মরিল, নরকে গেল, এবং নিন্দার ভোগ পাইল।

গু। এহি কালে এমত শাস্তি দেখি নাহি ; এহার কারণ কি ?

শি। এহার কারণ পরমেশ্বব জানেন ; আমি তো জানি না ; কিন্তু যে আমি জানি তাহা তুমি শোনো ঃ এমত অপরাধ বিনে শাস্তিতে যায় না। তিঁনি পরমেশ্বর নিত্য যথার্থ, যথার্থ বিচার করিবেন। যদি পৃথিবীতে শাস্তি দেএন না ; নরকে যম তাড়না দিবেন। এহা জানি।

গু। ভাল, এহা বুঝিলাম ; আর কহো ঃ মন্ত্র কি পাতক ? এবং যে মন্ত্র করে সেও কেমত পাতকী ?

শি। মন্ত্র নিন্দার সমান ; এবং যে ঠো-[১৫৪]নাদার সেও নিন্দক। নিন্দার শাস্তি কহিলাম ; মন্ত্রের শাস্তিও শোনো।

সন হাজার দুই শহ ষাইট বছর খি্রস্তর জর্ম্ম বাদে, এক জোয়ান মরদে বড় কামদী এক মাইয়ারে নষ্ট করিতে চাহিল : তাহান স্থানে গিয়া তাহারে কহিল, বিবি, আমি তোমাকে ভাল বাসি, তুমিও আমারে ভাল বাসিবা : এক রাইতে যদি হুকুম দেও, তোমার শয্যাতে যাইব। আমার অনেক ধন, যত চাহ, তোমারে দিব। মাইয়ায় কহিল : আমি তো তোমার ধন চাহি না, এবং এমত কুকার্য্যও করিব না। যাও গিয়া আলাজিয়া, আর এমত কথা কহিও না।

এহা শুনিয়া কামদীয়ে বড় চিন্তিত হইয়া গেল। এক কুটুনীর তালাশ করিল; তাহারে আপনার প্রাণের কথা ভাঙ্গিয়া কহিল : যদি তুমি এহি মাইয়া রাজাবন্দি করো, আমি তোমারে বিস্তর ধন দিব। কুটুনী কহিল : যেমত জানি, তেমতও করিব। কুটুনীয়ে মাইয়ার স্থানে গেল; মাইয়ায় তাহার কথা না শুনিয়া কুটুনীরে খাদাইয়া দিল। কুটুনীর কথা রহিল না, এহা দে-[১৫৬]খিয়া কামদীযে ছিচির মত হইয়া এক ঠোনাদারের স্থানে গিয়া কহিল : ঠাকুর, তোমার স্থানে বড় আশা করিয়া আইসি, তুমিও আমারে এক অনুগ্রহ করিবা। এহা তুমি যদি করো, যাহা চাহো, তাহা দিব তোমারে। তখন প্রাণের কথা ভাঙ্গিয়া কহিয়া দিল। মন্ত্রের জ্ঞানে কহিল : ভাল, কইল্য আইস তুমি; তবে এমত কুমন্ত্র করিব, যে যেমত চাহো, তেমত হইবেক, এহা শুনিয়া কামদীয়ে বড় প্রীত হইয়া গেল।

আর দিন বড় বিয়েনি করার মাহাফেক ঠোনাদারের কাছে গেল। ঠোনাদার এক বেড় মাটিতে করিল; বেড় করিয়া বেড়ের ভিতরে দুই জনে রহিল। ঠোনাদারে কামদীরে কহিল, আমি মন্ত্র করি : তুমি তো কিছু দেখিয়া ডরাইও না; এবং বেড়ের বাহির হইও না : বাহির গেলে দুখ পাইয়া মরিবা। এহা কহিয়া মন্ত্র করিতে লাগিল; মন্ত্র

করিয়া বড় মেঘ ছাড়িল, মেঘের মধ্যে অনেক ভূত পিচাশকে দেখিল। ভূতের মধ্যে সে মাইয়াকেও দেখিল, মাইয়া দেখিয়া কামদ ভাতে তাহারে ধরিতে চাহিল ঃ এ কারণ বেড়ের বাহির হইল ঃ বাহির হইয়া ভূতে তাহারে তাড়না দিতে লাগিল। আত্মা শরীর সমেত নরকে লইয়া গেল।

[ ১৫৮ ] গু। আর কহো ঃ তুই আজ্ঞা কেমতে পালিবেক ?

শি। মিথ্যা কিরা না করিবেক ; এবং সাঁচা কিরাও না করিবেক বিনে হাকিমের আজ্ঞায়, আর গরজে হইলে, কিরা করিতে পারিবেক সাঁচাতে, নিষ্ঠাতে, জরুরে। এহি তিন গুণ না হইলে কিরা নহে উচিত।

গু। কিরা না করিবার কি করিবেক ?

শি। কিরা না করিবার অভ্যাস কবিবেক।

গু। যাহারা মিথ্যা কিরা করে, কি অপরাধ করে ?

শি। সপ্ত মহাপাতক পরমেশ্বরের দয়ায় বাধিত।

গু। ভাল কহিলা ; মহাপাতক, এবং মিথ্যা কিরা যে করে, সেও মহাপাতকী। এহার মধ্যে আছে নি কিছু কহিবার ? কোনো মিথ্যা কিরার শাস্তি গুরুর কাছে নি শুনিয়াছিলা ?

শি। হয় ; শুনিয়াছিলাম ঃ কহি, শোনো।

সন হাজার পাঁচ শহ নব্বই বছর খ্রিস্তুর জন্ম বাদে, ফ্লান্দেস্ দেশে জিরাবুদিমস্তে শুহরে এক বেপারীয়ে আর বেপারীয়ে বিস্তর রুপার মোহর ধার দিল। যে জনে ধার লইল, আপনার দেশে গিয়া রুপার মো-[১৬০]হর মহাজনেরে ফিরিয়া পেঠাইল। সেও করজ পাইয়া কট-পত্র রাখিল। এক বছর বাদে বেপারীয়ে পুনর্ব্বার জেরাবুদিমস্তে গেল, মহাজনের সাথে দেখা হইল। মহাজনে আর বার ধন চাহিল ঃ

সে কহিল : আমি তোমার করজ পেঠাইয়াছিলাম, এবং তুমিও করজ পাইলা : এহা জানি। মহাজনে কিরা খাইয়া কহিল : আমি যদি করজ পাইয়াছিলাম, এহি অগ্নির মধ্যে আমার শরীর পুড়িয়া যাউক। এমত মিথ্যা কিরা কহিল : এবং এমত শাস্তি পাইল : রাইত হইল; কেহ কেহ যাহার যাহার ঘরে ঘরে গেল। মহাজনে শীতের কারণ আগুনের কাছে রহিল। দুই পহর রাইত্রে আগুনে মহাজনেরে ধরিল। সে পুড়িয়া গেল, এবং শরীর আঙ্গরা হইল : এবং আত্মা নরকে গেল।

আর শোনো। যেরুশালেম্‌তে সিদ্ধা নার্‌সিসো বিস্‌পো আছিলেন : সেখানে বিস্তর শিক্ষাও দিলেন : অর্থ-ভেদও বুঝাইলেন : যাহারা মন্দ রূপে চলিত, তাহারদিগেরে শাস্তি দিলেন। তিন বড় পাপী বিস্‌পোরে ডবাইল : এ কারণ সাধুরে এক পরিবাদ দিল : কহিল, যে সিদ্ধা নার্‌সিসো এক মন্দ মাইয়া রাখিয়াছেন। কেহ কিরা করিয়া কহিল, যদি এমত নহে, অগ্নিতে পুড়িয়া [ ১৬২ ] মরি। কেহ কহিল, যদি এমত নহে, কুড়িয়া হইয়া মরি। কেহ কহিল : যাহা আমি কহি, তাহা যদি দেখিয়াছিলাম না, আমার দুই চৌক খায়।

মাফ করিয়াছেন সাধুয়ে পরিবাদ, কিন্তু যে জানে নিত্য যথার্থ, তিনি মাফ করিলেন না। কেহ কেহ, যেমত কিরা করিয়াছিল, তেমত শাস্তি পাইল। প্রথমে আপনার ঘরেতে আছিল, ঘরে আগুন ধরিল, সেও ঘরেও পুড়িয়া গেল; এবং আত্মা ভূতে নিল। দুইয়ে, কুড়িয়া হইয়া মরিল : এবং আত্মা নরকে গেল। তিনে, দুই জনের শাস্তি দেখিয়া আপনের অপরাধ কান্দিল : কান্দিতে কান্দিতে অন্ধ হইল; আখের মরিল; মরিয়া স্বর্গে গেল।

আর। কানারিয়াস দেশে একটি মাইয়া কিরা খাইয়া কাহল, যদি আমি মিথ্যা কহি, যে ছাওয়াল আমার গর্ভে আছে, সেই ছাওয়াল

বিনে বাপ্তিস্মোতে মরুক। এহি কিরা : শোনো শাস্তি। ছয় সাত দিন কম বেশ, কিরা বাদে, প্রসবের ব্যথা হইল ; বড় দুখ পা-[১৬৪]ইয়া মাইয়ায় দুই সুন্দর ছাওয়াল বিয়াইল : ছাওয়াল জর্ম্মিয়া, দুই কালা বিলাইয়ে আসিয়া দুই ছাওয়ালকে ধরিয়া মারিল। বিনে বাপ্তিস্মোতে মরিয়া গেল ; পরে বিলাইয়ে, কিবা ভূতে, ছাওয়ালের আত্মা লইয়া নরকে গেল। এমত শাস্তি দেখিয়া, মাতা দুই পুত্রের মৃত্যু কান্দিল, এবং আপনার দোষ চিনিয়া, আপনার অপরাধ কান্দিতে লাগিল ; বড় প্রাণের ব্যথা করিয়া পাদ্রি আফ্‌ফোন্‌সো দে-আন্দ্রাদের কাছে কন্‌ফেসাব করিল ; এবং আর কোনও দিন কিরা করিল না।

গু। এহাতে শিখ, এবং কিরাও না করিবার অভ্যাস করো। আর কহো। তিনে আজ্ঞা কেমতে পালিবেক ?

শি। সকল রবিবার ও ধর্ম্ম-দিনেও কাম কার্য্য না করিবেক, এবং করিতেও না ফর্ম্মাইবেক, কেবল ধর্ম্মের নাম লইবেক ; ধর্ম্মেরেও পূজা দিবেক ; এবং তাহান কৃপা পূজ্য করিবার চাহিবেক।

গু। ভাল কহিলা : যাহারা পালন করিয়াছিল না, তাহারা কি শাস্তি পাইল ? জানো নি ?

শি। পালন না করিবার কারণে অনেক লোকে শাস্তি পাইল, এবং এহি দেশের লোকে আজিও পায় : তুমি তো আপনে বুঝ। কিন্তু এহা ছাড়িয়া আর শাস্তির কথা কহি, শোনো।

এক সিপাই আছিল, সেই কোনও ধর্ম্ম-দিন মহিমাও শুনিল না ; এবং পালনও [১৬৬] করিল না। এক ধর্ম্ম-দিন লোক-সকলে ধর্ম্ম-ঘরে যাইতে আছিল ; সেই সিপাইয়ে ঘোড়ায় সওয়ার হইয়া ময়দানে বেড়াইতে লাগিল। ময়দানের মধ্যে ভূতে ধরিয়া কহিল : তুই ধর্ম্ম-ঘরে যাইতে চাহিস্ না, তবে চল্ যা নরকে। এহা কহিয়া তাহারে

এক চড় মারিল ; চড় খাইয়া মরিয়া, নরকে গেল ভূতের সঙ্গে ; শরীর পৃথিবীতে রহিল ; এত কুরূপ, যে, যে তাহারে দেখিত, বড় ভয় পাইত।

আর। সিদ্ধা পেদ্রো দামিয়াও লেখিয়াছেন, যে এক বিস্‌পো বড় ধর্ম্মার্থ আছিল, তিনি সিদ্ধা রুফিনের দিন পালন করিতে ফর্ম্মাইলেন। গৃহস্থ-সকলে কেহ কেহ পালন করিল : কেহ কেহ অপহাস্য করিয়া পালন করিল না। এমত রূপ কেহ কেহ পালন করিয়া ধর্ম্ম-ঘরে গেল ; কেহ কেহ পালন ভাঙ্গিয়া কামে গেল, যেমত তোমরা করো। বড় দিবং করিয়াছে না শাস্তি ; যেন সেই দিনে স্বর্গে-থাকিয়া অগ্নি পড়িল ; তাহারদিগের ঘর দুয়ার আর আর যত কিছু আছিল, পুড়িয়া গেল। ঘর দুয়ার পুড়িয়া অগ্নিয়ে তাহারদিগের ক্ষেতে গিয়া ক্ষেত নষ্ট করিল : যাহারা কাম কার্য্য করিতে আছিল, তাহারদিগের কাপড়কে ধরিল, এবং [১৬৮] কাপড় পুড়িয়া শরীরও পুড়িয়া গেল। কেহ আগুনে মরিল ; কেহ আধা পুড়িয়া জিয়া রহিল। এমত শাস্তি পাইল। এবং এমত শাস্তি দেখিয়া যে লোকে বাঁচিল, তাহারদিগের অপরাধ কান্দিয়া সিদ্ধা রুফিনের পদ ধরিল, এবং সিদ্ধা রুফিনের লাগিয়া পরমেশ্বর মাফ করিলেন। এমত রূপ বাঁচিল, এবং পালন করিতে শিখিল।

আর এহার সমান। তুবোনের সিদ্ধা গ্রেগোরিও কহেন, যে এক গৃহস্থ সিদ্ধা মারিয়ানের দিনে পালন করিতে চাহিল না ; এ কারণ অগ্নিয়ে তাহার ঘর নষ্ট করিল, আর যত কিছু আছিল, সকলি পুড়িয়া গেল।

গু। এমত কথায়, যদি ধান্য তল যায়, কিবা রোদে খায়ে, কিবা চিলে ক্ষেত নষ্ট করে ; কিবা আর আর যত দুখ,—জিজ্ঞাসা করো না, কিসের কারণ? কারণ আপনে বুঝিয়া যায়। ধর্ম্ম ছাড়িয়া অধর্ম্ম ধরো, এ কারণ।

শি। এ কারণ।

গু। চাইব আজ্ঞা কেমতে পালিবেক ?

শি। পিতা মাতার সেবা করিবেক ; পাদ্রি, প্রধানের সেবাও করিবেক ; এবং তাহারদিগের যে আজ্ঞা সেই রাখিবেক, যদি যে উচিত, ফর্ম্মায়েন ঃ এবং যে প্রধান, সেই আপনার ঘরে পড়ন-শাস্ত্র শিখাই-[১৭০]বেক, অর্থ-ভেদ বুঝাইবেক, এবং ভাল শিক্ষা দিবেক।

গু। শিক্ষার ধরাণ কত ?

শি। তিন ধরাণ।

গু। কোন্ কোন্ তিন ?

শি। কথাতে শিক্ষা ; শাস্তিতে শিক্ষা ; আপনার কার্য্যেতে শিক্ষা।

গু। কথাতে শিক্ষা কেমত রূপ ?

শি। যে প্রধান, সে তাহাব লামিলা-সকলেরে সুযুক্তি দিয়া তরিবার পন্থ করাইবেক , কুজনের সঙ্গে ফিরিতে মানা করিবেক। কারণ এহি ঃ যে যে যাহাব যাহার সঙ্গে ফিবে, সে সে তাহার তাহাব সমান হইয়া থাকে।

গু। শাস্তিতে শিক্ষা কেমত রূপ ?

শি। যদি লামিলা-সকলে শিক্ষা না লয়, তবে যে প্রধান, সে শাস্তি দিবেক।

গু। আপনার কার্য্যেতে শিক্ষা কেমত রূপ ?

শি। প্রধান আপনে ভাল কার্য্য করিবেক। তবে পুত্র কন্যা সুকার্য্য দেখিযা, সুকার্য্য করিবেক। সে বড় শিক্ষা।

গু। উত্তম কথা। এহার মধ্যে জানো নি, যে কেহ পিতা মাতার কথা ফালাইয়া, কিবা শাস্তি না পাইয়া, নষ্ট হইয়াছে ?

[ ১৭২ ] শি। হয়, জানি: যে শাস্তি পুথিতে পড়িয়াছিলাম, সেই শাস্তি তুমি শোনো।

সেভিল্যা শুহরে এক গৃহস্থ আছিল, তাহার নাম সিরিলো। সেই সিরিলো কেবল এক পুত্র জর্ম্মাইল; তাহারে এত দয়া করিল, যে কোনো দিন তাহারে শিক্ষাও দিল না, এবং শাস্তিও না দিল; সে যাহা কবিতে চাহিত, তাহা করিত। কুজনেব সঙ্গে ফিরিতে ফিরিতে কুজন হইল: কামদীও হইল, চোরও হইল; আর আর ইত্যাদি যত অপরাধ করিল। তাহার পিতা এহা জানিয়া, শিক্ষাও শাস্তিও না দিল। ঘরের ধন কিবা মদ খাইতে, কিবা নটীরে খাওয়াইতে ও পিন্ধাইতে নষ্ট করিল। পরে যেন পাপেতে আর পাপ জর্ম্মে, তাহার এক বইন অকুমারী আছিল, তাহারে নষ্ট কবিতে চাহিল, এমত কুকার্য্য করিবাব; তাহার মাতা গর্ভতী আছিল, তাহারে বধিল। তাহার পিতা আগুয়াইতে গেল; তাহারেও বধিল। আর যে বইন অকুমারী, তাহারে নষ্ট করিল, নষ্ট করিয়া তাহারেও বধিল। পবং আপনে আপনাবে বধিল। এবং পিতার সঙ্গে নরকে গিয়া শাস্তি অনন্ত পাইল।

গু। বড় শাস্তি; এহাতে যাহার যাহার পুত্র কন্যা আছে, শিখুক্ শিক্ষা ও শাস্তিও দিতে। যদি সিরিলো তাহার পুত্রেরে ছোট [ ১৭৪ ] কালে শাস্তির শিক্ষা দিত, তাহার যে পুত্র, সে নষ্ট না হইত; এবং পিতা মাতাকে না বধিত, আর এত কুকার্য্য না করিত। এহা তুমি বুঝ। পুত্র কন্যা যেমত ছোট কালে শিখে, তেমত রূপ করে। আমার কথা মানো না যদি, সিদ্ধা গ্রেগোরিওর কথা শোনো।

তিনি কহেন, যে এক গৃহস্থ বড় নিন্দক আছিল, সে এক পুত্র জর্ম্মাইল। সে ছাওয়াল হইযা নিন্দা শুনিতে শুনিতে, নিন্দা শিখিল; পাচ বছরের ছাওয়াল হইয়া এত বড় নিন্দক আছিল, যে নিত্য নিন্দা

করিত। পিতা মাতা শুনিলে হাসিতে হাসিতে আরও বেশ করিয়া নিন্দা শিখাইত। এক দিন পিতা ছাওয়ালের লগে খেলাইতে লাগিল। তাহারে নিন্দা করিতে কহিত ঃ তখন অচম্বিত ভূতে পরমেশ্বরের আজ্ঞায় আসিয়া ছাওয়াল ধরিয়া তাহারে শরীর আত্মা সমেত নরকে লইয়া গেল। তাহার পিতা-মাতাও নারকী হইল। যে পুত্র-কন্যার সাক্ষাতে অপরাধ করে, তাহারে পরমেশ্বর এমত শাস্তি দেন।

শি। এহি কথা সাঁচা ঃ যেমত গাছ, ফলও তেমত ঃ ভাল গাছ ভাল ফল ধরে, মন্দ ফলও ধরে না ঃ এবং মন্দ গাছ মন্দ ফল ধরে, ভাল ফলও ধরে না। এমত রূপ, ভাল পিতা-মাতা, ভাল পুত্র-কন্যা ঃ এবং মন্দ [ ১৭৬ ] পিতা-মাতা, মন্দ পুত্র-কন্যা। পাপী, সাধুর লগে ফিরিতে ফিরিতে, সাধু হয় ঃ সাধুও, পাপীর লগে ফিরিতে ফিরিতে পাপী হয়। কারণ এহি ঃ মন্দতে মন্দ জর্ম্মে ; এবং ভালতে ভাল জর্ম্মে। এ কারণ, যেমত পিতা-মাতা, তেমত পুত্র-কন্যা।

গৃহস্থ-সকল, মুক্তি চাহো যদি, আগে আপনার কার্য্যেতে পুত্র-কন্যাবে শিক্ষা দিও ঃ তাহারদিগেরে কথাতে তরিবার পথ বুঝাইও। যদি পুত্র-কন্যা তোমারদিগের কথা রাখে না, ভালরূপে শাস্তি দিও। শাস্তি দিলে পুত্র-কন্যা মরে না। শাস্তি মানে না যদি, পাদ্রির ঠাই শাস্তি করাইও। এমত না হইলে তোমরা পুত্র-কন্যা কান্ধে লইয়া যাইবা নরকে ঃ এহা পরমেশ্বর না করুক্।

গু। এহা ভাল ঃ কিন্তু কেহ কহিবে ঃ ঠাকুর, আমি আগে শাস্তিও দিলাম, শিক্ষাও দিলাম, এখন পুত্র-কন্যা বড় হইল ঃ আমি তো বুড়া হইলাম ; আমার কথা রাখে না, শাস্তিও ডরায় না, আলাজিয়া হইয়াছে পুত্র-কন্যা ; যাহার লাজ নাহি, কোন শাস্তি দিলে ভাল হইবে না ঃ কুবন্ধু-সকলে তাহারদিগেরে নষ্ট করিল। পুত্র মাতালের সঙ্গে ফিরিত, মাতাল

হইল ঃ এবং কামদীর সঙ্গে বেড়াইত, কামদীও হইল। গৃহস্থালির কাম কা-[১৭৮]র্য্য করে না। কন্যাও এমত রূপ নষ্ট হইল। আমি বুড়া মানুষ আপনে শাস্তি দিতে পারি না ঃ পাদ্রির স্থানে যদি শাস্তি করাই, পুত্র-কন্যা পলাইয়া যাইবে ; আমিও একেলা রহিব ; কাম করিতে পারি না ঃ তবে কি উপায় আমার ? তুমি আমারে উপায় দিও। এহাত তুমি কি কহো ?

শি। যে এমত কহে, তাহারে এমত উতর দিব। এমত কথা, তোমার উপায় পরমেশ্বর দিবেন ঃ তাহান ঠাই আর্দ্দাশ করিয়া কহো ; ঠাকুর করুণাময়, তুমি সর্ব্ব-জান, আমার প্রাণের দুখ জানো। আমার কেহ নাহি, কেবল তুমি আমার ; আমার যে পুত্র-কন্যা, সে নষ্ট হইয়াছে ; তুমি তাহারে ভাল করো ঃ এমত নিবেদন করি, তুমিও এহি অনুগ্রহ আমারে করিবা। যদি আমার ভাগ্য নাহি এমত অনুগ্রহ পাইবার, তোমার যে ইচ্ছা, সেই হউক। এ নিবেদন করিয়া তোমার পুত্র-কন্যা ভাল হয় না যদি, তাহার কপাল। কোনও দিন বিনে উপায়েতে কান্দিবে। যে কথা আমি এখন কহি, সেই কথা তুমি তাহারে শোনাও ; তবে কিছু ডর তাহার জন্মিবেক।

তোলেদো শুহরে এক গৃহস্থের পুত্র আছিল, সে কুবন্ধুর লগে ফিরিল, কুকার্য্য শিখিয়া কুজন হইল। তাহার পিতা [১৮০] তাহারে শিক্ষা দিত, সে পিতার কথা না মানিত। পিতা এক দিন তাহারে শাস্তি দিতে চাহিল ; পুত্রে ক্রোধ করিয়া হাত তুলিয়া পিতার মুখেতে চঁড় মারিল। চড় পাইয়া পিতা তাহারে শাঁপ দিল ; কহিল ঃ যে হাত দিয়া তুই আমারে মারিলি, সেই হাত খসিয়া পড়ুক। পিতা শাঁপ দিল ঃ পুত্রেও পরমেশ্বরের আজ্ঞায় শাস্তি পাইল। সেই দিনে কুপুত্রে কুদোস্তের সাথে বেড়াইতে গেল। দুই দোস্ত দ্বন্দ্ব করিয়া মারামারি করিল। সে মন্দ পুত্রে, দোস্তি করিবার দুই জনের মধ্যে গেল। তবে এক জনে ক্রোধ করিয়া তারোয়াল

দিয়া আর দুষ্পনেরে এক চোট মারিতে চাহিল। চোট মন্দ পুত্রেরে লাগিল; এবং তাহার হাত খসিয়া গেল, যেমন পিতা কহিয়াছিল।

গু। উতম শিক্ষা দিলা। এহাতে যাহার পিতা-মাতা আছে, তাহারদিগেরে সেবা করিতে শিখুক, এবং মনে করুক, যে যাহারা পিতা-মাতার কথা রাখে না, তাহারা নরকে বিনে ইচ্ছায় ভূতের কথা রাখিবেক। এমত পরমেশ্বর না করুক্। আর কহো, মাগের নি উচিত ভাতারকে সেবা করিতে?

শি। হয়; মাগ ভাতার, এক জনে আর জনেরে সেবা করিবেক, এবং যুগালও দিবেক; এবং যুক্তি ভাল দিবেক; এমত রূপ ক-[১৮২]রিলে, পরমেশ্বর দুই জনের মধ্যে রহিবেন, তাহান কৃপায়। আর ধরাণ—ভূতে মধ্যে রহিবেক: পরে যম-তাড়না নরকে পাইবেক: যেমত এক কু ভাতার পাইল: তাহার শাস্তি শোনো।

সন হাজার পাঁচ শহ্ পাঞ্চনই বছর খ্রিস্তর জর্ম্ম বাদে। বাকিয়াবাস্ শুহরে দুই বিভাস্ত আছিল: মাগ সুশীল, ভাতার কুশীল হইল। এ কু ভাতার এক রবিবারে মাতাল হইয়া শুঁড়ির দোকানে শুইয়া রহিল। এহা শুনিয়া তাহার যে মাগ, সে দোকানতে গিয়া, ভাতার মাতাল দেখিয়া তাহারে কহিল, ঠাকুর, মুনিয়ে দেখিলে কি কহিবে? চলো যাও বাড়ীতে। এহা শুনিয়া ভাতারে বড় ক্রোধ হইয়া মাগেরে কিলাইতে লাগিল, এবং গাইল অনেক দিল। কহিল: যা তুই, তোর গর্ভে ভূত আছে, তাহার সাথে নরকে যা। মাগ কহিল: যদি আমার পেটে ভূতে থাকে, সেই ভূতে জর্ম্মিয়া তোমারে শাস্তি দিবে। এমত শাপ দিল; এবং এমত হইল। মাগে ঘরেতে গেল; অচম্বিত প্রসবের ব্যথা হইল। বড় দুখ পাইয়া এক বড় সাপ বিয়াইল। এহা শুনিয়া ভাতারে ঘরে আসিল তখন পরমেশ্বরের আজ্ঞায় তাহার উপরে সাপ ফাল [১৮৪] দিল,

তাহারে কামড়াইতে লাগিল। কামড়াইতে কামড়াইতে ভাতারেও মরিল, সাপও মরিল, এবং সাপের সঙ্গে নরকে গেল। মাগে বড় ভয় পাইল, ভয়ের কারণ আজারবন্দী হইয়া মরিল।

গু। এ শাস্তি বিভাস্ত-সকলের আর্সি হইতে পারে, দেখি। তাহাতে তাহারা দেখুক, কেহ কেহ কেমত কেমত রূপ চলে? আর কহো: পাঁচে আজ্ঞা কেমত পালিবেক?

শি। নরলোকের বধ না করিবেক; এবং খন্নুস প্রাণেতে না রাখিবেক, গাইলও না দিবেক, দ্বন্দ্ব বিবাদও না করিবেক।

গু। বধ-করণ কেমত পাতক?

শি। বধ-করণ—সে ক্রুদ্ধ সপ্ত মহাপাতক। আর কিছু জানি না, এবং শুনিও নাহি।

গু। ভাল কহিলা: যে ক্রোধ করিয়া বধ করে, তাহারে পরমেশ্বর শাপ দেন: যখন কাইন্ তাহার ভাই আবেল্‌কে বধিল, তখন পরমেশ্বর তাহারে শাঁপ দিলেন: কহিলেন: কাইন্ কি করিলি? তোর ভাইয়ার বধের কারণ অভাগিয়া বহিবি পৃথিবীতে। এমত শাঁপ দিলেন তিনি; শাঁপ দিয়া এত অভাগিয়া হইল যে মুনিষ্যের মধ্যে স্থান না পাইয়া পশুর মধ্যে বনে রহিল। পরং [১৮৬] তাহার এক কুটুম আছিল, সে তাহারে বধিল। মরিয়া নরকে গেল। সেখানে আজি ছয় হাজার বছর বেশ-কম দুখ যম-তাড়না পাইতেছে, এবং পাইবে, যাবত পরমেশ্বর পরমেশ্বর হয়েন। তথাচ, পূর্ব্বের কথা এড়িয়া, এহি কালের কথা কহো, শুনি।

শি। কহি, শোনো। লোরেন্সো সুরিও লেখিয়াছেন, যে দুই গরিব পুরুষে আকালের কালে ভাতে বড় দুখ পাইতেছিল: এ দুঃখের কারণ আর দেশে গেল। পন্থে হাঁটিয়া যাইতে আর এক জনের লাগাল পাইল।

তাহারে জিগিয়াছিল: ঠাকুর, তুমি যাও কোথায়? সে কহিল: আমি সিদ্ধী ভাল্‌ভুল্‌গার ধর্ম্ম-ঘরে যাই, ধ্যান করিতে। তাহারা কহিল: আমরাও সেখানে যাই: আমারদিগের সঙ্গে আইস, যদি চাহো। সে কহিল: চলো যাই গিয়া। তিন জন এক সাথে মেলা করিল। হাঁটিয়া যাইতে যাইতে রাইত হইল; রাইত্রে হইয়া, তাহারা তাহারে কহিল: ঠাকুর, আমরা ভোকে মরি, আছে নি কিছু খাবার? সে কহিল: রুটিও আছে, পনিরও আছে, তোমরা খাও: তাহারা খাইতে লাগিল। খানা খাইয়া কেহ কেহ যাহার যাহার স্থানে শুইল গিয়া। তে নিদ্রিত হইল: তাহারা অনিদ্রিত হইয়া রহিল। তখন দুই জনে পরামিশ করিয়া তাহারে বধিল: বধ করিয়া যত কিছু তাহার আছিল, তাহা-[১৮৮]রা ডাকাইতি করিয়া নিল। পরে মরা শবীর দুই জনেব এক জনে কান্ধে করিয়া লইয়া গেল মাটি দিবার। মবা শরীর লাগিয়া রহিল। বধী মরা খসাইতে চাহিল; মরা খসিল না। এমত ধরণ তাহার শরীরের লগে মরা লাগিয়া রহিল, কান্ধে লইয়া চলিতে। তাহার পর তাহার এক বড় দোস্ত তাহারে বনের মধ্যে দেখিল। সে দোস্তেরে বধের গুপ্ত জানাইল। এহা শুনিয়া দোস্তে বধীরে খালাস করিতে চাহিল: তারোয়াল দিয়া মরা শরীর কাটিতে লাগিল। প্রথম চোট দিয়া, তাহার হাত এমতে রহিল। মরা তাহারেও ধরিয়া, তিন শরীর এক সাথ জুড়িত হইয়া লাগিয়া রহিল। সে দোস্ত আপনার অপরাধ কান্দিল; সিদ্ধী ভাল্‌ভুল্‌গার লক্ষ্য চাহিয়া তাহান পদ ধরিল। তাহান ধর্ম্ম-ঘরে যাইবার সত্য মানন করিল: কহিল: সিদ্ধী ভাল্‌ভুল্‌গা, যদি তুমি আমারে উধার কর, আমি খালি পাও তোমার ধর্ম্ম-ঘরে হাঁটিয়া যাইব, তোমার শরীরের সাক্ষাতে পরমেশ্বরেরে পূজা দিব। এমত মানন করিয়া সিদ্ধীর সাধনের কারণ খালাস হইল; খালাস হইয়া

সিদ্ধী ভাল্‌ভুল্‌গার ধর্ম্ম-ঘরে গেল; সিদ্ধীরে পূজ্য দিল; পরমেশ্বরেরেও পূজ্য দিল। আপনার অপবাধ বড প্রা-[১৯০]ণের ব্যথা করিয়া কন্‌ফেসার করিল। পরে বধী কোন উপায না দেখিয়া, এক খাল আছে, রেনো নাম, সেই খালেতে গিয়া, ডুব করিযা মরিল; নরকে গেল।

গু। বুঝিলাম; উচিত নহে বধ করিতেঃ আর কহো, দাদ লইতে নি উচিত?

শি। নাঃ উচিত মাফ করিতে, যেমত খি্রস্ত শিখায়েন পদার্থনাতে, যখন কহেনঃ 'আমারদিগের অপরাধ ক্ষেম, যেমত আমবা ক্ষেমি আমারদিগের কর্জ্জ্যবে'।

গু। এহা ভাল; কিন্তু মুনিষ্যে কহে; আমরা অধমে রক্ত-মাংস শরীর কত সহিব? ফলানা আমারে এত গাইল দিল; এত পরিবাদও দিল; এত অপমানও করিল, আমার বস্তুও নষ্ট করিল; তবে আমি কেমতে দাদ লইব না? যদি আমি দাদ না লই, মুনিষ্যে কি কহিবে? তুমি কি বলো?

শি। হে ভূতের বারান! এমত ছল করিয়া অনেক আত্মা ভূতে নরকে নিল। যদি দাদ না লও, মুনিষ্যে কি কহিবে? কহো তুমি; যদি দাদ লও, পরমেশ্বর কি কহিবেন? তিনি কহিবেনঃ 'তুই পরের অপমান ক্ষেমিতে চাহিস্‌ না; তবে আমিও তোর অপরাধ ক্ষেমিতে চাহি না।' এখন কহো, যদি পরমে-[১৯২]শ্বর তোমার অপরাধ না ক্ষেমেন, কি উপায় তোমার? মুক্তি কেমতে হইবেক? এহা তোমার বোধে লয় না?

খি্রস্ত কহিয়াছেন; 'যে দাদ তুলে না, এবং নরলোকের গুণা ক্ষেমে, সে বড় ভাগ্যবন্ত।' তবে যে মাফ করে না, সে বড় নারকী ভূতের

দাস, এবং ভূতের দোস্ত, পরমেশ্বরের দুষ্‌পনে। সিদ্ধা পেদ্রো দামিয়াওঁর কথা শোনো।

দুই পাদ্রি দ্বন্দ্ব করিয়া এক জনে আর জনেরে অনেক গাইল দিল, এক জনে বেশ ক্রোধ করিয়া এক বর্শি লইয়া আর জনেরে মারিতে গেল। সে বড় দূর আছিল : তাহার স্থানে যাইতে যাইতে পন্থে রাত্রি হইল। পন্থে পাঁচ সওয়ার দেখিল, অন্ধকারের মধ্যে তাহারদিগেরে চিনিতে পারিল না। তখন এক সওয়ার তাহারে সেলাম করিয়া কহিল : আজি বিস্তর বছর ধরিয়া আমি তোমার তালাশ করি, তোমার সঙ্গে দোস্তি করিবার, তুমি দোস্তি করিতে চাহিলা না : এখন যে যাও দাদ তুলিতে, আমার দোস্ত হইলা, এবং আমিও তোমার দোস্ত হইলাম। আমার দোস্তি আর ছাড়িও না ; আমি তোমারে যুগাল দিবাম। এহা শুনিয়া কহিল : তুমি কেটা? সে [১৯৪] কহিল : আমি ভূতগণ ভূতের রাজা, এবং দাদ-তুলনিয়া-সকলের ঠাকুর ; যে দাদ তুলে, সে আমার কাম করে। এহা কহিয়া ভূতে গেল। পাদ্রি ডরে স্তকিত হইয়া রহিল। পুনর্ব্বার আপনার ঘরে ফিরিয়া গেল, এবং দাদ না তুলিল। দুষ্‌পনেরে মাফ করিল, আপনার অপরাধ কান্দিল ; প্রাণের ব্যথা করিয়া ভাল রূপে কন্‌ফেসার করিল ; এবং ভূতের দোস্ত না হইল। এহি কথাতে দেখা যায়, যে যে দাদ তুলে, সে ভূতের দাস।

গু। যে দাদ তুলে, সে ভূতের দাস ; যে দাদ না তুলে, সে কি?

শি। সে পরমেশ্বরের দাস ; তাহারে পরমেশ্বর অনেক অনুগ্রহ করেন। যে অনুগ্রহ পরমেশ্বর করিয়াছেন এক জনেরে, মাফ-কার্য্যের কারণে, সেই অনুগ্রহ তুমি শোনো।

হিস্‌পানিয়া দেশে মাদ্রিদ শহরে দুই কলিম পুরুষ শত্রু আছিল : বিস্তর দিন তাহারা এক জনে আর জনেরে তালাশ করিয়াছিল, দাদ

তুলিবার কারণ। কষ্টের দিনে ছয় ঘড়ি দুই প্রহর বাদে তাহারা জনে জনেরে লাগাল পাইল ; লাগাল পাইয়া, দুই জনেও তারোয়াল খসাইয়া, মারামারি করিল। যে জনে বেশ তেজবন্ত, সে আরও এক চোট দিল, সে মা-[১৯৬]টিতে পড়িল, পরাজয় হইল। পবাজয় হইয়া শত্রুরে মাফ চাহিযা কহিল : ঠাকুর, পরাজয় হইয়াছি, আমারে জিনিলা, আর কি চাহো ? খ্রিস্তর লাগিয়া আমারে মাফ করো ; তবে খ্রিস্ত তোমারে মাফ কবিবেন। জিননিয়া কহিল : খ্রিস্তর লাগিয়া তোমারে মাফ করি, যেন তিনি আমারে মাফ করুক্। পরে তাহারে উঠাইল, রক্তও পোঁছাইল, ঔষধ্যও দিল, পরে দুই জন মিলিয়া বড় দোস্ত হইল। জিননিয়া ধর্ম্ম-ঘরে গেল। ধর্ম্ম-ঘরেতে স্তব কবিল ; স্তব করিয়া যে খ্রিস্তর আকৃতি আছিলেন, তাহানে সেবা করিতে গেল ; হাঁটু করিয়া খ্রিস্তর আকৃতির কাছে তাহান পদেতে চুম দিল। তখন খ্রিস্তব আকৃতিয়ে হাতের খিল খসিযা, তাহারে আলিঙ্গন দিলেন। এ মহা অপূর্ব্ব সে আপনে দেখিল ; এবং যত লোক ধর্ম্ম-ঘরে আছিল, সকলেও দেখিল। জিননিয়া পরমেশ্বরেরে পূজ্যও দিল : যত দিন বাঁচিল অনেক পুণ্য করিল। বৃদ্ধকালে পুণ্য পূর্ণিত মরিয়া চলিয়া গেল স্বর্গে।

আর এহার সমান। এক জনে আর জনের ভাই বধিল। মরার ভাই বধীরে বখশিল খ্রিস্তর কারণ ; এবং ও কষ্টের দিনে। সেই রাইত্রে খ্রিস্ত তাহারে দেখা দিলেন : এ-[১৯৮]বং তাহারে কহিলেন : যেন আমার দয়ার কারণ তোর শত্রুরে মাফ করিলি, এ কারণ আমিও তোর অপরাধ ক্ষেমিলাম। এবং তোব পিতা-মাতার আত্মা শোধন-অগ্নিতে আছিল, তাহারদিগের উদ্ধার করিলাম। আষ্ট দিন বাদে মরিবি ; এবং স্বর্গে যাইবি। এমত হইল : আষ্ট দিনের পর মরিয়া উড়িয়া গেল স্বর্গে।

গু। ছয়ে আজ্ঞা কেমতে পালিবেক ?

শি। কোন কামদ কার্য্য না করিবেক, কিবা বাক্যে, কিবা কার্য্যে, কিবা কল্পনায়ঃ এবং পরের স্ত্রীর লগে রমণও খেলাও না করিবেক।

গু। এহি আজ্ঞা পালন করিবার কি করিবেক।

শি। কামদীর সঙ্গে না বেড়াইবেক ; কামদ কথাও না কহিবেক ; কামদ গীতও না গাইবেক ; এবং ও না শুনিবেক।

গু। তবে গাইতে চাহে যদি, কি গাইবেক ?

শি। ধর্ম্ম-গীত, কিবা অর্থ-ভেদ গাইবেক।

গু। কামদ কার্য্য কি পাতক ?

শি। কামদ কার্য্য সপ্ত মহাপাতক।

[২০০] গু। ভাল কহিলা। এহি কারণ সিদ্ধা আগস্তিঞো কহেনঃ 'যে কামদী, সে পরমেশ্বরের মহা শত্রু।' সিদ্ধা আম্ব্রোসিও কহেনঃ 'যে যে কামদ কার্য্য করে, সে জিয়াস্ত হইয়া মরা থাকে।' সিদ্ধা জেরোনিমো কহেনঃ 'কামদ কার্য্য নরকের অগ্নি, তাহার ধূম মন্দ নাম, তাহার শেষ অনন্ত তাড়না।'

ইঙ্গিলে কহেনঃ যে হেরোদেস রাজায় কামদের কারণ সিদ্ধা জোয়াওঁ বাপ্তিস্তার মাথা কাটিতে ফর্ম্মাইল। কামদের কারণ তুনিয়ায় জলাকার হইয়া খণ্ড প্রলয় হইল। কামদের কারণ তুই শুহর গোমোর্‌রা ও সোদোমাও নষ্ট হইয়া তল গেল। এহি-সকল শোলোকে দেখা যায়, যে কামদ সপ্ত মহাপাতক ; এবং কামদীও মহাপাতকী। এহার মধ্যে যদি কিছু জানো কহিবার, কহো শুনি।

শি। জানি, শোনো। আউগুস্তো মাগ্‌নো লেখিয়াছেন, যে এক জোয়ান মরদ বড় কামদী আছিল ; সে মরদে একটি মাইয়াকে নষ্ট করিতে

চাহিল ; তাহারে তালাশ করিল ঃ তালাশ করিতে করিতে মাইয়ার লগে এক বার রমণ করিল। মাইয়ায় প্রাণের ব্যথা ক-[২০২]রিয়া আপনার অপরাধ কান্দিল। মরদে আরবার রমণ করিতে চাহিল ; মাইয়া দরাজ্য করিয়া কদাচিত্য কবুল না হইল। এক দিন মাইয়ায় মহিমা শুনিতে গেল। এহার মধ্যে কামদীয়ে মাইয়ার ঘরে লুকাইয়া রহিল। মাইয়ায় মহিমা শুনিয়া ফিরিয়া গেল ঘরে ; তখন কামদীয়ে মাইয়ার কাছে গিয়া, তাহার সঙ্গে খেলা করিতে লাগিল ঃ কহিল ঃ আমি তোমারে বড় দয়া করি ঃ তুমিও আমারে দয়া কর। যদি আমি তোমার লগে রমণ করি, তোমারে অনেক ধন দিব ; ভাল কাপড় পিন্ধাইব, আর আর ইত্যাদি, যত পাবি তোমারে দিব। মাইয়া কহিল ঃ আমি তোমার ধনও চাহি না ; তোমার কাপড়ও পিন্ধিব না ; এবং এমত কুকার্য্য করিব না ; এহা কহিল বড় ক্রোধ হইয়া। এহা শুনিয়া কামদীয়ে বল করিতে লাগিল। মাইয়ায় পরমেশ্বরের যুগাল চাহিল ; তিনিও যুগাল দিলেন। তখন দুই জনে উড়া উড়ি করিল ; উড়া উড়ি করিতে করিতে এক বড় কালা কুকুর, কিবা ভূতে কুকুরেব ধরাণ আসিয়া, কামদীরে ধরিয়া তাহারে কামড়াইতে লাগিল। কামড়াইতে কামড়াইতে তাহারে মারিল ; শরীর টুকিটুকি করিয়া, মাথা কাটিয়া মুখে [২০৪] করিয়া লইয়া গেল নরকে ; এমত শাস্তি পাইল।

আর। দুই দোস্ত আছিল, এক জিতেন্দ্রিয়, আর এক কামিদী। যে সুজনে, সে কুজনেরে সুযুক্তি দিত , সে সুযুক্তি ধরিত না। এক রাইত্রে দুই জনে এক সাথ শুইয়া রহিত ঃ দুই প্রহর রাইত্রে দুয়ার বড় শব্দ দিয়া মেলা হইল। দুয়ারের শব্দ শুনিয়া তাহারা জাগিল ; জাগিয়া এক হাবেশীকে খাড়া হইয়া দেখিল ঃ হাবেশীর হাতেতে এক বড় শিকলি লোহার আছিল। এহা দেখিয়া তাহারা বড় ভয় পাইল ঃ তবে

হাবেশীয়ে, কিবা ভূতে হাবেশীর ধরাণ এক ফাল দিয়া ঘরের মধ্যে খাড়া হইল ঃ কামদীরে দেখিয়া, তাহারে ধরিয়া শিকলি গলায় বান্দিল, এবং অনেক তাড়না দিতে লাগিল ; কহিল ঃ চল্, যা নরকে, কামদ সুখের লাভ পাইতে ; এবং নরকে গেল। এহা দেখিয়া সুজনে ডরে স্থকিত হইয়া রহিল। দুনিয়ার সুখ ছাড়িয়া পাদ্রি পাউলিস্তা হইল ; অনেক পুণ্য করিল ; এবং ভোগাভোগ পাইল। এহি কামদীর লাভ, জিতেন্দ্রিয়ের লাভ শোনো।

[২০৬] মোন্‌কাদা শুহরে এক গরিব মাইয়া অকুমারী আছিল, তাহার নাম ইগ্‌নেস, সেই মাইয়া এক দিন ভালেন্‌সিয়া শুহরে গেল, শাগ-তরকারি বেচিবার কারণ। শাগ-তরকারি বেচিয়া ধর্ম্ম-ঘরে গেল। সিদ্ধা ভিসেন্তে ফের্‌রেইরা শিক্ষা দিল, সিদ্ধী তেক্লার পরব আছিল, সিদ্ধী তেক্লা অকুমারী হইল ; এ কারণ সিদ্ধা ভিসেন্তে জিতেন্দ্রিয়ের গুণ বুঝাইলেন। এহা শুনিয়া ইগ্‌নেস সিদ্ধার কথা প্রাণেতে রাখিল, অকুমারী রহিবার সত্য মানন করিল, এবং অকুমারী রহিল। এমত ফিকির করিয়া আপনার ঘরে গেল। অনেক পুণ্য করিতে লাগিল। পিতা-মাতার তাহারে বিভাও দিতে চাহিল ; ইগ্‌নেস বিভাও হইতে চাহিল না ঃ কহিল ঃ আমার ভাতার পরমেশ্বর ; আমার আর কোন বিভাও নাহি। এহা দেখিয়া, পিতা-মাতা বল করিয়া বিভাও দিতে চাহিল ; ইগ্‌নেস বিভাও না হইবার মাইয়ার কাপড় খসাইয়া মরদের কাপড় পিন্ধিয়া পলাইয়া গেল ঃ বনের মধ্যে লুকাইয়া রহিল, বনবাসী হইল ঃ এক উচ্চ পর্ব্বতে বসত করিল ; সেখানে অনেক দুখ পাইল ঃ কাপড়ের দুখ ; শীতের দুখ, গম্মির দুখ, ক্ষিধার দুখ, তিরাষের দুখ, আর আর যত দুখ, সকলি পাইল ঃ অনেক প্রাচিত করিল। মে-[২০৮]ঘের জল ও বনের গাসও খাইত, এমত প্রাচিত করিয়া কুড়ি

বৎসর বাঁচিল ; কুড়ি বছরেব পর পরমেশ্বরের কৃপাতে মরিল ; এবং স্বর্গে গিয়া জিতেন্দ্রিয়ের ভোগ পাইল ঃ সিদ্ধী হইল। তাহান নাম ইগ্নেশ্ দে মন্কাদা।

গু। অনেক কথা কহিলা, সকল উত্তম, আর কহো, সাত আজ্ঞা কেমতে পালিবেক?

শি। চুরি না করিবেক, এবং চুরি করিবার যুক্তিও না দিবেক ; পরেব বস্তুও নষ্ট না করিবেক ঃ এবং তাগাব লাভ অতিশয় না লইবেক।

গু। উচিতে কত লাভ লইতে পাবে?

শি। এক শহ রূপাইয়ার উপরে প্রতি মাসে এক রূপাইয়া লাভ লইবেক, আর না ; এক রূপাইয়ার উপর সাড়ে সাত গণ্ডা, যদি বেশ লাভ লয়, তবে ধর্ম্ম-ছাড়া হয।

গু। ধর্ম্ম-ছাড়া কি?

শি। পরমেশ্বরেব বর-দোয়া, সিদ্ধী মাতা ধর্ম্ম-ঘবে দেন। যে ধর্ম্ম-ছাডাতে মরিয়া যায় ; শরীরও ধর্ম্ম-মৃত্তিকা না পায ধর্ম্ম-ঘরে।

গু। চুরি কি?

[২১০] শি। পরে ধনের রাখন, বিনে ধনের খাওন্দের ইচ্ছায়।

গু। চুবি কত ধরণের?

শি। দুই ধরণেব। প্রথমে, যে আগোচরে পরের বস্তু লয় ; যে এমত করে, সে চোর ; দুইয়ে, যে পরের বস্তু বল করিয়া হুজুরে চুরি করিয়া লয় ঃ যে এমত করে, সে ডাকাইত। এহি দুই অপরাধে আর ছয অপরাধ জর্ম্মে। প্রথমে যত ভাঁড়ান ও ঠেটলামি মুনিষ্যে করে বেচিতে ও কিনিতে ও আব আর ইত্যাদি, যত ঠগাইয়া সদাগরে করে, সেই চোরের কার্য্য। দুইয়ে, যে রূপিয়ার লাভ অতিশয় লয, যেমত আগে

কহিয়াছি ঃ যে লাভুয়া, সেও ডাকাইত, যেন হুজুরে চুরি করে। তিনে, যে বিনে লাভে পরের বস্তু নষ্ট করে ঃ যেমত যে পরের ঘরে অগ্নি দেয়, এবং ক্ষেতও ভঙ্গ করে ; যে এমত করে, যদি অগোচরে, সে চোর , যদি হুজুরে, সে ডাকাইত। চাইরে, যে ফিরিয়া না দেয়, সে পরের বস্তু অযথার্থে রাখে ; সেও চোর। পাঁচে, যদি পরের বস্তু পাইয়া লুকাইয়া রাখে, এবং বস বস্তুর খাওন্দেরে ফিরিয়া না দেয়। এবং যে ধার লইয়া ধার ফিরিয়া না দেয়, কিবা ধার ধারিয়া, 'না' করে, সেও চোর। ছয়ে, যে বেচিতে কিনিতে কমি দেয়, আর আর ইত্যাদি যত অযথার্থে মুনিষ্যে করে ; যে এমত করে, সেও চোর।

[২১২] গু। যে পরের বস্তু অযথার্থে রাখে, তাহার নি কোন উপায় আছে ?

শি। আছে ঃ বস্তের ফিরিয়া দেওন ঃ আর কোন উপায় নাহি ; এহার মধ্যে এক চুরির শাস্তি শোন।

এক ধনী বড় দয়াশীল আছিল ঃ সেই এক কন্‌ভেন্তোতে ছয় শত সোনার মুহর পাঠাইল , যে চাকরে সোনার মুহর নিল, সেই সোনার মুহর চুরি করিয়া মাটির তলে লুকাইয়া রাখিল। আর দিন মুহর আনিবার গেল। মুহরের কাছে এক বড় সাপ দেখিল ঃ তাহারে দেখিয়া লড়াইল, সেও ডরে পলাইয়া গেল। আর দিন পুনর্ব্বার মুহরের কাছে গেল ঃ পুনর্ব্বার সাপ দেখিল ঃ এবং সাপে তাহারে লড়াইল , সে লড় দিয়া পলাইল। আর দিন আরবার গেল, আরবার সাপ দেখিল ; সাপে তাহারে আরবার লড়াইল ঃ লড়াইতে লড়াইতে তাহারে এত কুবায়ু গন্ধাইল, সে যে আধা-মরা মাটিতে পড়িল ; মুনিষ্যে তাহারে দেখিয়া, তাহারে লইয়া গেল, ঔষধ্য দিল ; সে ঔষধ্যে ভাল হইল না। রাইতে স্বপনে এক সুন্দর বুড়া পুরুষ দেখিল। সে তাহারে কহিল ঃ

বিনে ফিরিয়া না দিলে সোনার মুহর পাদ্রিরে, ভাল হইবি না, এবং রোগ দূর না যাইবেক : চুরি করিলি, চুরির শাস্তি পাইলি প-[২১৪]-রমেশ্বরের আজ্ঞায়। এহা শুনিয়া চোরে চুরির গুপ্ত জানাইল, কন্‌ভেন্তোর উকিল ডাকিয়া আনাইল, তাহার সঙ্গে ধনের কাছে গেল : সাপ ধনের খাওন্দ দেখিয়া পলাইয়া গেল। যে চোর, সে ভাল হইল, শিক্ষা পাইয়া আর কোন দিন চুরি না করিল।

আর এক পুরুষ এক তক্তার চুরি করিল, তক্তা কান্ধে করিয়া যাইতে তাহারে এক সাধু বিস্‌পো দেখিলেন; এবং দেখিলেনও যে সে সবদ তক্তা কান্ধে লইয়া বিস্তর ঘাম করিত; এহা দেখিয়া বিস্‌পো কহিলেন, যে তক্তা সে লয়, সেই তক্তা চুরি করিয়া লয় : মুনিষ্যে বিস্‌পোরে জিজ্ঞাসিল, এহা তুমি কেমতে জান? বিস্‌পো কহিলেন : তক্তার উপরে ভূত বসিয়া দেখি, এ কারণ কহি। তখন মুনিষ্যে দেখিতে গেল, যেমত বিস্‌পো কহিয়াছিলেন, তেমত হইল।

গু। কেহ কহিবেক; যে বড় চুরি করে, সে বড় অপরাধ করে, এ কারণ বড় শাস্তি পায়, আমি তো এমত চুরি করি নাহি, এক আম্র, এক কাঁঠল, এক বাঁশ, তরা জালা, এহার চুরি করি, আর না : এ সকল অল্প মূল্যের বস্তু, এহার লাগিয়া কি আমি নরকে [২১৬] যাইব? যে জনে এমত কহে, তাহারে কি উত্তর দিব?

শি। উত্তর এহি : যাইবা কি না নরকে, ছোট চুরির কারণ, এহা আমি জানি না, পরমেশ্বর জানেন; তুমিও জানিবা, তথাচ জানি য, অল্প বিস্তর চুরির কারণ স্বর্গেতে যাইবা না। এক মুরগী ধান্যের একটা দানা খাইয়া ফুলি ভরে না, কিন্তু বিস্তর দানা খাইয়া ভরে। এমত রূপ, এক ছোট চুরির লাগিয়া নরকে যাইবা না; তথাচ বিস্তর ছোট চুরি করিয়া মহাপাতক হইবেক, মহাপাতক যে করে, সে নরকে

যায়। এবং যদি এক ছোট চুরির কারণে যায় না নরকে, তথাচ এহি চুরির কারণে তোমার বস্তু নষ্ট হইবেক: আম্র, কাঁঠল নষ্ট হইবেক, ধান্যও তল যাইবেক; আর আর অনেক ধরণের শাস্তি; এহা তুমি অনেকবার দেখিলা, এবং ও দেখিবা। এহি যথার্থ কথা; যে যেমত পাপ পুণ্য করে, সে তেমত ভোগাভোগ পায়। যে সুজন, সে যেমত আপনের ভালায়ের সাধ করে, তেমত নরলোকের ভালায়েব সাধ করিবে। যে সুজন, সে যেমত আপনের মন্দর সাধ না করে, তেমত নরলোকের মন্দর সাধ না করিবে। এহা না হইলে দশ আজ্ঞা কেমতে পালিবেক? নরলোকেরে দয়া করিবে আপনের সমান [২১৮] কেমতে? এহা তুমি বুঝ: এহা তোমার বোধে লয় না যদি, এক শাস্তির কথা শোনো।

থিওদোরেতো লিখিয়াছেন, যে এক গৃহস্থ পরের গিওয়ের ক্ষেতেব কাছে আর ক্ষেত করিল; পরের ক্ষেত্রে হ'তে অল্প গিয়েম চুবি কবিয়া নিল, এবং আপনের ক্ষেতে রাখিল: চুরি অল্প মূল্যের বস্তু; কিন্তু শাস্তি বড় হইল। পরমেশ্বরের আজ্ঞায় এক ঠাটা ক্ষেতে পড়িল, ক্ষেত ও ঘরও পুড়িতে লাগিল। এহা দেখিয়া গৃহস্থ এক সাধুব স্থানে গেল, চুরি ও শাস্তিও সাধুরে জানাইল। সাধুয়ে তাহারে কহিলেন: যাও গিয়া, তত কাল যে চুরি করিলা, যাহার যাহার বস্তু তাহারদিগেরে ফিরিয়া দিও। এমত করিয়াছে গৃহস্থ; এহার মধ্যে সাধু স্তব করিলেন; গৃহস্থেব কারণ পরমেশ্বরেব ঠাঁই সাধিলেন। গৃহস্থ যাহার যাহার বস্তু চুবি করিল, তাহারে ফিরিয়া দিল, এবং অচম্বিত অগ্নিয়ে লিবিয়া গেল। গৃহস্থ আর কোনো দিন চুরি করিল না।

গু। এহা বুঝিলাম; আর কহো: আষ্ট আজ্ঞা কেমতে পালিবেক?

শি। পরিবাদ না দিবেক, মন্দ চর্চ্চাও না কবিবেক, মিথ্যা কথাও না কহিবেক।

গু। মিথ্যা কথা, কিবা পরিবাদ, কি পাতক?

[২২০] শি! ভূতের পাতক। কাবণ এহি, প্রথম মিথ্যা কথা ভূতে কহিল: যখন আদ্মারে জ্ঞান-বৃক্ষের ফল খাওয়াইল। আদ্মারে কহিল: জ্ঞান-বৃক্ষের ফল খাইও, মরিবি না, ভাল মন্দ জানিবি, যেমত পবমেশ্বর জানেন। এমত কথায় মিথ্যা কথা ভূতের পাতক, যে মিথ্যা-কহনিয়া, সে ভূতেব পাতকী। এহা বুঝাইবাব পরিবাদের শাস্তি কহি, শোনো।

পালাদিও সাধু বনবাসী আছিলেন, তাহান পুণ্য কার্য্য দেখিয়া ভূতে সাধুরে নষ্ট করিতে চাহিল: এ কারণ তাহানে এক পরিবাদ দিতে করাইল: এমত রূপে।

সিদ্ধা পালাদিও বনের মধ্যে বসত করিতেন; সেই বনের নজদিক এক শুহর আছিল। সেই শুহরে অনেক বেপারী বেপাব করিত। এক দিনে একটা বেপারী জিনিস কিনিযা আপনের দেশে যাইতে চাহিত; আর বেপাবীর ঠাঁই কহিত: এহি দেশে অনেক ডাকাইত আছে; এ কারণ আমারে বিদায দিও, আমি রাত্রি থাকিতে যাইব। বেপারীর কথা এক ডাকাইতে শুনিল। এহা শুনিয়া ডাকাইতে বনেতে লুকাইয়া রহিল, বেপারীর জিনিস চুরি করিবার চৌকি দিল। দুই প্রহব রাত্রে বেপারীয়ে মেলা করিল। বনের মধ্যে ডা-[২২২]কাইতে তাহার লাগাল পাইল। পালাদিওর ঘরের কাছে তাহারে ধরিয়া বধিল। জিনিস ডাকাইতি করিয়া নিল: এবং মরা শরীর পালাদিয়ের বাড়ীতে ফালাইয়া দিল। তাহার পবে হাকিমের স্থানে আরজ করিল: কহিল, ঠাকুর, 'দোহাই পাতশায়ের, যদি তুমি তজবিজ না করো:

পালাদিও যে সাধু, সে ডাকাইত হইল, এক বেপারীকে বধিল।' এহা শুনিয়া হাকিমে দেখিতে গেল ; মরা মানুষকে দেখিয়া সাধুর বাড়ীতে সাধুরে ধরিল ঃ বেগুনা হইয়া সাধুয়ে গুনাগার হইলেন। তখন তিনি মবারে জিজ্ঞাসিল ঃ 'ফলানা, তোমারে বধিল কেটা ?' সাধুর কথা শুনিয়া মরায় জিয়া উঠিল ; জিয়া উঠিয়া ডাকাইতেরে দেখাইয়া কহিল ঃ 'এ মুনিষ্যে আমারে বধিল।' এহা কহিয়া পুনর্ব্বার মরিয়া গেল। সাধুয়ে খালাস হইলেন, হাকিমে ডাকাইতেরে ধরি ফাঁসি দিল ; ডাকাইতির ও পরিবাদের ভোগাভোগ পাইল।

গু। বড় কথা কহিলা। এহাতে বুঝিলাম, যে পরিবাদ মহা-পাতক। আর কহো ; কুচর্চ্চা-করণ কি পাতক ?

শি। ইঞ্জিলের শোলোক শোনো, এহাতে বুঝিবা। সালামাওঁ কহেন ঃ 'আপনে রক্ষা করো চর্চ্চায হ'তে।' সিদ্ধা পাউল কহেন ঃ 'কুচর্চ্চা ক-[২২৪]রিও না, যেমত কুজনে কুচর্চ্চা করে। বিনে চর্চ্চায কাম কায্য করো।'

মারিয়া মোইসেজের বইন্ তাহার ভাইয়েব চর্চ্চা করিল ; এ কারণ কুড়িয়ানি হইল। দাতান ও আবিরোনও কুচর্চ্চার কারণ মরিল, এবং কুচর্চ্চার কারণ পরমেশ্বর পেঠাইলেন অনেক অগ্নির সাপ ইস্রায়েলের লোকের, উপরে ; এবং অনেক লোকে বনের মধ্যে মরিল। সিদ্ধা গ্রেগোরিও কহেন, 'যে কুচর্চ্চা যে করে, সে স্বর্গে যাইতে পারে না।' এহি সকল শোলোকে বুঝ, কুচর্চ্চা কত বড় পাতক।

গু। এহা পূর্ব্বর কথা ; এহি কালের কথা কহো।

শি। কহি, শোনো। ওকাঞা শুহরে এক কলিম পুরুষ বড় চর্চ্চা-করনিয়া আছিল। সে এক দিন ধর্ম্ম-ঘরে গেল ঃ পাদ্রি মান্সো শিক্ষা দিলেন, সেই শিক্ষাতে শুনিল। পাদ্রি জিহ্বার পাতক, আর যত তাহাতে

ধর্ম্মে বুঝাইলেন। কুচর্চ্চাব শাস্তি দেখাইলেন; শিক্ষা শুনিয়া কলিম-কহনিয়া প্রাণের ব্যথা করিল, ফিকির করিযা আব কুচর্চ্চা না করিবার, কস্ফেসার করিতে আশা রাখিল। এ কাবণ সিদ্ধা দোমিন্গোসের কন্ভেস্তোতে গেল, এক পাদ্রি তাহার দোস্ত ডাকিয়া আনাইল, সেই পাদ্রি কামের কা-[২২৬]রণ আইসিতে না পারিলেন। এহা দেখিয়া কু-কহনিয়া অহঙ্কাব করিয়া পাদ্রি-সকলেব কুচর্চ্চা করিতে লাগিল; অনেক গাইল দিল। পরে ঘোড়াব উপবে সওয়ার হইয়া ফিরিয়া গেল। পন্থে যাইতে অনেক দোস্তের লাগাল পাইল, তাহারগো সঙ্গে পুনর্ব্বার পাদ্রিবগো কুচর্চ্চা করিতে লাগিল, কুচর্চ্চা কবিতে করিতে অনেক লোকে আগুয়াইল, এবং চর্চ্চার ভোগ অনেক লোকে দেখিল। তখন পবমেশ্বরেব আজ্ঞায তাহাব ঘোড়ায় বড় ক্রোধ হইয়া, এক ফাল দিয়া, আপনের খাওন্দেবে ফালাইয়া দিল: এবং লাথিযাইতে লাগিল: কামডও দিতে লাগিল। তাহাবে বাঁচাইবার অনেক লোকে আগুয়াইল: তাবোয়াল দিয়া ঘোড়ারে খাদাইয়া দিল। তখন ঘোড়ায় বেশ ক্রোধ হইযা লোকের মধ্যে পুনর্ব্বার গিয়া আবও বেশ করিযা তাহাবে কামড় দিতে লাগিল: কামডাইতে কামডাইতে টুকি টুকি তাহাবে করিল। মবিল, নবকে গেল। এমত শাস্তি দেখিয়া লোক-সকলে স্থকিত হইয়া বহিল: এবং আস্কাবা-সকলে জানিল, যে জিহ্বাব পাতকের কারণ এমত শাস্তি পাইল।

[২২৮] আর। তোমাস কান্তিপ্রাতো লিখিয়াছেন, যে তিনি আপনে দেখিলেন, এবং ও চিনিলেন এক বড চর্চ্চা-কথনিযাকে সেই আজার-বন্দ হইয়া, তাহার বড় জ্বর হইল, জ্বরের জোরে সিঁড়ির মত হইয়া জিহ্বা খান খান করিল; দাঁত দিয়া আপনে আপনেরে শাস্তি দিল। আর ও বেশ শাস্তি পাইল, আঁতুড়ি পঁচিযা গেল; এ কারণ মুখ দিয়া অতি কুগন্ধ

বাহির হইল ঃ মুখে অপরাধ করিল ; মুখেও শাস্তি পাইল। এমত রূপে মরিল ; তাহার ভোগাভোগ যম-তাড়না হইল নরকে।

আর। ইংলেজের দেশে এক ক্লেরিগো আছিল ; সে এত বড চর্চ্চা-করনিয়া যে কুজনেরও সুজনেরও কুচর্চ্চা করিত ; এবং আপনের চর্চ্চাও করিত। সেই মরণের সঙ্কটে পড়িল মরণের সঙ্কট দেখিয়া মুনিষ্যে তাহারে কহিল—ঠাকুর, তুমি বড় নিদানেতে পড়িলা, পীড়া তোমার বড় হইল, তাহার ঔষধ্য নাহি, তোমার উপায় পরমেশ্বর দিবেন ঃ তাহান ঠাঁই তোমার অপরাধের মাফ মাঙ্গো ; বড় প্রাণের ব্যথা কবিয়া কন্ফেসাব কর। তিনি করুণাময়, যে তাহান ঠাঁই মাফ চাহে, তে মাফ পায়। এহা শুনিয়া সে কু-কহনিয়া বোবা হইযা উতর দিতে পারিল না। জিহ্বা মুখের বাহির করিয়া, জিহ্বা আঙ্গল দিয়া দেখিয়া তিন বাব কহিল ঃ [ ২৩০ ] 'এহি জিহ্বার কারণ ; এহি জিহ্বার কারণ, এহি জিহ্বার কারণ অভাগিয়া হইয়াছি।' এহা কহিযা, জিহ্বা অচম্বিত ফুলিল। আর কথাও না কহিল। এমত রূপ মহানরকে গেল, অভাগিয়া হইল।

গু। বুঝিলাম ঃ এখন কহো, যে কুচর্চ্চা শোনে, সে নি কোনো অপরাধ করে ?

শি। হয়, কুচর্চ্চা-করণ, এবং কুচর্চ্চা-শুনন, সমান অপরাধ, যদি কবুল প্রতক'তকিত করে।

গু। তবে যদি কেহ আমার হুজুরে কুচর্চ্চা করে, করিব কি ? আমি কি লোকের মুখ বুজিতে পারি ?

শি। না ঃ কিন্তু মানা করিতে পারো কুচর্চ্চা করিতে ; যেমত সিদ্ধা আগোস্তিন্‌হো করিয়াছেন ঃ তিনি কোনো দিন কুচর্চ্চা করিলেন না ; এবং শুনিতেও চাহিলেন না। এ কারণ আপনের ঘরের দাওয়ালে এহি

লিখা রাখিয়াছেন : 'এখানে কেহ কুচর্চ্চা করিবে না ; এবং ও কুচর্চ্চা না শুনিবে।'

গু। কেমতে কুচর্চ্চা মানা করিব, যদি আমি দেখি, যে যাহার যাহার চর্চ্চা মুনিষ্যে করে, সে সে কুকার্য্য করে, এবং কুপন্থ ধরে? ফলানা মরদে ফলানা মাইয়ার ঘরে নিত্য যায়, সেই মাইয়া খায়, পিন্ধে, এবং সেই মরদে তাহারে খাওয়ায়, পিন্ধায়, হাঁসে ও, খেলা করে ও, এহা দেখিযা কি মুনিষ্যে চর্চ্চিলে না?

[ ২৩২ ] শি। না কদাচিত্য, কারণ শোনো : পরমেশ্বরের শাস্ত্রে আসিতে, যাইতে মানা করে না : এবং খাওয়াইতে ও পিন্ধাইতেও মানা করে না। তিনি কেবল মানা করেন পাপ-করণ : পাপ-করণ না হইলে, পাপ হয় না : তবে কুচর্চ্চা হইবেক কি কারণ? তুমি নি কোনো পাপ কার্য্য দেখিলা?

গু। না : কিন্তু আসিতে যাইতে দেখিয়া মুনিষ্যে বলে, এবং আমিও বলি।

শি। ভাল, কহো, যে মুনিষ্যে বলে, এহা নি মিথ্যা হইতে পারে?

গু। হয়, মিথ্যা হইতে পারে!

শি। তবে কুচর্চ্চা শুনি কিসের কারণ? এমত কুচর্চ্চা যে করে, সে বিস্তর পরিবাদ তোলে। এহার মধ্যে এক অপূর্ব্ব কথা শোনো, তাহাতে বুঝিবা।

সিদ্ধা জোয়াওঁ ভিক্ষাধারী কহেন, যে দুই পাদ্রি বনবাসী তিরো শুহরে গেলেন। শুহরের মধ্যে হাঁটিয়া যাইতে দেখিলেন, যে এক স্ত্রীলোক নটীয়ে তাহানদিগেরে ডাক দিত, কহিত, পাদ্রি, আমি অনেক অপরাধ করিয়াছিলাম, আর অপরাধ করিব না, খ্রিস্তায়াঁ হইতে চাহি,

তোমরা পরমেশ্বরের দয়ার কারণ আমারে লইয়া শিক্ষা দিও: তরিবার পথ বুঝাইও; এহি নিবেদন করিয়া কান্দিতে লাগিল। এহা দেখিয়া এক পা-[২৩৪]দ্রি হাত ধরিয়া লইয়া গেলেন! এহা অনেক লোকে দেখিল; এবং অনেক লোকে কুচর্চ্চা করিতে লাগিল। হাঁটিয়া যাইতে দুই জনে এক ছোট ছাওয়ালকে পন্থে পাইল। ছাওয়াল পাইয়া, মাইয়ায়ে পাদ্রিরে কহিল, ঠাকুর, এহি ছাওয়ালের পিতা মাতা নাহি, আমি তাহারে পালিবাম, লেই? লেও, পাদ্রি কহিলেন। পাদ্রির হুকুম পাইয়া মাইয়ায় ছাওয়ালকে কোলে করিয়া লইয়া গেল: তাহারে পালিতে লাগিল। মাইয়ায় অর্থ-ভেদ শিখিয়া খ্রিস্তার্যাঁ হইল। পরে শুহরের লোকে পাদ্রির বাড়ীতে গিয়া, আইসিতে যাইতে ছাওয়ালকে দেখিল: এবং আরও বেশ করিয়া পাদ্রির কুচর্চ্চা করিতে লাগিল: কহিত: যে পাদ্রি আর বছর মাইয়ারে লইয়া গেলেন, সেই মাইয়ার উদরে এক পুত্র জর্ম্মাইলেন, আমরাও দেখিলাম। এমত কুচর্চ্চা শুহরের লোকে করিল। চাইর পাঁচ বছর বাদে বেশ কম, প্রভু সাধুরে মরণ জানাইলেন। এহা জানিয়া সাধুয়ে মাইয়ারে কহিলেন: লও ছাওয়াল, চলিয়া যাই শুহরে। মাইয়ায় কহিল: যে আজ্ঞা, চল যাই। দুই জনে শুহরে গিয়া পৌছিল; পাদ্রি ততকাল আজার-বন্দ হইলেন, আজার-বন্দ হইয়া, অনেক লোকে তাহারে দেখিতে গেল। তখন সাধুয়ে আপনে আপনের পরীক্ষা দিলেন; অগ্নির আঙ্গরা জ্বালা আনাইলেন, অগ্নি আনিয়া [২৩৬] লোকের সাক্ষাতে কহিতে লাগিলেন: এহি মাইয়া হিন্দুনী আছিল; আমি তাহারে লইয়া শিক্ষা দিলাম, তরিবার পন্থ বুঝাইলাম; এবং তাহারে বাপ্তিস্মো দিলাম; খ্রিস্তার্যাঁ হইল। এহি বালকেরে প্রভুর দয়ার কারণ তে পালিল। এহার মধ্যে অনেক লোকে আমার চর্চ্চা করিল: বিনে গুনায়ে গুনাগার হইলাম। এহি সাঁচা জানাইতে, আমি পরীক্ষা

করি : তোমরাও দেখো। এহা কহিয়া হাত দিয়া অগ্নি ধরিয়া কাপড়ের উপরে ফালাইয়া দিলেন, চাইর পাঁচ ঘড়ি কাপড়ের উপরে অগ্নি রহিল : এবং কাপড় নষ্ট হইল না। তখন পাদ্রি কহিলেন : যেমত অগ্নিয়ে নষ্ট করে না আমার কাপড়, তেমত এহি মাইয়াব অগ্নিয়ে আমারে নষ্ট না করিল ; যেমত তোমরা ভাবিলা। এহা শুনিয়া যাহারা কুচর্চ্চা করিল, তাহারা সাঁচা জানিয়া আপনেরদিগের অপরাধ কান্দিল। পবে সাধুয়ে মরিয়া, উড়িয়া গেলেন স্বর্গে। এহি অপূর্ব্বেতে তোমরা শিখ, পরের কার্য্যের বিচার না কবিতে : যে জনে যথার্থ পরমবাজ, তিনি যথার্থ বিচাব করিবেন।

গু। নযে' আজ্ঞা কেমতে পালিবেক ? এবং দশে' আজ্ঞা কেমতে পালিবেক ?

শি। পরেব স্ত্রী দেখিয়া লোভ না করিবেক, এবং পরের ধন দেখিয়া লালস না করিবেক : কারণ এহি : উচিত নহে সাধ করিতে, [ ২৩৮ ] যে বস্তু উচিত নহে পাইতে।

গু। পবের স্ত্রীর লোভ যে করে, সে নি মহাপাতক করে ?

শি। হয় : কামদ কায্য, এবং কামদ কার্য্যের লোভ সমান পাতক। এহা বুঝিবার শোনো।

ইংলেজের দেশে এক জোয়ান মরদ কামদী আছিল : সে জোয়ান কালে মরণের পীড়াতে পড়িল। এহা জানিয়া বড় প্রাণের ব্যথা করিয়া আপনের অপরাধ কন্‌ফেসার করিল, আত্মায়েব জারনা ভক্তি-রূপে লইল। আখের মরিল। তাহার এক খুড়া পাদ্রি আছিল : সেই পাদ্রি ভাতিজার মরণ বাদে, তাহার আত্মায়ের লাগিয়া এক মহিমা দিতে চাহিলেন। মহিমা দিবার ধর্ম্ম-ঘরে গেলেন ; মহিমার আগে স্তব কবিলেন ; স্তব কবিয়া প্রভু তাহারে জানাইলেন, যে তাহার ভাতিজা

অভাগিয়া হইল। পাদ্রি কহিলেন, কি কারণ অভাগিয়া? তে নি ভাল ধরাণ কন্‌ফেসার করিল না? উতর হইল, হয়; কন্‌ফেসার করিয়াছে ভালরূপে; এবং কন্‌ফিসাওঁ ভাল হইল। কিন্তু কন্‌ফিসাওঁ বাদে ভূতে বাজি দিল; এক পরস্ত্রীর লগে কামদ কার্য্য করিতে সাধ করিল। সেও বাজি মানিল; কল্পনাতে কামদ কার্য্য করিল; ইচ্ছাতে অপরাধ করিল; [২৪০] এহি মহাপাতকে মরিল, এ কারণ নরকে গিয়া যম-তাড়না পায়, এবং পাইবে অনন্ত সংখ্যা।

গু। আর কহো: পরের ধনের লালসে কোন অপরাধ নি জর্ম্মে?

শি। এহা আমি কহিতে পারি না; কিন্তু এক লালসের শাস্তি শোনো, এহাতে বুঝিবা।

ফ্লান্দ্রিয়া দেশে এক শিপাই বড় তেজোবন্ত আছিল, লড়াই করিতে করিতে বড় নাম তাহার হইল; এবং রাজায় তাহারে অনেক ধন দিলেন। ধন পাইয়া তাহার পিতা মাতার ঘরে গেল। তাহার দেশে রাত্রে পৌছিল; তাহার এক বইন্ আছিল, তাহারে পন্থে লাগাল পাইল; ভাইয়ে বইনেরে চিনিল, তাহারে বইনে না চিনিল। তখন সে বইনেরে কহিল: তুমি নি আমারে চিন? না ঠাকুর, বইনে কহিল। সে কহিল, আমি তোমার ভাই। ভাইয়ের নাম শুনিয়া, উনি বড প্রীত হইল্: ভাইয়ে ঘরের খবর লইল, জিজ্ঞাসা কবিল: আমার-দিগের পিতা মাতা কেমত আছেন? বইন্ কহিল, কুশল। দুই জনে কথা বার্ত্তা কহিল। পরে বইন আপনের ঘরে গেল, ভাইয়েও পিতা মাতার ঘরে যাইতে লাগিল। তাহার পিতা লাগাল পাইয়া, পুত্র অচিনা হইয়া পিতার কাছে বাসা চাহিয়া কহিল, ঠাকুর, তুমি নি এহি রাত্রে আমারে বাসা দিবা? যে খরচ হয়, তোমারে দিবাম। পিতায় অচি[২৪২]না পুত্রেরে বাসা দিল, তাহার ধন দেখিয়া ধনের লালসে

তাহারে রাত্রে বধিল, এবং তাহারে মাটি দিল, ধন লুকাইয়া রাখিল। আর দিন বড় প্রাতঃকাল পিতা মাতার বাড়ীতে বইনে গেল। পিতার ঠাই জিজ্ঞাসা করিল, আমার ভাইয়ে কোথায় গেল? পিতায় উতর দিল, তোর ভাই আসিল না, আমবাও দেখিলাম না তাহাবে। ঝীয়ে ফিবিযা জিজ্ঞাসিল, তবে কোথায গেল? আমি কইল্ল বাত্রে তাহারে দেখিলাম হাঁটিয়া যাইতে, তাহার লাগাল পাইলাম, আমার লগে কথা বার্ত্তা কহিল। এহা শুনিয়া পিতা কান্দিতে লাগিল; মাগেরে কহিল, কি করিয়াছি আমরা? আমারগো পুত্র বধিলাম, অভাগিয়া হইয়াছি পৃথিবীর মধ্যে! এমত ধবাণ কান্দিতে কান্দিতে দুই জনে মাগ ভাতার অভবসা হইল: অভরসা হইয়া, যেন পাতকে আর পাতক জর্ম্মে, পিতা আপনে আপনেরে গলায় ফাঁসি দিয়া মবিল, মাতায ছুবি দিয়া আপনে মরিল, এবং দুই জনে নবকে গেল। এহি কথাতে দেখ, পবেব ধনের লালসে পুত্রের বধ জন্মিল, এবং অভরসা জন্মিয়া দুই জনেব বধ হইল।

গু। দশ আজ্ঞা উত্তমে বুঝাইলা: পাচ আজ্ঞাও বুঝাও।

শি। জিজ্ঞাসা করো, আমি তো উতর দিব।

# তাজেল ৬

## পাঁচ আজ্ঞা, এবং তাহানদিগের অর্থ

§

গু। জান নি পাঁচ আজ্ঞা?

শি। হয়, জানি; ধর্ম্মের কৃপায়।

গু। কহো, শুনি।

§

শি। সিদ্ধী মাতা ধর্ম্ম-ঘরের পাঁচ আজ্ঞা।

প্রথমে,

উদ্ধারকর্ত্তার মহিমা শুনিবে রবিবারে, আর ধর্ম্ম-দিন পালনের।

দুইযে,

কন্‌ফেসার করিবে, নিদানে বছরে একবার।

তিনে,

নির্ম্মল ধর্ম্ম লইবে, যে সময়ে ঠাকুর জিয়া উঠিলেন।

চাইরে,

নিয়ম পালিতে, রোজা করিতে—যে দিন সিদ্ধী মাতা ধর্ম্ম-ঘরে আজ্ঞা করেন।

[ ২৪৬ ] পাঁচে,

নবীন শরীয়েব প্রথম, এবং দশ অংশের এক অংশ ধর্ম্ম-ঘবে দিবে।

§

গু। প্রথম আজ্ঞা কেমতে বুঝ?

শি। বুঝি, যে আমারদিগেব উচিত মহিমা শুনিতে ধর্ম্ম-দিনে চিত দিয়া, এবং ভক্তি-রূপে।

গু। চিত দিবাব মহিমাতে কি কবিব?

শি। কোন অধর্ম্ম কথা না কহিবেক, পরমেশ্বরেব ঠাঁই নিবেদন কবিবেক; এবং খ্রিস্তর কষ্ট দুখ ভাবিবেক।

গু। কেমতে মহিমা শুনিবেক?

শি। এহাব উতর দেওন বড় দুখ; তথাচ, যে শিক্ষা এক ভাগ্যবন্ত তাহার মৃত্যু বাদে দিল, সেই শিক্ষা তুমিও শোনো, এহাতে বুঝিবা।

এক রোমানা-পন্থী আছিল, সেই ভক্তি-ধরণে প্রতিদিন বিস্তর মহিমা শুনিত, পরমেশ্বরের কৃপাতে মবিল, এবং স্বর্গে গিযা মহিমার ভোগাভোগ পাইল। যে পাদ্রি তাহারে কন্‌ফিসাওঁ দিতেন, [২৪৮] তাহান লগে দেখা হইয়া কহিল: ঠাকুব, তুমি আমাবে তবিবাব পন্থ বুঝাইলা; এবং আমি তো তোমাব শিক্ষা ধরিলাম, যেমত আমারে ভাল কবিলা, তেমত পরমেশ্বর তোমারে ভাল করুক: এখন প্রভুর কৃপায় স্বর্গে যাই।

তখন পাদ্রি তাহারে জিজ্ঞাসিলেন, কি পুণ্য করিলা, মুক্তি পাইবার? সে উতর দিল, মহিমার ভক্তি। তবে (পাদ্রি কহিলেন) তবে কহো; মহিমার ভক্তি কেমতে করিলা? সে কহিল: যখন ঘবেব বাহির হইতাম ধর্ম্ম-ঘরে যাইবার, আগে সিদ্ধি ক্রুশ করিতাম, তবে পদার্থনা

জপিতে জপিতে ধর্ম্ম-ঘরে যাইতাম ; এবং পরমেশ্বরের ঠাঁই নিবেদিতাম, যে তিনি আমারে যোগ্য করুক ধর্ম্ম-ঘরের ভিতরে যাইবার। এমত রূপ ধর্ম্ম-ঘরের ভিতরে যাইতাম, যেমত যে স্বর্গের ভিতরে যায়। ধর্ম্ম-জল লইতাম ; এবং সিদ্ধি ক্রুশের সেবা ভক্তি করিয়া মহিমা শুনিবার ধর্ম্মের কৃপা চাহিতাম। তবে হাঁটু করিয়া খ্রিস্তর আকৃতির ঠাঁই, তাহান পাঁচ ঘা দেখিয়া পাঁচ পদার্থনা জপিতাম ; এবং পদার্থনাতে পাঁচ নিবেদন করিতাম ঃ প্রথমে কহিতাম, ঠাকুর, এখানে আছি তোমার ঠাঁই যেমত গরিব ; [২৫০] ভিক্ষা চাহি তোমার কৃপা। দুইয়েতে কহিতাম ঃ ঠাকুর, এখানে আছি তোমার ঠাঁই যেমত গোলাম তাহার ঠাকুরের সাক্ষাতে, আত্মায়ের খোরাক নির্ম্মল-ধর্ম্ম আমারে দিও। তিনে কহিতাম ঃ ঠাকুর এখানে আছি তোমার ঠাঁই, যেমত গুনাগার হাকিমের সাক্ষাতে, আমার গুনা ক্ষেমো। চাইরে কহিতাম ঃ ঠাকুর, এখানে আছি তোমার ঠাঁই, যেমত দোস্ত দোস্তের সাক্ষাতে, আমারে দয়া করিও ঃ এবং আমারে কৃপা দিও কোন অপরাধ না করিবার কারণ। পাঁচে কহিতাম, ঠাকুর, এখানে আছি তোমার ঠাঁই যেমত পুত্র পিতার সাক্ষাতে, তোমার রাজত্বের অংশী আমারে করিও। এমত রূপে মহিমা শুনিতাম, খ্রিস্তর কষ্টের ভাবন করিয়া। এবং পরমেশ্বর পরম সার আমার নিবেদন শুনিলেন ; আমার অপরাধ ক্ষেমিলেন, তাহান কৃপায় মরিলাম, এবং স্বর্গে যাই ভোগাভোগ পাইতে।

এমত রূপ মহিমা শুনিয়া সেই মুনিষ্য ভাগ্যবন্ত হইল ঃ এবং যে এমত রূপ মহিমা শোনে, সেও ভাগ্যবন্ত হইবেক। যেমত ভক্তি, ফলও তেমত।

[ ২৫২ ] আর। তিন অকুমারী স্ত্রীলোকে গিয়াছিল ধর্ম্ম-ঘরে মহিমা শুনিতে, এক পাদ্রি বড় ধর্ম্মার্থ মহিমা দিতে লাগিল, তাহারাও মহিমা

শুনিতে লাগিল। মহিমাতে পাদ্রি আত্মায়ের চোখ দিয়া দেখিলেন, যে এক দেবগণে স্বর্গে থাকিযা আসিয়া একটি অকুমারীর মাথায় সাদা ফুলেব মটুক দিলেন: আর অকুমাবীর মাথায বাঙ্গা ফুলের মটুক দিলেন: এবং ও দেখিলেন, যে এক ভূতগণে আসিয়া ভাঙ্গা চামড়া হাতে করিয়া আর অকুমারীর মাথায় দিল: তখন অনেক ভূত আসিযা তাহার সাক্ষাতে নাচন কবিতে লাগিল।

এহা পাদ্রি দেখিলেন, মহিমার পরে তিন অকুমাবীর কাছে গেলেন। প্রথমেরে জিজ্ঞাসিলেন, তুমি মহিমা শুনিতে কি ভাবিলা? উনি কহিল, আমি খ্রিস্তর জর্ম্ম-ভেদ ভাবিলাম। পাদ্রি কহিলেন, আমি তো এক দেব দেখিলাম, সেই দেবে এক সাদা ফুলের মটুক তোমার মাথায দিলেন। আর অকুমারীরেও জিজ্ঞাসিলেন: তুমি কি ভাবিলা? উনি উত্তর দিল: আমি খ্রিস্তর কষ্ট-ভেদ ভাবিলাম। এ কারণ (পাদ্রি কহিলেন) আমি এক দেব দেখিলাম, তিনি [২৫৪] এক বাঙ্গা ফুলের মটুক তোমার মাথায় দিলেন। আর ও অকুমারীরে জিজ্ঞাসিলেন: তুমি কি ভাবিলা? সে উত্তরও দিল: আমি তোমার মহিমা এত দীঘল দেখিয়া বড় বেজার হইলাম, কারণ এহি—আমার পাড়া-পড়শীরা নাচন করে; নাচন দেখিতে চাহিতাম। পাদ্রি কহিলেন: আমি দেখিলাম এক ভূত; সেই ভূতে তোমার মাথায় পুরান চামড়া দিল। তাহার পব অনেক ভূত আসিয়া তোমার হুজুরে নাচন করিল। তখন পাদ্রি তাহারে বুঝাইতে লাগিলেন। এহা শুনিযা মাইয়ায় বড় লাজ পাইল। আর দুই অকুমারী বড় খোশাল হইয়া ঘরে গেল। অনেক পুণ্য করিল; এবং পুণ্যের ভোগ পাইল। এমত রূপ মহিমা শুনিতে উচিত, মহিমার ফল পাইবার। এহা না হইলে মহিমার ফল কেমতে হইবেক?

গু। দুয়ে' আজ্ঞা কেমতে বুঝ ?

শি। বুঝি, যে খ্রিস্তাওঁ সকলের উচিত কন্‌ফেসার করিতে নিদানে এক বার বছরে ; আর যখন কোনো সাক্রামেন্তো লইতে চাহি, এবং যখন মরণের পরমাদ হয়।

[২৫৬] আর বুঝান কন্‌ফেসার-করণে পাইবা, সাত সাক্রামেন্তোস অর্থ পড়ো।

গু। যাহারা কন্‌ফেসার কবিতে চাহে না, তাহারদিগের নি কোনো মুক্তির উপায় আছে ?

শি। নাঃ তাহারদিগেব কোনো উপায় নাহি : এহা জানিবার শোনো।

সন হাজার ছয় শহ তিন বছর খ্রিস্ত জর্ম্ম বাদে, মাদ্রিদ শুহরে এক আজার-বন্দ রাজাব অস্নুস্থোব বাসাতে আছিল। সে বড় পাপী হইয়া কদাচিত্যা কন্‌ফেসার করিল না কোনদিন, মরণেব সঙ্কট দেখিয়া তাহারে কন্‌ফেসাব করিতে পাদ্রি কহিলেন। সে কহিল : এখানে অনেক আজার-বন্দ আছে, তাহারা আমার অপরাধ শুনিতে পারে, এ কারণ কন্‌ফেসার করি না। এমত নির্দ্দেশ দিত। এক রাইত্রে কেহ না জানিলে, সে অদেখা হইল : যথায় গিয়াছে, এবং যা তাহারে লইযা গেল, কেহ না জানিল। দুই পহর রাইত্রে দুই জনে সিদ্ধা ফ্রেই- -জিল কন্‌ভেন্তোতে গিয়া, এক পাদ্রি কন্‌ফেসাব মাঙ্গিল আজাব-বন্দেরে কন্‌ফিসাওঁ দিবার। এক পাদ্রি গিযাছেন, তাহান নাম জোযাওঁ রোমেরো, বড় ধ[২৫৮]র্ম্মার্থ তিনি। হাঁটিয়া যাইতে যাইতে শুহরের বাহির, তাহারা তাহানে লইয়া গেল। পাদ্রি ডরাইতে লাগিলেন কহিলেন : তোমরা কোথায আমারে লইয়া যাও ? তাহারা কহিল : ঠাকুব, আইস, কোন ডর নাহি তোমার : আজার-বন্দ ময়দানে আছে

এবং মরণের বড পরমাদে। গিযাছেন পাদ্রি, এবং আজার-বন্দ পাইলেন ; বৃক্ষের তলে শুইযা আছিল ব্রাঞ্চিকাল খালের কূলে। তবে এক জনে পাদ্রিবে কহিল, এহি আজার-বন্দ ; সে কন্‌ফেসার কবিতে চাহিল না ; তুমি তাহাবে বুঝাইয়া ধর্ম্ম কার্য্য করিও। পাদ্রি তাহাবে বুঝাইতে লাগিলেন, এবং নরকের যম-তাডনা দেখাইলেন, আব আর অনেক শিক্ষা দিলেন। সে পাদ্রির শিক্ষা ধরিল না, এবং কন্‌ফেসার না করিল। তখন দুই জনে পাদ্রিরে কহিল, ঠাকুব, এহি আজাব-বন্দ অস্থস্থ্যেব বাসাতে আছিল ঃ কদাচিত্য কন্‌ফেসার করিতে চাহিল না ; কহিত, যে আর আব আজাব-বন্দ তাহাব অপবাধ শুনিতে পাবিত ; এ কাবণে আমবা ভূতগণে পরমেশ্বরের আজ্ঞায তাহারে লইয়া আইসিলাম ময়দানে, কোনো নির্দ্দেশ না দিবাব। এহিখানে কেহ শুনিতে পাবিবে না। তুমি তাহারে কহো, যে প্রাচিত করুক ; না—এখানে আছি অনেক ভূতে, তাহাবে লইযা নবকে যাইব। পা-[২৬০]দ্রি এহা শুনিযা আবও বেশ বুঝাইতে লাগিল। আজার-বন্দ নবকে হইয়া কদাচিত্য পাদ্রির কথা না মানিল। এহা দেখিয়া ভূতগণে তাহারে ধবিল, শরীর আত্মা-সমেত তাহাবে লইয়া গেল নবকে।

গু। তিন আজ্ঞা কেমতে বুঝ ?

শি। বুঝি, যে কৃপাব-শাস্ত্রী-সকলেব উচিত নির্ম্মল ধর্ম্ম লইতে নিদানে এক বার বছবে, পাদ্রিব আপনাব গির্জ্জাতে।

গু। নির্ম্মল ধর্ম্ম লইবার কি উচিত করিতে ?

শি। কন্‌ফেসাব করিতে উচিত ভাল-রূপে।

গু। যাহাবা মহাপাতকে নির্ম্মল ধর্ম্ম লয, তাহাবা নি কোনো অপবাধ কবে ?

শি। হয় , সপ্ত মহাপাতক ঃ এহার মধ্যে শোনো।

কর্দবা শুহরে এক কলিম পুরুষ আছিল ; সেই মহাপাতকে নির্ম্মল ধর্ম্ম লইল, এবং মহাপাতকে অচম্বিত মরিল। সুমধে রাইত্রে দুই হাবেশী জ্বালা ফানস হাতে করিয়া পৌলিস্তা পাদ্রিরগো বাসাতে গিয়া মরার কন্‌ফেসার ডাকিয়া আনাইল ; আসিলেন পাদ্রি ; তবে দুই হাবশী তাহানে লইয়া ধর্ম্ম-ঘরে গেল, ধর্ম্ম-ঘরের কুঞ্জি পাদ্রিকে দিল ; এবং দুয়ার মেলিতে কহিল। পাদ্রি [২৬২] দুয়ার মেলিলেন ; দুয়ার মেলিয়া আল্‌তারেতে তাহানে লইয়া গেল। ধর্ম্ম-সিন্দুকের কুঞ্জি তাহানে দিল। পাদ্রি ধর্ম্ম-সিন্দুক মেলিয়া ধর্ম্ম-পাত্র লইল, হাবেশীর আজ্ঞায়। এহা করিয়া, মরার গোরের কাছে তাহানে লইয়া গিয়া, তাহারা কহিল : পাদ্রি, যাহারে তুমি কন্‌ফিসাওঁ দিলা, সে এখানে মৃত্তিকা লইল ; নির্ম্মল ধর্ম্ম অযোগ্যে লইল, অভাগিয়া হইল। অভাগিয়ার মুখে নির্ম্মল ধর্ম্ম আছে, এহা কহিয়া পাযেতে গোরে মারিল, এবং পরমেশ্বরের আজ্ঞায় মরা গোরের বাহির হইল। মুখ মেলিল। মুখ মেলিয়া পাদ্রি নির্ম্মল ধর্ম্ম, ধর্ম্ম-পাত্রে লইলেন ; এবং ধর্ম্ম-সিন্দুকে রাখিলেন। এহা করিয়া হাবশী, কিবা ভূতে হাবশীর ধরান আর বার পাও দিয়া মৃত্তিকাতে লাথি দিল ; এবং অচম্বিত অভাগিয়া শরীর ডুবিয়া নরকে গেল।

গু। চাইরে' আজ্ঞা কেমতে বুঝ ?

শি। [৬] বুঝি, যে কৃপার শাস্ত্রীর উচিত রোজা করিতে, যে দিনে সিদ্ধী মাতা ধর্ম্ম-ঘরে আজ্ঞা করেন ; তাহার উমরের একুইশ বছরে হ'তে, ষাইট বছর তাগায়েত।

গু। কার কার উচিত নহে রোজা করিতে ?

[২৬৪] শি। এই সকল রোজা না করিয়া, পাপ করে না : যাহারা মেহুতি মুনিষ্যে সারা দিন কর্ম্ম-কার্য্য করে, তাহারা রোজা না

করিবে; এবং গর্ভতীও স্ত্রী; পোলাইতীও স্ত্রী; আজার-বন্দও, সকলে রোজা না করিবে।

গু। রোজা যে করে, সে কত বার খাইবেক?

শি। কেবল এক বার খাইবেক দুই পহর; এবং রাইত্রে জল খাইবার থোড়া খাইবেক।

গু। জল খাইবার কত খাইতে পারিবেক?

শি। মধ্যাহ্নের চাইর ভাগের এক ভাগ, আর না।

গু। যাহারা রোজা ভাঙ্গিয়া খায়, তাহারা কত অপরাধ করে?

শি। তাহারা কেবল এক অপরাধ করে।

গু। যাহারা রোজার দিনে মাংস খায়, তাহারা কত অপরাধ করে?

শি। তাহারা যত বার মাংস খায়, এত অপরাধ করে।

গু। উচিত নি রোজা করিতে ইস্পিরিতো সাস্তোব রোজা, ঘর লেপিয়া, নওয়া পাতিল আনিয়া, আর আর ইত্যাদি যত এহাতে স্ত্রীলোকে করে?

শি। না: এমত রোজা অধর্ম্ম, এবং বাধার রোজা।

গু। যাহারা ইস্পিরিতো সাস্তোর রোজা করে, [২৬৬] তাহারগো নি উচিত বছরেব মধ্যে কইতর খাইতে?

শি। কেন পারিবে না খাইতে? পাইলে খাইতে পারে: এহাতে কোন পাতক নহে: এবং যাহারা কইতর খায় না রোজার কারণ, বাধার লাগিয়া,—পাতক করে; বাধা না হইলে পাপ নহে।

গু। উড়াইতে কইতর ধর্ম্ম-ঘরে ইস্পিরিতো সাস্তোর দিনে, এহা নি উচিত?

শি। এহা সকল অধর্ম্ম; বাধা যদি না হয়, পাপ নহে।

গু। কত ধরণের রোজা?

শি। দুই ধরণের।

গু। কোন্ কোন্?

শি। অপরাধের রোজা; কোন অপরাধ না করিলেঃ এবং খোরাকের রোজা, কেবল এক বার খাইলে দিনে; যেমত আগে কহিয়াছিলাম।

গু। রোজা করিলে কি হয়?

শি। এহা আমি কহিতে পারি না, কিন্তু সিদ্ধা আগস্তিন্যোর কথা শোনো। তিনি কহেন, 'রোজার কারণ প্রাণেব ব্যথা হয় পাপের কাবণ, কামদ ভয়াগ হয়ঃ কামদের অগ্নি লিবে, এবং জিতেন্দ্রিয়েব অগ্নি জ্বালে।' সিদ্ধা আম্ব্রোসিও কহেনঃ 'রোজা অপবাধের মরণঃ মুক্তিব উপায়; ক্লপার শিকড়;' আর আর অনেক পুণ্য রোজাতে জন্মে। এহা বুঝিবার এক অপূর্ব্ব, শোনো, এহাতে রোজার গুণ দেখিবা।

[২৬৮] এক সদাগরে আর দেশে গেল বেপার করিতেঃ সেখানে জিনিস কিনিতে কিনিতে অনেক দিন রহিল। তাহার যে মাগ, সে এক পণ্ডিত পুরুষের লগে রমণ করিতে চাহিলঃ এ কারণ তাহাবে ডাকিয়া আনিয়া প্রাণের গুপ্ত জানাইল। এহা শুনিয়া জিতেন্দ্রিয পুরুষ বড় লাজ পাইলঃ তথাচ মাইয়ারে উপায় দিবার কহিল, মারিনা বিবি (এহি মাইয়ার নাম), শোনো; আমার এক বড় পীড়া হইল, আমিও মরিবার লাগিয়াছিলাম; এহি পীড়ায় হ'তে বাঁচিবার সত্য মানন করিয়াছি, এক বছর ভরিয়া রোজা করিতে; এবং কোন কামদ কর্ম্ম না করিতে; মানন করিয়া, পরমেশ্বর তাহান ক্লপায় আমারে বাঁচাইলেন, আজি দশ মাস ধরিয়া রোজা করি, আর দুই মাসের রোজা বাকি আছে, তাহার পর তোমারে দয়া করিব, এবং তোমার যে ইচ্ছা, সেই হইবেক।

এহা শুনিয়া মারিনা, এত দিরং দেখিয়া বড় চিন্তিত হইয়া রহিল। কহিল : আমার দয়ার দোগ্‌মানুস্ (এহি পণ্ডিতের নাম), বিনে তোমার দয়াতে কেমতে এত দিন রহিব? তবে (দোগ্‌মানুস্ কহিল) তবে যদি এত দিন রহিতে পাব না, আমারে [২৭০] যুগাল দিও : তুমি তো আমার বদলে এক মাসের রোজা করিও, আমিও আর এক মাসের রোজা করিব ; এমত এক মাসের মধ্যে দুই মাস যায় ; পরে তোমার যে ইচ্ছা, সেই হইবেক। (এহা কহিল জিতেন্দ্রিয় জ্ঞামস্ত, মাইয়ার কামদ ভাব দূর করিতে)। মারিনা কহিল : ভাল, আমি বোজা করি ; তুমিও রোজা কর। মারিনা বোজা করিতে লাগিল ; জিতেন্দ্রিয় পুরুষ তাহার ঘরে গিয়া রোজা করিতে ভাল ধবাণ শিখাইল। বোজার উনিশ দিন গেলে দোগ্‌মানুস্ মাইয়ার ঘবে গিয়া কহিল : কেমন আছ, মারিনা বিবি? তোমাব নি সাধ আছে আমাব লগে শুইবার? মারিনা কহিল : না, ঠাকুর, কামদ ভাব মবিল, এবং কামদ কার্য্য কদাচিত্য না করিব : যেমত তুমি আমারে শিখাইলা, তেমত পরমেশ্বর তোমারে ভাল করুক : রোজা করিলাম, এবং রোজার কারণে কামদের অগ্নি লিবিয়া গেল : এবং জিতেন্দ্রিযব অগ্নি জ্বলিল : জিতেন্দ্রিয় হইবার সাধ আমার আছে ; এবং যদি পরমেশ্বর লওয়ায়েন, জিতেন্দ্রিয় রহিব তাহান কৃপায়। এহা শুনিয়া জিতেন্দ্রিয় দোগ্‌মানুস্ মারিনারে বুঝাইতে লাগিল, তরিবার পন্থ কবাইল, এবং জিতেন্দ্রিয় হইবার শিখাইল ; এহাতে [২৭২] তাহার উপায় মারিনা শিক্ষা ধরিল, এবং জিতেন্দ্রিয় হইল।

গু। পাঁচে' আজ্ঞা কেমতে বুঝ?

শি। এহি আজ্ঞার বুঝান দিব কি কারণ? এহি দেশে দশ অংশের এক অংশ নাহি ; তবে তাহার বুঝানের দরকার নাহি। আর পড়ন জিগাইয়াছ।

## তাজেল ৭

## সাত সাক্রামেন্তোস্ এবং তাহানদিগের অর্থ।

§

গু। জান নি সাত সাক্রামেন্তোস্? কিবা সাত গ্রহণ?

শি। হয়, জানি।

গু। কহ দেখি?

শি। কহি, শোনো।

§

১। বাপ্তিস্মো,

২। আত্মার দরাজ্য,

৩। নির্ম্মল ধর্ম্ম,

৪। কন্‌ফেসার করণ,

৫। শেষা সিদ্ধি লেপন:

৬। ধর্ম্ম বিষয় লওন,

৭। এক স্ত্রী ধর্ম্ম-বিবাহ করণ।

[২৭৪] §

গু। বাপ্তিস্মো কি?

শি। কৃপার শাস্ত্রের প্রথম সাক্রামেন্তো, তাহাতে প্রথম কৃপা আমরা পাই; এবং পরমেশ্বরের পুত্র হইয়া থাকি স্বর্গের অংশী।

গু। বাপ্তিস্মো কে দিতে পারে?

শি। পাদ্রি দিতে পাবেন, পাদ্রি না হইলে, যদি মরণের পরমাদ হয়, তবে কেও, মরদ কিবা মাইয়া, সকলে বাপ্তিস্মো দিতে পারে; ফিকির থাকিলে করিবার, যেমত সিদ্ধী মাতা ধর্ম্ম-ঘরের আজ্ঞা করেন।

গু। বাপ্তিস্মো-দেওন মরণের পরমাদে কেমতে করো?

শি। আগে দেখিব, জানে কিবা না যদি আস্থার ভেদ-সকল, দশ আজ্ঞা, আর যে উচিত জানিতে স্বর্গের যাইবার, জানে না যদি, বুঝিয়া দিব, পবে বাপ্তিস্মো দিব, এমত।

ফুলানা, আমি তোমারে,<br>
বাপ্তিস্মো কবি,<br>
পিতার নামে, এবং<br>
পুত্রের, এবং<br>
ইস্পিরিতো সান্তোর। আমেন।

[২৭৬] গু। কত বাপ্তিস্মোর ধরাণ আছে?

শি। তিন—জলের, রক্তর, দয়ার অগ্নির।

গু। জলের বাপ্তিস্মো কি, আমরা সকলে জানি, তবে কহো, রক্তের বাপ্তিস্মো কি?

শি। রক্তর বাপ্তিস্মো এহি: যখন মুনিষ্য কৃপার শাস্ত্র শুনিয়া, এবং আস্থা করিয়া, পরমেশ্বরের শাস্ত্রের কারণ বোধ হয়; তবে আপনের রক্তেতে পরমেশ্বরের কৃপা পায়, আর মুক্তি রক্তের বাপ্তিস্মোতে।

গু। দয়ার অগ্নির বাপ্তিস্মো কি?

শি। দয়ার অগ্নির বাপ্তিস্মো এহি: যখন এক মুনিষ্য কৃপার শাস্ত্র শুনিয়া, বড় আস্থা করিয়া ইচ্ছা করে বাপ্তিস্মো পাইবার: কিন্তু যে দিতে নাহি: তবে প্রাণের ব্যথা করিযা, এবং পরমেশ্বরের শাস্ত্র পালিলে, এহি দয়ার অগ্নিতে পরমেশ্বরের কৃপা পায়; এহাতে মুক্তি হয়।

গু। এহি তিন বাপ্তিস্মোর ধরাণ বাদে, আর নি কোনো মুক্তিব উপায় আছে ?

শি। না ঃ কারণ এহি ঃ খ্রিস্তুর কথা মিথ্যা নহে ঃ তিনি কহিলেন ঃ 'কেবল যে ফিরিয়া জর্ম্মে ধর্ম্ম-জলে, এবং ইস্পিরিতো সান্তো হ'তে, তাহার কেবল মুক্তি হইবেক।' এহা দেখিবার শোনো।

[ ২৭৮ ] ফ্রান্সা দেশে এক হালুয়া চাষ করিতেছিল , চাষ করিতে এক মুনিষ্যেব জিহ্বা পাইল মাটিতে , সেই জিহ্বা আস্তাও ছিল, তাজাও ছিল, এবং যে বেশ হয়, কথা কহিতে লাগিল। গৃহস্থ জিহ্বাবে জিজ্ঞাসিল ঃ তুমি কেটা ? জিহ্বা কহিল ঃ আমি এক হিন্দুব জিহ্বা, এথানে মৃত্তিকা লইলাম। যত দিন পৃথিবীতে বাঁচিলাম, বিচারকর্ত্তার কর্ম্ম কায্য করিলাম ; এবং কোন অযথার্থ না কবিয়া, যথার্থ বিচাব কবিলাম। এহি পুণ্যের কারণ যে জনে যথার্থ পবমরাজ, তিনি তাহান কৃপায় আমাব জিওন জিহ্বাতে রাখিলেন, যাবত বাপ্তিস্মো না পায। যাও গিয়া তুমি, বিস্‌পোরে খবর দিও ; এবং তাহান ঠাঁই কহো, যে তিনি আসিযা আমারে বাপ্তিস্মো দেউক। এহি সাঁচার চিহ্ন্যেতে, বাপ্তিস্মো পাইযা ধূলা হইয়া নাশ হইব। এহা গৃহস্থ বিস্‌পোবে কহিল গিয়া। বিস্‌পো পাদ্রি-সকলকে সঙ্গে লইয়া হালুয়ার সঙ্গে গেলেন ঃ এবং জিহ্বাও দেখিলেন , অনেক জিজ্ঞাসা করিয়া তাহারে বাপ্তিস্মো দিলেন। বাপ্তিস্মো পাইয়া, জিহ্বা ধূলা হইল, এবং আত্মা স্বর্গে গেল উড়িয়া। এত বড অপূর্ব্ব দেখিয়া লোক-স-[২৮০]কলে পরমেশ্বরেরে পূজ্য দিল এবং সকলে দেখিল, যে বিনে বাপ্তিস্মোতে মুক্তি নাহি।

গু। আস্থার দরাজ্য কি ?

শি। যে সিদ্ধি তাহার লেপন বিস্‌পো দেন খ্রিস্তাওঁর কপালে, আস্থাতে টনক হইবার কাবণ। এহাব মধ্যে—

একটা অন্ধ ছিল ; তাহারে ফারাও বিস্‌পো আস্থার দরাজ্যের লেপন দিলেন ; এবং সিদ্ধি লেপন পাইয়া অন্ধে দেখিল, চৌখ ভাল হইল।

গু। নির্ম্মল ধর্ম্ম কি ?

শি। এক সাক্রামেন্তো সকলের অতি উতম, তাহান সিদ্ধি, হোস্তিয়াতে আছেন, যেস্থস্ খ্রিস্তর শরীর, রক্ত, আত্মা, আর নৈরাকার, এমত সত্য ধরাণে, যেমত স্বর্গেতে আছেন।

গু। কেন কহো—'সকলের অতি উতম ?'

শি। যেন আর সকল সাক্রামেন্তোস্‌তে কেবল খ্রিস্তর কৃপা আমরা পাই ; কিন্তু নির্ম্মল ধর্ম্মেতে পাই খ্রিস্তর কৃপা, আর সকল খ্রিস্ত এক সাথ, যেমত স্বর্গেতে আছেন।

গু। কি দিয়া হোস্তিয়া বানায ?

শি। গিঙয়ের আটা পানি দিয়া, রুটি করিয়া ; কিন্তু সিদ্ধি ধর্ম্মত বাদে রুটি রহে না ; রহেন যেস্থস্ খ্রিস্তর শরীর, আত্মা, র-[২৮২]ক্ত, নৈরাকারী, রহিলা কেবল ধরাণে রুটির রঙ্গ, ঘ্রাণ, স্বাদ।

গু। কোন্ জনে বেশ ফল পায় ? যে জনে কেবল হোস্তিয়া লয় ? কিবা যে জনে সিদ্ধী-হোস্তিয়া, আর সিদ্ধী-কালিশ্ লয় ?

শি। তাহারা সমান ফল পায়ঃ কারণ এহিঃ যেন সিদ্ধী-হোস্তিয়াতে আছে যে সকল সিদ্ধী-কালিশেতে ; খ্রিস্ত জিয়ান্তা সিদ্ধী-হোস্তিয়াতে এবং খ্রিস্ত জিয়ান্তা সিদ্ধী-কালিশেতে যেমত স্বর্গেতে।

গু। এহা আমি মানি, কিন্তু অনেক লোকে সন্ধে করিয়া কহিব : কেমতে সিদ্ধী-হোস্তিয়া হইতে পারে যেস্থস্ খ্রিস্তর শরীর, আত্মা, রক্ত, আর নৈরাকার, যদি আমি দেখি থোড়া রুটি ? যাহারা এমত কহে, তাহারদিগেরে কি উতর দিবা ?

শি। উতর এহি ; পরমেশ্বরের মহিমা ; এহাতে কোন সন্ধে নাহি

তিনি সর্ব্বকর্ত্তা সকল করিতে পারেন। কিন্তু সন্ধে ঘুচিবার এক অপূর্ব্ব তাহারে শুনাইব, এহাতে সন্ধে ঘুচিবেক।

পর্ত্তুগালেতে সান্তারেম শুহরে, এক স্ত্রীলোক আছিল: তাহার ভাতার তাহারে ভালবাসিত না; তেকারণে তাহারে ভাল বাসিবার, এক জ্ঞানী মাইয়ার স্থানে গিয়া [ ২৮৪ ] দয়ার ঔষধ্য চাহিল। সেই জ্ঞানী যুদেওর জাইতে, তাহারে কহিল: যাও তুমি ধর্ম্ম-ঘরে, নির্ম্মল ধর্ম্ম লইয়া আমারে আনিয়া দিও, তবে আমি এমত মন্ত্র করিব, যে তোমাব ভাতার তোমারে ভালবাসুক। এহা শুনিয়া বড় প্রীত হইয়া সিদ্ধা ইস্তেভাওঁ-ধর্ম্ম-ঘরে গিয়া নির্ম্মল ধর্ম্ম লইল; এবং রুমালে বান্ধিয়া আপনের ঘরে লইয়া গেল। সিদ্ধী-হোস্তিয়া, এই হ'তে অনেক রক্ত পড়িতে লাগিল। যাহারা হাঁটিয়া যাইতে পন্থে স্ত্রীর লাগাল পাইত; তাহাবা এত রক্ত দেখিয়া তাহারে জিজ্ঞাসা করিত: তোমার কি হইল, বিবি? এত রক্ত কোন্ থাকিয়া পড়ে? তোমার নি কোন ঘা আছে? সে অধর্ম্ম গুপ্ত না জানাইয়া কোন উতর না দিয়া চলিয়া গেল ঘরে। নির্ম্মল ধর্ম্ম সিন্দুকে লুকাইয়া রাখিল: রাত্রে নির্ম্মল ধর্ম্ম এমত আলো দিতেন, যে বাত্রে দিন হইল। এত আলো দেখিয়া ভাতারে স্ত্রীরে জিজ্ঞাসিল, কি আলো দেখি? স্ত্রীয়ে এত গুপ্ত মহাপাতক লুকাইতে পারিল না, এ কারণ অধর্ম্ম গুপ্ত ভাতারকে জানাইল। এহা শুনিয়া ভাতারে পাদ্রিব স্থানে গিয়া খবর দিল: পাদ্রি দেখিতে গেলেন, এত বড় অপূর্ব্ব দেখিয়া অপূর্ব্বের সাধ্য লইয়া, নির্ম্মল [ ২৮৬ ] ধর্ম্মকে ধর্ম্ম-ঘরে লইয়া গেলেন। তখন আর আর অনেক আশ্চর্য্য হইল: যাহারা নির্ম্মল ধর্ম্ম দেখিত, তাহারা তাহানে নানা ধরাণ দেখিত। কেহ দেখিত সিদ্ধী ছোট হোস্তিয়াতে যেসুস্ খ্রিস্ত ক্রুশে জুড়িত হইয়া, কেহ তাহানে দেখিত জর্ম্ম-স্থানে সঙ্গাসের উপরে শুইয়া, কেহ তাহানে দেখিত স্তম্ভেতে বাঁধা,

কেহ তাহানে দেখিত কাঁটার মটুক মাথায় ; এমত ধরাণ লোক-সকলে এত বড় আশ্চর্য্য দেখিয়া স্তব্ধ হইয়া রহিল ; এবং এত অনুগ্রহের কারণ পবমেশ্বরেরে পূজ্য দিল। এহি অপূর্ব্ব যে শোনে, সেই কেমতে এহি ভেদের সন্ধে করিবেক ?

গু। কন্‌ফেসার-করণ কি ?

শি। যে সকল পাপের কহন পাপীয়ে করে পাদ্রির কাছে , তাহাতে আব বার পায় যে কৃপা হাবাইয়াছে পাপ করিয়া , এবং আর বার পবমেশ্বরের পুত্র হইয়া থাকে, স্বর্গেব অংশী।

গু। কন্‌ফেসার-করণের গুণ কত ?

শি। তিন : ১। প্রাণেব ব্যথা ,
২। মুখের কহন ,
৩। কায্যের শোধন।

গু। প্রাণের ব্যথা কি ?

[২৮৮] শি। সকল অপরাধের ঘৃণা, এবং সাঁচা দরদ, ফিকির সত্য করিযা কোন পাপ না কবিবার ; কারণ এহি : সকল অপরাধ হয় পরমেশ্বরেব দয়ার বাদিত , তিনি সর্ব্ব ভালে সকল দয়ার যোগ্য।

গু। মুখেব কহন কেমতে হইবেক ?

শি। হীনতা, সাঁচা, আস্থা হইবেক।

হীনতা, চিনিলে, যে জনে কন্‌ফেসার করে, যে সে বড় পাপী, মাফের অযোগ্য ; তবে প্রাণের ব্যথা করিয়া ভ্রমে, ডরে কন্‌ফেসার করিবে, যেমত যে পরমেশ্বরের সাক্ষাতে আছে।

সাঁচা , না কহিলা পাপী, যে অপরাধ করিয়াছে না ; এবং লুকাইলে না, যে অপরাধ করিয়াছে : কিন্তু মনে করিবে, যে সে কন্‌ফেসার করে পরমেশ্বরের কাছে, তিনি সর্ব্বজান, সকল জানেন।

আস্থা , কন্‌ফেসার করিলে পাপী, তাহার সকল অপরাধ প্রত্যক্ষে , সন্ধের সন্ধে, সাঁচার সাঁচা।

গু। কার্য্যের শোধন কেমতে বুঝ ?

শি। বুঝি, যে উচিত শোধিতে, যে প্রাচিত পাদ্রি দিলেন , এবং তাহান হুকুম রাখিতে। এহি প্রথম দুই গুণ না হইলে কন-[২৯০]-ফেসাওঁ তে পরিণামের পন্থ নষ্ট হয়।

গু। বিনে প্রাণের ব্যথাতে কন্‌ফেসার-করণ নষ্ট হয়। এহা কোনো শাস্তিতে আমারে দেখাও।

শি। তবে দেখাই, শোন।

পারিস শুহরে এক পড়ুয়া পুরুষ আছিল , সেই সিলোব সেবক : গুণমন্ত দেখিয়া তাহার গুরু সিলো তাহারে ভালবাসিত। সে পড়ুয়া নিদান পীড়াতে পড়িল : সিলো তাহাব কাছে গিয়া মরিবাব সময় যুগাল দিল : ভালরূপে কন্‌ফেসাব কবিতে শিখাইল , সেও বড় রোদন কবিযা কন্‌ফেসার করিল। আখের ; মরিল : মবিয়া, সিলো সেবক-সকলেবে কহিল : আমার সেবক তোমারগো সাথী মরিযা গেল ; তোমরা তাহাব আত্মার লাগিযা পরমেশ্বরের ঠাঁই সাধন কব। তাহাবা সাধিতে লাগিল : অচম্বিত মরা অগ্নির কাপড পিন্ধিযা আসিয়া কহিল : 'যথার্থ পবম রাজাব যথার্থ বিচারে, যথার্থে নবকে গেলাম ; এবং যথার্থ যম-তাড়না পাইলাম, পাই, পাইব সর্ব্বকাল বিনে শেষে।' তবে গুরুযে কহিলেন : তুমি নি কন্‌ফেসার করিলা না, এত রোদন করিয়া ? সে কহিল : বিনে প্রাণেব ব্যথা কন্‌ফেসাব কবিলাম ; এবং ফিকির আমার ডর হইল না অপরাধ না [ ২৯২ ] করিবার , আমাব অপরাধ কান্দিলাম না। পৃথিবীব সুখ-সম্পত্ত্য ছাড়িয়া কান্দিলাম : এমত রূপ মরিলাম ; অভাগিয়া হইয়া নরকে গেলাম। এক সাঁচা কথা শোনো, আরও শোনাও ; যাহাবা

কন্‌ফেসাব করে না বছরে বছরে ভাল-রূপে, মরিবাব সময়ে তাহারদিগের কন্‌ফেসাওঁ কদাচিত্য ভাল নহে।

এহা শুনিয়া সিলো, তাহা তাহান সেবক-সকলেবে বুঝাইল, এবং তাহারদিগেরে যুক্তি দিল; পৃথিবীর সুখ-সম্পত্ত্য ছাড়িবার কাবণ; এবং তিনি আপনে আপনের যুক্তি ধরিযা সন্ন্যাসী নিয়মিক হইলেন; তাহান সেবক-সকলেও এমত করিল।

আব এহার সমান। একটা মুনিষ্যে মরিয়া গেল, তাহার মৃত্যু বাদে অল্প দিনেব পবে তাহার দোস্তের লগে দেখা হইযা কহিল: দোস্ত, আমি অভাগিযা হইলাম। দোস্ত জিজ্ঞাসিল: কিয়েব কারণ অভাগিযা? তুমি কন্‌ফেসাব কবিলা, নির্ম্মল ধর্ম্ম ও সিদ্ধি লেপন লইলা, তবে কেমতে অভাগিযা হইলা? মরা উত্তব দিল: যে কন্‌ফে-[২৯৪]সাওঁ করিয়াছি, সে বিনে প্রাণেব ব্যথা হইল: যে ফিকির করিলাম অপবাধ না কবিবার, সে বে-ফিকির হইল, তে কাবণ অভাগিযা হইযা নবকে গেলাম। এহা কহিযা ফিরিয়া নবকে গেল।

যাহাবা অপরাধ লুকাইযা কন্‌ফেসাব করে, তাহারদিগেব মুক্তি নাহি; এবং তাহাবদিগের পুণ্য কিছু নাহি: এহা বুঝিবার শোনো।

এক স্ত্রীলোক আছিল, সে ছোট কালে অনেক পুণ্য করিল, অনেক বছব সিদ্ধাব মত বাঁচিল, এত পুণ্য দেখিযা ভূতে বাজী দিতে লাগিল, কুমতি কুমতির উপরে দিল। এত যুর্দ্ধ তাহারে করিল, যে সে, যেমত বক্ত মাংস শবীর, অধমে এক কামদ কায্য কবিল, সেই অপরাধের কাবণ এত লাজ তাহার জন্মিল, যে কদাচিত্য এহি অপরাধ কন্‌ফেসার কবিল না; এবং অপরাধ লুকাইযা অনেক কন্‌ফেসাওঁ ভঙ্গ কবিল। রাইত্রে দিবসে তাহার অপবাধ কান্দিত, অনেক প্রাচিত কবিত; রোজাও করিত, লোহার কাঁটাও পিন্ধিত, ভিক্ষাও গরিবেরে দিত; আব

আর অনেক পুণ্য করিত। পুণ্যের কারণ বিনে কন্‌ফেসাওঁ তে উদ্ধার পাইতে ভাবিল ; কিন্তু আপনে আপনের ছল করিল ; এ কারণ যে, বিনে কন্‌ফেসাওঁ-করণে কোন উদ্ধার নাহি। আখের মরিল। অল্প [ ২৯৬ ] দিনের পরে, তাহার মৃত্যু বাদে, তাহার দোস্তনীর লগে দেখা হইল ; এবং তাহারে কহিল : আই ! অভাগী হইলাম : নরকে গেলাম যম-তাড়না পাইতে সর্ব্বকাল। দোস্তনীয়ে জিজ্ঞাসিল : কিসের কারণে অভাগী ? এত পুণ্য, এত প্রাচিত করিলা, তত নরকে গেলা ? আমি এত বড় পাপী ; আমার কি গতি হইবেক ? অভাগীয়ে কহিল : জোয়ান-কালে এক কামদ কার্য্য করিয়াছিলাম, সেই অপরাধ কন্‌ফেসার করিয়াছিলাম না লাজের কারণ ; ভাবিলাম, যে পুণ্য করিয়া উদ্ধাব পাইতে পারিতাম ; এ কারণ এত প্রাচিত করিয়াছিলাম ; কিন্তু প্রাচিত যত, কিছু আমারে করিল না। কারণ এহি : পুণ্য বিনে কন্‌ফেসার-করণে কিছু নাহি : এমত রূপ আমারে ছলিলাম, এবং অভাগী হইয়া নরকে গেলাম। ইহা কহিয়া ফিরিয়া নরকে গেল।

যে বিনে কার্য্যের শোধনে উপায় নাহি : শোনো।

আলোআরা কাপুআর রাণী আছিল, তাহাব ভাতাব পান্‌ড়ুল্‌সো রাজা হইল। সে মরিয়া গেল, তাহার দুই বেটা মাতার কাছে রহিল, তাহারা মাতার আজ্ঞায় এক কুটুমকে বধিল। বধ করিযা রাণীর পরমার্থে ভার হইতে লাগিল। তাহার অপরাধ কন্-[২৯৮]ফেসার করিতে চাহিল, এ কারণ বিস্‌পোর স্থানে গিয়া, তাহান কাছে কন্‌ফেসার করিল। বিস্‌পো এক প্রাচীত প্রতিদিনের তাহারে দিলেন : এবং এক বড় ভিক্ষা গরিবেরে দিতে ফর্ম্মাইলেন। রাণীয়ে এত বড় ভার প্রাচিত দেখিয়া লইতে চাহিল না ; এবং বিনে বকৃশনে ঘরে গেল। সিদ্ধা নীলো নজিক আছিলেন ; তাহানে ডাকিয়া আনাইল। আসিলেন সাধু। তবে রাণীয়ে

সাধুর পদ ধরিয়া তাহার অপরাধ কন্‌ফেসার করিল ; এবং বথ্‌শনও চাহিল। সাধুয়ে তাহারে কহিলেন ঃ যাও গিয়া তুমি বিস্‌পোর স্থানে, তিনি তোমারে বথ্‌শন দিয়া উপায় দিবেন। রাণীয়ে কহিল ঃ বিস্‌পোর স্থানে গিয়াছিলাম ; যে প্রাচিত তিনি দিলেন, এত ভার দেখিয়া লইয়াছিলাম না। এ কারণ, তোমার পদ ধরিলাম, তুমি আমারে উপায় দিও। সাধুয়ে ফিরিয়া কহিলেন,—যাও গিয়া বিস্‌পোর স্থানে, এবং যে প্রাচিত তিনি দিলেন, সেই প্রাচিত শোধিয়া তোমার অপরাধের মাফ হইবেক। রাণীয়ে কহিল ঃ এহা আমি শুধিতে পারি না। সাধুয়ে কহিলেন ঃ তবে যদি পাদ্রির আজ্ঞা রাখিতে চাহ না, জানো, যে যেমত লোহা দিয়া মারিলা, তেমত লোহা দিয়া তোমার দুই পুত্র মরিয়া যাইব ঃ [ ৩০০ ] এবং যেমত পরের রাজ্যৎ নিলা, তেমত তোমার পাতকের কারণ রাজ্যৎ হারাইবা। এহা কহিয়া সাধুয়ে ফিরিয়া গেলেন। পরে যেমত সাধুয়ে কহিলেন, তেমত হইল। এক দিন রাণীর দুই বেটা ধর্ম্ম-ঘরেতে আছিল; এবং ধর্ম্ম-ঘরেতে এক ভাইয়ে আর ভাইকে বধিল। পাছে ফ্রান্সার রাজা বাণীরে যুর্দ্ধ করিল, আর তাহার পুত্রকে বধিল ঃ এবং তাহার রাজ্যৎ যুর্দ্ধ করিয়া লইল। এমত রূপে রাণীর সুখ সম্পত্য ঘর দুয়ার ভঙ্গ হইল। কারণ এহি—বিস্‌পোর আজ্ঞা ভাঙ্গিয়া প্রাচিত না করিল।

এহি তিন শাস্তিতে দেখা যায় যে, কন্‌ফেসার করণ বিনে, প্রাণের ব্যথা, মুখের কহন, কার্য্যের শোধনে কিছু নাহি।

গু। শেষা সিদ্ধি-লেপন কি ?

শি। যে সাক্রামেন্তো অসুস্থ-সকলে লয়, বেশ কৃপা পাইতে, এবং পীড়া মরণের দুখ প্রবৃত্তি-ধরানে সহিতে ; ভূতের কুমতি ফালাইয়া দিতে ; এবং সত্য পাপের মাফ পাইতে।

গু। ধর্ম্ম-বিষয়ে লওন কি ?

[৩০২] শি। যে সাক্রামেন্তো পুরুষ লয়, পাদ্রি হইতে।

গু। এক স্ত্রীর ধর্ম্ম-বিভাও করণ কি ?

শি। যে সাক্রামেন্তো পুরুষ স্ত্রীয়ে লয়, বিভাস্ত হইতে—কো: আটক না হইলে।

গু। যাহারা বিভাও করে, তাহারা বিভাওর আগে কি করিবেক

শি। কন্‌ফেসাব করিবে, এবং নির্ম্মল ধর্ম্মও লইবে। 'অধিবাস ও সোহাগ-পানী'ও না করিবে, যেমত হিন্দুরা করে। এবং বিভাওর পাছে 'বাইস বিয়া'ও না করিবে ; 'পাগ-পরশ'ও করিবে না।

গু। 'অধিবাস, সোহাগ-পানী, বাইস বিয়া, পাগ-পরশ' এহা-সক: আমি বুঝি না ; বুঝাইলে বুঝিব।

শি। অধিবাস, সোহাগ-পানী, এবং বাইস বিয়া, এবং পাগ-পর বুঝাইবার গরজ নাহি ; জরুর কেবল আছে যে, খ্রিস্তাও এহা না করুক

গু। বিভাও করাইবে কেটা ?

শি। যাহারদিগের বিভাও, তাহারা আপনেরা বিভাও করাইবে পিতা মাতার যুক্তি লইয়া ; পিতা মাতা ও পুত্র কন্যার বিভাও করাইত পারে, যদি যাহারদিগের বিভাও, রাজাবন্দ হয় : রাজাবন্দ হয় না যদি [৩০৪] পিতা মাতায় কদাচিত্য বল করিতে পারিবে না বিভা হইবার : বিভাও-করণ, ইচ্ছার কার্য্য। বিভাওর জোড়নি করিয়া, যাহা বিভাও করিতে চাহে, তাহারা দুই তিন শাদিয়ের সাক্ষাতে জনে জনে বিভাওর মানস দিবেক : পুরুষে কহিবে : 'ফলানা, আমি তোমা বিভাও করিব'। স্ত্রীয়ে কহিবে, 'ফলানা, আমি তোমার লগে বিভা হইব'। তবে দুই জনের নিশান বদল করিয়া হইবেক : এ নিশান কি আঙ্গুটি, কিবা মালা হইতে পারে। তাহার পর বিভাও যে সময়ে হ সেই সময়ে হইবেক।

এহা লিখিলাম, যেন এহি দেশে পিতা মাতায় বিনে কন্যার ইচ্ছায় বিভাও করায় ঃ এ কারণ যে স্ত্রী এমত রূপে বিভাও করে, সে ভাতারকে দয়া করে না, এহাতে অনেক দ্বন্দ্ব-বিবাদ জর্ম্মে ঃ এহি মন্দ দস্তুর না হইলে, এহা লেখি।

গু। কত বছরে বিভাও হইতে পারিবেক ?

শি। পুরুষের চৌদ্দ বছর হইবেক ঃ স্ত্রীর বার বছর হইবেক।

গু। কিসের কারণ এ বয়স না হইলে বিভাও না হবেক ?

শি। এ বয়স না হইলে তাহাবা পুত্র কন্যা [৩০৬] জর্ম্মাইতে পাবে না ; এ কারণ।

গু। যাহারা বিভাওর কিবা করে, তাহারা নি কিরা ভাঙ্গিয়া আব জনেরে বিভাও কবিতে পারিবেক ? কিবা আব পুরুষের লগে বিভাও হইতে পারিবেক ?

শি। না ঃ যাহারে বিভাও করিবার, কিবা বিভাও হইবার কিরা দিল, তাহারে বিভাও করিবে, কিবা তাহার লগে বিভাও হইবে। কিন্তু যদি এক জনে কিবা পুরুষ, কিবা স্ত্রী, কোন বড় গুনা করিল, কিবা কামদ কার্য্য করিল, কিবা মন্দ পীড়াতে পড়িল, আর আর ইত্যাদি যত ; তবে যে বেগুনা, সে কিরা ভাঙ্গিয়া আর জনেবে বিভাও করিতে পারে, কিবা আর জনের লগে বিভাও হইতে পারে। এহা না হইলে, কিবা কদাচিত্য ভাঙ্গিতে পারিবে না। এহা বুঝিবার এক শাস্তি শোন।

মার্তিঞো দেল্-রিও কহেন, যে শাশনিয়া দেশে এক অকুমারী মাইয়া বড় ধনী আছিল ঃ সেই মাইয়ায়, এক সুন্দর পুরুষ গরিবের লগে বিভাও হইবার কিরা করিল ঃ কহিল ঃ 'যদি তোমারে ছাড়িয়া আর কোন পুরুষের লগে বিভাও হয়, তবে ভূতে আমারে জিয়া শরীর আত্মা সমেত নবকে লইয়া যাউক।' এহি কিরা। শোনো শাস্তি।

ভাঙ্গিল কিরা, এবং আর পুরুষের [ ৩০৮ ] লগে বিভাও হইল। বিভাওর দিনে বিভাও হইয়া বড় নিমন্ত্রণ হইল। অনেক আনন্দ, নাচন হইল। এত আনন্দের মধ্যে মাইয়া বড় চিন্তিত হইল, কিরার কারণ : এবং তাহার পরমার্থে বড় ভার হইতে লাগিল। এহার মধ্যে দুই সওয়ার, কিবা দুই ভূতে সওয়ারের ধরান ধরিয়া আসিল। তাহারা ভূত না চিনিয়া, তাহারদিগেরে নিমন্ত্রণেতে বসিতে আজ্ঞা করিল, এবং ভূতেও বসিল। তবে দুই অচিনা ভূতে মাইয়ারে নাচাইল ; তাহার লগে অচিনা ভূতেও নাচিল। নাচিতে নাচিতে তাহারা তাহারে কাড়িয়া লইয়া গেল, সকলের সাক্ষাতে হ'তে মাইয়া অদেখা হইল। পিতা মাতায় কান্দিতে লাগিল ; বেটীরে তালাস করিল, তাহার লাগাল পাইল না। আর দিন দুই ভূতে সওয়ারের ধরান আসিয়া, মাইয়ার পিন্ধন আনিয়া দিল। কহিল, এহি তোমার বেটীর পিন্ধন, মিথ্যা কিরা করিল এবং কিরার শাস্তি পাইল নরকে : তাহারে আর দেখিবা না।

গু। বিভাস্তর দয়া কেমতে হইবেক ?

শি। জনে জনেরে দয়া করিবেক, যেমত যেশুস্ খ্রিস্ত সিদ্ধী মাতা ধর্ম্ম-ঘরে দয়া করেন। এহাতে দুই বিভাস্তর বিল-[৩১০]ক্ষণ দয়ার কার্য্য শোনো।

এদুআর্দো ইঙ্গলাতের্‌া রাজায়ে যেরুশালেমতে গেল : যেশুস্ খ্রিস্তর কষ্টের ধর্ম্মস্থান দেখিল। পন্থে যাইতে এক মোছলমান বিষে' তারোয়াল দিয়া তাহারে এক চোট মারিল। ওষধ্য অনেক লইল ; কোন ওষধ্য দিয়া ভাল হইল না। তবে বাঁচিবার অভরসা হইয়া ঘরে গেল : তাহার যে মাগ, সে হিস্পানিয়ার রাজার বেটী ; ভাতারের ঘা দেখিয়া কোন ওষধ্য না পাইয়া, দয়ার ওষধ্য তাহারে দিল। ভাতারের ঘা

জিহ্বা দিয়া চাটিল। চুষিতে চুষিতে বিষ-সকল খসাইল। এমত ওষধ্য দিয়া রাজায় ভাল হইল, এবং রাণীরে বিষ লাগিল না।

গু। বিভাস্তর ফল কি ?

শি। পুত্র কন্যা: তাহারদিগেরে পিতা মাতায় দয়াতে পালিবেক: এবং পরিণামের পন্থ করাইবেক, ভাল অভ্যাসও শিখাইবেক; আর আব যত উচিত জানিতে, মানিতে, করিতে স্বর্গের যাইবার। যাহারা পিতা মাতায় এমত করে না, তাহারা হিসাব দিবে মহাপ্রলয়ের দিনে; এবং নরকে যাইবে যম-তাড়না পাইতে—সর্ব্বকাল, বিনে শেষে।

[ ৩১২ ] গু। রোমানা-পন্থী বিভাস্তর মধ্যে কোনো হিন্দুর বাধা নি আছে ?

শি। হয়; আছে, 'সাতামৃত' 'ষঠিয়ারা', এবং 'অন্নপ্রাশন'। এহি সকলই রোমানা-পন্থীরগো উচিত নহে করিতে।

গু। কি করেন আমাবদিগেরে এহি সাত সাক্রামেন্তোস্ ?

শি। সকলে কৃপা দেন, এবং পবমেশ্বরের দোস্ত করেন।

[ ৩১৪ ] # পুথি ২

পড়ন শাস্ত্র সকল, আর যে উচিত জানিতে স্বর্গে যাইবার।

## তাজেল ১

## আস্থার ভেদ বিচার সত্য করিয়া শিখিবার শিখাইবার উপায় তরিবার।

গু। গুরু,

শি। শিষ্য।

§

গু। তুমি নি খি্রস্তাওঁ?

শি। হয়, পরমেশ্বর কৃপায়।

গু। কোথায় হ'তে পাইলা খি্রস্তাওঁর নাম?

শি। খি্রস্ত হ'তে।

গু। কোন্ সময়?

শি। বাপ্তিস্মোর সময়।

গু। খ্রীষ্টাওঁর নিশান কি?

শি। সিদ্ধি ক্রুশ।

গু। করো, দেখি।

[ ৩১৬ ] শি। 'সিদ্ধি ক্রুশের † চিহ্নতেঃ রক্ষা করো পরমেশ্বর † আমারদিগের ঠাকুরঃ আমারদিগের † শত্রু হ'তে।'

†

'পিতার নামে,

এবং পুত্রের,

† এবং ইস্পিরিতো সান্তোর, †

আমেন যেশুস্।'

।

গু। কেন করিলা সিদ্ধি ক্রুশ কপালে?

শি। যেন পরমেশ্বর ঘুচাউক আমার সকল মন্দ কল্পনা।

গু। কেন করিলা সিদ্ধি ক্রুশ মুখে?

শি। যেন পরমেশ্বর ঘুচাউক আমার সকল মন্দ কথা।

গু। কেন বুকে?

শি। যেন পরমেশ্বর ঘুচাউক আমার যে মন্দ কার্য্য, প্রাণে থাকিয়া জর্ম্মে।

গু। কেন কহিলা 'পিতার নামে' কপালে?

শি। যেন অনন্ত পিতার বুদ্ধ্যে পুত্র উদ্ভব।

গু। কেন কহিলা 'পুত্রের' বুকে?

শি। যেন পিতার পুত্র স্বর্গে থাকিয়া আইসিলেন পৃথিবীতে, পুরুষ হইলেন অকুমারী মারিয়ার গর্ভে; আর আরবার আসিবেন মহা প্রলয়ের দিনে, জিয়ন্তা মরার বিচার করিবেন।

[৩১৮] গু। কেন কহিলা 'ইস্পিরিতো সান্তোর', কান্ধে থাকিয়া কান্ধে?

শি। যেন পিতার দয়া, এবং পুত্রের দয়া ইস্পিরিতো সান্তো হয়েন।

গু। কেন কহিলা কেবল একবার 'নাম'?

শি। যেন পরমেশ্বর পরম সার কেবল এক হয়েন।

গু। কেন করিলা তিন ক্রুশ আগে, এবং কেন করিলা পাছে এক বড় ক্রুশ?

শি। যেন পরমেশ্বর তিন জন; এবং এহি তিন জন এক পরমেশ্বর।

গু। কোন্ সময় করিব সিদ্ধি ক্রুশ?

শি। সকল সময়। প্রথম ধরানে বিছানা থাকিয়া উঠিবার সময়, শুইবার সময়; ঘরের বাহির যাইবার সময়। খাইবার সময়; আর যখন কোন কাম করিতে লাগি।

গু। এত বার কেন?

শি। যেন আমারগো শত্রু-সকলকে বাড়াইতে না পারুক।

গু। আমারগো শত্রু-সকল কি?

শি। দুনিয়ায়, ভূত, শরীর।

§

গু। কার শাস্ত্র বুঝ?

শি। যেশুস্ খ্রিস্তর শাস্ত্র।

[ ৩২০ ] গু। যেশুস্ খ্রিস্ত কে?

শি। সত্য পুরুষ; সত্য পরমেশ্বর; যাবৎ পরমেশ্বর পিতার পুত্র, নাহি তাহান মাতা। যাবৎ পুরুষ, বিবি মারিয়ার পুত্র, তাহান পিতা নাহি।

গু। পরমেশ্বর পরম সার কে?

শি। এক পরম ঠাকুর সর্ব্ব-কর্ত্তা, তিনি স্বর্গ মনুষ্য সৃষ্টি করিয়াছেন; তিনি বৈভোগের নাথ, ভোগাভোগ দেন।

গু। তিনি কত জন?

শি। তিন জন: 'পিতা, পুত্র, ইস্পিরিতো সান্তো।'

গু। পিতা নি পরমেশ্বর?

শি। হয়।

গু। পুত্র নি পরমেশ্বর?

শি। হয়।

গু। ইস্পিরিতো সান্তো নি পরমেশ্বর?

শি। হয়।

গু। তবে কি তিন পরমেশ্বর?

শি। না: তিন জন স্বতন্ত্র, এক পরমেশ্বর সত্য।

গু। তিন জন কেমতে হইতে পারেন এক পরমেশ্বব?

শি। যেমতে আমার আত্মাতে আছে মন, বোধ, ইচ্ছা; এবং আমি এক মানুষ হই, এমতে এহি তিন জন এক পরমেশ্বর।

গু। যেমতে পরমেশ্বর তিন জন, এমতে নি তিন বোধ, তিন ইচ্ছা, তিন প্রকৃতি?

[৩২২] শি। না: এক ঐ বোধ, এক ঐ ইচ্ছা, এক ঐ প্রকৃতি, এ কারণ এক ঐ পরমেশ্বর।

গু। কোন্ জন বেশ বড়?

শি। কেহ বেশ বড় নহেন, কেহ বেশ ছোট নহেন? সকল তিন জন অনন্ত সমান।

গু। কোন্ জন পুরুষ হইলেন?

শি। পুত্র; আর কেবল পিতার পুত্র পুরুষ হইয়া, হয়েন খ্রিস্ত; তাহান শাস্ত্র আমরা বুঝি।

গু। কোন্ জন বড়—পিতা অনন্ত, কিবা খ্রিস্ত?

শি। খ্রিস্ত যাবৎ পুরুষ, অনন্ত পিতার ছোট ; যাবৎ পরমেশ্বর, অনন্ত পিতার সমান।

গু। কোন্ জন বড়—ইস্পিরিতো সান্তো, কিবা খ্রিস্ত ?

শি। খ্রিস্ত যাবৎ পুরুষ, ইস্পিরিতো সান্তোর ছোট, যাবৎ পরমেশ্বর, ইস্পিরিতো সান্তোর সমান।

গু। পরমেশ্বরের পুত্র কার গর্ভে পুরুষ হইলেন ?

শি। অকুমারী মারিয়ার গর্ভে।

গু। কেমতে পুরুষ হইলেন ?

শি। ইস্পিরিতো সান্তোর কৃপায়, আর তাহান কর্তৃতে।

গু। বিবি মারিয়া নি সর্ব্ব কাল রহিলেন অকুমারী ?

[৩২৪] শি। হয় ; অকুমারী প্রসবের আগে, অকুমারী প্রসবের শেষে, তিনি রহিলেন সর্ব্বকাল অকুমারী।

গু। অনন্ত পিতা নি, আর ইস্পিরিতো সান্তো পুরুষের শরীর ধরিলেন ?

শি। না। একেলা দ্বিতীয় জন, পিতার পুত্র, কেবল পুরুষের শরীর ধরিলেন ; আর সাঁচা পুরুষ, আর সাঁচা পরমেশ্বর হইলেন ; তাহান নাম যেশুস্ খ্রিস্ত।

গু। তবে কি খ্রিস্ত দুই জন ?

শি। নাঃ এক জন, দুই প্রকৃতি, সাকার, আর নৈরাকার।

গু। নর-উদ্ধার-কারণে কে মরিলেন ?

শি। খ্রিস্ত, যাবৎ পুরুষ, মরিলেন ; যাবৎ পরমেশ্বর, মরিতে পারেন না।

গু। মরিলেন কোথায় ?

শি। সিদ্ধি ক্রুশের উপরে দুই হাত মেলিয়া জুড়িত হইয়া।

গু। মরিয়া কোথায় গেলেন ?

শি। সিদ্ধি শরীর মৃত্তিকা লইলেন; সিদ্ধি আত্মা নরকে লামিলেন: এবং উদ্ধার করিলেন, যে সাধুর আত্মা সেখানে আছিল, আশাতে তাহান সিদ্ধি আগমনের।

গু। সিদ্ধি নৈরাকার কোথায় গেলেন ?

শি। সিদ্ধি শরীরের কাছে রহিলেন, এবং সিদ্ধি [ ৩২৬ ] আত্মার স্বর্গে গেলেন।

গু। কত দিন যেশুস্ খ্রিস্তর আত্মা নরকে আছিলেন ?

শি। প্রায় তিন দিন; শুক্রবারের দুই প্রহর, শনিবার ভরিয়া দিন; রবিবারে বড় বিয়েনি জিয়া উঠিলেন।

গু। জিয়া উঠিয়া কোথায় গেলেন ?

শি। চাল্লিশ দিন পৃথিবীতে আছিলেন; চাল্লিশ দিনের পর স্বর্গে গেলেন, বসিয়াছেন অনন্ত পিতার ডাইন হস্তের কাছে।

গু। পিতার নি হাত আছে ?

শি। না: তাহান হাত নাহি, পাও নাহি; শরীর নাহি: পরমেশ্বর অশরীলী নৈরাকার।

গু। তবে এহি ভেদ কেমতে বুঝ ?

শি। বুঝি যে যেশুস্ খ্রিস্ত স্বর্গেতে যাবৎ পুরুষ-সকল সৃজনের পরম রাজ; যাবৎ পরমেশ্বর তাহান মাইন; এবং পিতার মাইন সমান।

গু। তিনি আরবার নি আসিবেন পৃথিবীতে ?

শি। হয়; আসিবেন মহাপ্রলয়ের দিন, জিয়ান্তা মরার বিচার করিতে।

গু। এহি সকল আস্থার ভেদ নি মানো ?

শি। হয়, মানি।

গু। কেন মানো ?

শি। যেন খ্রিস্ত আপনে কহিয়াছেন, আর এহি [ ৩২৮ ] ধরানে সিদ্ধী মাতা ধর্ম্ম-ঘরে শিখায়েন।

গু। সিদ্ধী মাতা ধর্ম্ম-ঘর কি ?

শি। যত খ্রিস্তাওঁরা আছে ; পৃথিবীর মধ্যে, মান্যতা বড় পাদ্রিয়ে স(ান্তা) পাপা।

গু। সান্তো পাপা কে ?

শি। রোমার বিস্পো, যেশুস্ খ্রিস্তর বিচার-কর্ত্তা পৃথিবীতে।

গু। 'সকল সিদ্ধার ধর্ম্ম-ফলের যুগাল পাওন ;' এহি ভেদ কেমতে বুঝ ?

শি। বুঝি, যে যেত মুনিষ্যি পরমেশ্বরের কৃপাতে রাখে, যে ভাল কার্য্য করে, এক জনে আর জনের বখারা পায় ; তবে বাঁটিয়া হইয়া, ধর্ম্ম যুগাল হয়।

গু। 'পাপের উদ্ধার' : এহি ভেদ কেমতে বুঝ ?

শি। বুঝি যে যেশুস্ খ্রিস্ত রাখিয়া গিয়াছেন সিদ্ধী মাতা ধর্ম্ম-ঘরে সাত সাক্রামেস্তোস্, আমারদিগেরে উদ্ধার করিতে।

গু। 'শরীর জিয়া উঠন' : এহি ভেদ কেমতে বুঝ ?

শি। বুঝি, যে মুনিষ্য-সকলে, ভালা বুরা, জিয়া উঠিবে মহাপ্রলয়েব দিনে, শরীর আত্মা সমেত—বিচার হইতে।

গু। 'জীবন অনন্ত সংখ্যা' : এহি ভেদ কেমতে বুঝ ?

[ ৩৩০ ] শি। বুঝি যে, এহি জীবনের পাছে আর জীবন অনন্ত আছে। ভাগ্যবন্ত সকলে যাইবে স্বর্গেতে, শরীর আত্মা সমেত, সুখ আনন্দ পাইতে সর্ব্বকাল ; অভাগিয়া নারকী যাইবে নরকে, শরীর আত্মা সমেত, যম-তাড়না পাইতে, সর্ব্বকাল বিনে শেযে।

§

গু। সিদ্ধা মাতা ধর্ম্ম-ঘরের সাক্রামেন্তো কত ?

শি। সাত।

গু। কোন্ কোন্ সাত ?

শি। ১। বাপ্তিস্মো ;

২। আস্থার দরাজ্য,

৩। নির্ম্মল ধর্ম্ম ;

৪। কন্‌ফেসার-করণ,

৫। শেষা সিদ্ধি লেপন ,

৬। ধর্ম্ম-বিষয় লওন ,

৭। এক স্ত্রী ধর্ম্ম-বিভাও করণ।

গু। বাপ্তিস্মো কি ?

শি। কৃপার শাস্ত্রের প্রথম সাক্রামেন্তো ; তাহাতে প্রথম কৃপা আমরা পাই ; এবং পরমেশ্বরের পুত্র হইয়া থাকি, স্বর্গের অংশী।

[ ৩৩২ ] গু। কত বাপ্তিস্মোর ধরান আছে ?

শি। তিন ঃ জলের, রক্তর, দয়ার অগ্নির।

গু। জলের বাপ্তিস্মো কি, আমরা সকলে জানি। তবে কহ, রক্তের বাপ্তিস্মো কি ?

শি। রক্তর বাপ্তিস্মো এহি ; যখন এক মুনিষ্যি পরমেশ্বরের শাস্ত্রের কারণ বধ হয়, তবে আপনার রক্তেতে পরমেশ্বরের কৃপা পায়, আর মুক্তি।

গু। দয়ার অগ্নির বাপ্তিস্মো কি ?

শি। দয়ার অগ্নির বাপ্তিস্মো এহি, যখন এক মুনিষ্যি বড় আস্থার আর বড় ইচ্ছা করে বাপ্তিস্মো পাইবার ; কিন্তু যে দিতে নাহি ঃ তবে

প্রাণের ব্যথা করিয়া, এহি দয়ার অগ্নিতে তাহান কৃপা, আর মুক্তি পায়।

গু। বাপ্তিস্মো দিতে পারে কে?

শি। পাদ্রি দিতে পারেন; পাদ্রি না হইলে, যদি মরণের পরমাদ হয়, তবে সকল খ্রিস্তাওঁ আস্থা করিয়া বাপ্তিস্মো দিতে ফিকির থাকিলে করিবার, যেমত সিদ্ধী মাতা ধর্ম্ম-ঘরের আজ্ঞা করেন।

গু। কেমতে কর যখন বাপ্তিস্মো দিতে চাহ মরণের পরমাদে?

শি। আগে দেখিব, জানে যদি কিবা না, আস্থার ভেদ-সকল, দশ আজ্ঞা, আর যেত উচিত জানিতে স্বর্গে যাইবার, জানে না য-[৩৩৪]দি, বুঝিয়া দিব, পাছে বাপ্তিস্মো দিব, এমত রূপ।

'ফলানা, আমি
তোমারে বাপ্তিস্মো
করি, পিতার
নামে, এবং পুত্রের,
এবং ইস্পিরিতো
সান্তোর।
আমেন।'

যদি মাইয়া বেশ ভালা ধরানে বাপ্তিস্মো দিতে জানে, মরদে সেইয়া মাইয়া সে দিবেন; এবং খ্রিস্তাওঁ মানুষ আগে বাপ্তিস্মো করিবে, হিন্দু অনাস্তিক সেইয়া।

গু। আস্থার দরাজ্য কি?

শি। যে সিদ্ধি তেলের লেপন বিস্‌পো দেন খ্রিস্তাওঁর কপালে, আস্থাতে ত্রনক করিবার কারণ।

গু। নির্ম্মল ধর্ম্ম কি?

শি। এক সাক্রামেন্তো, সকলের সকলের অতি উত্তম; তাহান সিদ্ধি হোস্তিয়াতে আছেন যেশুস্ খি্রস্তর শরীর, আত্মা, রক্ত, আর নৈরাকার, এমত সত্য ধরানে, যেমত স্বর্গেতে আছেন।

গু। কেন কহ সকলের অতি উত্তম?

শি। যেন আর সকল সাক্রামেন্তোস্তে কেবল খি্রস্তর কৃপা আমরা পাই, কিন্তু নির্ম্মল ধর্ম্মতে পাই খি্রস্তর কৃপা, আর [৩৩৬] খি্রস্ত-সমের, যেমত স্বর্গেতে আছেন।

গু। কি দিয়া হোস্তিয়া বানায়?

শি। গেওমের আটা, আর পানি দিয়া, রুটি করিয়া; কিন্তু সিদ্ধি ধর্ম্ম তো বাদে রুটি রহে না, রহেন যেশুস্ খি্রস্তর শরীর, আত্মা, রক্ত, আর নৈরাকার; রহিল কেবল ধরানে রুটির রঙ্গ, ঘ্রাণ, স্বাদ।

গু। কোন্ জনে বেশ ফল পায়? যে জনে কেবল হোস্তিয়া পায়, কিবা যে জনে হোস্তিয়া আর কালিশ সমেত লয়?

শি। তাহারা সমান ফল পায়। কারণ এহি; যেন সিদ্ধি হোস্তিয়াতে আছে, যে সকল সিদ্ধি কালিশেতে, খি্রস্ত জিয়া সিদ্ধি হোস্তিয়াতে যেমত স্বর্গেতে আছেন।

গু। যখন পাদ্রি হোস্তিয়া আর কালিশ তোলেন, কি জপো?

শি। এহি স্তব—আমার ঠাকুর যেশুস্ খি্রস্ত, পরমেশ্বর, এবং পুরুষ সত্য; আমি সর্ব্ব প্রাণে তোমাবে সেবা ভক্তি করি, যেন তুমি আমার পরমেশ্বর, আমার সৃষ্টিকর্ত্তা, আমার উদ্ধারকর্ত্তা, আমার নিস্তারকর্ত্তা: আমার পাপের কারণ তুমি ক্রুশের উপরে মরিয়াছিলা, তবে আমি বড় গুনাগার, আমার গুনা, আমার গুনা, আমার বড় গুনা: তোমার ঠাঁই বিস্তর গুনা করিয়াছিলাম; আর কদাচিত্য গুনা করিব [৩৩৮] না; তোমার ঠাঁই মাফ মাঙ্গি, রোদন করিয়া; তোমার ঠাঁই আশা

করি মাফ পাইবার, তোমার অতি সিদ্ধি রক্তের ফলের কারণ। আমেন যেশুস্।

গু। কন্‌ফেসার-করণ কি ?

শি। যে পাপের কহন পাপী করে পাদ্রির কাছে ; এহাতে আব বার পায় যে কৃপা হারাইয়াছে পাপ করিয়া ; এবং আর বার পরমেশ্বরেব পুত্র, স্বর্গের অংশী হইয়া থাকে।

গু। কন্‌ফেসার-করণের গুণ কত ?

শি। তিন।

গু। কোন্ কোন্ তিন ?

শি। ১। প্রাণের ব্যথা ;

২। মুখের কহন ;

৩। কার্য্যের শোধন।

গু। প্রাণের ব্যথা কি ?

শি। সকল পাপের ঘৃণা ; সাঁচা দরদ, ফিকির দড় করিযা কোন পাপ কদাচিত্য না করিবার ঃ যেন সকল গুনা পরমেশ্বরের দয়ার বাধিত ; তিনি সর্ব্ব-ভালা, সকল দয়ার যোগ্য।

গু। মুখের কহন কেমত ?

শি। হীনতা, সাঁচা, আস্থা হইবেক।

গু। হীনতা কেমতে ?

শি। চিনিবে, যে জনে কন্‌ফেসার করে, যে [৩৪০] সে বড় পাপী, মাফের অযোগ্য ; তবে প্রাণের ব্যথা করিয়া ভরমে ডরে কন্‌ফেসার করিবে, যেমত যে পরমেশ্বরের সাক্ষাতে আছে।

গু। সাঁচা কেমতে ?

শি। না কহিবে পাপী যে গুনা করিয়াছে না, এবং লুকাইবে না যে

গুনা করিয়াছে ; কিন্তু মনে করিবে যে, সে কন্‌ফেসার করে পরমেশ্বরের কাছে ; কার জাগাতে পাদ্রি আছে, তিনি সর্ব্ব-জান, সকল জানেন।

গু। আস্থা কেমতে হইবেক ?

শি। কন্‌ফেসার করিবে পাপী তাহার সকল গুনা পরক্ষ্যে,—সাঁচার সাঁচা, সন্ধের সন্ধে।

গু। কার্য্যের শোধন কেমতে বুঝ ?

শি। বুঝি, যে উচিত শুধিতে, যে প্রাচিত পাদ্রি দিলেন, এবং তাহান হুকুম রাখিতে ; এহি দিতে প্রথম গুণ না হইলে, কন্‌ফেসার-করণে পরিণামের পন্থ নষ্ট হয়।

গু। যদি কন্‌ফেসার করণ ভাল নহে , কি উপায় আছে ?

শি। ফিরিয়া কন্‌ফেসার করিবেক ভাল রূপে : আব উপায় নাহি।

গু। 'শেষা সিদ্ধি লেপন কি' ?

[৩৪২] শি। যে সাক্রামেন্তো অসুস্থ-সকলে লয় বেশ কৃপা পাইতে , এবং পীড়া, মরণের দুখ, প্রবৃত্তি ধরানে সহিতে , ভূতের কুমতি ফালাইয়া দিতে ; আর ছোট পাপের মাফ পাইতে।

গু। 'ধর্ম্ম-বিষয়ে লওন' কি ?

শি। যে সাক্রামেন্তো পুরুষ লয় পাদ্রি হইতে।

গু। এক স্ত্রী ধর্ম্ম-বিভাও করণ কি ?

শি। যে সাক্রামেন্তো পুরুষ স্ত্রী লয় বিভাস্ত হইতে, যখন কোন আটক নাহি।

গু। কি করেন আমারদিগেরে এহি সাত সাক্রামেন্তোস্ ?

শি। সকলে কৃপা দেন, এবং পরমেশ্বরের দোস্ত করেন।

§

গু। আস্থার মূল্যের কত গুণ ?

শি। তিন গুণ।

গু। কোন্ কোন্ ?

শি। ১। আস্থা ;

২। আশা ,

৩। করুণা।

গু। আস্থা কি ?

শি। মানিবেক, যে ভেদ পরমেশ্বর কহিয়া-[৩৪৪]ছেন ; যেন তিনি আপনে কহিযাছেন, আর এহি ধরাণে সিদ্ধী মাতা ধর্ম্ম-ঘরে শিখায়েন।

গু। আশা কি ?

শি। ভরসা করিবেক স্বর্গে যাইবার যেশুস্ খ্রিস্তর কষ্টের ফলেব কারণ, ভাল কার্য্য করিয়া।

গু। করুণা কি ?

শি। দয়া করিবেক পরমেশ্বরেরে—সকল সৃজন উপরে ; আর যেত নরলোকেরে—আপনার সমান।

'আস্থার করণ—আস্থার কুমতির বাধিত।'

মানি যেত আস্থার ভেদ মানেন ও শিখায়েন সিদ্ধী মাতা ধর্ম্ম-ঘরে ; এবং এহি আস্থাতে জীতে মরিতে চাহি,—যেমত ভাল কৃপার-শাস্ত্রী।

'আশার করণ—আশার কুমতি বাধিত।'

আশা করি, যে পরমেশ্বর আমারে নিস্তার করিবেন, তাহান পুত্রের কষ্টের কারণ, যদি আমি করি যেত পুণ্য করিতে পারি।

[৩৪৬] 'করুণার করণ—করুণার কুমতি বাধিত।'

আমার ঠাকুর যেশুস্ খ্রিস্ত, তুমি সর্ব্ব-ভালা, সকল দয়ার যোগ্য, এ কাবণ তোমারে বড় দয়া করি—সকল সৃজনের উপরে।

'নিদান অস্ত্র।'

আমার ঠাকুর যেশুস্ খ্রিস্ত, পরমেশ্বর, এবং পুরুষ সত্য; আমার সৃষ্টিকর্ত্তা, আমার উদ্ধারকর্ত্তা, আমার নিস্তারকর্ত্তা, তুমি সর্ব্ব-ভালা; এ কারণ তোমারে বড় দয়া করি—সকল সৃজনের উপরে। আর্পতানে ( = আর্ত্তপ্রাণে ) ব্যথা কবি বড়। আমার পাপের কারণ তুমি ক্রুশের উপরে মারিয়াছ, তবে তোমার মবণে গুনাগাব হইয়াছি; আমার গুনা, আমার গুনাব লাগিয়া বড় ব্যথা কবি তোমার ঠাঁই;—বিস্তর গুনা কবিয়াছি; আর কদাচিত্য গুনা করিব না: তোমার ঠাঁই মাফ মাঙ্গি, বোদন করিযা: তোমার ঠাঁই আশা করি মাফ পাইতে, তোমার অতি সিদ্ধি রক্তের ফলের কারণ। আমেন যেশুস্।

## 'কান্তিগা

## সব্রে ওস্ মিস্তেরিওস্ দে ফে'

## অর্থ-ভেদের

## ধর্ম্ম-গীত

গু। গুরু,

শি। শিষ্য,

§

গু। ভাই, শোনো, বুঝাই তরিবার উপায়ে,
তরিবার উপায় আগে দরাজ্য চাহে
আস্থা আশা, করুণা উপায় কেবল তোমার,
এহি-সকল তুমি যদি পার বুঝিবার।
যদি পার বুঝিবার, উদ্ধার হইবাব লাগিয়া,
স্বর্গে যাইতে পারিবা তুমি তরিয়া।
উদ্ধার হইবার লাগিয়া, আগে দরাজ্য চাহে;
জানিতে, মানিতে, বুঝিতে তোমার উপায়ে।

শি। যেশুস্ খ্রিস্তুর শাস্ত্র জানি আমার উপায়।
এহি শাস্ত্র বুঝি, মানি, আমি তাহান কৃপায়।

গু। যেশুস্ খ্রিস্ত কে? যদি তুমি পার কহিবার;
[৩৪৯] তবে আমি কহিব কি উপায় তোমার?

শি। সাঁচা পরমেশ্বর, সেই ধরিলেন সাকার,
আর সাঁচা পুরুষ যেশুস্ সংসারের সার।

নৈরাকারের বাপ, অনন্ত পিতা তিনি ;
সাকারের মাতা বিবি মারিয়া অকুমারী ।
গু । পরমেশ্বর কে—যদি তুমি পার কহিবার ।
তবে আমি কহিব কি উপায় তোমার ?
শি । এক পরম ঠাকুর সর্ব্ব-কর্ত্তা সর্ব্ব-জান,
সেই ত্রিলোকের নাথ—কেহ নাহি তাহান সমান ।
গু । কত জন তিনি যদি পার কহিবার,
তবে আমি কহিব কি উপায় তোমার ?
শি । তিনি তিন জন ; পিতা, পুত্র, দয়াময়,
তিন জন স্বতন্তর, পবমেশ্বর এক ঐ ।
পরমেশ্বর পিতা, পুত্র পরমেশ্বর,
পরমেশ্বর দয়াময়, তিন জন স্বতন্তর ;
স্বতন্তর তিন জন, এক পরমেশ্বর সাঁচা,
এক প্রকৃতি, এক বোধ, কেবল এক ইচ্ছা ।
গু । কোন্ জন বেশ বড যদি তুমি পার কহিবার,
তবে আমি কহিব কি উপায় তোমার ?
শি । পিতা, পুত্র, দয়াময়, এহি তিন জন সমান,
এক অনন্ত তিন জন ; তিন জন এক সর্ব্ব-জান ।
[৩৫০] গু । কোন্ জন সাকার সার, যদি তুমি পার কহিবার,
তবে আমি কহিব কি উপায় তোমাব ?
শি । পিতার পুত্র কেবল—কেবল সাকার ধরিলেন ;
বিবি মারিয়ার উদরে তিনি জন্মিলেন ।
জন্মিলেন যেশুস্, পুরুষ সার, সার খোদায়,
এস্পিরিতো সাস্তোর কর্তৃতে, এস্পিরিতো সাস্তোর কৃপায় ।

গু। বিবি মারিয়া কে যদি তুমি পার কহিবার,
তবে আমি কহিব কি উপায় তোমার ?

শি। এক ঠাকুরাণী, কৃপায় পূর্ণিত বলিয়া,
তিনি পরমেশ্বর নহেন, হয়েন পরমেশ্বরের মাতা।

গু। নর-উদ্ধারকর্ত্তা কে—যদি তুমি পার কহিবার,
তবে আমি কহিব কি উপায় তোমার ?

শি। খ্রিস্ত সাকারে মরিলেন নর-উদ্ধার কারণে,
খ্রিস্ত নৈরাকারে মরিতে না পারেন।
ক্রুশের উপরে মরিলেন, দুই হাত মেলিয়া,
দুখ কষ্ট লইলেন তিনি ক্রুশে জুড়িত হইয়া।

গু। মরিয়া কোথায় গেলেন, যদি তুমি পার কহিবার,—
তবে আমি কহিব কি উপায় তোমার ?

শি। মরিয়া তিনি নরকে নামিলেন ;
[৩৫১] সাধু-সকলের আত্মা উদ্ধার করিলেন।

গু। নরকে থানে কোথায় গেলেন—যদি পার কহিবার,
তবে আমি কহিব কি উপায় তোমার ?

শি। তিন দিনের পর পুনর্ব্বার উঠিলেন জিয়া,
জিয়া উঠিয়া স্বর্গে গেলেন চলিয়া।

গু। স্বর্গেতে কি জাগা পাইয়াছেন যদি পার কহিবার,
তবে আমি কহিব কি উপায় তোমার ?

শি। স্বর্গে গিয়া তিনি বসিয়াছেন স্বর্গেতে,
অনন্ত পিতার ডাহিন হস্তের কাছে।

গু। আর বার আসিবেন কিনা যদি তুমি পার কহিবার,
তবে আমি কহিব কি উপায় তোমার ?

শি। আর বার আসিবেন তিনি, বিচার-কর্ত্তা হইয়া,
বিচার করিবেন তখন জিয়াস্তা মরা।

গু। এহি বিচার কবে, যদি তুমি পার কহিবাব—
তবে আমি কহিব কি উপায় তোমাব ?

শি। মহা অপ্রলয়ের দিন এহি বিচাব হইব,
ভোগাভোগ পাইবে মুনিষ্যি, ভাল মন্দ।
ভাগ্যবন্ত সকলে স্বর্গেতে পাইবে সুখ ,
অভাগিয়া নারকী নারকে পাইবে দুখ।

গু। এহা মান কি কারণ, যদি তুমি পার কহিবার—
তবে আমি কহিব কি উপায় তোমার ?

[৩৫২] শি। এহি-সকল আস্থার ভেদ, পবমেশ্বরের কথা ,
তিনে আপনে কহিয়াছে ; এ কারণ জানি সাঁচা।

গু। এহি মানন, জানন, বুঝন, সকল তোমার উপায় :
আশা কর স্বর্গের যাইবার—প্রভুর কৃপায়।
স্বর্গেতে ভোগাভোগ তোমারে দিবেন প্রভু,
তাহানে দয়া কর যদি। আমেন যেশু।

[ ৩৫৩ ] 'কান্তিগা

আও মেনিনো জেস্থুস্

রেসেম্ নাসিদো'

বালক যেশুসের

গীত—জর্ম্ম-স্থানে শুইয়া।

§

হে বাবা যেশুস্
বালক নির্ম্মল
বিবি মারিয়ার উদরের
সিদ্ধি ধর্ম্ম-ফল ;
আমার দয়ার যেশুস্।
হে বাবা যেস্থুস্,
হে সোনার বাবা—
তোমাকে আমি তই
করি তোমার সেবা ;
আমার দয়ার যেশুস্।
হে সোন্দর যেশুস্,
যে সোন্দর আরশী,
[ ৩৫৪ ] তোমারে তোমারে
বেশ সোন্দর দেখি,
আমার দয়ার যেশুস্।

হে বাবা যেশুস্,
পরমেশ্বর সত্য,
শন-ঘাসের উপরে
কেন শুইয়াছ ?
আমার দয়ার যেশুস্।

আমারদিগের কারণ
এখানে শুইয়াছ ;
আইস রে খ্রিস্তাওঁরা—
তাহান সেবা করো।
আমার দয়ার যেশুরে।

সাঁচা পরমেশ্বর,
আর সাঁচা পুরুষ,
আর তিনি জন্মিয়া
হইয়াছেন যেশুস্।
আমার দয়ার যেশুস্।

যাবৎ পরমেশ্বর
তিনি পিতার সমান,
তিনি সর্ব্ব-কর্ত্তা,
তিনি সর্ব্ব-জান।
আমার দয়ার যেশুস্।

আর, যাবৎ পুরুষ
বেগুনা কেবল

বিবি মারিয়ার উদরে
সিদ্ধি ধর্ম্ম-ফল।
আমার দয়ার যেশুস্‌।

[ ৩৫৫ ]
আমারদিগের কারণ,
হইয়াছেন পুরুষ,
এত দয়া করেন।
আমেন যেশুস্‌।
আমার দয়ার যেশুস।

# তাজেল ২

## পড়ন-শাস্ত্র নিরালা।

§ ১।

প্রণাম মারিয়া
কৃপায় পূণিত ,
তোমাতে ঠাকুর আছেন :
ধর্ম্মী তুমি
সকল স্ত্রীরলোকের মধ্যে।
ধর্ম্ম-ফল
তোমার উদরে
**যেশুস্।**

সিদ্ধা মারিয়া—
পরমেশ্বরের মাতা,
সাধো আমরা-পাপীব কারণ ,
এখনে, আর
আমারদিগের মৃত্যুর কালে।
আমেন **যেশুস্।**

§ ২।

পিতা আমারদিগের,
পরম স্বর্গে আছ ;

তোমার সিদ্ধি নমেরে
সেবা হউক।
[ ৩৫৮ ] আইসুক আমারদিগেরে
তোমার রাজ্যং ;
তোমার যে ইচ্ছা,
সেই হউক
যেমত পৃথিবীতে,
তেমত স্বর্গে।
আমারদিগের
প্রতিদিনের আহার,
আমারদিগেরে আজিকা দিও।
আর আমারদিগের,
ঘাইট ক্ষেমো,
যেমত আমরা
নরলোকের ঘাইট ক্ষেমি।
আমারদিগেরে কুমতিতে
পড়িতে না দিও,
আর সকল মন্দ হ'তে
রক্ষা করো।
আমেন **যেশুস্‌**।

§ ৩।

নিস্তার রাণী,
করুণাময়ী মাতা ;

জীবন, ও পরম অমৃত ঃ
আমারদিগের আশা ;
নিস্তার।
আমরা তোমারে ডাকি,
স্থান-ভ্রষ্ট হইয়া,
[ ৩৬০ ] আত্মার পুত্র-সকল।
তোমারে অভিলাষ করি
ঝুরি, আর রোদন করি,
এহি বোধে রোদনের।
ইহাতে আমাবদিগের সহায।
এহি তোমাব
করুণার নযান
আমারদিগেরে দৃষ্টি কবো।
এহি স্থান-ভ্রষ্টর পব
আমারদিগেরে দবশন কবাও

**যেশুস্,**

তোমার উদবেব
ধর্ম্ম-ফল।
হে করুণাময়ী !
হে দয়াময়ী !
হে পরম অমৃত !
সর্ব্ব-কাল অকুমারী মারিয়া !
সাধো আমারদিগের কারণ,
সিদ্ধী পরমেশ্বরের মাতা,

যেন আমরা যোগ্য হই,
খ্রিস্তর আজ্ঞা-ধনের।
আমেন **যেশুস্**।

§ ৪।

মানি সত্য নিরঞ্জন,
পিতা সর্ব্ব-কর্ত্তা ;
তিনি স্বর্গ মর্ত্ত্য
[ ৩৬২ ] সৃষ্টি করিয়াছেন।
মানি যেশুস্ খ্রিস্ত।
কেবল তাহান পুত্র
আমারদিগের ঠাকুর ;
তিনি উদ্ভব হইলেন
ইস্পিরিতো সান্তোর কর্তৃতে,
জন্মিলেন অকুমারী মারিয়া উদরে।
কষ্ট লইলেন
পন্সিও পিলাতোর ঠাঁই।
ক্রুশে জুড়িত হইলেন ;
মৃত্যু লভিলেন, মৃত্তিকা লইলেন,
নরকে লামিলেন ;
তৃতীয় দিনে
জীয়া উঠিলেন মৃত্তিকা থাকিয়া।
জীয়া উঠিয়া স্বর্গে গেলেন ;
বসিয়াছেন
অনন্ত পিতার

ডাহিন হস্তের কাছে।
সেখানে-থাকিয়া আসিবেন
বিচার করিতে
জিয়াস্তা মরার।
মানি এস্পিরিতো সান্তো ;
সিদ্ধী মাতা ধর্ম্ম-ঘর—রোমানা ভক্তি ;
সকল সিদ্ধার ধর্ম্ম-ফলের
যুগাল পাওন ;
পাপেব উদ্ধার;
শবীর জীয়া উঠন ;
[৩৬৪ জীবন অনন্ত সংখ্যা—
আমেন **যেশুস্**.

§ ৫।

আস্থার ভেদ
চৌদ্দ হয়েন।
সাত—
নৈরাকারে পৌছে ঃ
আর সাত—
যেশুস্ খ্রিস্তর সাকারে।
যে সাত নৈরাকারে পৌছে, এহি ঃ—
প্রথমে, মানি,
যে কেবল এক পরমেশ্বরের সর্ব্ব-
কর্ত্তা হয়েন।

দুইয়ে, মানি,
যে তিনি পিতা।
তিনে, মানি,
যে তিনি পুত্র।
চাইরে, মানি,
যে তিনি এস্পিরিতো সান্তো।
পাঁচে, মানি,
যে তিনি সৃষ্টি-কর্ত্তা।
ছয়ে, মানি,
যে তিনি নিস্তার-কর্ত্তা।
সাতে, মানি,
যে তিনি বৈভোগ-দাতা।

[৩৩৬] যে সাত সাকাবে পৌছে, এহি :—
প্রথমে মানি,
যে পরমেশ্বরের পুত্র উদ্ভব
হইলেন এস্পিরিতো সান্তোর কর্তৃতে।
দুইয়ে, মানি,
যে তিনি জন্মিলেন অকুমারী মারিয়ার
উদরে; তিনি রহিলেন সর্ব্বকাল অকুমারী।
তিনে, মানি,
যে আমারদিগের কারণ ক্রুশে জুড়িত হইলেন,
মৃত্যু লভিলেন, এবং মৃত্তিকা লইলেন।
চাইরে, মানি,
যে নারকে লামিলেন, সাধু-সকলের আত্মা

উদ্ধার করিলেন—তাহানে সেখানে আছিল আশাতে,
তাহান সিদ্ধি আগমনের।

পাঁচে, মানি,

যে তৃতীয় দিনে জীয়া উঠিলেন।

ছয়ে, মানি,

যে স্বর্গে চড়িলেন; বসিয়াছেন অনন্ত পিতার ডাহিন হস্তের কাছে।

সাতে, মানি,

যে আসিবেন বিচার করিতে জিয়ান্তা মরার; পাপ পুণ্য বিচার করিবেন, ভোগাভোগ দিবেন।

[ ৩৬৮ ] § ৬।

পরমেশ্বরের শাস্ত্রের দশ আজ্ঞা।

তিন প্রথম—

পরমেশ্বরের সেবারে পৌছে।

আর সাত

নরলোকের ভালারে।

প্রথমে,

এক সত্য নিরঞ্জন ঠাকুরের সেবা-ভক্তি করিবা।

দুইয়ে,

তাহান সিদ্ধি নামেরে নিস্বত্য দির্ব্ব না করিবা।

তিনে,

রবিবার ধর্ম্ম-দিন পালন করিবা।

চাইরে,

পিতামাতার সেবা করিবা।

পাঁচে,

মুনিষ্য না বধিবা।

ছয়ে,

পরদার না করিবা।

সাতে,

চুরি না করিবা।

আষ্টে,

মিছা সাক্ষী পরিবাদ না দিবা।

নয়ে,

পরের স্ত্রী লালচ না করিবা।

[ ৩৭০ ] দশে,

পরের ধন দেখিয়া লোভ না করিবা।

এহি দশ আজ্ঞা দুই এক সার জানিবা; এক সত্য পরমেশ্বরেরে দয়া করিবা, সকল স্বজনের উপরে; আর নরলোক—আপনার সমান।

§ ৭।

সিদ্ধী মাতা ধর্ম্ম-ঘরের পাঁচ আজ্ঞা।

প্রথমে,

উদ্ধার-কর্ত্তার মহিমা শুনিবা রবিবারে, আর সকল ধর্ম্ম-দিনে পালনের।

দুইয়ে,

কন্‌ফেসার করিবা নিদানে বছরে এক বার।

তিনে,

নির্ম্মল ধর্ম্ম লইবা, যে সময় ঠাকুরে জীয়া উঠিলেন।

চাইরে,

নিয়ম পালিবা, রোজা করিবা, যে দিনে সিদ্ধী মাতা ধর্ম্ম-ঘরে আজ্ঞা করেন।

পাঁচে,

নবীন শস্যের প্রথম, এবং দশ অংশের এক অংশ ধর্ম্ম-ঘরে দিবা।

[ ৩৭২ ] § ৮।

সিদ্ধী মাতা ধর্ম্ম-ঘরের সাত সাক্রামেন্তোস্।

১। বাপ্তিস্মো ;

২। আস্থার দরাজ্য ;

৩। নির্ম্মল ধর্ম্ম ;

৪। কন্‌ফেসার করণ ;

৫। শেষা সিদ্ধি লেপন ;

৬। ধর্ম্ম-বিষয় লওন ;

৭। এক স্ত্রী ধর্ম্ম-বিভাও করণ।

§ ৯।

করুণার কার্য্য চৌদ্দ হয়েন।

শরীলের সাত, আর সাত আত্মার।

শরীলের এহি ;

১। ক্ষিধার্থীরে অন্ন দিবেক ঃ

২। তৃষ্ণার্ত্তিরে জল দিবেক ঃ

৩। বস্ত্রের হীনরে বস্ত্র দিবেক ঃ

৪। অস্থস্থিরে, ও বন্দীরে দরশন করিবেক ঃ

৫। অতিথিরে বাসা দিবেক ঃ

৬। দাস খালাস করিবেক ঃ

৭। মৃত্যুর সৎকার্য্য করিবেক ঃ

আত্মার সাত এহি ;

১। স্থযুক্তি দিবেক ;

[ ৩৭৪ ] ২। অজ্ঞানেরে শিক্ষা দিবেক ;

৩। চিন্তিতেরে সান্ত্বনা দিবেক ;

৪। যে কু-পন্থ চলে তাহারে শাস্তি দিয়া পন্থ লওয়াইবেক ;

৫। অপমান ক্ষেমিবেক ;

৬। ভার্ক্য হইয়া সহিবেক নরলোকের ঘাইট গুনা ঃ

৭। সাধনা করিবেক পরমেশ্বরের ঠাঁই, জিয়ান্তা মরার কারণ।

§ ১০।

অষ্ট ভাগ্যবন্ত।

১। যাহারদিগের আত্মা হীনতা ভাব, তাহারা ভাগ্যবন্ত ; এবং তাহারদিগের স্বর্গের রাজ্যৎ।

২। যাহারা সৃষ্টির অহিংসক, তাহারা ভাগ্যবন্ত ; এবং তাহারা পৃথিবীতে উপায় পাইবেক।

৩। যাহারা রোদন করে প্রভুর মহিমা, তাহারা ভাগ্যবন্ত, এবং তাহারা সান্ত্বনা পাইবেক।

৪। যাহারা ক্ষিদার্থী, তৃষার্ত্তী যথার্থ বিচারের, তাহারা ভাগ্যবন্ত ; এবং তাহারা পূর্ণ তৃপ্তি হইবেক।

৫। যাহারা করুণা-ধর্ম্ম করে, তাহারা ভাগ্যবন্ত, এবং তাহারা করুণাময়কে পাইবেক।

৬। যাহারদিগের প্রাণ সাধে, তাহারা ভাগ্যবন্ত; এবং তাহারা পরমেশ্বর [ ৩৭৬ ] আমারদিগের ঠাকুরকে দেখিবেক।

৭। যাহারা নিব্বিবাদী বিবাদ ভাঙ্গে, ক্রোধ হইয়া সহে; তাহারা ভাগ্যবন্ত; এবং তাহারে পরমেশ্বরের পুত্র হইবেক।

৮। যাহারা যথার্থ ধর্ম্ম অর্থে দুখ কষ্ট পায, প্রভুর নামে মৃত্যু হয, তাহারা ভাগ্যবন্ত; এবং তাহারা স্বর্গের রাজ্যতি ভোগ পাইবেক।

§ ১১।

মুক্তির মূল্যের তিন গুণ।

১। আস্থা,

২। আশা,

৩। করুণা।

§ ১২।

চাইর গুণ, ধর্ম্মত প্রধান।

১। গভীরতা;

২। বিচার;

৩। দরাজ্যতা;

৪। সাম্যতা।

§ ১৩।

এস্পিরিতো সান্তোর সাত দত্ত।

১। জ্ঞান ;

২। বোধ ;

৩। যুক্তি ;

[ ৩৭৮ ] ৪। দরাজ্যতা ;

৫। মেধা ;

৬। করুণা ;

৭। পরমেশ্বরের ভয়।

§ ১৪।

চাইর মুনিষ্যিয়ের স্মরণ—

১। মৃত্যু ;

২। বিচার ;

৩। নরক ;

৪। বৈকুণ্ঠ।

§ ১৫।

সাত প্রধান পাতক, যাহাতে সকল পাতক জর্ম্মে :—

১। অহঙ্কার ;

২। কৃপণতা ;

৩। কামাতুর ;

৪। ক্রোধ ;

৫। দরিদ্রাম ;

৬। পিশুনতা ;

৭। আলস্য।

[৩৮০] §

সাত গুণ সাত মহাপাতকের বাদিত।

১। হীনতা, অহঙ্কারের বাদিত্য।

২। দাত শক্তি, কৃপণতার বাদিত্য।

৩। জিতেন্দ্রিয়তা, কামাতুরের বাদিত্য।

৪। শাশ্বতা, ক্রোধের বাদিত্য।

৫। শাম্যতা, দরিদ্রামের বাদিত্য।

৬। করুণা, হিংসার বাদিত্য।

৭। শীঘ্রতা অদৃশ্য পরমেশ্বরের কার্য্যে, আলস্যের বাদিত্য।

§ ১৬।

চাইর গুনা, তাহারদিগের তল স্বর্গে।

১। যে স্ব-ইচ্ছায় মুনিষ্যের বধ করে।

২। যে চেতনায় স্ব-ইচ্ছায় গুনা করে, প্রকৃতির বাদিত কামদে।

৩। যে প্রধান হইয়া কাঙ্গালীরে এবং বিধবা-সকলেরে দুঃখ দেয়।

৪। যথার্থ মজুরী যে না দেয়।

§ ১৭।

এস্পিরিতো সান্তো বাদিত ছয় গুনা।

১। যে খ্রিস্তাওঁয়ের অবিশ্বাসী।

[৩৮২] ২। যে আশা করে নিস্তার পাইবার বিনে ধর্ম্ম-ফলে।

৩। যে সাঁচা জানিয়া বাদিত কথা কহে।

৪। যে হিংসা করে, যাহারে পরমেশ্বর কোন উপকার করে।

৫। যে পাপে বোধ হইয়া থাকে।

৬। গুনাগার হইয়া প্রাচিত করিতে চাহে না।

§ ১৮।

পাঁচ চেতনা শরীরের—

১। দৃষ্টি ;

২। শোত্রী ;

৩। ঘ্রাণ ;

৪। স্বাদ ;

৫। তোয়াক্।

§ ১৯।

আত্মার তিন গুণ—

১। মন ;

২। বুধ ( বোধ )

৩। ইচ্ছা।

শেষ।

# টীকা

টীকায় [  ] চৌকা বন্ধনীর মধ্যে প্রদত্ত পৃষ্ঠ-সংখ্যা, মূল পুস্তক অনুসারে—রোমান ও বাঙ্গালা অক্ষরে পুনর্মুদ্রণে অনুরূপ চৌকা বন্ধনীর মধ্যে যথাস্থানে মূল পুস্তকের পৃষ্ঠারম্ভ নির্দিষ্ট হইয়াছে। ছত্র-সংখ্যা কিন্তু বাঙ্গালা অক্ষরে পুনর্মুদ্রণ ধরিয়া প্রদত্ত হইল। যেমন, বাঙ্গালা অক্ষরে মুদ্রিত অংশের ১৯২ পৃষ্ঠার দ্বিতীয় ছত্রকে [ পৃঃ ২৮ ]-এর প্রথম ছত্ররূপে টীকায় ধরা হইয়াছে, উক্ত ১৯২ পৃষ্ঠার চব্বিশের ছত্রকে [ পৃঃ ৩০ ]-এর ষষ্ঠ ছত্র ধরা হইয়াছে।

[ নামপত্র ]

৬—ফ্র. = পোর্তুগীস Frey 'ফ্রেই' = 'ভাই', লাতীন Frater 'ফ্রাতের' হইতে; ফরাসী frère 'ফ্রেয়ার', ইংরেজী friar 'ফ্রাযার': রোমান-কাথলিক দীক্ষিত সন্ন্যাসীর পদবী।

৮—'বেঙ্গালাতে': 'বাঙ্গালা' নামটী পো. ভাষার বানান ও উচ্চারণ অনুসারে e বা এ-কার দিয়া লেখা হইয়াছে।

৯—'ভাওয়াল': এই নামে সর্বত্র ভ = Bh স্থানে B লেখা হইয়াছে। 'সাত শহ পঁয়তিশ'—'শহ' = 'শঅ, শ' = 'শত'; 'পঁয়তিশ'—'ত্রিশ, তিরিশ' স্থলে 'তিশ' লক্ষণীয়; 'ত্রিংশতি, ত্রিংশৎ, ত্রিংশ' হইতে বাঙ্গালায় 'তিশ', হিন্দীতে 'তীস্'; সংস্কৃত শব্দের প্রভাবে বাঙ্গালা শব্দটীতে র-কারের পুনরানয়ন ঘটিয়াছে। তুলনীয়—প্রাচীন বাঙ্গালায় 'চৌতিশা', চলিত বাঙ্গালায় 'ছত্তিশ জা'ত'।

১০—'খ্রিস্ত': মূল গ্রীক শব্দ Christos বা Khristos = 'খ্রিস্তোস্,' তাহা হইতে লাতীনে Christus 'ক্রিস্তুস্'। গ্রীক উচ্চারণ স্মরণ করিয়া বাঙ্গালায় ও অন্য ভারতীয় আর্য-ভাষায় 'খ্' লিখিত হয় ( মারাঠীতে 'খ্রিস্ত' )। গ্রীক ও ইংরেজী উচ্চারণের মিশ্রণে ও

বাঙ্গালায় ইংরেজী st-কে 'ষ্ট'-রূপে লিখনের রীতিতে, বাঙ্গালায় 'খ্রীষ্ট' এই রূপ প্রচলিত হইয়াছে ; 'খ্রীষ্ট' শব্দ আবার বহুশঃ 'খৃষ্ট' রূপে লিখিত হয়। বাঙ্গালায় 'খ্রীষ্ট' রূপই ঠিক, 'খ্রীস্ট'—'স্ট'-দেওয়া রূপ—না বাঙ্গালা, না ইংরেজী।

১০—'জর্ম্ম' : 'জন্ম' হইতে পুরাতন বাঙ্গালায় লৌকিক বা প্রাকৃত উচ্চারণে 'জম্ম' ; তদ্রূপ 'কর্ম্ম, ধর্ম্ম, চর্ম্ম' হইতে 'কম্ম, ধম্ম, চম্ম', এবং এই তিনটী কথার নজীরে, 'বিশুর্ধ উশ্চারণ' করিবার চেষ্টায়, ভুল করিয়া রেফের আগমন। 'জর্ম্ম', পরে এই সংস্কৃতানুকারী ভুল রূপের বিকারে 'ধর্ম্ম>ধরম, কর্ম্ম>করম'-এর অনুকরণে গঠিত 'জরম' শব্দ প্রাচীন বাঙ্গালা সাহিত্যে খুবই সাধারণ।

১২—'বড়-ঠাকুর'—পাদরি বা রোমান-কাথলিক সন্ন্যাসি-সমাজের প্রধান বা মহন্তের উপাধি। চট্টগ্রামে বৌদ্ধ ভিক্ষুদের 'ঠাকুর' বলে। এই পুস্তকেও পাদরিকে 'ঠাকুর' বলিয়া উল্লেখ করা হইয়াছে। তুলনীয়—'ত্রিপুরার বড়-ঠাকুর'।

১৫—'আর্সেবিস্‌পো'—ইংরেজীতে Archbishop : সর্বপ্রধান ধর্ম্মনেতা বা সঙ্ঘনেতা। 'বিস্‌পো' = বিশপ, প্রধান ধর্ম্মনেতা ; গ্রীক epis-kopos হইতে লাতীনে episcopus, তাহা হইতে পোতুর্গীস।

১৭—'সাজে'—'সাজ' = সজ্জা : কর্ম্মশালা, যেখানে সাজ বা যন্ত্রপাঁতি থাকে ; পোঁ. Officio = 'দপ্তর' বা 'কাছারী'।

১৮—'ছাপ-করিনিয়া'—পো. বানান ভুল, sap-coronia 'ছাপ-করনিয়া' অপেক্ষিত। 'মুদ্রাপক' শব্দের প্রাকৃত-বাঙ্গালা অনুবাদ। পো.-তে Livreiro = Librarian বা 'গ্রন্থবিক্রেতা'।

১৯—'খি্র-র জর্ম বচ্ছরে ১৭৪৩' : পো. বানানে Xpor zormo bossore 1743 : এখানে Xpor শব্দের আদ্য অক্ষর দুইটী, Xp,

'খ্রীষ্ট' এই নামের সংক্ষিপ্ত রূপ—গ্রীক অক্ষরে Christos বা Khristos শব্দ এই রূপে লিখিত হয়, XPICTOC ( X = খ, P = র, C = স ), এবং গ্রীক অক্ষরে লিখিত খ্রীষ্টের নামের দুই আদ্য অক্ষর লইয়া XP বা Xp-রূপে উক্ত নামের সংক্ষেপ করা হয়।

২০—'উচিতের হুকুমে'—ধর্মবিভাগের কর্তৃপক্ষের যথা-নিয়ম বা যথোচিত হুকুম বা অনুজ্ঞা অনুসারে প্রকাশিত হইল। এই অনুবাদ সুষ্ঠু হয় নাই।

[ পৃঃ ২ ]

২—'সকল অনের অর্থ' = 'সকল পড়নের অর্থ' (Xocol poroner ortho) স্থলে মুদ্রাকর-প্রমাদ। এই 'পুথি' বা খণ্ডের বিভিন্ন 'তাজেল'-এ বিভিন্ন 'পড়ন' অর্থাৎ প্রার্থনা এবং মন্ত্রের ব্যাখ্যান ও মাহাত্ম্য-কীর্তন লিপিবদ্ধ আছে।

৩—'তাজেল': বইখানিতে দুইটী 'পুথি' বা খণ্ড; প্রথম 'পুথি'-তে সাত 'তাজেল', দ্বিতীয় 'পুথি'তে দুই 'তাজেল'। 'তাজেল' = আরবী শব্দ—ta*dh*'yl ( ফারসী উচ্চারণে taz'il, taz'el ), অর্থ, 'কোনও গ্রন্থে বা অন্য কিছুতে পাদ-টীকা, পরিশিষ্ট ইত্যাদি যোগ করা'; *dh*ayl বা zail শব্দ হইতে—zail অর্থে 'বস্ত্রাঞ্চল', 'পরিচ্ছদের ভূম্যভিমুখী নিম্নভাগ' (= skirt)। 'টীকা, টিপ্পনী', 'ব্যাখ্যান' অথবা 'অনুচ্ছেদ' অর্থে এই শব্দটী এই পুস্তকে ব্যবহৃত হইয়াছে। অধুনা অপ্রচলিত।

৪—'সিদ্ধি ক্রুশ' = পবিত্র ক্রুশ; পো-শব্দ পুংলিঙ্গে Santo, স্ত্রীলিঙ্গে Santa, বাঙ্গালায় যথাক্রমে 'সিদ্ধা' ও 'সিদ্ধি' ( অথবা 'সিদ্ধী' ) রূপে অনূদিত হইয়াছে। 'সিদ্ধি ক্রুশ' = Santa Cruz ( স্ত্রীলিঙ্গ ), Holy Cross. 'অর্থভেদ' = ব্যাখ্যা।

১০—'ক্রিস্তাঙ' পো. Christaõ, Cristaõ শব্দ হইতে, বা-পো. বানানে Christao রূপে লিখিত। aõ = 'আঁব' (সানুনাসিক অন্তঃস্থ ব)— প্রাচীন বাঙ্গালায় এই ধ্বনি 'ঙ'-রূপে লিখিত হইত; তদনুসারে এই গ্রন্থে 'ক্রিস্তাঙ' রূপে বাঙ্গালায় শব্দটীর প্রতিবর্ণীকরণ করা হইল।

[ পৃঃ ৪ ]

১—'বাভাল' = Baval, অর্থাৎ Baual: 'ভাওয়াল' শব্দ। এই নামের বানানে সর্বত্র 'ভ'-এর স্থানে Bh-এর পরিবর্তে কেবল B লেখা দেখা যায়।

১৭—'চিহ্নতে': 'চিহ্ন'; পো. বানান Sinio, শব্দটীর 'চিন্য' এইরূপ উচ্চারণের আধারে গঠিত। তুলনীয়, 'ব্রাহ্ম' শব্দ (= কলিকাতা অঞ্চলের উচ্চারণে 'ব্রাম্‌হো' বা 'ব্রাম্‌মো') পূর্ব-বঙ্গের ভাষায় উচ্চারিত হয় 'ব্রাইম্ম' অর্থাৎ 'ব্রাম্য'-রূপে। তদ্রূপ সারা বাঙ্গালায়, 'জ্ঞ' = গ্যঁ বা গ্য, 'ক্ষ' = খ্য। এইরূপ সংযুক্ত-বর্ণে য-ফলার আগম কৃ-শা-অ-র ভাষায় যথেষ্ট বিদ্যমান।

২১—'ইস্পিরিতো সান্তো'—পো. = 'পবিত্র আত্মা'; খ্রীষ্টান মতে ঈশ্বরের ত্রিভাব—পিতা, পুত্র ও পবিত্র-আত্মা।

২২—'আমেন্'—হিব্রু শব্দ—অর্থ 'তথাস্তু'। 'য়েসুস্'—আজকাল 'যীশু' রূপে এই নাম লিখিত হয়; হিব্রু Yehōshu'a হইতে গ্রীকে Iēsous, লাতীনে Iesus, Jesus: বাঙ্গালা 'যীশু' শব্দে 'শ' = sh লিখিত হয়, মূল হিব্রু নামের বানানে স্থিত 'শ'-ধ্বনি জানাইবার চেষ্টায়।

[ পৃঃ ৬ ]

৪—'বুকে'—উপরের 'মুখে' (muqhe) শব্দের প্রভাবে এবং 'বক্ষ' (= 'বখ্য') শব্দের প্রভাবেও, পো. বানানে buqhe = 'বুখে'।

৮—'বুঙ্কে' = বুঙ্ক্যে, বুঙ্কিয়ে = বুঙ্কিতে।

১১—'অকুমারী' = 'কুমারী'; 'অ-' এখানে নঞর্থক্ নহে, পুরাতন বাঙ্গালাতেও 'অকুমারী, অবৃথা, অরঙ্গা' = 'কুমারী, বৃথা, রঙ্গা বা রঙ্গীন' অর্থে।

১৪—'দয়া'—'প্রীতি, স্নেহ, ভালবাসা' অর্থে। ইংরেজী love ক্রিয়াপদের প্রতিশব্দে প্রাচীন বাঙ্গালায় ( 'শ্রীকৃষ্ণকীর্তন'-এর ভাষায় ) 'নেহ করা' ( = স্নেহ করা ), পরে ষোড়শ শতকে 'পিরীতি ( = প্রীতি ) করা'; তদনন্তর এই বইয়ে পাইতেছি 'দয়া করা'। 'ভালো-বাসা' সাধারণ শব্দ, 'পছন্দ করা' অর্থে—ইংরেজী love-এর প্রতিশব্দ-রূপে আধুনিক বাঙ্গালায় প্রতিষ্ঠিত হইয়াছে।

[ পৃঃ ৮ ]

১৮—'দুনিয়ায়, ভূত, শরীর' = সংসার, শয়তান বা পাপ-পুরুষ, এবং নব-দেহ ( ইংরেজীতে—the World, the Devil, and the Flesh)।

২০—'আত্মায়ের'—atuaer : 'আত্মা' শব্দের উচ্চারণ ছিল 'আত্বাঁ বা আত্তোয়াঁ'—ম-ফলা সানুনাসিক অন্তঃস্থ ব-কার হইয়া যায়।

[ পৃঃ ১০ ]

৯—'শাভির' = Xavir ; মূল স্পানিশ উচ্চারণে 'খাভিএর', বাঙ্গালায় পোর্তুগীস উচ্চারণই ধরা হইয়াছে। এখন আমাদের কাছে এই নামটী ইংরেজী Xavier 'জেভিয়ার' রূপেই সমধিক পরিচিত। 'লস্কর' = ফৌজ, সৈন্যদল।

১১—'মার্তির'—Martyr, ধর্ম্মার্থে প্রাণ দিয়াছেন যিনি, জীবন দিয়া নিজ ধর্ম্মমতের সম্বন্ধে 'সাক্ষ্য' দিয়াছেন যিনি, 'শহীদ'।

১৭—'কদাচিতিও'—বোধ হয় শব্দটীর চলিত উচ্চারণ ছিল 'কদাচিত্য'।

[ পৃঃ ১২ ]

শেষ ছত্রে—'ক্রোধ'—পো. বানানে cord = 'কোর্ধ', উচ্চারণ অনুসারে।

[ পৃঃ ১৪ ]

১২—'কন্‌ফেসার'—পাদরির নিকট পাপ-স্বীকার করা; confess; ('-আর' = পো. ক্রিয়াপদের প্রত্যয়)। এই শব্দ 'কন্ফসার' রূপে এখনও পূর্ব-বঙ্গের কাথলিক-খ্রীষ্টানদের মধ্যে পাওয়া যায়।

[ পৃঃ ১৮ ]

'পড়ন'—পাঠ, মন্ত্র বা প্রার্থনা পাঠ; প্রার্থনা। 'পিতার পড়ন' = পিতৃরূপী ঈশ্বরের নিকট প্রার্থনা-পাঠ—'আমাদের পিতা'-শীর্ষক প্রার্থনা। তাজেল ২—'কার্য্য পুণ্য করা' = কার্য্য পুণ্যযুক্ত করা, পুণ্য কার্য্য করা; বাক্যে শব্দের বিপরীত অবস্থান লক্ষণীয়।

[ পৃঃ ২০ ]

১—'পদার্থনা'—সম্ভবতঃ 'পদ' + 'প্রার্থনা'—এই দুই শব্দের blend বা মিশ্রণে সৃষ্ট শব্দ। তুলনীয়—প্রাচীন বাঙ্গালা 'কদর্থনা' = নিন্দা। 'পদার্থনা' শব্দের অর্থ 'স্তব, স্তুতি, প্রার্থনা'।

১৭—'সেবা' = সম্মাননা, নমস্কার, প্রণাম। এই অর্থে পূর্ব-বঙ্গের বহুস্থলে এখনও প্রচলিত।

১৯—'রাজ্যৎ'—পো. raizot = 'রাজ্য' + 'রাজত্ব' এই দুই শব্দের মিশ্রণে।

[ পৃঃ ২২ ]

৭—'কর্জ্য' = 'কর্জী', যে কর্জ করে, ঋণী, খাতক > পাপ বা হিংসাকারী।

[ পৃঃ ২৪ ]

১১—'সম্পত্তিয়া'—শব্দটীর রূপ লক্ষণীয়।

[ পৃঃ ২৬ ]

২০—'ইচ্ছা'—পো. বানানে ischa ; মুদ্রণ-প্রমাদ হইতে পারে, অথবা গ্রাম্য উচ্চারণ 'ইশ্চা' অবলম্বন করিয়া লিখিত হইতে পারে।

[ পৃঃ ২৮ ]

১—'আত্মার'—পো. atuar : [ পৃঃ ৮ ], ২০ ছত্রে এই শব্দের পো. বানান সম্বন্ধে টীকা দ্রষ্টব্য।

৪—'জুড়িত জপিবার'—বহু ভক্ত সংমিলিত ভাবে একত্র জপিবার।

[ পৃঃ ৩০ ]

৬—'বৈকুণ্ঠ' = স্বর্গলোক। গোয়ার কোঙ্কণী ভাষাতেও খ্রীষ্টান স্বর্গের জন্য 'বৈকুণ্ঠ' শব্দ প্রযুক্ত হইয়াছে।

১১—'দেখিলেন'—পো.-তে ছাপার ভুল, deqhiten = deqhilen.

১৩—'রহিলেন'—পো.-তে ছাপার ভুল, rohilen স্থলে rohiten.

১৪—'সেলাম' : পূর্ব-বঙ্গে দুইশত বৎসর পূর্বে এই ফারসী শব্দের উচ্চারণ লক্ষণীয় ; শব্দটীর পো. বানানে x (= স বা শ) ব্যবহারের দ্বারা বুঝা যাইতেছে যে সাধারণ বাঙ্গালার sh উচ্চারণই ছিল,—ফারসীর s (= পূর্ব-বঙ্গের ছ) থাকিলে, xelam না লিখিয়া selam লেখা হইত।

১৪—'এক শহ রুটি' = একশ' রুটি ; বানান 'শহ', উচ্চারণ 'শঅ' বা 'শ' ছিল।

[ পৃঃ ৩২ ]

২—'কিছু নাহি খাইবার দেখিয়া করি দেবে…' সম্ভবতঃ এখানে কোনও কথা ছাপায় বাদ পড়িয়াছে।

১৫—'দুষমন'—পো.-তে duxpon = 'দুষপন'। ( ফারসী 'দুশ্‌মন' = সংস্কৃত 'দুর্মনস্' )।

[ পৃঃ ৩৪ ]

১—'হিন্দুর রাজা' : প্রাচীন গ্রীক ও রোমান ধর্মাবলম্বীদিগকে হিন্দুর সহিত এক পর্যায়ে ফেলিয়া, তাহাদিগকেও 'হিন্দু' আখ্যা দেওয়া হইয়াছে।

৫—'ডরে' : পো. বানান ddhore = 'ঢরে', প্রতিবর্ণীকরণে ভুল। 'অনাস্থিক' = নাস্তিক। ( তুলনীয় পৃঃ ৬—'অকুমারী' = কুমারী )। ( 'আস্থা নাই যার', এই ভাবে 'অনাস্থিক' onasthiq শব্দ ব্যাখ্যাত হইতে পারে )।

[ পৃঃ ৩৬ ]

২—'বিনে ধর্ম্মে কৃপায়' = ধর্ম্মের কৃপাতে বিনা। dhormer স্থলে dhorme—ছাপার ভুল।

৮—'কিবা' : quimba 'কিংবা' হইবে।

১৮—'জিহ্বা' : পো. বানানে zibhra = zirbha 'জির্ভা'। ২২৪ পৃঃ দ্রষ্টব্য—সেখানে zibhrua = zirbhua, u-দ্বারা ব-ফলার উচ্চারণ জানানো হইয়াছে। অনাবশ্যক রেফের আগম—তুলনীয়, প্রা.-বা. 'জন্ম>জম্ম' স্থলে 'জর্ম্ম'; আধুনিক অর্ধশিক্ষিত লোকের কথায় ও লেখায় 'সাহায্য' স্থলে 'সাহার্য্য', 'চিন্তান্বিত' স্থলে 'চিন্তানিত', ইত্যাদি।

[ পৃঃ ৩৮ ]

১২—'প্রণাম মারিয়া' = লাতীনে Ave Maria, এবং 'নিস্তার রাণী' = Salve Regina : রোমান-কাথলিক ধর্ম্মমতের দুইটী বিখ্যাত প্রার্থনা, যীশুর মাতা মারিয়ার উদ্দেশে।

[ পৃঃ ৪০ ]

১৮—'সিদ্ধী মাতা ধর্ম্ম-ঘর' : অর্থাৎ 'পবিত্র বা মাননীয় খ্রীষ্টীয় ধর্ম্মসংঘ'

মাতা-রূপে কল্পিত ; ইংরেজীর Holy Mother Church।
'প্রণাম মারিয়া' মন্ত্র বা প্রার্থনাটী, স্বর্গদূত গাব্রিয়েল এবং মারিয়ার আত্মীয় ইসাবেল বা এলিসাবেথ, ইঁহাদের উক্তি আশ্রয় করিয়া, রোমান-কাথলিক সম্প্রদায়েব যাজকদের দ্বারা গঠিত একটী মন্ত্র।
'সিদ্ধা' শব্দের স্ত্রীলিঙ্গে 'সিদ্ধি' বা 'সিদ্ধী'। ( তদ্রূপ 'ভক্ত—ভক্তি বা ভক্তী', 'ধর্মী—ধর্মী' ; ইত্যাদি )।

[ পৃঃ ৪৪ ]

৭—'স্বর্বের আখর দিয়া' : মূলে ছাপার ভুল—xuborner acor dia স্থলে acondia।
'এহি তিন কথা'—বস্তুতঃ চারিটী কথা, 'প্রণাম মারিয়া, কৃপায় পূর্ণিত' = লাতীনে Ave Maria, gratia plena.

৮—'পাদ্রি বিস্পো' : 'বিসপো = Bispo, Bishop. নামপত্রের ১৫ ছত্রের 'আর্সেবিস্‌পো' শব্দের উপর টীকা দ্রষ্টব্য।

[ পৃঃ ৪৬ ]

১১—'শত্রে' = শত্রুয়ে, শত্রুতে। উ-কারান্ত 'শত্রু' শব্দ প্রথমা ভিন্ন অন্য বিভক্তিতে অ-কারান্ত 'শত্র' হইয়া যায়। তদ্রূপ, 'বুদ্ধি—বুদ্ধ'।

১৪—'গর্ভতী' = গর্ভবতী। তুলনীয়—'গোকবল—গোকল, চক্রবর্তী—চক্কত্তী'।
'পৌষ মাসে' : ডিসেম্বর মাস ও পৌষ মাস এক ধরা হইয়াছে ; মূল পো.-তে 'ডিসেম্বর' আছে। 'পঁচিশ'—পো. ছাপার ভুল, ponchix স্থলে ponchir.

১৬—'পনের'—পো. বানানে podero = pondero, ভাষায় শব্দটী নিশ্চয়ই 'পন্দেরো' ছিল ; তুলনীয় হিন্দী 'পন্দ্রহ্‌', আসামী 'পন্ধ্র'।

[ পৃঃ ৪৮ ]

১৩—'যুগাল'—সহায়তা।

[ পৃঃ ৫০ ]

৮-৯—খ্রীষ্ট পাদ্রির রূপে আসিলেন; সঙ্গে গিদ্ধা ইস্তেবাও ( স্তেফান ) ও সিদ্ধা লোরেন্সো।

[ পৃঃ ৫৪ ]

১০-১১—'ঠাকুরাণীর ভজনা বিনে আর আর যত ভজনায় বাছ মুক্তি পাইবার পাপ না করিলে'—এখানে পাঠের বা মুদ্রণের গোলমাল আছে বলিয়া মনে হয়।

[ পৃঃ ৫৬ ]

১—'আর্দ্দাস'—প্রার্থনা, নিবেদন। হিন্দুস্থানী 'অর্‌দাস্' < ফারসী 'অরজ্‌-দাশ্‌ৎ' = লিখিত আবেদন।

[ পৃঃ ৬২ ]

১৬—'বিলক্ষণ'—পো. তে balokhon : বোধ হয় biloikkhon স্থলে ছাপার ভুল।

[ পৃঃ ৬৪ ]

১৬—'সম্পূর্ণ কুঠি'—সমগ্র কুঠি বা বাড়ী ভূতে ভরিয়া গেল।

[ পৃঃ ৭২ ]

১১—'কন্‌ভেন্তো'—Convent, খ্রীষ্টান সন্ন্যাসীদের মঠ।

[ পৃঃ ৭৮ ]

৮—'স্বর্গ মর্ত্ত'—পো. বানানে ভুল ছাপা—xorgo morto স্থলে xorgo monso ( মূল পো.—Creador do Ceo e da terra = স্বর্গ ও পৃথিবীর স্থষ্টিকর্তা )।

[ পৃঃ ৮০ ]

২২—'পরমেশ্বর' শব্দ মূল গ্রন্থে ছাপার ভুলে দুইবার উঠিয়াছে।

[ পৃঃ ৮৮ ]

৮—'সর্ব্ব-রীত, সর্ব্ব-জান ( = সর্ব্বজ্ঞ)' = মূল পোর্তুগীসে todo bom = পূর্ণ মঙ্গলময়, ও todo sabio = সর্ব্বজ্ঞ।

[ পৃঃ ৯০ ]

৩—'আরিয়ানের কিচড়-সকল'—আরিয়ানের শিষ্য, রোমান-কাথলিক সম্প্রদায়ের বিরোধী মতের পরিপোষক 'পাষণ্ডী'র দল। Heretic অর্থাৎ ভিন্নমতাবলম্বী বা পাষণ্ডী, এই অর্থে 'কিচড়' শব্দ।

'ন্যায়-করিত'—তর্ক করিত। তুলনীয়, 'ন্যায়-আঁকড়িয়া ( নেই-আকুড়ে)' = তর্ক- বা কুতর্ক-প্রিয়।

১০—'আল্‌তার' = altar বেদি।

[ পৃঃ ৯৬ ]

৪—'সিদ্ধা সিমাওঁ স্তেল্লিতা'—St. Simon Stylites। ইনি একটী style বা স্তম্ভের শীর্ষ-দেশে বসিয়া সাধনা করিতেন।

৬—'অনন্ত'—অনন্তর।

১১—'আউই'—aoi = প্রশংসা, খ্যাতি। পাদ্রি মানোএল্‌-এর বাঙ্গালা-পোর্তুগীস শব্দ-সংগ্রহে শব্দটী আছে।

[ পৃঃ ৯৮ ]

৪—'আজারবন্দ'—রোগী ( ফারসী )।

[ পৃঃ ১০০ ]

৭—'স্বর্গ মর্ত্ত্য'—xorg morto স্থানে মূলে ছাপার বা লেখার ভুলে xorg Mongso।

[ পৃঃ ১০২ ]

১৩—'বেলেম'—Bethlehem নামের পো. অপভ্রংশ রূপ।

১৪—'পাহশায়'—Pahoxae : ছাপার ভুল, Patoxae বা Padoxae 'পাতশায়' বা 'পাদশায়' হইবে।

১৬—'গোসাঞি'—বানানটী অসাধারণ — Ghoxanio = 'গোসাঞ্য' ; অর্থ, Idolo অর্থাৎ প্রতিমা বা ঠাকুর।

[ পৃঃ ১০৪ ]

১০—'দোস্তীর অনন্ত মণ্ডব-ঘর'—পোর্তুগীস, eterno templo da paz = 'শান্তির চিরস্থায়ী মন্দির'। 'শান্তি' শব্দের অনুবাদ হইয়াছে 'দোস্তী' শব্দ দ্বারা। Paz = লাতীন Pax, অথবা Concordia, অর্থাৎ শান্তি বা সংহৃদ্যতা দেবীর মন্দির।

[ পৃঃ ১১০ ]

৬—'আর বার বেত দিয়া মৃত্তিকাতে মারিল বাড়ি'—মূলে ছাপার ভুল, 'দিয়া' dia স্থলে dior.

[ পৃঃ ১১২ ]

৬—'মেয়ান'—খাপ ( ফারসী )।

১০—'বাপ অনাদি'—মানব-জাতির আদি পুরুষ, Father Adam.

১৬—'বৈকুণ্ঠের কানি'—মূল পোর্তুগীসে pedaça do paraizo 'স্বর্গের অংশ'।

১৭—'কষ্টের কালে'—যীশুর ক্রুশে-বিদ্ধ অবস্থায় যন্ত্রণা পাওয়ার দিবসে।

[ পৃঃ ১১৪ ]

১—'ঠাকুরের কষ্টদি দুখী ( বা dduqhi ডুখী ? )'—লেখার বা ছাপার ভুল—'কষ্ট দেখিয়া দুঃখী হইয়া কাঁদে' হইবে।

২—'পাক'—চক্রাকারে উড়ন।

[ পৃঃ ১১৬ ]

১-২—'তিনের ভেদ'—খ্রীষ্টান ত্রিত্ব ( বা Trinity )-র রহস্য।

৪—'খ্রিস্তর আকৃতি হেরাতে করিয়া'—মূলে ক্রুশের কথা আছে।

৫—'খিল' = কীলক ; মূলে ছাপার ভুল, qhil স্থলে qhit.

৪-৫—'আছিত'—ছাপার ভুল, 'আছিল' হইবে। ( assilo স্থলে assito )।

[ পৃঃ ১১৮ ]

৬—'যুদেও' = ইহুদী ( যহূদী )।

১৫—'আসিল'—মূলে লেখার ভুল—axilo স্থলে axin. 'লইল'—মূলে loilo ; 'হইল' hoilo হইবে।

১৬—'অপরাধ'—পো. বানানে ophorad, সম্ভবতঃ 'অফরাদ' উচ্চারণ অনুসারে ; ধ-এর মহাপ্রাণত্ব প-য়ে সংক্রামিত হইয়া প-কে মহাপ্রাণ ফ-য়ে রূপান্তরিত করিয়া থাকিবে।

[ পৃঃ ১২৪ ]

১—'সংখ্যা'—'অসংখ্য' অর্থে। তুলনীয় 'অঘোর' = 'ঘোর', 'অকুমারী' = 'কুমারী'। [ পৃঃ ৬ ]-এর টীকা দ্রষ্টব্য।

[ পৃঃ ১২৬ ]

৯—'অনাদির ধারার অপরাধ'—মানবজাতির আদি-জনক Adam আদম ও আদি-জননী Eva এবার কৃত পাপ হেতু সমুচয় মানব-মানবী যে original sin বা জন্মগত আদি বা মৌলিক পাপের ভার বহে।

[ পৃঃ ১২৮ ]

৯—'অশরীলী' : গ্রাম্য উচ্চারণ 'শরীল' = 'শরীর' এখনও প্রচলিত।

[ পৃঃ ১৩০ ]

১১—'তপস্যা'—মূলে opoaxio : ছাপার ভুল হইতে পারে ; 'উপবাস্য' = 'উপবাস', অথবা 'অপহাস্য' বা 'উপহাস্য' [ পৃঃ ১৩৪, ছত্র ৩ ]।

[ পৃঃ ১৩২ ]

১—'সাক্রামেন্তোস্' = Sacraments, রোমান-কাথলিক ধর্ম্মের বিবিধ 'সংস্কার'—দীক্ষা-স্নান, বিবাহ প্রভৃতি।

[ পৃঃ ১৩৪ ]

৩—'উপহাস্য' বা 'অপহাস্য'—opoaxio : হ্-কার লোপে এই বানান। দ্রষ্টব্য, [ পৃঃ ১৬৬, ] ছত্র ১০।

১৫—'জানিবেক'—ছাপার ভুল, zanibeq স্থলে zanibeb.

[ পৃঃ ১৩৮ ]

৬—'নিস্বত্য দির্ব্য'—নিরর্থক দিব্য। 'নিস্বত্য' nixuotio শব্দটী 'নিঃসত্ব' ও 'নিঃসত্য' এই দুইয়ের মিশ্রণ-জাত। 'দির্ব্য' dirbio = 'দিব্য', র-কারের আগম ( তুলনীয়—'জর্ম্ম' = 'জম্ম, জন্ম' ইত্যাদি )।

[ পৃঃ ১৪০ ]

১৭—'করুণা'—মূল পো. Caridade = ইংরেজী Charity.

[ পৃঃ ১৪২ ]

১১-১২—'যে করুণা মুক্তির মিলিয়ের গুন্ন সে যে দয়া করি পরমেশ্বরেরে এই কারণ' যে কৃপার কর্ত্তা'—এখানে ছাপার ভুল আছে বলিয়া মনে হয়। মূল পোর্তুগীস—e a caridade que he virtude theologal he o amor com que a Deos amamos por ser author da graça অর্থাৎ 'ইহা করুণা, যাহা হইতেছে একটী ভগবদ্‌গুণ, ও প্রেম বা ভক্তি, যাহা আমরা ঈশ্বরের প্রতি করিয়া থাকি,—যেহেতু তিনি অনুগ্রহের স্বামী।'

[ পৃঃ ১৪৪ ]

৫—'ফুলের আতি' : মূল পোর্তুগীসে ramalhete de flores= 'ফুলের মালা'।

২০—'ইঞ্জিল' বা 'ইঞ্জিল' : গ্রীকে eu-angelion 'এউ-আঙ্গেলিওন্' অর্থাৎ 'সু-সমাচার', ইংরেজী gospel=( good-spell বা 'সুন্দর আখ্যান' )—যীশুর জীবন-চরিত পুস্তক। এই গ্রীক শব্দ আরবীতে 'ইন্‌গিলু' বা 'ইন্‌জিল্' রূপে মিলে।

[ পৃঃ ১৪৬ ]

৫—সিদ্ধা যোহানের উক্তি লাতীন ভাষায় এই পৃষ্ঠার তলদেশে দেওয়া আছে—Haec est charitas dei ut mandata ejus custodiamus.

[ পৃঃ ১৪৮ ]

৬—'অসাধ্য'—ছাপায় oxadhio স্থলে ভুল, oxatio.

[ পৃঃ ১৫০ ]

৫—'চুপ'—মূলে আছে chu :—chup স্থলে ছাপার ভুল হওয়া সম্ভব। এখানে পোর্তুগীস মূলের আশয়টুকু ধরা হইয়াছে, আক্ষরিক অনুবাদ দেওয়া হয় নাই।

[ পৃঃ ১৫৪ ]

১—'ঠোনাদার'—জাদুকর, যে জাদু মন্ত্র টোনা প্রভৃতি করে।

৯—'আলাজিয়া'=অ-লাজিয়া, নির্লজ্জ।

[ পৃঃ ১৫৬ ]

১—'ছিড়ির' বা 'ছিড়ির' sirrhir=পাগলের। পাদরি মানোএল্-এর বা-পো. শব্দ-সংগ্রহে sirhi=ছিড়ি বা ছিঢ়ি=Doudo অর্থাৎ

'পাগল' বা 'নির্বোধ'; sirhi pona 'ছিড়িপনা' = Doudice অর্থাৎ 'উন্মাদের কর্ম'।

অজ্ঞাতমূল এই শব্দটীর আর একটী রূপ sorrhi 'ছড়ি' = 'প্রলাপ, উন্মাদের কর্ম' উক্ত শব্দ-সংগ্রহে আছে।

৮—'বিয়েনি' = বিহানে, প্রভাতে।

১৪—'কামদ ভাতে'—টাইপ করায় camod bhate : bhabe = 'ভাবে' হইবে।

[ পৃঃ ১৫৮ ]

২—'কিরা' = 'কিরিয়া, কিরে' = 'ক্রিয়া' : দিব্য, শপথ।

৪—'সাঁচাতে, নিষ্ঠাতে, জরুরে'—com verdade, justiça, e necessidade (= by verity, justice and necessity)।

[ পৃঃ ১৬২ ]

২—'কুড়িয়া' = কুষ্ঠব্যাধিযুক্ত ; কুষ্ঠ > কোঢ়, কুড়। 'কোঢ়-কুষ্ঠ' = 'কুড়ি কিষ্টি'।

[ পৃঃ ১৭০ ]

৭—'লামিলা-সকলেরে' = নিম্নস্থ বা অধস্তন ব্যক্তিগণকে।

[ পৃঃ ১৮০ ]

৯—'দুষ্‌পন'—[ পৃঃ ৩২ ] 'দুষমন' শব্দ দ্রষ্টব্য।

[ পৃঃ ১৮২ ]

৬—'বিভাস্তু' = 'বিবাহস্থ' + বাঙ্গালা '-উ' প্রত্যয়।

৯—'মুনিয়ে'—ছাপার ভুল—munie স্থলে munixie 'মুনিষ্যে' হইবে।

[ পৃঃ ১৮৪ ]

৮-৯—'খন্নুস প্রাণেতে না রাখিবেক'—মূল পোর্তুগীস = nem lhe tendo o odio = 'ও মনে হিংসা বা দ্বেষ রাখিবে না'। 'খন্নুস'

( বা 'খোস্থষ' ? ) = 'ঘৃণা', Odio ; পাদ্রি মানোএল-এর বাঙ্গালা শব্দ-সংগ্রহে শব্দটী আছে।

৯—'দ্বন্দ্ব বিবাদ'—মূল dhon bibad (dhond 'দ্বন্দ্ব' স্থলে dhon)।

[ পৃঃ ১৯০ ]

১৫—'হে ভূতের বারান' = মূল পোর্তুগীসে Oh engano do demonio 'হায়, শয়তানের চালাকি !'

[ পৃঃ ১৯৪ ]

১২—'কলিম' colim = ? [ পৃঃ ২২৪ ] 'দুই কলিম, এক কলিম' 'কলিম কহনিয়া' = ?। ভাওয়াল অঞ্চলে 'গলিম' বা 'গালিম' শব্দ প্রাচীনদের মুখে এখনও প্রচলিত—ইহার অর্থ 'মন্দ লোক'। এই শব্দটী মারাঠীতেও আছে, ইহার অর্থ 'শত্রু' ; আরবী 'ঘ়ালিব' হইতে, মূল অর্থ 'জেতা'। 'গলিম' ও 'কলিম' এক শব্দ হইতেও পারে।

[ পৃঃ ১৯৬ ]

১৫—'বক্সিল' বা 'বখশিল' = বখশীশ করিল, ক্ষমাদান করিল।

[ পৃঃ ২০২ ]

৩—'দরাজ্য' dorazio : মূল পোর্তুগীসে porem a mulher estava firme = 'কিন্তু স্ত্রীলোকটী দৃঢ় রহিল'। 'দরাজ্য' শব্দ 'ধৈর্য্য' হইবে কি ? ফারসী 'দরাজ়' = 'দীর্ঘ, উদার' হইতে ?

[ পৃঃ ২০৪ ]

৬—'হাবেশী' Abexi : মূলে আছে Negro। আরবী 'হাবেশ' = 'মিশ্র, সঙ্কর জাতি' ; আধুনিক বাঙ্গালা 'হাবশী'।

১২—'পাউলিস্তা' = পাউলের সম্প্রদায়ের পাদ্রি।

[ পৃঃ ২০৮ ]

১১—'তাগার লাভ অতিশয় না লইবেক'—মূলে otixoe স্থলে ছাপার

ভুল utixoe ; পোর্তুগীস—e nao levado ganho ou juro de masiado. 'তাগা' = 'টাকা', 'তঙ্কা' এবং 'তাঙ্কা'র মিশ্রণে ; অর্থ—টাকার।

'রূপাইয়া'—পোর্তুগীসে আছে tanga = 'তাঙ্গা' বা 'তঙ্কা' = 'টাকা'। এই সুদের হার সম্বন্ধে পোর্তুগীস অংশে বন্ধনীর মধ্যে আছে—*este ganho foy concedido em Bengalla pelo Illust. e R. Bispo de S. Thome D. Francisco Laines* = 'এই সুদ সিন্ধা-তোমার গির্জার বিশপ পুণ্যচরিত ও শ্রদ্ধাস্পদ দন্ ফ্রান্সিস্কো লাইনেস্ কর্তৃক বাঙ্গালাদেশের জন্য নির্ধারিত হইয়াছে।'

১৩—'ধর্ম্ম-ছাড়া'—ধর্ম্মমণ্ডলীর বাহির করিয়া দেওয়া—excommunication ( এক-ঘরিয়া করা )।

১৫—'বর-দোয়া' ? = bordoa—মূল পোর্তুগীসে maldiçao = malediction, অভিশাপ। ফারসী-আরবী bad-du'a 'বদ্-দু'আ' = 'মন্দ-প্রার্থনা, অভিশাপ' হইতে।

১৮—'চুরি, চোর' শব্দদ্বয় xori, xor রূপে মুদ্রিত—chori, chor স্থলে।

[ পৃঃ ২১০ ]

১—'খাওন্দ'—ফারসী *kh*áwind = প্রভু, স্বামী।

৪—'হুজুরে' = সাক্ষাতে।

১১—'এবং ক্ষেতও ভঙ্গ করে' ebong qhett o bong core—মূল পোর্তুগীসে ou seara de seu vesinho = 'প্রতিবেশীর ক্ষেত্রে ( অগ্নি দেয় )'।

১৬—'বস বস্তর' = box boxtor—ছাপার ভুলে boxtor বস্তর box 'বস্' অংশ দুইবার আসিয়াছে।

[ পৃঃ ২১৪ ]

৬-৭—'এবং দেখিলেনও যে সে মরদ তক্তা কান্ধে লইয়া বিস্তব ঘাম করিত'—মূল পোর্তুগীসে vio passar hum homem com huma taboa as costas todo suado = 'একটী লোককে কাঁধে একটী তক্তা লইয়া সম্পূর্ণ ঘর্মাক্ত হইয়া যাইতে দেখিলেন।'

১৪—'তরা জালা' tora zala : মূল পোর্তুগীসের অনুবাদ—'একটী ফল, একটী ছড়ি, এবং সেইরকম অন্য দ্রব্য' huma fruta, huma cana, e outras cousas semilhamtes। tora শব্দ 'থোড়া' হইতে পারে। 'জালা' = 'ধানের চারা'।

[ পৃঃ ২১৮ ]

৩—'গিওঁয়ের' guioer = গমের প্রাদেশিক বাঙ্গালায় 'গেহুঁ' বা 'গিউঁ, গিওঁ' = হিন্দুস্থানী 'গেহূঁ'; মূল পোর্তুগীসে trigo = গম।

৬—'ঠাটা' = বজ্র।

[ পৃঃ ২২০ ]

১৩—'চাহিত', 'কহিত'—'চাহিল', 'কহিল' হইবে।

[ পৃঃ ২২২ ]

৫—Doae Pahoxaer : ছাপার ভুল—Dohae Patxaher 'দোহাই পাতশাহের' হইবে।

১৬—'সালামাওঁ' = সোলোমোন্ (বা সুলয়্মন), ইহুদীদের প্রাচীন যুগের বিখ্যাত রাজা।

[ পৃঃ ২২৪ ]

৩—'মোইসেজ্ বা মোইসেস্' = মোশেহ্ বা মুসা, Moses. 'দাতান, আবিরোন'—ইহুদী পুরাণোক্ত ব্যক্তি।

১০—'এক কলিম পুরুষ'—[ পৃঃ ১৯৪ ] দ্রষ্টব্য।

১২—'জিহ্বা'—[ পৃঃ ৩৬ ] দ্রষ্টব্য।

[ পৃঃ ২২৮ ]

৮—'ক্লেরিগো' বা 'ক্লেরিস্ত' = Cleric, পাদরি।

১০—'সঙ্কটে' 'xonqhote' = উচ্চারণ 'সঙ্খটে' ? ।

[ পৃঃ ২৩০ ]

৭-৮—'যদি কবুল প্রতক তকিত করে' = মূল পো. le a prova concorre, ou ajuda a murmuraçaõ। বাঙ্গালাতে একটা বড় রকমের ভুল্ আছে, ইহার ঠিক অর্থ গ্রহণ হয় না। পোর্তু-গীসেও ছাপার ভুল আছে, বিশেষজ্ঞের ইহাই অভিমত: a prova স্থলে a pessoa হইবে; le a pessoa concorre ইত্যাদি—ইহার অর্থ 'যদি ঐ ব্যক্তি (pessoa) পরকুৎসায় যোগদান করে অথবা সাহায্য করে'।

২০—'চর্চ্চিলে'—'চর্চ্চিবে' chorchibe হইবে।

[ পৃঃ ২৩২ ]

১৬—'ডাক দিত, কহিত' = 'ডাক দিল, কহিল' হইবে।

১৭—'খ্রিস্তায়াঁ' = খ্রীষ্টান নারী।

[ পৃঃ ২৩৮ ]

৭-৮—'আত্মায়ের জারনা ভক্তি-রূপে লইল'—জারনা = ঔষধ বা পাথেয় (?)। মূল পোর্তুগীস, tomou todos os Sacramentos da Igreja com muita devoçaõ = 'বিশেষ ভক্তির সঙ্গে গির্জার সমস্ত অনুষ্ঠান পালন করিল'।

৮—'আছিত' = 'আছিল' হইবে।

[ পৃঃ ২৪২ ]

৬—'কইল্ল'—মূলে corilo, coillo স্থলে ছাপার ভুল।

পৃঃ ২৪৬ ]

১২—'নবীন শরীরের প্রথম' = মূল পোর্তুগীসে primissas dos bens = First fruits, 'প্রথম শস্যাদি', যাহা দেবতার নামে উৎসর্গীকৃত হয়।

৯—'ভাবিবেক' : মূলে ছাপার ভুলে bhabiteq।

[ পৃঃ ২৫৪ ]

৫—'চাহিতাম'—'চাহিলাম' হইবে।

[ পৃঃ ২৫৬ ]

৮ 'রাজার অসুস্থ্যের বাসা' Hospital Real = রাজকীয় আরোগ্য-শালা। 'হাঁসপাতাল' বা 'আরোগ্যশালা' অর্থে সৃষ্ট শব্দ 'অসুস্থ্যের বাসা'।

[ পৃঃ ২৬০ ]

১৫—'পৌলিস্তা' = সিদ্ধা পৌলের সম্প্রদায়ের।

[ পৃঃ ২৬২ ]

৪—'গোর, গোরেব' : মূলে gurer, gurer : 'গোর' স্থানে 'গুর' উচ্চারণ।

[ পৃঃ ২৬৪ ]

১—'করিয়া' : মূলে ছাপার ভুল, coria স্থলে corfa।

২—'মিস্নুতি' = মিহন্নতী, শ্রমিক = পো. trabalhadores.

৬-৭-৮—'জল-খাইবার' : আধুনিক বাঙ্গালা 'জল-খাবার'-এর পূর্বরূপ, refreshments.

১৭—'বাধার রোজা' = পো. Supersticiosos, কুসংস্কারাত্মক উপবাস। 'বাধা' কুসংস্কার অর্থে, নিম্নে দ্রষ্টব্য।

[পৃঃ ২৬৬ ]

১৮—'কামদ ভয়াগ (boag) হয়' : বোধ হয় teag = 'ত্যাগ' স্থানে ছাপার ভুল। পোর্তুগীসে ইহার মূল নাই।

'অগ্নি লিবে' = নিভে : মূল পোর্তুগীসে apaga-se o fogo da luxuria.

[ পৃঃ ২৭০ ]

৪—'জ্ঞামন্ত' = 'জ্ঞানমন্ত' বা 'জ্ঞানবন্ত' : পো. doutor = doctor. পণ্ডিত।

[ পৃঃ ২৭২ ]

'বাপ্তিস্মো' = দীক্ষাস্নান, Baptism ; 'আস্থার দরাজ্য' = খ্রীষ্টান মতবাদ সজ্ঞানে গ্রহণ, Confirmation ; 'নির্ম্মল-ধর্ম্ম' = সকলে মিলিত হইয়া খ্রীষ্টের আত্মদান স্মরণে মন্ত্রপূত দ্রাক্ষারস ও রুটী গ্রহণ করেন, রোমান-কাথলিক মতে এই দ্রাক্ষারস ও রুটী যীশুখ্রীষ্টের বাস্তব শরীরে রূপান্তরিত হয় : Holy Communion ; 'কন্‌ফেসার' = পুরোহিতের নিকট পাপ-স্বীকার, ; 'শেষাসিদ্ধি লেপন' = অন্তিম-কালে মন্ত্রপূত তৈল গ্রহণ ; 'ধর্ম্মবিষয় লওন' = সন্ন্যাস গ্রহণ ; ও 'বিবাহ'।

[ পৃঃ ২৭২ ]

১২—'ফুলানা' = ফলানা, অমুক ; আরবী শব্দ, পোর্তুগীসেও fulano রূপে গৃহীত।

[ পৃঃ ২৭৮ ]

২—'আস্থাও' = 'আস্ত', সম্পূর্ণ।

১০—'সাঁচার চিন্‌্যেতে' = xansar chin,niete ।

[ পৃঃ ২৮০ ]

১০—'হোস্তিয়া' = Hostia, ইংরেজী Host = খ্রীষ্ট-দেহ মন্ত্রপূত রুটীর রূপে।

[ পৃঃ ২৮২ ]

৪—'সিদ্ধী-কালিশ্' calix = পবিত্র দ্রাক্ষারস বা সুরাপাত্র।

[ পৃঃ ২৮৪ ]

৫—'ইস্তেভাওঁ' = স্তেফানোস, Stephanos, ইংরেজীতে Stephen।

৭-৮-১১—'পাইত, করিব, দিতেন' : ছাপার ভুল, 'পাইল, করিল, দিলেন' হইবে।

[ পৃঃ ২৮৬ ]

৫—'সঙ্গাসের' Xongaxer : 'শণ ঘাস' হইবে। খড়ের বদলে শণ।

[ পৃঃ ২৮৮ ]

৩—'বাদিত' = বিপক্ষে।

এই পৃষ্ঠায় 'হীনতা, সাঁচা, আস্থা' এই তিনের ব্যাখ্যায় ভাষার গোলমাল আছে।

[ পৃঃ ২৯০ ]

৫—'পড়ুয়া' : বানান লক্ষণীয়, Poroha.

[ পৃঃ ২৯৮ ]

৫—'বকশন্' : ফারসী 'বখ্শ্' ধাতুতে বাঙ্গালা 'অন'-প্রত্যয় যোগে সৃষ্ট শব্দ = 'অপরাধের ক্ষমা'।

১০—'ভার' = ভারী।

[ পৃঃ ৩০২ ]

৮-৯-১১—'বাইস বিয়া' = বাসি বিয়া।

১৬—'রাজাবন্দ' = সম্মতি-বদ্ধ, রাজী।

[ পৃঃ ৩০৪ ]

২—'জোড়নি' zoroni = জোড়।

৩—'শাদিয়ের সাক্ষাতে' : 'শাদী' = ইশাদী, ইশ্‌হাদী = সাক্ষী।

[ পৃঃ ৩০৬ ]

৩—'কিরা' = 'কিরিয়া', 'ক্রিয়া', শপথ অর্থে।

১৩—Xaxonia, পোর্তুগীসে Saxonia = 'সাক্‌সোনিয়া', জরমানির Saxony প্রদেশ।

[ পৃঃ ৩১০ ]

৩—'ইঙ্গ্‌লাতেরা' = ইংলাণ্ড, ফরাসী Angleterre।

৭—'হিস্‌পানিয়া' = স্পেন।

[ পৃঃ ৩১২ ]

৩—'সাতামৃত' = সপ্তম মাসে গর্ভিণীর ও অজাত শিশুর উদ্দেশ্যে অনুষ্ঠান। তুলনীয়, 'পঞ্চামৃত'।

'ষটিয়ারা' = ষাঠিয়ারা, ষেটেরা, নবজাতের কল্যাণ কামনায় ষষ্ঠীর পূজা।

[ পৃঃ ৩২৬ ]

৫—'বিয়েনি' = বিহানে, প্রভাতে। [ পৃঃ ১৫৬ ] দ্রষ্টব্য।

১৪—'মাইন' = মান্য? সমান?

[ পৃঃ ৩২৮ ]

৫—'সান্তো পাপা' — প্রভুপাদ পোপ।

৭, ৮, ৯—যাঁহারা সিদ্ধা বা পুণ্যাত্মা, তাঁহাদের পুণ্যের ফলে পাপী লোকেও সহায়তা পায়।

[ পৃঃ ৩৩৪ ]

১০, ১২—'সেইয়া' — ছাড়িয়া।

৫—tronoq 'ত্রনক' (?) = 'দৃঢ়'। মূল পোর্তুগীসে—confirmar = 'দৃঢ় করা'।

পৃঃ ৩৩৬ ]

১—'খ্রিস্ত-সমের': পোর্তুগাল হইতে আনীত টাইপ-করা নকলে xomer আছে। = খ্রীষ্ট-সম, খ্রীষ্টের মত = খ্রীষ্ট স্বয়ং (?)।

[ পৃঃ ৩৪০ ]

২—'ভরম' = সম্ভ্রম, শ্রদ্ধা।

৯—'পরক্ষ্যে' proqhie = পরখ করিয়া ? কিংবা 'প্রত্যক্ষে' protoqhie স্থলে ছাপার ভুল ? মূল পোর্তুগীসে destinctamente = খুঁটিনাটির সঙ্গে, পরিষ্কার করিয়া।

পৃঃ ৩৪৪ ]

১০—'আস্থার করণ কুমারির বাধিত' = Acto de Fe contra as tentaçōes da Fe = ধর্ম-জীবনে প্রলোভন-সমূহের বিরোধী ধর্মবিশ্বাসানুযায়ী কার্য।

১২—'কৃপার-শাস্ত্রী' = কৃপার শাস্ত্রে বিশ্বাসকারী, খ্রীষ্টান।

পৃঃ ৩৪৬ ]

৭-৮—'আর্পতানে ব্যথা করি বড়' arptane beta cori boro: arptane—বোধ হয় art prane স্থলে ছাপার ভুল = 'আর্ত প্রাণে'।

[ পৃঃ ৩৬০ ]

১—'আন্থা' = আদি মাতা, এবা, Eva বা Eve।

৪—'এহি বোধে রোদনের' Ehi bhode rodhoner = মূল পোর্তুগীসে Neste vale de lagrimas = 'অশ্রুজলের এই উপত্যকায়'। গোয়ার কোঙ্কণী ভাষায় 'বোধ' অর্থে 'নিম্নভূমি'।

[ পৃঃ ৩৬৮ ]

৯—'নিস্বত্য' nixuottio = নিরর্থক। 'নিঃ' + 'সত্য' ও 'সত্ত্ব'।

[ পৃঃ ৩৭৪ ]

৫—'ভার্ক্য' bharquio : ছাপার ভুল—dharzio বা dhoirzio 'ধৈর্য্য' হইতে পারে। পোর্তুগীসে paciencia = ধৈর্য্য।

[ পৃঃ ৩৭৪-৩৭৬ ]

'আষ্ট বা অষ্ট ভাগ্যবন্ত'—মথি-লিখিত সুসমাচার পঞ্চম অধ্যায় দ্রষ্টব্য।

[ পৃঃ ৩৭৬ ]

২১—'এস্পিরিতো সাস্তোর সাত দত্ত'—'দত্ত' doto = দান, পোর্তুগী dons.

[ পৃঃ ৩৮০ ]

৩—'দাত শক্তি' = দানশক্তি।

৫—'? শ্বাশ্বতা = Xaxxita : ছাপার ভুল আছে। 'ক্রোধের' বিপরী 'ধৈর্য্য' ( paciencia contra a Ira—মূল পোর্তুগীসে )।

১০—'চাইর গুনা, তাহারদিগের তল স্বর্গে' = মূল পোর্তুগীসে O peccados, que bradaõ ao ceo saõ quatro অর্থাৎ 'যে সক পাপ স্বর্গে ( প্রতিশোধের জন্য ) চীৎকার করিয়া নালিশ কে সেগুলি হইতেছে সংখ্যায় চারিটী'। 'তল'—প্রতীকার (?); কিং tol, 'তোল' হইতে পারে; তুলনীয়, 'দাদতোলা' = 'প্রতিশো লওয়া'; অথবা 'তোল' = 'তৌল' অর্থাৎ 'পাল্লা'।

[ পৃঃ ৩৮২ ]

৭—'চেতনা' : মূলে ছাপার ভুল, setona স্থলে senota.

১২—'তোয়াক্' = ত্বক্, Toak স্থলে ছাপার ভুলে Toan।